

# যুগাবতার।

''পঙ্গুং লব্দয়তে শৈলং মৃকমাবর্ত্তয়েচ্ছু তিম্। বংরূপা তমহং বন্দে রুঞ্চৈতন্তমীশ্বম॥"

ত্রীনগেন্দ্রনাথ মুখোপাধ্যায় সঙ্কলিত।

শ্ৰীচৈতহাব্দ ৪১১।

#### CALCUTTA:

PRINTED BY S. BHATTACHARYYA, METCALFE PRESS:

I, GOUR MOHAN MURHERJI'S STREET.

Published by the Sanskrit Press Depository, 20 Cornwallis Street.

1896.



#### বিজ্ঞাপন।

এই পৃত্তকে, কলিবুগ-পাবনাবতার প্রীমনহাপ্রভূ প্রীগোরাদ্দ চরিত এবং তাঁহার প্রধান প্রধান পার্যদ্রগণের ছই চারিটা কথা বিরুত করাই আমার উদ্দেশ্ত। গোরাঙ্গচরিত বর্ণন অতি, ইক্ত কথা; কিন্তু তাঁহার চরিত লিখিতে হইলে তাঁহাকে প্রগাঢ়রূপে চিন্তা করিতে হইবে, এই আনন্দে উৎসাহিত হইয়াই আমি তদীয় চরিতাখ্যানে উদ্যত হইয়াছ। প্রীগোরভক্তর্কের পদক্ষমলে আমার নিবেদন যে, এই পৃত্তক পাঠ করিয়া তাঁহারা যদি ইহাতে অনস্ত গোরচরিতামৃতদিদ্ধর একবিন্তু পতিত হইয়াছে দেখিতে পান, তাহাতেই আমি জীবন সার্থক জ্ঞান করিব।

উপসংহারে সাধারণ স্মীপে ক্রতজ্ঞতার সহিত স্বীকার করি-তেছি যে, গৌরগণান্ত্রগত পণ্ডিত শ্রীযুত কালীময় ঘটক মহাশয় এই পুস্তকের আন্যোপাস্ত সংশোধন করিয়া দিয়াছেন।

### নিম্নলিখিত গ্রন্থাবলী সমন্বয়ে এই পুস্তক লিখিত হইয়াছে।

- । 🗃 মন্ত্রাগবত
- ২। শ্রীমন্তগবদগীতা
- ৩। গ্রীচৈতন্ত ভাগবত
- ৪। এটিচত যুমঞ্ল
- এইচতন্ত চরিতামৃত
- ৬। শ্রীচৈতগ্রচন্দ্রামৃত
- ৭। ঐীভক্তমাল
- ৮। ঐভক্তিরত্নাকর
- ৯। শ্রীপদসমুদ্র
- ১০। শ্রীপদকরতরু
- ১১। ঐীবিষ্ণুপ্রিয়া পত্রিকা

- ১২। শ্রীসজ্জনতোষণী পত্রিকা
- চরিতামৃত ভাষ্য
- ১৪। শ্রীযুক্ত বাবু কালীপ্রসন্ন ঘোষ কৃত ভক্তির জয় বা হরি

দাস ঠাকুরের জীবন যজ্ঞ

- ১৫। श्रीमूत्रनी विनाम
- ১৬। ঐীবন্ধসংহিতা

কলিকাতা, তালতলা ২০নং ডাক্তাস লেন এটেতক্সচতুপাঠী এটেতক্সাক ৪১১।

বৈষ্ণব-দাসাত্মদাস শ্রীনগেন্দ্রনাথ মুখোপাধ্যায়



#### মুগাবতার ৷

#### প্রথম খণ্ড।

"প্রকৃত্ত-কমলারপত্যতি বিভ্বি-রমাধরং, স্থতপ্ত কনকোজ্জল হাতি সনাথ নীলজ্জং। স্থকোষলপদাক্ত যুগ্ধ বিচরৎ স্থতকাবলিং, ভক্তে নিধিল মঙ্গলং প্রধণ্ড সন্থ পদ্মাস্থতং

### প্রথম পরিচ্ছেদ।

গঙ্গা ও জলঙ্গীর সক্ষম স্থলবর্তী নদীয়া বা নবহীপ নগরে মহাপ্রাক্ত প্রিগৌরাঙ্গ অবতীর্ণ হয়েন। সেই সময়ে বাঙ্গালার আভাতরিক অবস্থা কিরপ ছিল, তাহা সংক্ষেপে বর্ণন করা আবতাক। প্রীগৌরাঙ্গ আবিতাবের বহপুর্ব হইতে বাঙ্গালা প্রদেশ, মুনলমান রাজাদিগের অত্যাচার ও পীড়নে যার পর নাই, শোচনীর অবস্থা প্রাপ্ত হয়। হিন্দু কীর্তি সমুদ্য সুপ্তপ্রায় হইয়াছিল। হিন্দু তীর্থ সমুদ্য গৌরবহীন, হিন্দুর আচার ব্যবহার অধিকাংশ ঘাবনিক, হিন্দুর বেশ ভূষা ঘ্রনপ্রায়, এবং

হিলু জাতির কথাবার্তার মধ্যেও অনেক সাবনিক শব্দ মিশ্রিত ছইয়াছিল। স্থলীর্ঘলাল ববন রাজের শাসনাধীনে থাকার, বালালার সর্বয়ই ববন ভাবাপর হইয়াছিল।

<sup>৯</sup>২০৪ খ্রীষ্টাব্দে বক্তিয়ার খিলিজী বঙ্গেশ্বর লাক্ষণেয় সেনকে কৌশলে রাজাচ্যত করিয়া স্বয়ং বঙ্গের সিংহাসন অধিকার করেন। লান্দ্রণেয় বল্লাল সেনের প্রপোত্ত এবং লন্দ্রণ সেনের পৌত্র। বল্লাল সেন গ্রীষ্টীয় একাদশ শতাকীর শেষ ভাগে বাঙ্গালার রাজা ছিলেন। তাঁহার সময়ে বঙ্গের বিশেষ উন্নতির অবস্থা ছিল। পরে তৎপুত্র লক্ষণ সেন যথন বাঙ্গালা শাসন করি-তেন, তখন বাঞ্চালার সমৃদ্ধির আরও অধিক পরিমাণে বৃদ্ধি হুইয়াছিল। লক্ষণ সেন রাজাধিরাজ উপাধি ধারণ করিয়া অপ্রতিহত প্রভাবে স্বরাজ্য শাসন করিয়াছিলেন। লাক্ষণের ১১২৪ খ্রীষ্টাবের জন্ম গ্রহণ করেন, ইনিই বাঙ্গালার শেষ হিন্দু বাজা। বক্তিয়ার খিলিজী বিহার প্রদেশ বিধ্বস্ত করিয়া যখন যাকালা আক্রমণ করেন, তথন লাক্ষণেয় অতিশয় বৃদ্ধ হইয়া-ছিলেন। সেই বুদ্ধ বয়সে তিনি কুটলবুদ্ধি বক্তিয়ার কর্তৃক রাজ্যস্থাধে বঞ্চিত হয়েন। লাক্ষণেয় বক্তিয়ারের সহিত সন্মুধ সংগ্রাম করেন নাই, বক্তিয়ারের আগমন সংবাদেই তিনি রাজ-খানী প্রিক্রাগ করিয়া স্পরিবারে প্রায়ন করেন।

সেন বংশীর রাজাদিগের সময়ে বালালার তিনটি রাজধানী ছিল। পুরাতন রাজধানী বিক্রমপুর, বিতীয় রাজধানী গৌড় নগর, এবং ভৃতীর নববীপ। রাজাদিগের যথন যেখানে থাকিতে ইচ্ছা হইত, তাঁহারা তথন সেই রাজধানীতে বাস করিতেন। লাল্পণের আপানার শেব জীবন নববীপেই অতিবাহিত করিবা-

ছিলেন। তাঁহার সময়ে নবধীপে বিদ্যা চর্চার বিশেষ উল্লভি ছইরাছিল। তিনি আপন সভায় পণ্ডিতবর্গ লইরা নানা শাল্কের আলোচনা করিতেন। ব্রাহ্মণ পণ্ডিতগণও তাঁছার অধীনে পরম স্থবে দংদার যাত্রা নির্বাহ করিতেন। বক্তিয়ার এই সমুদয় স্থাথের মূলে কুঠারাঘাত করিলেন। বক্তিয়ার দেখিতে ক্ষতি কুৎদিত ছিলেন এবং তাঁহার বুদ্ধিও তাঁহার আঞ্চতির অনুরূপ ছিল। বক্তিয়ার বাঙ্গালা অধিকার করার পর হইতে ষ্ঠ হার নাম শ্রবণমাত্রে লোকের মনে ভয় সঞ্চার হইত। বালক वानिकां भिगत्क छत्र तिथा हेटि धहेति त्नात्क विकिशातित नाम , ক্রিত, এবং ঐ নামের সহিত এরপ ভয় মিশ্রিত ছিল যে, নাম শুনিবামাত বালকগণ নিস্পান হইত। এই ভীষণ আারুতি বক্তিয়ার হইতে বাগালার সমুজ্জল বক্ষে যে কালিমা পড়িল স্তাহা আর উঠিল না। ঐ সময় হইতে বালালার হিন্দু জাতির श्चवन्ना नर्स विषयारे शीन रहेट नाशिन। त्राञ्जा विषयी, युक्ताः হিন্দুর ধর্ম জীবন দিন দিন শুক হইয়া গেল। পরিশেষে এরপ দশা ঘটল যে, হিন্দু জাতির কেবল নাম বাতীত আর কিছই রহিল না।

মহাপ্রত্ প্রীগোরার যথন জন্ম গ্রহণে গোড় দেশ ধন্ত করি-লেন, তথন বার্গালার প্রধান প্রধান স্থান সমূহে মুসলমান কর্তাগণ একাধিপত্য করিতে ছিলেন। নবদ্বীপ তথন চাঁদ কাজির শাসনাধীনে ছিল। নগরবাসিগণ উক্ত কাজি সাহেবের দোহাই দিয়া কোন প্রকারে আপনাদিগের কটের জীবন অতিবাহিত করিতেছিলেন। নবদ্বীপ সেনবংশীর রাজাদিগের রাজধানী হওয়ার, পূর্ম হুইতেই সমূদ্ধি সম্পার ছিল এবং মুসলমান শাসনাধীনে থাকিরাও উহার গৌরবের তাদৃশ হানি হয় নাই।
বালালার সমৃদ্ধিশালী নগর সমৃদ্ধ ধবন রাজার অধীনে নিতাক

হীনাবস্থা প্রাপ্ত হইলেও বালালার রাজধানী নবন্ধীপ য প্রভাবাবিত বোধ হইত, ইহার অবশু কোন গৃঢ় কারণ ছিল। ছির

চিত্তে বিচার করিলে ইহা স্পটই অন্তব হইতে পারে যে,
কেবল মাত্র প্রীগৌরাক অবতীর্ণ হইবেন বলিয়াই, বিধাতা
নবন্ধীপকে অকুর রাখিয়াছিলেন।

''নবদীপ হেন গ্রাম ত্রিভ্বনে নাই।

যহি অবতীর্ণ হৈলা চৈতন্ত গোঁসাই॥

ভাবতত্রিবেন প্রভু জানিয়া বিধাতা।

সকল সম্পূর্ণ করি পুইলেন তথা ॥''

ত্রীচৈঃ ভাঃ।

নবদীপের বাহিরে জাঁক জমকের অভাব না থাকিলেও অভ্যন্তরে কিছুমাত্র সার ছিল না। হিন্দুর ধর্ম লইয়াই জীবন গঠিত, কিন্তু ঐ সময়ে নবদীপবানীর ধর্মভাব অভি হীন অবস্থা প্রাইয়াছিল। কেবল নবদীপ কেন, সমগ্র বালালা দেশবাসী তথন ধর্মজীবন হারাইয়া নাম মাত্র মহুঘা দেহ বহন করিভেছিল। একে কলি দোষে দ্বিত,তাহাতে ববন অধিপতির অধীন, হিন্দুর ধর্মোন্নতি কিরুপে হইবে ? কলিমুগে এক পাদ মাত্র ধর্ম জিতি। এ একপাদ ধর্ম কেবল মাত্র সত্য আশ্রম করিয়া আছে। সেই সত্য ধর্মাশ্রিত ভক্ত হুই চারিজন বাহারা ছিলেন, জাঁহারা সমাজের অবস্থা দেখিয়া অভি ছঃথে দিন স্থাপন করিতে লাফিলেন। সময় সময় ভক্তগণ একত্র হইয়া, কি করিলে জীবের মন্দ্রল হইবে, হিন্ধা করিতে লাগিলেন।

"কৃষ্ণ নাম ভত্তি খৃত্ত সকল সংসার। প্রথন কলিতে হৈল ভবিষ্য আচার॥ ধর্ম কর্ম লোক সবে এই মাত্র জানে। মঙ্গল চণ্ডীর গীত করে জাগরণে। দস্তকরি বিষহরি পূজে কোন জন। পুত্তলি করমে কেহ দিয়া বহু ধন। ধন নষ্ট করে পুত্র কন্মার বিভায়। এই মত জগতের ব্যর্থ কাল যায়॥ থেবা ভট্টাচার্য্য চক্রবর্ত্তী মিশ্র সব। তাহারাহ না জানে সব গ্রন্থ অমুভব 🗈 শাস্ত্র পড়াইয়া সবে এই কর্ম্ম করে। শ্রোতার সহিতে যম পাশে ডুবি মরে। ना वाथारन यूग धर्म कृत्कात की र्हन । দোষ বিনা গুণ কার না করে কথন। যেবা সব বিরক্ত তপস্থী অভিমানী। তা স্বার মুখেতেও নাহি হ্রিধ্বনি 🛭 অতিবড় **সু**কৃতি সে থানের সময়। গোবিন্দ পুগুরীকাক্ষ নাম উচ্চারয়॥ গীতা ভাগবত যে বে জনেতে পড়ায়। ভক্তির ব্যাখ্যান নাহি তাহার জিহ্বায়। এই মত বিষ্ণুমারা মোহিত সংসার। দেখি ভক্ত সব ছ:থ ভাবেন অপার ॥"

শ্রীটেঃ ভাঃ। নববীপে তথন লক লক লোকের বসতি। এই অসংখ্য লোকের মধ্যে কয়েক জন মাত্র ভক্ত, জীবের ছ:থ মোচনের উপায় অরেষণে ব্যক্ত হইলেন। তৎকালে নবদ্বীপে বৈঞ্বাত্রগণ্য প্রীঅইদত আচার্য্য প্রভূবাস করিতেন, ভক্তবৃদ্দ সকলে মিলিত হইয়া তাঁহার নিকটে গমন করিলেন।

প্রভ্ প্রীক্ষরৈত সর্বপ্রধের আকর, সর্বশাস্ত্রে বিশারদ, ভক্তের চূড়ামণি এবং সর্বলোকের শুক্র ছিলেন। তিনি ভক্তগণকে আখাদ দিয়া বলিলেন, তোমরা কাতর হইও না, প্রীভগবান্ অবগ্রুই জীবের হংথ মোচন করিবেন। ভক্ত সকলকে এইরূপে আখাদ দিয়া প্রীক্ষরৈত চিন্তা করিতে লাগিলেন, কিরূপে জীবের নিস্তার হইবে। অনেক বিচার করিয়া দেখিলেন, প্রীভগবান স্বয়ং অবতীর্ণ না হইলে, এরূপ ছর্দশাগ্রন্ত লোক সকলকে অপর কেহ উদ্ধার করিতে পারিবেন না। কি করিলে ভগবান অবতীর্ণ হইবেন, এই চিন্তা করিয়া প্রীক্ষরৈত নিরন্তর তুলসীমঞ্জরী ও গ্রন্থালল দিয়া প্রীক্ষরের পূজা করিতে লাগিলেন। ক্ষাক্ষর বিদ্যা পারীর হন্ধার করিতেন, আর সেই শক্ষ ব্রন্থাও ভেদ করিয়া বৈরুষ্ঠ ও গোলক স্পর্শ করিত। এই রূপে দিবানিশ ক্ষান্ত পূজা করিতেন, আর প্রেমের হিলোলে ভাসিয়া বাইতেন।

অবৈত ঠাকুর, করণা প্রচ্র,
জীবের উদ্ধার লাগি।
করিয়া যতন, পুজে নারারণ
কর বোড়ে বর মাগি॥
ওহে দ্যাময়, হও হে স্দর
পর্ম দ্যাল ভূমি।

তব দয়া বিনা, হবেনা হবেনা উদ্ধার গৌড় ভূমি ৷ তুলদীর দল, সহ গঞ্জল চরণে অর্পণ করি। প্রেমের তরঙ্গে, ভেসে যান রঙ্গে শ্রীরুম্ভ কিশোর স্মরি॥ গোপাল গোবিন্দ, মাধ্ব মুকুন্দ বিনা নাহি বোল আর। ভাবে হয়ে ভোর, প্রাণনাথ মোর ব'লে ডাকে বার বার॥ পাগলের প্রায়, শ্রীঅবৈত রায় নড় দিয়া জান কভু। আনন্দ অপার 📩 ছাড়েন হকার বলি "এলে কিছে, প্রভূ" ॥ করি প্রণিপাত, ওহে প্রাণনাধ নদীয়ার চাঁদ হরি। সহ ভক্তগণ, দিবে কি চরণ এ দাস মস্তকোপবি॥

প্রথম পরিচ্ছেদ সমাপ্ত।

# দ্বিতীর পরিচ্ছেদ।

শ্রী অবৈতের প্রেম পূর্ণ সরল আহ্বানে ভগবানের আসন
টলিল। শ্রীঅবৈতচন্দ্র আর কেছ নহেন, সাক্ষাং সদাশিব ও
মহাবিষ্ণু এক দেহে অবতীর্ণ। প্রভু শ্রীঅবৈত সম্বন্ধে শ্রীচৈতক্ত মঙ্গল ও শ্রীচৈতক্ত চরিতামূত কি বলিতেছেন, দেখুন;—

> ''মহেশ ঠাকুর সব আগে আগুরান। ব্রাহ্মণের কুলে জন্ম কমলাক্ষ নাম। পড়িয়া শুনিয়া গুণ পরবীণ হইল। আবৈত আচার্য্য বলি পদবী লভিল॥ সেই মহা মহেশ্ব পত্ম গুণ ধরে। তমোগুণ বলি যারে ঘোষয়ে সংসারে॥

> > बीटिंहः मः--

"অংহত আচার্য্য গোসাঞি সাক্ষাং ঈশ্বর।
যাহার মহিমা নহে জীবের গোচর॥
মহাবিফু সৃষ্টি করেন জগদাদি কার্য্য।
তার অবতার সাক্ষাং অংহত আচার্য্য॥
যে পুরুষ সৃষ্টি স্থিতি করেন মারায়।
অনস্ত ব্রহ্মাণ্ড সৃষ্টি করেন লীলায়।
ইচ্ছার অন্ত মৃত্তি করেন প্রকাশ।
একৈক মূর্ত্তে করেন ব্রহ্মাণ্ড প্রবেশ।

আবৈত তাঁহার অংশ নাহি কিছু ভেদ।
শরীর বিশেষ তাঁর নাহিক বিচ্ছেদ॥"
শ্রীকৈ: চ:---

এক দিকে প্রীঅট্রত প্রেমে আকর্ষণ করিতেছেন, অক্সদিকে
বুগ ধর্ম প্রথবর্তন ইত্যাদির সময় আসিয়া একতা মিলিত হওয়ার
ভগবান অবতীর্ণ হইতে মনন করিলেন। ভগবান্ কি নিমিস্ত
মর্ত্তালেকে অবতীর্ণ হয়েন, প্রায়ুত্ত পক্ষে তাহা বুঝিবার শক্তি
কাহার নাই।

"কো বেত্তি ভূমন্ ভগবন্ পরাত্মন্ যোগেখরোতীর্ভবত জ্রিলোক্যাং। কাহং কথং বা কতিবা কদেতি বিস্তারয়ন্ ক্রীড়সি যোগমায়াং॥" শ্রীষ্টাঃ ১০ন ক্ষা।

ভগবনি স্বয়ং যাহা ব্যক্ত করেন, আমরা তদনুসারেই তাঁহার অবতার উদ্দেশ জানিতে সক্ষম হইয়া থাকি।

ঞ্জীভগবদ্বাক্য, অৰ্জ্জ্ন প্ৰতি।—

"বদা বদা হি ধর্মস্ত গ্লানির্ভবতি ভারত। অভ্যুত্থান মধর্মস্ত তদাত্মানাং স্ফান্যহং॥ পরিত্রাণায় সাধ্নাং বিনাশায় চ চ্ছুতাং। ধর্ম সংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে॥"

শীগীতা —

ভগবান অন্যান্য যুগে অবতীৰ্ণ হইয়া বেক্লপ ছুই লোক দিগকে দমন করিয়া ধর্ম সংস্থাপন করিয়াছেন, বর্তমান কলি- যুগে সেরপ করেন নাই। এ বুগে তিনি প্রেম শিকা দিয়া সাধুদিগকে কৃতার্থ করিয়াছেন এবং কলিবুগ ধত্ম হরি সংকীতন প্রবর্তন করিয়া পাতকী উলার করিয়াছেন। ইহা ব্যতীভ গৌরাজ অব থারের আবিও উদ্দেশ্য ছিল।

ছাপরে প্রীক্ষণ একদিন মণিমর ভিত্তিতে আপনার প্রতিবিশ্ব দেখিয়া আপনার মাধুর্য্যে আপনি মোহিত হন, এবং শ্রীমতী রাধিকা উহা আখাদন করিয়া বেরুপ আনন্দ ভোগ করিতেন, তাহা প্রীরাধিকার ভাবে শ্বয়ং অনুভব করিতে অভি-লাবী হন। এই অভ্তপূর্ব্ব মধুর বাসনা চরিতার্থ করিবার জন্ম ভগবান প্রীরাধিকার ভাবহাতি অধীকার করিয়া ক্লিয়ুগ্ পাবন গোর বিগ্রহ হইলেন।

> "রাধাকৃষ্ণপ্রণয় বিকৃতি হ্লাদিনী শক্তিরস্মা-দেকাত্মনাবপি ভূবিপুরা দেহভেদং গতেওঁ তৌ। চৈতন্যাখ্যং প্রকটমধুনা তদ্বয়ং চৈক্যমাপ্তং রাধাভাবত্যতি স্থবলিতং নৌমি কৃষ্ণ-স্বরূপং॥" শ্রীস্বরূপ গোস্বামী কৃত্ত কড়চা। অস্তঃকৃষ্ণং বহিগোরং দর্শিতাঙ্গাদি বৈভবং। কলো সংক্ষীর্ত্তনাদৈঃস্ম কৃষ্ণ চৈতত্যমাশ্রিতাঃ॥"

कृष्ध भन्नर्छ।

"রাধাকৃষ্ণ এক আত্মা ছই দেহ ধরি। অন্তোন্যে বিলাসে রস আত্মাদন করি ॥ সেই ছই এক এবে চৈতন্য গোসাঞি। ভাৰ আত্মাদিতে দোঁহে হৈলা এক ঠাই॥" ভগবান পূর্বেই নিজ গুরুবর্গ ও ভক্তবৃন্দ পাঠাইয়া ভূমি
পবিত্র করিয়া রাখিয়াছেন, একণে স্বয়ং অবতীর্ণ হইতে মনন
করিয়া নববীপবাসী শীমিশ্র প্রক্রের পত্নী শীশটা দেবীর গর্জ
আশ্রম করিলেন : মিশ্র পুরুদ্ধর বা জ্গলাথ মিশ্রের পূর্ব নিবাস
শীহটে, পরে তাঁহার পিতা গঙ্গাবাস উদ্দেশে নববীপে
আসিয়া বাস করেন। তাঁহার পত্নী শীশটা দেবী।

"নবদীপে আছে জগন্নাথ মিশ্রবর।
বহুদেব প্রান্ন তেঁহ স্বধর্ম্মে তৎপর॥
উদার চরিত্র তেঁহ ব্রহ্মণ্যের সীমা।
হেন নাহি যাহা দিয়া করিব উপমা॥
কি কশ্রপ দশরথ বহুদেব নন্দ।
সর্ব্বিমর তব্ধ জগন্নাথ মিশ্রচন্দ্র॥
তাঁর পদ্মী শচী নার্ম মহা পতিব্রতা।
মৃত্তিমতী বিষ্ণু ভক্তি দেই জগন্মাতা॥
শীক্তিঃ ভাঃ—

শ্রীশটী দেবী ক্রমান্বরে আটাট কর্ত্তা সন্তান প্রদ্রব করেন।
হঃথের বিষয় ঐ আটটী কন্যাই অপ্রাপ্ত বরসে কাল করলিন্ত
হর্মোছলেন। বিরহে দম্পতি যারপর নাই বিষাদ প্রাপ্ত
হইমাছিলেন। কিন্তু কি করিবেন, সকলই বিধাতার নির্কৃত্ত।
পরিশেষে তাঁহারা ভগবানে চিত্ত অর্পণ করিয়া অপত্য বিজেদ
শোকের কথঞিৎ উপশম করিয়াছিলেন। মিশ্র পুরন্দর ও
শটী দেবী পুত্র বাঞ্ছা করিয়া ভগবানের আরাধনা করিতে
লাগ্রিলেন। অনেক আরাধনা করিলে পর তাঁহাদিগের একটী
পুত্র সঞ্জান জন্মিল। মিশ্রবর পুত্রটির নাম বিশ্বরূপ রাধিলেন।

বিশ্বরূপ নাষ্টি বেমন, প্রকৃত পক্ষেও তিনি তজ্ঞপ ছিলেন। অমন অপেরূপ রূপ গোকে প্রায় দেখিতে পাওয়া যায় না বিশ্বরূপ বেমন রূপবান, তেমনি গুণবান্ হইয়াছিলেন।

"বিশ্বরপ মৃর্ধ্বি যেন অভিন্ন মদন।
দেখি হরবিত ছুই ব্রাক্ষণী ব্রাক্ষণ॥
জন্ম হৈতে বিশ্বরূপ হইলা বিরক্তি।
শৈশবেই সকল শাস্ত্রেতে হৈল স্কৃর্ত্তি॥"
তবে পুত্র জনমিলা বিশ্বরূপ নাম।
মহাগুণবান্ সেই বলদেব ধাম॥
বলদেব প্রকাশ পরব্যোম সক্ষর্ণ।
তিহোঁ বিশ্বের উপাদান নিমিত্ত কারণ॥
তাঁহা বই বিশ্বে কিছু নাহি দেখি আর।
অতএব বিশ্বরূপ নাম যে তাঁহার॥"

बीहिः हः।

বিশ্বরপের পরে শচী দেবীর দীর্ঘকাল আর কোন সন্তান হয় নাই। যাহা হউক, বিশ্বরপের ভায় সর্ব্বগুণসম্পন্ন পুত্র প্রাপ্ত হইয়া মিশ্র ও শচী দেবীর আর কোন প্রকার হঃথ ছিল না। পরে ১৪০৬ শকের মাঘ মাসের শেষে একদিন মিশ্র পুরন্দর শচীদেবীকে জিজ্ঞাসা করিলেন, 'তোমাকে করেক দিন হইতে এক প্রকার অপরূপ সৌন্দর্যা বিশিষ্টা বলিয়া বোধ হইতেছে কেন ? কই পুর্ন্বে কথন আমি ভোমাকে ত এরপ দেখি নাই। ভোমাকে একটি জ্যোতির্মন্ত্রী মূর্ত্তি বলিয়া আমার অন্ত্র্মান হইতেছে।'' শচীদেবী ও জগন্নাথ বিশ্রের উক্ত কথায় সাহস পাইয়া বলিলেন বে, 'আমার বলিতে ভন্ন হয়, কিন্তু আপনি জ্ঞাসা করায় ৰ্ণিতেছি, আজ কাল আমি মধ্যে মধ্যে আনেক প্ৰকার অলৌ-কিক ব্যাপার দেখিতে পাইতেছি। আমি দেখিতে পাই যে, দিবামর্তি লোক সকল আমাকে লক্ষা করিয়া কি বলেন; কিছ আমি তাহ। সম্পূর্ঝিতে পারি না।" এইরূপ কথোপকথন করিয়া উভয়ে বিশেষ কিছুই স্থির করিতে পারিলেন না। ক্রমে শচী দেবীর গর্ভ প্রকাশ পাইল। শচী দেবীর গর্ভ সঞ্চার সংবাদ অবগত হইয়া জগনাথ মিশ্র বলিলেন, "পূর্ব্ব ঘটনাস্ত্রে আমার বোধ হইতেছে. কোন মহাজন তোমার গর্ভে জন্মগ্রহণ করিয়া-ছেন। যাহা হউক, এইকণে কাহাকেও কিছু বলা হইবে না।" নারায়ণের যাহা ইচ্ছা, তাহাই হইবে।" এই স্থির করিয়া মিশ্র-দুপ্তি আনন্দে দিন কাটাইতে লাগিলেন। ক্রমে গর্ভ ত্রোদশ মাদ পূর্ণ হইল, কিন্তু তথনও দস্তান ভূমির্চ না হওয়ায় স্ক-লেই চিন্তিত হইলেন। শচীদেবীর পিতা শ্রীনীলাম্বর চক্রবর্ত্তী একজন স্থবিজ্ঞ জ্যোতির্বিদ্। তিনি গণনা করিয়া বলিলেন, "এই মাসেই সন্তান হইবে, তোমরা কিছুমাত্র চিস্তা করিও না। চক্রবর্ত্তীর গণনায় সকলেরই বিখাস ছিল, স্কুতরাং সময় অতীত ইইলেও আর কেহ ব্যাকুল হইলেন না। পরে ১৪০৭ শকে কান্ত্ৰণ মাদের পূৰ্ণিমা তিথিতে অক্সান্ত সমুদ্ধ গুভবোগ আদিয়া মিলিত হইলে, সন্ত্যার সময় জীগোরাক ভূমিষ্ঠ হইলেন ৷ ঐ দিন চত্ত্রহণ থাকায় অনসংখ্য লোক হরি হরি বলিয়া গলালানে যাইতেছিল। সেই লক্ষ লক্ষ লোকের হরিধ্বনির মধ্যে ভক্তের প্রাণদর্মস্ব গৌরহরি মর্ত্তাভূমিতে অবতীর্ণ হইলেন।

> "শচী গর্ভে বদে সর্বা ভ্রনের বাস। ফাস্তুনী পুর্ণিমা আমাসি হইল প্রকাশ।

অনন্ত ব্ৰহ্মাণ্ড ষত আছে সুমঙ্গ। সেই পূর্ণিমার আসি মিলিলা সকল। সংকীর্ত্তন সহিত প্রভুর অবতার। গ্রহণের ছলে তাহা করেন প্রচার ॥ ঈশ্বরের কর্ম্ম বুঝিবার শক্তি কায়। চক্র আজাদিল রাছ ঈশ্বর ইচ্ছায়॥ मर्ख नवबीर्प रमस्य इहेन গ্রহণ। উঠিল মঙ্গল ধ্বনি শ্রীহরি কীর্তন। অনন্ত অর্বাদ লোক গলালানে যার। হরিবোল হরিবোল বলি সবে ধার। হেন হরিধ্বনি হৈল সর্কানদীয়ার। ব্রহ্মাও পরিয়া—ধ্বনি স্থান নাহি পার ॥ অপূর্ব গুনিয়া সব ভাগবভগণ। সবে বলে নিরস্তর হউক গ্রহণ। সবে বলে আজি বড় বাসি এ উল্লাস। হেন বুঝি কিবা ক্লফ করিলা প্রকাশ । গঙ্গায়ানে চলিলা সকল ভক্তগণ। নিরবধি চতর্দিকে হরি সংকীর্ত্তন। কিবা শিশু বৃদ্ধ নারী সজ্জন হুর্জ্জন। সবে হরি হরি বলে দেখিয়া গ্রহণ। হরিবোল হরিবোল সবে এই শুনি ! সকল ব্রহাণ্ডে ব্যাপিলেক হরিধ্বনি II চতৰ্দ্ধিক পুষ্পাবৃষ্টি করে দেবগণ। জয় <del>শ</del>লে ছন্দুভি বাজয়ে অণুক্ষণ ম

#### হেনই সময়ে প্ৰভূ জগত জীবন। অৰতীৰ্ণ হইলেন শ্ৰীশচীনন্দন॥"

এটে: ভা:-

শ্ৰীগোরাক শচীপতে অবতীর্ণ হইলে ভক্তি জগতে একটি হগান্তর উপস্থিত হইল। ঘাঁহাদিগের মুখে পূর্বে ভ্রমেও কথন ছরিনাম গুনিতে পাওয়া যার নাই, তাঁহারাও হরিহরিবোল ৰলিয়া আনন্দপ্ৰকাশ করিতে লাগিলেন। নবদীপের ভক্তমগুলি এই প্রকার অভাবনীর ভাব সমুদ্র দর্শন করিয়া মনের উচ্ছাসে নুত্য করিতে লাগিলেন। কি কারণে যে সর্বলোকের অন্তরে এই প্রকার জানির্বাচনীয় ভাবের উদয় হইল, তাহা কেহই স্পষ্ট ৰবিতে পারিলেন না। ভক্তগণ ঠারাঠারি করিতে লাগিলেন; কিছ কেহই অন্তরের স্বস্থপ্ত কথা ব্যক্ত করিয়া বলিলেন না। ঐ সময়ে সমগ্র নবদীপ যেমন আনন্দ সাগরে ভাসিতেছিল; সেইরূপ অক্তান্ত স্থানের লোক সকলও অভূতপূর্ক আনন্দ ভোগ করি-তেছিলেন। গ্রহণ ছলে নানা স্থানে ভক্তগণ হরিসংকীর্ত্তন করিতে লাগিলেন। এইরপে সমুদয় দেশ হরিধ্বনিতে পরিপূর্ণ হইরা গেল। শচীদেবী এক অপূর্ব স্কুমার প্রস্ব করিয়াছেন ভনিয়া প্রতিবেশী সকলে তাঁহার বাটীতে ছুটিয়া আসিলেন। পুত্রের অলোলিক সৌন্দর্য্য দেখিরা সকলেই অবাক হইয়া রহি-লেন। ওরূপ অসামান্ত রূপ মাধুরী তাঁহারা পূর্বে আর কখনও দেখেন নাই। यांश দেখিয়াছেন, তাহা ও মিশ্রের বাটতে ;— তাঁহার বর্ত্তমান জ্যেষ্ঠ পুত্র বিশ্বরূপের রূপ। জ্বলাথ মিশ্রের একটি অপরপ পুত্র সন্তান হইয়াছে, এই সংবাদ ক্রমে সমুদ্র নগরে রাষ্ট্র হইয়া পডিল।

বালকের কাঁচা সোনার ক্লায় অঙ্গ কান্তি, সর্বর স্থলক্ষণ যুক্ত অবয়ব, এবং দেহ হইতে পল্লগন্ধ নিৰ্গত হইতেছে, এই কথা শুনিবা মাত্র চারিদিক হইতে লোক আসিতে লাগিল। বাঁহার। বালক দেখিতে আসিলেন, সকলেই বিমোহিত হইলেন। ঐ ভুবন মোহন রূপ যিনি একবার মাত্র দেখিলেন, তিনিই জন্মের মত আত্মহারা হইলেন, আর তাঁহাকে বিষয় স্রোতে ভাসিতে হইল না। তিনি অন্তকালের জন্ম ঐ রাক্সাপদে বিক্রীত হইলেন। ক্রমে চক্রশেখর আচার্য্য, শ্রীবাদ পশুত,নীলাম্বর চক্রবর্ত্তী প্রভৃতি জগরাথ মিশ্রের আত্মীয় ও বন্ধুবর্গ নবকুমার দেখিতে আদিলেন। শচী দেবীর ক্রোডে খ্রীগোরাঙ্গকে দেখিবামাত্র খ্রীবাসাদির অন্তর কাঁপিল। কি ভাবে দে কাঁপিল, তাহা তাহারা ঠিক বুঝিতে পারিলেন না। কিন্তু পর্বা পরিচিত লোককে অনেক দিন পরে দেখিলে মনে যেমন ভাবের উদয় হয়, তাঁহাদিগের ঠিক छाहारे हहेगा औताम একবার বালকের দিকে চাহিলেন, আর বার আচার্যা রক্তের দিকে চাহিলেন। চল্লপেথর আচার্যা, শ্ৰীবাদের বিশ্বয় দেখিয়া একটুকু মুখ টিপিয়া হাসিলেন, আৰু किहूरे विलिय मा। नीमायत ठळवळी लग्न श्रमां कतिया (मिश्रिन (य, वानक मांभां नर, मांका व व्यक्त ननन, मंही-নলনরপে অবতীর্ণ। আপনার মনের আবেগ ধারণ করিয়া তিনি মিশ্রবরকে নিভূতে বলিলেন, ''তোমার এই নন্দন সাক্ষাৎ - জীনন্দ তমুক্ত। ইহার পদতলে ও হতে মহাপুক্ষের চিহ্ন সমু-मग्र मिथि उहि।"

> "লগগণি হর্ষসভি, নীলাম্বর চক্রবর্ত্তী, **ওথে কিছু ক**হিল মিশ্রের।

মহাপুরুষের চিহ্ন, বাধে আরু ভিন্ন ভিন্ন,
দেখি এই তারিবে সংসারে ॥
।
বৈছে প্রাভূ পচীঘরে, রূপায় কৈল অবতারে,
বেই ইহা করয়ে শ্রবণ।
গোর প্রাভূ দরাময়, তারে হয়েন সদস,
সেই পার তাঁহার চরণ ॥"

দিতীয় পরিচেছদ সমাপ্ত।

## তৃতীয় পরিচ্ছেদ।

ফান্ত্রনী পূর্ণিমা, কি কব মহিমা,
চৌদশত সাতশকে।

জব জব জব, গৌরাক বিজব,
বোবিল সকল লোকে॥
ভারা গ্রহগণ, স্বোচ্চে অধিষ্ঠান,
করিল তথনি আদি।

জাতি শুভক্ষণে, শচীর ভবনে,
উদিল গৌরশশী॥

ইশ্ব ইন্ধিতে,
গ্রাহিল আকাশ চাঁদ।

निशा नगत्र, क्तिन छजत. ে আসি নদীয়ার চাঁদ।। স্বে বলে হরি, মুকুলমুরারি, উঠিল মহান রোল। কেই নাচে গায়, কেই বা বাজার, মুখে মাত্র হরিবোল।। **ঈশ্বর মহিমা,** কে বঝিবে সীমা, অনস্ত গুণের ধাম। গ্রহণের ছলে, বলান সকলে, कृष्कत मधुद नाम। ষত ভক্তগণ, আনন্দে মগন, প্রেম স্রোতে ভাসমান। করতালি দিয়া, নাচিয়া নাচিয়া. ক্ষণ গুণ করে গান। नहीशां नगरत, প্রতি ঘরে ঘরে, হরি হরি ধ্বনি ভনি। ভক্ত ফুলন ভাবে মনে মন, এল ব্ঝি গুণমণি॥ নাচ এবে রঙ্গে, কীর্ত্তন তরঙ্গে আর নাহি কোন ভয়। বদন ভরিয়া, প্রেম মাথাইয়া গাও গোরাকের জয়॥ পুৰ্ব মহাজন, কৰি বৃদ্ধাৰন,

ক্ষদাস কবিরাজ।

রচিশ অভুত, গোরাক চরিত,
অতুশ ভূবন মাঝ ॥
তাঁ স্বার পদে, বিপদে সম্পদে,
হবে কি আমার বাস।
বৈষ্ণব কুপাতে, স্ব পারে হতে,

কহে বৈষ্ণবের দাস॥

মহাপ্রভুর জন্ম দিনে প্রভু শ্রীক্ষরৈত শান্তিপুরের বাটীভে ছিলেন। কিন্তু মহাপ্রভু ভূমিষ্ঠ হইবা মাত তিনি অন্তরে জানিতে পারিয়া মহানন্দে নাচিয়া উঠিলেন। অনন্তর শীঘ গঙ্গার ঘাটে আসিয়া স্লান করিলেন এবং শচীপত্তের উদ্দেশে ব্ৰাহ্মণগণকে নানাবিধ দ্ৰব্য দান করিলেন। এই সময়ে সাধ্ হরিদাস শান্তিপুরে এীঅদৈতের বাটীতেই ছিলেন। অবৈত প্রভুর হঠাৎ ভাবের পরিবর্তন দেখিয়া জিজ্ঞানা করি-লেন, 'প্রভা, আজ আপনার এরপ অপরিসীম আনন্দের কারণ কি ? আবার আপনাকেই বা জিজ্ঞাদা করিব কি. আমারঙ অন্তরে ধেন এক প্রকার অভূতপূর্ব্ব আনন্দের উদয় হইতেছে"। এই বলিয়া ছইজনে ঠারে ঠোরে কথা কহিতে লাগিলেন। ক্রমে সংবাদ আদিল যে, শচী দেবী একটি অপূৰ্ব্ব পুত্ৰ সন্তান প্ৰসৰ : করিয়াছেন। এই সমাচার পাইবা মাত্র শ্রীঅবৈতপত্নী মীতা-ঠাকুরাণী বালককে যৌতুক দান করিতে যাইবার জন্ত অনুমতি চাহিলেন। অবৈত প্রভুর আদেশ পাইয়া দীতাদেবী নানাবিধ উপহার শইয়া এবং বহু সংখ্য দাসী চেড়ী সমভিব্যাহারে বহুমূল্য বস্ত্রাচ্ছাদিত শিবিকারোহণে মিশ্র ভবনে যাতা করিলেন।

"ৰাবৈত আচাৰ্য্য ভাৰ্য্যা, জগতপুজিতা আৰ্য্যা, নাম তাঁর সীতা ঠাকুরাণী। শাচার্য্যের স্বাক্তা পাঞা, গেলা উপহার লঞা. দেখিতে বালক শিরোমণি॥ স্বর্ণের কড়ি বউলি, বজত মুদ্রা পাঙলি, স্বর্ণের অঙ্গদ কল্প। ছবাহতে দিব্য শঙ্খ, রজতের মল বন্ধ. স্বৰ্মুদ্ৰা নানা হারগ্ৰ॥ বাাঘনখ হেম জড়ি কট পট স্ত্ৰ ডোরী, হত্তপদের যত আভরণ। চিত্ৰবৰ্ণ পট্টসাড়ী, ভুনী ফোতা পট্টপাড়ী, স্বৰ্ণ রোপ্য মূদ্রা বহু ধন॥ ছর্কাধান্ত গোরোচন, হরিদ্রা কুছুম চন্দন, মঙ্গল দ্বা পাত্র ভরিয়া। बङ्ग ७४ मिला हिए, मह्म नका मानी हि छै. বস্থানস্কার পেটারি ভরিয়া। ভক্ষ্য ভোজ্য উপহার, সঙ্গে লইল বছভার, শচী গহে হৈল উপনীত। टमिश्री वानक ठीम, माक्रां रशांकून कान, বৰ্ণমাত্ৰ দেখি বিপন্নীত ॥ সর্বা অঙ্গ ফুনির্মাণ, স্থরণ প্রতিমা ভান, সর্বে অঙ্গ ফুলকণ ময়। बानत्कत निवा त्यांजिः, पिर शहिन, वह शौकि,

বাৎসল্যেতে দ্ৰবিল হৃদ্ধ।

ছর্কাধান্ত দিল শীর্ষে,

চিরজীবী হও ছই তাই।

ভাকিনী শাথিনী হৈতে,

ভবে নাম থুইল নিমাই॥
পুত্র মাতা স্নান দিনে,

পুত্র সহ মিশ্রেরে সম্মানি।

শচী মিশ্রের পূজা লঞা.

হবে আইলা সীতা ঠাকুরানী॥"

ভাটেচ: চ:—

শীভগবানের এই বেদগোপ্য অবতারের উল্লেখ, ভাগবত ও তন্ত্রাদি শাস্ত্রে ভূরি প্র পাওরা যায়। গৌর ভক্তগণ অবশ্র মহাপ্রভূর পূর্ণ আবির্ভাব সম্বন্ধে কোন প্রমাণ দেখিতে ইচ্ছা দ্রিবেন না কিন্তু সাধারণের প্রীতির জন্ত ছই চারিটি শাস্ত্র ধ্যাণ দেওয়া ঘাইতেছে।

কুলার্ণব ডন্ত্রে শস্থ্রবদৎ পার্ব্ধতীং প্রতি।—
"ওতঃ কালেচ সংপ্রাপ্তে কলো কোহপি মহানিধিঃ। হরিনাম প্রকাশায় গঙ্গাতীরে জনিষ্যতি॥"
বিষ্ণারে:—

"গঙ্গায়া দক্ষিণে ভাগে নবদ্বীপে মনোহরে।
কলিপাপ বিনাশায় শচী গর্ব্তে সনাতনঃ ॥'
জনিষ্যতি প্রিয়ে মিশ্রপুরন্দর গৃহে স্বয়ং।
ফাল্পণে পৌর্ণমাস্থাং চ নিশায়াং গৌর বিগ্রহঃ।
বৃহদুদ্ধ ধামণে;—

"কলো পূর্ণানন্দস্তিভূবন জয়ী গোর স্থত ছুপ্রন্ধিপে জাতঃ সুরধুনী সমীপে নরহরিঃ।
দদং পাপীভ্যঃ সংস্তৃতমপি হরের্ণাম সুকৃতং
তরিষা পাপাকিং ভূবি বিজয়তে শ্রীগোরচন্দ্রাভিধঃ॥'
শ্রীমন্ত্রাগবত ৭ম ক্ষে প্রস্লাদ স্কৃতে!

"ধর্মাং মহাপুরুষ পাসি যুগামুত্বতং ছন্নঃ কলৌ যদভব স্ত্রিযুগোহথ সত্যমিতি। আচ্ছন্ন রূপত্ব মদ্যৈশ্র্যা জ্ঞানবিষ্যত্বা ভাবাৎ॥" ঐ ২০মে ৮ব্ম: ৯ শ্লোক:;—

"আসন্ বণাস্ত্রোহস্থ গৃহতোহসুযুগং তকুঃ। শুক্লরক্ত স্তথা পীত ইদানীং কৃষ্ণতাং গতঃ॥" মহাভারতে দানধর্মে ১১৯ খ:—

সহস্ত্ৰ নাম স্তোত্তে;—

''স্বৰ্ণ বৰ্ণো হেমাঙ্গো বরাঞ্চশ্চন্দনাঙ্গদী। সন্যাসকৃচ্ছমঃ শান্তো নিষ্ঠা শান্তিপরায়ণঃ॥''

শ্রীমদ্বাগবতে ১১ স্কঃ ৫ **অঃ** 

২৮, ২৯ শ্লোক ;—

ইতি ঘাপর উবর্বীশ স্তবন্তি জগদীখরং।
নানাতন্ত্র বিধানেন ফলাবপি তথাশৃণু ॥
কৃষ্ণবর্ণং স্থিমা কৃষ্ণং সাঙ্গোপাঙ্গান্ত্রপার্যদং।
বক্তিঃ সংকীর্ত্তনপ্রায়ৈ র্যজন্তিহি স্থনেধসঃ॥"
বায়ুপুরাণ;—

''শুদোগোরঃ স্থণীর্ঘাঙ্গ স্ত্রিত্রোভস্তীরসম্ভবঃ। দয়ালুঃ কীর্ত্তন গ্রাহী ভবিষ্যামি কলোষুগে॥'' স্কলপুরাণ ;→

''অস্তঃকুষ্ণোবহির্গে রিঃ সাঙ্গোপাঙ্গান্ত পার্বদঃ শচীগর্ট্তে সমাপ্রুয়াং মায়ামানুষ কর্ম্মকুৎ ॥'' বামন পুরাণ ;—

''কলোঘোর তমাছস্লান্ সর্ববানাচার বৰ্জ্জিতান্। শচী গর্ব্তে সংভূষ তারয়িষ্যামি নারদ॥'' ভবিষ্য পুরাণ;—

''আনন্দাশ্রু কলা রোমহর্ষ পূর্ণং তপোধন। সর্বের মামেব ক্রক্ষ্যন্তি,কলো সন্ন্যাসরূপিণম্॥'' গারুড়ে;—

''কলো প্রথম সন্থ্যায়াং লক্ষ্মীকান্তো ভবিষ্যতি। দারুব্রহ্ম সমীপস্থঃ সন্ধ্যাসী গোর বিগ্রহঃ॥'' নারদীয়ে —

''অহমেব দ্বিজন্মেষ্ঠো নিত্যং প্রচ্ছন্ন বিগ্রহঃ। ভগবন্তক্তরূপেণ লোকং রক্ষ্যামি সর্ববদা॥" কাপিল তন্ত্রে;—

''জম্বুদীপে কলোমোরে মায়াপুরে দিজালয়ে। জনিতা পার্যদৈঃসার্দ্ধং কীর্ত্তনং কার্য়েয়তি॥'' নক যামলে:— ''অথবাহহং ধরাধামে ভূজা মন্তক্তরূপধূক্। মায়ায়াঞ্চ ভবিষ্যামি কলো সংকীর্ত্তনাগমে॥'' গল্প পুরাণে;—

"কলেঃ প্রথম সন্ধ্যায়াৎ গৌরাক্ষোহসৌ মহীতলে। ভাগীরথী তটে ভূবি ভবিষ্যতি সনাতনঃ॥" কৈমিনি ভারতে,—

''ভক্তিযোগ প্রকাশায় লোকস্থামুগ্রহায়চ। সম্যাসাশ্রমমাশ্রিত্য কৃষ্ণচৈতশ্রনামধূক্॥'' রমণ পুরাণে ,—

''কলিঘোর তমাচ্ছন্নান্ সর্ববানাচার বর্জ্জিতান্। শচীগর্ট্তে হরিঃ সংভূষ্ তার্ঘিষ্যামি নারদ॥'' কৃষ্ণ ধামলে।

পুণ্য ক্ষেত্রে নবদ্বীপে ভবিষ্যতি শচীস্থতঃ।—ু

শচী গৃহে গৌরাঙ্গ দিন দিন নবোদিত শশিকলার স্থায় বৃদ্ধি পাইতে লাগিলেন। এখন হইতে সকলে তাঁহাকে নিমাই ৰিলিয়া ডাকিতে লাগিলে। নিমাই বয়োবৃদ্ধির সঙ্গে সঙ্গে ভ্বন ভ্লাইতে লাগিলেন। তাঁহার চাঁদ মুখ একবার দেখিলে আর কেহ তাঁহাকে ভূলিতে পারিত না। নিমাই শিশুকাল হইতেই ছলক্রমে আপনাকে প্রকাশ করিতে লাগিলেন, কিন্তু তাঁহার মারার মোহিত হইয়া কেহই বৃথিতে পারিতেন না। তিনি বিনা কারণে তাঁদিতেন এবং কোন প্রকার সাম্বনা বাক্যে

📰 বত্ত হইতেন না। কিন্তু হবিনাম শুনিবামাত স্থির হইতেন। য়মাইয়ের এই অলোকিক স্বভাব দেখিয়া সকলে বলাবলি করি-📭 র বে, বালক বড় হইলে অতিশয় হরিভক্ত হটরে। প্রতি-আকশিনী রমণীগণ যখন নিমাইকে দেখিতে আসিতেন, ''হরি 🕅 বি" বলিয়া কৌতুক করিতেন। অলৌকিকচরিত নিমাই 🖢 ন্ন ছলেও জগতে হরিনাম মাহাত্মা প্রচার করিতে লাগিলেন 🛍 ই রূপে কয়েক মান অতীত হইলে, বালকের নামকরণ কাল 💂পথ্তিত হইল। মাতামহ নীলাম্বর চক্রবর্তী এবং অপর আত্মীয়-🖛 নাম করণ উপলক্ষে নিমন্ত্রিত হইয়া আংগমন করিলেন এবং 🖔 ভ বোগে উৎসব সম্পন্ন করিলেন। বালকের কি নাম রাথা ্টিনে, ইহা লইৱা মত ভৰ হইতে লাগিল। জীগণ বলিলেন, **জ**চীদেবীর অনেব সন্তান নত হইয়াছে বলিয়া এই পুতের বে 🖛 নাই নাম রখো হইরাছে, তাহাঁই থাকুকা পুরুষগণে নীলাম্বর 🏿 ক্রবতীর অভিপ্রাল্লারে বিশ্বস্তর নাম রাখিতে অলুরোধ ⊯রিবেন। নীলাধর চক্রবর্তী বলিলেন, ''এই শিশুর হস্তে 🖩 পদে অলৌকিক রেখা সমুদয় দৃষ্ট হইতেছে, অতএব সামুদ্রিক 📰ত্ত মতে এই শিশু হইতে জগং উনার হইবার কথা যথা :---

> পঞ্দীর্যঃ পঞ্দুক্ষমঃ সপ্ত রক্তঃ ষড়ুন্নতঃ। ত্রিহুস্ব পূথু গম্ভীরো ছাত্রিংশ লক্ষণো মহান্॥"

আহও বলিলেন, ''কামি জ্যোতিষ্মতেও বিচার করিয়া ■দথিরাছি যে, এই বালক জগৎ পোষণ করিবে। অতএব ■শঙ্ব নাম 'বিখন্তরই' রাধা হউক।" পরিশেষে স্থির হইল, ■শুমুপ্রিকামুসারে শিশুর নাম 'বিখন্তর' রহিল; কিন্তু জিনি 'নিমাই' নামেই সর্কাণ অভিহিত তইবেন। স্ত্রীগণেরই জয় ছইল, 'বিশ্বস্তর' নিমাই নামেই সর্ক্তর পরিচিত হইলেন। দেখিতে অভি স্কলর ছিলেন বলিয়া লোকে তাঁহাকে গোর বা গোরাঙ্গ বলিয়াও ডাকিত। নামকরণ হইয়া গেল, নিমাই নানারক্তে জগৎ মোহিত করিতে লাগিলেন। তিনি নিতাই ছই একটি অলোকিক লীলা করিতেন। এক দিন হামা-শুড়ি দিয়া খেলা করিতে ছিলেন, হটাং একটি বিষধর সর্পদেখিয়া ধরিলেন।

তাঁহাকে সর্প লইয়া থেলিতে দেখিয়া, সকলে ভয়বিছবলচিত্তে চীৎকার করিল। নিমাই
সর্প লইয়া থেলা করিছেছিলেন; কিন্তু ঐ সর্প তাঁহাকে
দংশন করে নাই, এই সংবাদ পাড়ায় প্রচারিত হইলে সকলেই
আন্দেশ্যাধিত হইয়াছিলেন।

"এক দিন এক দর্প বাড়ীতে বেড়ায়।
ধরিলেন দর্প প্রভু বালক লালায়॥
কুগুলী করিং দর্প রহিল বেড়িয়া।
ঠাকুর থাকিলা তার উপরে শুইরা॥
আথে ব্যথে দবে দেবি হার হার করে।
শুইরা হাদেন প্রভু দর্শের উপরে।
পরভু গরুড় বলি ডাকে দর্প্রজন।
দিতা মাতা আদি ভরে করয়ে কুন্দন॥
চলিলা অনস্ক শনি নবার কুন্দন।
পুনঃ ধরিবারে ্যান শ্রীশ্চী নক্দন।

ধরিয়া আনিয়া সবে করিলেন কোলে।

চিরজীনী হও করি নারীগণ বলে॥
কেহ রক্ষা বাদ্ধে কেহ পড়ে স্বস্তিবানী। "
আবদে কেহ দের বিজ্-পাদোদক আনি॥
কেহ বলে বালকের পুন: জন্ম হৈল।
কেহ বলে জাতি সর্প তেঞি না লজ্বিল॥
হাদে প্রভু গৌরচক্র স্বারে চাহিয়া।
পুন: পুন: বার সবে আনেন ধরিয়া॥
ভক্তি করি যে এসব বেদগোণ্য শুনে।
সংসার ভুজল তারে না করে লংঘনে॥"

ভীৈ≿: ভ†:—

নিমাই ক্রমে হাঁটিতে ও কথা কহিতে শিথিলেন। তাঁহার মধুমাণা কথার সকলেই মুগ্ধ হইতেন। তিনি ছোট ছোট ছোটছেলেবে সঙ্গে হরি হরি বলিয়া যথন নৃত্য করিতেন, তথন ভাঁহার সেই অপরাপ রূপ ও অনৌকিক ভাব দেখিয়া দর্শক রন্দের আনন্দের সীমা থাকিত না। নিমাই সর্বাদাই বাটার বাহিবে ঘাইয়া বালক কুলের সহিত ক্রীড়া করিতেন, শচী দেবী সবিশেষ চেষ্টা করিয়াও তাঁহাকে গৃহে রাখিতে পারিতেন না তিনি পিতামাতার জীবনের জীবন-স্বরূপ ছিলনে; সর্বাদা বাহিরে থাকিলে, পাছে কোন মন্দ লোকের দৃষ্টি পড়ে, এই ভবে শচী দেবী নিমাইকে বাহিরে ঘাইতে নিষেধ করিতেন। কিন্তানাই স্থবিধা পাইবামাক্র বাহিরে আদিয়া প্রতিবেশী বালক দিগের সহিত থেলা করিতেন। ব্রোর্জির সঙ্গে সঙ্গেশ নাইবের বালচাপলার্জি পাইল। তিনি সুযোগ পাইলে

প্রতিবেশী দিগের ঘরে প্রবেশ করিয়া খাদ্য দ্রব্য যাহা পাইতেন, চুরি করিয়া খাইতেন। কোন দিন কাহার গৃহে ছগ্ধ পান করিয়া আসিতেন। কোন দিন কাহার ভাত থাইয়া হাঁড়ি ভালিয়া দিয়া প্লায়ন করিতেন। কোন দিন কাহার শিশু সম্ভান ঘরে শুইয়া আছে, নিমাই যাইয়া তাহাকে কাঁলাইতেন। এইরপ নানা উপদ্রব করিতেন এবং দৈববোগে প্রতিবেশিগণ কর্তৃক ধৃত হইলে, তাঁংাদিগের নিকটে ক্ষমা প্রার্থনা করিয়া ষে দিন নিজুতি লাভ করিতেন। পর দিন আৰার ঐ প্রকার কাব্য করিয়া পুনরার ধৃত হইলে পূর্লবং ক্ষমা প্রার্থনা করি-তেন। উপরিউক্ত বহুবিধ অন্তায় কর্মা করিলেও, কেংই তাঁহার প্রতি রুষ্ট হট্তেন না। নিমাইয়ের অলোক-সামান্ত সৌকর্যো বিমুদ্ধ হইয়া তাঁহায় কুত অতি গঠিত কম্মেও প্রতিবেশিগণ কোন প্রকার দোষ দর্শন করিতেন না। যদি কেই কোন কারণে নিমাইয়ের প্রতি জুদ্ধ হইতেন, কিন্ত ভাঁহাকে দেখিলৈ আগার সেই ক্রোধ থাকিত না। নিমাইকে দেখিবামাত কেন যে সকলে মুগ্ধ হইতেন, তাহা কেহই ব্রিতে পারিতেন না নিমাই সম্বন্ধে নবদ্বীপ নিবাসিগণের জীবনের উপর এক ব্দুত দৈবী মায়ার কার্যা দৃত্ত হইত। প্রভিবেশী সকলে আপন আপন পুত্র অপেক। নিমাইকে অবিক ভাল বাগিতেন।

এক দিবস ছইজন চোর নিমাইরের গাজে নানা অলকার দেবিয়া লোভ প্রযুক্ত তাঁহাকে অলকার সহিত লইরা গিয়াছিল কিন্তু তাহারা অনেক ঘুরিয়াবে স্থান হইতে তাঁহাকে লইরা গিয়াছিল, উদ্ভাস্তবৎ হইয়া ঠিক সেই স্থানে আসিয়া উপস্থিত হয়। জগরাধ মিশ্র পুজের অনুস্কানে সমুশ্য নগর বেড়াইয়া তৃতীয় পরিছেদ সমাপ্ত।

# চতুর্থ পরিচ্ছেদ।

নিমাইরের বাল্য-চাপল্য দিন দিন বৃদ্ধি পাইতেছে, দেখিরা শানীদেবী ও মিশ্র প্রকার উভয়েই তাঁহাকে নানাপ্রকার মিষ্ট বাক্যে বৃঝাইতে লাগিলেন। কিন্ধ কে কাহার কথা শুনে, নিমাই যথন স্বােগ পাইতেন, তথনই পরের এবং আপনার বাড়ীর জ্বাাদি অপচয় করিতেন। একদিন শানীদেবী বলিলেন, "বাবা নিমাই, তৃমি আপন বাড়ীতে যাহা ইচ্ছা হয়, কয়, কিন্তু পরের বাড়ী যাইয়া কাহার কোন জ্বা অপচয় করিও না। দেখ,তোমার জন্তু আমাদিগকে কত প্রকার কথা শুনিতে হয়।' নিমাই মায়ের মিষ্ট ভর্পনায় কিছু লজ্জিত হইলেন বটে, কিন্তু আপনার চাপল্য পরিভাগে করিলেন না।

এক দিবস কোন শিষ্ট প্রাহ্মণ, তীর্থসেবন উদ্দেশে নববীপে আসিয়া উপস্থিত হইলেন, এবং দৈববোগে জগলাথ মিশ্রের ভবনে আগমন পূর্বক আতিথা গ্রহণের অঙ্গীকার করিলেন।
মিশ্র পূর্বলর প্রাহ্মণ অতিথি পাইয়া য়ার পর নাই আদরের সহিত অভ্যর্থনা করিয়া তাঁহাকে বসিতে আসনপ্রদান করিলেন। অতিথি কিছুক্ষণ বিশ্রাম করিলেন মিশ্র তাঁহার পরিচয় জিজ্ঞানা করিলেন। প্রাহ্মণ করিলেন বে তিনি উদাসীন, এক্ষণে তীর্থ পর্যাটন করিয়া বেড়াইতেছেন। মিশ্র পূর্বলর অতিপি প্রাহ্মণের পরিচয়ে অভিশর সম্ভাই হইয়া তাঁহাকে নমস্কার করিলেন এবং ক্রবোড়ে বলিলেন মহাশয়, আগশিনই প্রক্ত

লাধু, এবং আপেনার ভার সাধু ব্যক্তি সকল কেবল জগৎ পবিত্র করিবার জভাই প্রাটন করিয়া থাকেন। অদ্য আমার দৌতাগ্যের সীমা নাই। আপেনি আমার গৃহে পদপ্শন করিয়া আমাকে ধভা করিশেন। আমার অহুমান হইতেছে নারায়ণ আমার প্রতি প্রসন্ন হইরাছেন, নতুবা আপনার ভার মহৎ ব্যক্তি কি জন্য অতিথি হইবেন ? বাহা হউক আমাদিগের দৌতাগাক্রমে বধন আপনার ভভাগমন হইয়াছে, তথন

অনস্তর ঐক্তাের অনুমতি লইয়া মিশ্র সমূদর আনায়োজন ু ক্রিয়া দিলেন এবং ⊴্সাণ্ড আনন্দের স্হিত পাক্চক†র্য সমধো করিলেন। পাকাত্তে আহ্মণ অহাদি আপেন অভী দৈৰকে নিবেদন করিয়া ধ্যান করিতেছেন, ইত্যবসরে ত্রীলোরাক যাইয়া একগ্রাস অনুখাইলেন। আকান দেখিলেন. মালক অল ধাইতেছে, কি ক্রিবেন, 'হায়! হায়! বালক আয় চুরি করিয়া থাইল'' বলিয়া জগলাথ মিশ্রকে ডাকিতে লাগিলেন। মিশ্র আসিয়া দেখিলেন, গৌরাজ অল ধাইয়। চিচারের ভাষে দাঁড়াইয়া আন্ছেন। পুত্রের অসম্বাবহারে মিশ্রের কৈ চিক্রিল, এবং এরপ ছই বালককে ভাড়নানা করিলে ক্রমে আরও মদ হইবে, এই বিবেচনায় গৌরাঙ্গকে মারিতে উদাত হইলে, অভিথি আকাণ করে ধরিয়ানিবারণ করিলেন। আক্রাণের আনহার না হওয়ায় যি-শ্বর অংতিশ্র লফ্জিত হইয়া পুনরায় রক্ষনের নিমিত্ত তাঁহাকে অনুরোধ করিলেন। ব।কাণ ভাহাতে সমাত হইলে পুনরার সমুদ্র আংরোজন হইল। এবারও আদিশ অবসাক করিয়া ইটে নিবেদন করিতেছেন

এমন সময় গৌরাঙ্গ আসিয়া পর্কের ভায় অল থাইলেন। এই বার্যথন আহ্মণ অলু পাক করেন, তথন নিমাইকে অপর বাড়ীতে লইয়া ধাওয়া ১ইয়াছিল, কিন্তু নিমাই তত্ত্য সকলকে মোহিত করিয়া পুনগায় আসিয়া ব্রাহ্মণের অল ভক্ষণ করিলেন। ভজ্জনা মিশ্রবর যার পর নাই অসম্ভ হইলেন এবং নিমাইকে মারিবার জ্বন্ত একগাছি ষ্টি লইয়া তাঁহার পশ্চাৎ পশ্চাৎ ধাবিত হইলেন। নিনাই পিতাকে ষ্টি হত্তে আসিতে দেখিয়া মবের ভিতর ঘাইয়া লুকাইলেন। মিশ্র তর্জন করিতে করিতে ধাইতেছেন, দেখিয়া স্কলে ভাঁহাকে করে ধরিরা নিবারণ করিলেন। অতিথি বাহ্মণও মিশ্রবরকে বলিলেন, "আপনি অনর্থক বালককে মারিয়া কি ক্রিবেন। আছে ভগবান আমার অদৃত্তে অর আহার লেখেন নাট, বালকের দোষ কি ? গৃহে ফল কিমা অন্য বাহা থাকে, লইয়া আফেন, আমি তাহাই আহার করিব।" এই প্রকার কথা বার্তা হই-তেছে, এমন সময়ে বিশ্বরূপ তথায় আমদিলেন। রাত্রি অধিক হইয়াছে, কিন্তু তথনও অভিথি আহুণের আহার হয় নাই শ্রবণকরিয়া বিশ্রপ বড়ই ছঃখিত হইলেন। কিন্তু ভ্রাহ্মণ উপবাদী থাকিবেন, ইহা তাঁহার প্রাণে সহিল না। তিনি ব্রাহ্মণকে পুনরায় অলপাক করিতে অনুরোধ করিলেন। ব্রাহ্ম-ণের আর তৃতীয়বার অন্ন-পাকের ইচ্ছানা থাকিলেও বিশ্বরূপের বিশ্ববিমোহন রূপে মোহিত হট্যা এবং তাঁহার অমত সিঞ্চিত বাক্য প্রবণ করিয়া অগত্যা পাক করিতে স্বীকার করিলেন। পাছে নিমাই পুনরায় ব্রাক্ষণের অল ভক্ষণ করেন, এই ভয়ে তাঁহাকে ঘরের ভিতর অবক্ষ করিয়া বাধা হইল। জনমাধ

মিশ্র স্বয়ং যৃষ্টিপাণি হইয়া গৃহের ছারদেশে উপবিষ্ট রহিলেন। ব্রাহ্মণ তৃতীয়বার পাক স্মাপন করিলেন, এবং পূর্বের স্থায় ইত্তে অর্পণ করিয়া ধানে করিতেছেন, এমন সময় বালক আসিয়া পুনরায় অলু থাইতেছে, দেখিতে পাইলেন। নিনাই আপনার র্ক্ষক স্কুলকে মাধা নিদ্রায় অভিভূত ক্রিয়া ব্রাহ্মণকে কুপা করিতে আ'দিয়াছেন। কিন্তু বাহ্মণ জানেন না বে, তাঁথার অদৃষ্ট সুপ্রান হইগাছে। তিনি আবোর বালকে অন ধাইল বলিয়া ''হায়। হায়।'' করিতে লাগিলেন। প্রীগৌরাঙ্গ ভক্তকে আর বঞ্না করিলেন না, একবারে নিজমূর্ত্তি ধারণ করিয়া ্রাকাণের স্থাথে দাঁড়াইলেন। চতুভুজি ভাষতলু, এক হস্তে নবনীত রাথিয়া অপর হত্তে ভক্ষণ এবং অপর হই হত্তে মুবলীবাদন করিতেছিলেন। বক্ষে এবিংস ও কৌস্তভ মণি শোভিতেছিল এবং মণিময় হার ছুলিতে ছিল। এ। আংগ সীয় ইষ্টদেব পরমারাধা নৈকুঠের পতি জীনিফুকে সম্মুখে দেখিয়া আনলে বিহ্বল হইলেন, এবং তরক্ষের পর ভরঙ্গ আসিয়া তাঁথাকে আত্মহারা করিল। ব্রাহ্মণ মুচ্ছা প্রাপ্ত ১ইলে শীভগণান্পর হস্ত স্পশ্রারা তাঁহার চেতনা সম্পাদন করিলেন। বৈকৃঠের নায়ককে সন্মুথে নিরীক্ষণ করিয়া ব্রাক্ষণ আর ধৈর্য। ধরিতে পারিলেন না, শ্রীভগবানের পাদপদ্ম আত্র করিয়া উহা নয়ন নীরে দিক্ত করিতে লাগিলেন। ভক্তের বাঞ্চিকলতক প্রীগোরস্করও আর নীরব রহিলেন নাঃ স্মধুর বাবেঃ কহিলেন, "ওহে বিপ্রাত্মি জন্ম জন্ম আমার দাস, তাই আজ তোমাকে দেখা দিতে আদিলাম"। শ্রীগোরাঙ্গ এইন্নপে স্বভক্তকে কুপা করিয়া এবং তাঁহার প্রকটকালে ঐ

ঘটনা বাক্ত করিছে নিষেধ করিয়া, যে গৃহে বন্দী ছিলেন, তথায় যাইয়া শর্ম করিয়া হহিলেন। নিজাভিভূত থাকার কেইই এই ঘটনার কিছু জানিতে পারিলেন না। বিপ্রবর্ধ পর্মানন্দে ভগবানের প্রধাদার ভোজন করিয়া জন্ম সার্থক করিলেন, এবং প্রেমে বিভার হইয়া ক্থন উচ্চরের হাসিতে লাগিলেন, কথন নৃত্য করিতে লাগিলেন এবং মধ্যে মধ্যে ভ্রমার করিয়া ভগবানের জয় দিতে লাগিলেন। তাঁহার হ্রমার শক্ষে বাটীর সকলের নিত্রভঙ্গ হইল। রাজ্যনের একবার ইচ্ছা হইল যে, সকলের নিকট প্রকাশ করেন, কিন্তু ভগবানের নিষেধ থাকায় বলিতে সাহস হইল না।

"জন উপস্থানি সেই স্কৃতী বাহ্মণ।
ধ্যানে বসি ক্ষেণ্ডৰে ক্রিলা নিবেদন ॥
জানিলেন ক্ষেত্ৰিয়া প্রীশচী-নক্ন।
চিত্তে আছে বিপ্রেরে দিবেন দরশন ॥
নিজাদেবী স্বাবে দুখার ইছোর।
মোহিলেন স্বেই আচেন্ট নিজা বায় ॥
ধে স্থানে ক্রেন বিপ্র ক্ল নিবেদন।
আইনেন সেই স্থানে প্রীশচী-নক্ষন॥
বালক দেখিয়া বিপ্র বলে হার হায়।
সবে নিজা যায় কেহ শুনিতে না পায়॥
প্রেমু বলে অ্যে বিপ্র ত্মিত উদার।
ত্মি আমা ডাকি আন কি দোষ আমার॥
মোর মন্ত্র জপি মোরে ক্রহ আহ্বান।
রহিকে না পারি আমি আসি তোমা স্থান॥

আমারে দেখিতে নিরবধি ভাব তুমি। আলতএব ভোমারে দিলাম দেখা আনমি॥" এটেঃ ভাঃ∸

তৎপর দিন প্রাক্ষণ বিদায় লাইরা চলিলেন, কিন্তু কোণার যাইবেন! গৌর প্রেম ফাঁসে তাঁহার গলায় লাগিয়াছে, স্কুত্রাং শুপ্তভাবে নবন্ধীপেই থাকিলেন। নবন্ধীপের দ্বারে দ্বারে ভিক্ষা করিঃগ দিনাক্তে যদি একবারও গৌরস্করকে দেখিতে পান, এই আনেক্ষে গর গর হইরা তথায় বাস করিতে লাগিলেন।

গৌরাস্থ প্রেম যে, সহজ মানুষকে পাগল করে, গৃহীকে উনাসীন করে, স্থাট্কে ডিগারী করে, স্থিতিকে তৃণ্তুলা লগু করে, নীরসকে সরস করে এবং শোকাভিতৃত চিত্তে শাক্তি প্রদান করে, ভাগার আর কোন প্রকার প্রমাণের প্রয়েজন নাই। গৌর প্রেম যে, কি বস্তু, ভাগা গৌর ভক্ত ভিন্ন অস্তের বেলা নহে। তথাপি যদি পাঠকের জানিতে বাসনা হয়, ভাগা হইলে গ্রেইবাস লীলার আলা অস্তু, একবার অস্তরে চিন্তা করিয়া দেখিলেই ব্রিতে পারিবেন, উগা কি রূপ। কালীধামে শক্তর মঠের আগার্মি এবং সহত্র পর্যহংস শিষোর গুরুক্তি প্রকাশ্রিক কালাহেন, দেখুন—

"সান্দ্রানন্দ্রাভদ্ধল রসময় প্রেম পীষ্ষসিদ্ধোঃ, কোটিং বর্ষণ কিমপিকরুণা স্লিগ্ধ নেত্রাপ্তনেন। কোয়ং দেবঃ কনক কদলীগর্ভ গৌরাঙ্গ যস্তি, শেচতোহকস্মান্মম নিজপদে গাঢ় যুক্তং চকার॥" "কলপাদিপি স্থানরঃ স্থানরিংপ্রাদহোপাবনঃ,
শীতাংশোরপি শীতলঃ স্থামুর মাধ্বীক দারাদিপি,
দাতাকল্পমহারহাদিপি মহাস্লিগ্রোজনভা অপি, ব প্রায়া গোরহরিঃ কদাবুজ্দিমেধ্যাতঃ পদং ধাস্যতি ॥

"কালঃ কলিবৰ্বলিন ইন্দ্রিয় বৈরি বর্গাঃ, শ্রীভক্তিমার্গ ইহ কল্টক কোটিকদ্ধঃ।
হা হা ক্য়ামি বিকলঃ কিমহং করোমি, কৈত্যচন্দ্র যদি নাতকুপাং করোঘি।" "সংসার হুঃখ জল্বো প্রিত্সাকাম— ক্রোধানি নক্র মক্রিঃ কর্লাক্ত্রসা, দুর্বাসনা নিগড়িত্রসা নিরাশ্র্যসা, কৈত্যচন্দ্র মন দেহি কুপাবল্বম।"

''পাত্রাপাত্র বিচারণাং নকুক্তেনসম্পরিদ্বীক্ষতে, দেয়াদেয় বিনর্শকো নহি ন বা কালপ্রতীক্ষঃ প্রভুঃ। সয়্যোয়ঃ শ্রবণেক্ষণ প্রণমন ধ্যানাদিনা চলভিং, দতে ভক্তিরসং সত্রব ভগবান্ গৌরঃ প্রংমে গ্রিঃ॥''

চতুর্থ পরিছেন সমাপ্ত।

## পঞ্চম পরিচ্ছেদ।

ক্রমে নিমাট পঞ্চম বর্ষে পদার্পণ করিলেন। বিদ্যাভাাসের সময় হইয়াছে ভাবিয়া মিশ্র পুরন্দর বিশ্ব না করিয়া শুভক্রে নিমাইয়ের হাতেখড়ি দিলেন। নিমাই এদিকে অভ্যন্ত চপল চটাল ও বিদ্যাশিক্ষার সময় জিরভাবে উপদেশ প্রচণ করিতেন তাঁথাকে বাহা একবার মাত্র বলিয়া দেওয়া হইত, ভাহা আর পুনরায় বলিতে হইত না। ছই ভিন দিনের মধ্যে সমদর " ফলা বানান শিক্ষা করিলেন। এইরূপে পিতা মাতাকে আন্নিত করিয়া নিমাই বিদ্যা শিকা করিতে লাগিলেন। এক দিবস খ্রীএকাশুশী, নিমাই পাঠশালা হইতে বাটী আদিয়া ক্রন্দন আরম্ভ করিলেন। কেই জিজাপা করিলে কোন উত্তর দেন না। নিজ-ভাবে বিভার হইয়া কাঁদিকেছেন। সকলে বাস্ত इहेब्रा नानाविश मिहेनात्का माछना कतिरङ लागितान, किछ ক্রন্দন থামে না। পরিশেষে শহীদেবী ক্রোভে লইয়া মথচ ছন করিয়া বলিলেন"বাবা নিমাই, তুমি কি জন্ত কাঁদিতেছ আমাকে বল। ভূমি যাহা চাহিবে,খামি তাহাই তোমাকে দিব।'' মাতার আখাদ বাকো বিখাদ করিয়া নিমাই বলিলেন "ভিত্লা ব জগদীশ পঞ্চিত ছই লাতা অদ্য একাদ্শীর উপবাদ করিয়া আছেন, এবং বিষ্ণুপূজার নিমিত্ত নানাবিধ স্থামিষ্ট দ্বোর चारशाक्त कतिशाहन। यनि এहे मध्य त्रहे मकल देनदाना আনাকে আনিয়া দিতে পার, তবেই আনি স্থান্তির হইব, তাহা ना शाहेटल धनाव शङ्गिष्ठि निया कांनिव, आत काहांत्र कथा

ভনিব না।" শচী দেবী পুত্রের অসন্তব আবদারের কথা প্রবণ করিয়া থেদ করিতে লাগিলেন। হিরণ্য ও জগদীশ পণ্ডিত ছই লাভাই পরম ভাগ্বত। তাঁহারা বালকের ঐ আবদারের কথা লোক পরম্পরায় ভনিবা মাত্র বিষ্ণু পূজার জন্ত যে উপাদের নৈবেদের আয়োজন করিয়াছিলেন, তৎসম্পর আনিয়া নিমাইকে দিলেন এবং সকলকে বলিলেন ''অদ্য আমাদিগের বিষ্ণুপূভা সার্থক হইল। এই বালককে সামান্ত শিশুবনিয়া বোধ হইতেছে না। আদা প্রতিকাদশী এবং আমেরা বিষ্ণুপূভার জন্ত দ্ব্যাদি আয়োজন করিয়াছি, ইহা এই বালক কিরণে জানিতে পারিল। যাহাওউক, রাজ্পরম্ব মনের সাধে নিমাইকে ভোজন করাইয়া সেই অপরূপ রূপ মাধুবীর সহিত

"বুকিলাম এ শিশুপঃম রূৎবান্। অমত এব এ দেতে গোপাল অধিষ্ঠান ন' এইরূপ চিয়াকরিতে করিতে বাটাণ্মন করিলেন।

হাতে গড়ি হওয়াব পর হইতে নিয়্মিত দন্দে পঠিশালার বাওয়া নিমাইরের এই একটি নৃতন কার্য্য হইল। পূর্বের আর এ চিন্তা ছিল না, কেবল পিতা মাণা প্রভৃতিকে ভর করিলেই চলিত, কিন্তু একানে খাবার শিক্ষকের ভয় একটি নৃতন উপদর্গ হইল। যাহাইউক, ঐ সকল প্রতির্ক্ত থাকিলেও নিমাই বালচাপলা প্রকাশ করিতে কিছু মাত্র জ্ঞাত করিছেন না। প্রতিবেশী বালক সকলেই তাঁহার অভান্ত বশীভূত ছিল এবং তাঁহাকে না দেখিলে কাহার চিত্র প্রকৃত্র হইত না। সম্বয়ন্ত বালক সকল আজ্ঞাধীনে থাকায় নিমাই বাহা মনে

করিতেন,ভাহাই করিতেন কেহই তাঁচাকে শাসন করিতে সমর্থ হটত না। কি গরার ঘাটে, কি নগরের পথে, স্কতিই যার পর নাই চাপলা প্রকাশ করিতেন। পাঠশালার ছুটী হইলে মিমাই অকাল বালকদিগকে দকে লইয়া গলালানে যাইতেন, এবং প্রার অর্দ্ধ প্রহর তথার নান। প্রকার উপদ্রব করিতেন। নদীয়ার এক এক ঘাটে তথন অসংখ্য লোক স্নান করিত. নিশাই প্রতি ঘাটে যাইয়া বালকদিগের সৃহিত হল ফেলাফেলি ক্রিতেন। কথন সাঁতার দিতেন, কথন জল ছিটাইয়া লোকের সর্বাঙ্গে দিতেন এবং কেছ নিষেধ কবিলে ভাগা গ্রাহা করিতেন না। এইরূপ নিতাই নানা প্রকার উপদ্রব স্থ कतिया अवत्मास मकत्न यादेश मिल পूत्रमत् क विल्लाम. ''আপনার পুলু নিম:ইয়ের অত্যাচারে আমরা কেহই সুস্থ চিত্তে গলালান করিতে পারিতেছি না। নিমাই আরুং বারপর নাই চণল এবং অম্ভান্ত চপল বাল্কদিগের সহিত মিলিও হট্যা ্পঙ্গার ঘাটে বড়ই উপদ্র আনরস্ত করিয়াছে। নিমাইয়ের ভাষে ছুই বালক আমর। কথন দেখি নাই।"

নিমাই যে কেবল পুক্ষদিগকে বিরক্ত করিতেন, এরপ নহে।
ক্রীনোক এবং বালিকাদিগের নিকটও চাপলা প্রকাশ করিতে
ছাড়িতেন না, স্থতরাং উচ্বোও শচী দেবীকে উচ্বার পুত্রের
অত্যাচারের কথা বলিতে বাধা ছইলেন। মিশ্র পুরন্ধর প্রাণাধিক পুত্রের অত্যায় ব্যবহারের কথা শ্রবণ করিয়া বিষাদ প্রাপ্ত
ছইলেন এবং পাছে সকলের বিরাগভাজন ছওয়ায় নিমাইয়ের
কোন প্রকার অকুশল ঘটনা হয়, এই ভয়ে উচ্বার প্রাণ ব্যাক্ল
হয়া উঠিল। মিশ্র পুরনরের মান্সিক চিন্তার করেণ বুরিতে

পারিয়া অনুযোগকারিদিগের মধা হইতে ছই চারি জান বিজঞ বাক্তি তাঁহাকে সাস্থনা করিয়া বলিলেন, "মাপনি বিষয় হইবেন না। নিমাই যদিও আমাদিগের প্রতি নানা প্রকার অভ্যাচার করিয়াছে, আমরা তজ্জ ভাগার প্রতি কুদ্ধ হই নাই। নিমাই বালক, ভাহাকে শাসন করিবার জন্তই আমেরা আপনাকে ভানাইতে আনিয়াভি।" উক্ত দাল্বনা বাক্যে মিশ্রবর সম্ভষ্ট হইয়া জিজাসা করিলেন, "নিমাই কি কি অনুসায় কর্ম করি-য়াছে, আপনারা আমাকে বলুন, নিমাই আসিলে আমি ভাষাকে শাসন করিব, ওরূপ কার্যা আরে না করে।" মিশ্র পুরুলর কর্ত্ক অফুক্র হইয়াস্ক্রে আপেন আপেন অভিযোগের কারণ বলিতে বাধা হইলেন। এক মন বুদ্ধ আহ্মণ বলিলেন, "আমি ধ্যান করিতে হিলাম, নিমাই আমার ধ্যান ভক্ত করির৷ বলিল ক:হার ধ্যান করিতেছ-- ওই দেখ আমিই কলিযুগে প্রায়ক নারায়ণ।" অনা এক জন তাফাণ বলিলেন "আমি শিব পূজা করিতে ছিলান, আপনার পুলু অভাতদারে আমার শিবলিস তুলিয়া লইয়।ছিল।" অপর একজন বলিলেন 'আমি বিষ্ণু পূজার জনা নৈবেদ্য প্রস্তুত করিতে ছিলাম, নিমাই ভাগ কাজিয়া ধাইয়াছে।" কেহ "বেলিলেন আমার দ্বন্ধ ইটতে উপবীত তুলিয়া লইয়াছিল।'' কেছবলিলেন ''হামি লান করিতেছিবাম, নিমাই ডুব দিরা আনার পা ধরিয়া টানিয়া শইয়া গিছাছিল।" এইরপ কাহারও ওচ বছে জল দিয়াছেন. कोशात्र (हरनत कारन खन मिश्र कोमाहेबार इन, काशात्र भ थि চুরি করিয়াছেন, কাছারও পুঠে চড়িয়াছেন, কাছারও গাতে बालुका विशाहकत, काहांबध कालफ नहेबा क्षीलाकविताब

কাপড়ের সহিত বদল করিয়।ছিলেন,ইত্যাদি বাহার প্রতি বেরপ উপদ্রব হই রাছিল, তৎসমূদর ব্যক্ত করিলে মিশ্রবর সকলকেই মিষ্ট বাক্যে সান্থনা করিলেন। ওদিকে ল্লী ও বালিকাগণও শটা-দেখীর নিকটে নিমাইয়ের কুব্যবহারের কথা বলিতে লাগিলেন।

> ''হেনকালে পাৰ্যবৰ্তী যতেক বালিকা। কোপমনে আইলেন শচীদেবী ঘথা। শচী সমেধিয়া সবে বলেন বচন। ভন ঠাকুরাণী নিজ পুলের করম। বদন কব্যে চুরি বলে অতি মন্দ। উত্তর ক*িলে জন সহ করে ছল*।। ব্রত করি ।রে যত আনি কুল ফল। ছড়াইয়া কেলে বল্করিয়া সকল। মান করি উঠিলে বালুকা দেয় স্বংস। যতেক চপল শিশু সেই তার সঙ্গো অংকিতে আসি কর্ণেবলে বড় বোল। কেছ বলে মোর মুথে দিলেক কুল্লোল।। ওক্ডার বিচি দেয় কেশের ভিতরে। কেচ বলে মোরে চাছে বিভা করিবারে ॥ প্রতিদিন এই মত করে বাবহার। ভোমার নিমাই কিবা রাজার কুমার 📍 পূর্বে শুনিলাম যেন নন্দের কুমার। সেই মত সৰ কবে নিমাই তোমার॥ छ: एथ वाल मांद्यद्व वनिव (यह नित्न। ভতক্ষণে কলল হইবে ভোমা সনে॥

নিবারণ কর ঝাট আপেন ছাৎয়াল।
নদীয়ায় চেন কর্ম কভুনহে ভাল॥
ভিনিয়া হাসেন মহাপ্রভুর জননী।
সবে কোলে করিয়া বলেন প্রিয়বালী॥
নিমাই আইলে আজি এড়িব বালিয়াঃ
আর যেন উপদ্রব নাহি করে গিয়া॥
শচীহ চরণ ধূলি লঞা সবে শিরে।
ভবে চলিলেন পুনঃ মান করিবারে॥
''

এ হৈ: ভ;—

পঞ্চন পরিছের স্থাপ্ত।

## ষষ্ঠ পরিচ্ছেদ।

আনোরাঙ্গের মধুব অনক বালালীলা বর্ণন করিতে কেইই
সক্ষম নহেন। স্বরং বেদব্যাদ যাগার পার প্রাপ্ত ইইতে পারেন
নাই, এরপ ভঃসাহদ কাছার হুইবে বে, দেই অপার লীলার
পার অভ্যয়েণ বাদনা করিবে। অনস্তের কথন অস্ত্র পাওয়া
হাইতে পারে না। গৌবাঙ্গের অপূর্ক লীলাও অনন্ত, ফুডরাং
কোন প্রকারে ভাহার শীমা হুইতে পারে না। বিশেষভঃ
ছক্তের প্রতি ভগবানের যতটুকু কুপা হুদ্, তিনি ভদ্মুদারেই

ভগবলীলা আবাদনে সমর্থ হয়েন। ভক্তের প্রতি ভগবানের কুপাও অসমীম, এবং সেই সাহসেই ভক্তবুল ভগবানের অসমীম অতিগৃত রহস্ত পূর্ণ প্রকট কীলার মধুব রস আবাদন করিতে স্ক্রোবাদনা করিয়া থাকেন।

পূর্ব মহাজনগণ জ্রীপোরাক্ষের স্থেধুব শীলামৃত আগনারা আবাদন করিয়া যথন ব্যিকেন যে, উহা আনস্ত, তথন জগতের জীবের প্রতি তাঁহানিগের কলগার উদ্রেক হইল। জীবে দ্যাই সাধুদিগের জীবনের এত স্কাপ। গৌর ভক্তবৃদ্ধ, ভক্তিবারি অভাবে জগং পরিশুক্ প্রায় হুইয়াতে দেবিয়া আরে থাকিতে পারিলেন না, অনস্ত ধারায় গৌঃ প্রেমামৃত বর্ষা করিয়া বিভাবন শীতল কবিলেন।

শীমনাহাপ্রভার সভারদ ও এথখান প্রধান ভক্তগণের নাম নিমে দেওয়াগেল।

#### গৌরাঙ্গ পার্যদগণের নাম।

১৪। শ্রীসনাতন মিশ্র।

১৫। श्रीश्वक्र मारमान्द्र।

১৬। শ্রীগঙ্গাদাস পণ্ডিত।

১৭। শ্রীশঙ্কর পণ্ডিত।

১৮। ঐহরেদাস ঠাকুর।

১৯। শ্ৰীনারায়ণ পণ্ডিত।

২০। শ্ৰীলোকনাপ।

২১। গ্রীসদাশিব পণ্ডিত।

১০। তী প্রভায় বন্ধচারী।

২৩। শ্রীনকুল ব্রন্ধচারী। ২৪। শ্রীরায় ভবানন ও

ভাঁহার প্রীরার রামানক: প্রভৃতি পাঁচ পুত্র।

১৫। জিশিবানন সেন।

२७। शिरे 5 उन्न मात्र।

২৭। শীর'মদাস।

২৮। জীকবি কর্ণপুর।

২৯ : শীবলভ সেন !

৩ । খ্রীপ্রীকাস্ক সেন।

৩ঃ। শ্রীশ্রীমান পণ্ডিত।

৩২। শীশুকাম্বর ত্রন্সচারী।

৩০। শ্ৰীমুকুল দত্ত।

৩৪। শ্ৰীবাস্থাৰ দক্ত।

• । श्रीभूतांति अध ।

৩৬। জীসতারাজ খান্।

ত। শ্ৰীশ্ৰীমান দেন।

ob । जीतनाथत माम ।

৩৯। গ্ৰীগোবিন্দ খোষ।

80 | श्रीवाञ्चलव (श्राय )

৪১। শ্ৰীমাধৰ ছোষ।

৪২। খ্রীনরহরি ঠাকুর।

६०। धीयूक्न माम।

ss। শ্রীরলুনকন দাদ ঠাকুর।

८०। श्रीहिरकीय (मन।

৪৬। ঐত্লোচন দাস।

৪৭। এটিব*া*র দাস । ৪৮। এটিক ফাদাস ।

85 हैं। ई. **१**व ।

৫০। এছিরণা পণ্ডিত।

৫)। শ্ৰীজগৰীশ পণ্ডিত।

৫২। শ্রীবনমাণী পশ্তিত।

००। और्किमस थान।

es। জাগোপীনাথ সিংছ।

৫৫। শ্রীসনাতন গোস্বামী।

৫৬। এরপ গোসামী।

৫৭। শীবলভ বা শীম্পুপম।

eb । बीवःनीवमनानम् ।

৫৯। এজাব গোস্বামী।

- ৬ । প্রীরঘুনাথ দাদ গোস্বামী।
- ७)। औडेकात्र प्रा
- ৬২। শ্রীকৃষ্য দাস পণ্ডিত।
- ७०। औशिशाहीनाम পण्डिछ।
- ৬৪। শ্রীগোপার ভট্ট গোস্বামী।
- ৫৫। গ্রীরঘুনাথ ভট্ট গোস্বামী।
- ७७। शक्ताश वाहारा।
- ৬৭। শ্রীশেশ্বর পঞ্জিত।
- ७৮। जैजीनाथ मिन्न।
- ৬৯। শ্রীগোপীকান্ত মিল।
- १०। भिन्नेशन।
- ৭১। শ্রীমঙেশ পণ্ডিত।
- ৭২ । এীমধুসূদন কর।
- ৭০। শ্রীহরিদাস বিপ্রা
- ৭৪। এঠিকুর সারঙ্গ লাস।
- १६। औरशांत्रान व्याहार्याः
- ৭৬। শ্রীগন্ধাধর ভট্টার্যা বা শ্রীটেচক দাস।
- ৭৭। শ্রীরাম দাস।
- ৭৮। শ্রী অভিরাম দাস।
- ৭৯। শ্রীকমলাকাস্ত।
- b । श्रीमाधवाठावा ।

- ৮১। 🗐 यङ्गसन्त ।
  - ৮২। একাশীশ্বর পঞ্জিত।
  - ৮০। শ্রীবরভ আচার্য্য।
  - ৮৪। শ্রীপর্মানন পুরী।
  - ৮৫। औत्रधूमांश रेवना।
  - ৮৫। श्रीवाञ्चरत्तव मार्क्तरकोम। ৮৬। श्रीवाशीनाथ स्रोतिश।
  - ৮৭। শ্ৰীকাশী নি<u>শ্ৰ</u>।
  - ৮৮। শ্রীপ্রতায় মিশ্র।
  - ৮৯। বাছ শ্ৰীপ্ৰতাপ কৃদ।
  - ৯ । খ্রীভগবান আচার্য্য।
- ১১। শীব্ৰহ্মানন ভারতী।
- ৯২। শ্ৰীশিখি মাহাতি।
- ৯০। শ্রীষুরারি মাহাতি।
- 28 । अभाषवी मानी ।
- ৯1। ञीवनञ्च छहे। हार्या।
- ৯৬। श्रीवानी नाथ।
- ৯৭। শ্ৰীঅচুতাননা।
- ৯৮। শ্রীগঙ্গাদাস।
- ৯১। শ্রীতপন মিশ্র।
- ১০০। শ্ৰীপ্ৰকাশানন্দ
  - সরস্ব গী।

উলিখিত মছালাগণ বাতীত আরও সহস্র সহস্র ব্যক্তি শ্রীগোরাঙ্গের পালপদা আশ্রর করিয়াছিলেন। তাঁহারা সকলেই মহান্, স্পণ্ডিত এবং ভক্তের অগ্রগণা ছিলেন। এই সম্পন্ন ভক্ত ভারতের নানাছানে জন্ম গ্রংণ করিয়া ইহাকে প্রিত্র করিয়াছেন। শ্রীগোরাঙ্গ পার্ষদগণ ভারতের নানা ছানে অসতীণ হইয়াছিলেন বটে, কিন্তু তাঁহালিগের মধ্যে আনেকেই সময়ে নববীপে আসিগা মিলিত হয়েন।

> "কার জন্ম নববীপে কাবো চাটী গ্রামে। কেহরাট উভুদেশে শীহটে পশ্চিমে॥ নানাস্থানে অবতীর্ণ হৈলা ভক্তগণ। নববীপে আসি হৈল সবার নিলন ॥ সকা বৈক্ষবের জন্ম ন্ববীপ গ্রামে। দেশন মহাপ্রিয়-লাসের জন্ম অন্ত স্থানে॥

গলাতীৰ পুণাছান দকল থাকিতে।
বৈঞ্ব জনমে কেন অংশাচ্য নেশেতে ॥
আপনে হইলা অবতীৰ্ণ গলাতীরে।
সংক্ষের পার্যন জনায়েন দ্বে দ্বে ॥
বে বে দেশ গলা হরিনাম বিবজ্জিত।
যে দেশে পণ্ডেব নাহি গেলা কদাচিত॥
দে দব জীবেরে ক্ষু বংসল হইয়া।
মহাভক্ত দব জনায়েন আঞ্জাদিরা॥
সংসার ভারিতে জীবৈচ্ন্ত অবতার।
আপনে শ্রীনুবে ক্রিয়াছন স্থীকার॥

শোচা দেশে শোচা কুলে আপন সমান।
জন্মাইয়া বৈষ্ণ্যৰ স্বাবে করে তাণ॥
যেই দেশে যেই কুলে বৈষ্ণ্যৰ অবভার।
ভাহার প্রভাবে লক্ষ যোজন নিস্তার॥
যে স্থানে বৈষ্ণ্যকাপ করেন বিজয়।
যেত এব সর্বানেশে নিজ ভক্তগণ।
অবভীণ কৈলা এচিচ হল নারায়ণ॥
নানা ভানে অবভীণ হৈলা ভক্তগণ।
নবদ্বীপে অসি সবে হইল মিলন॥
নবদ্বীপে হইল প্রভুর অবভার।
অভএব নবদীপে মিলন সুবার॥
উচিচ: ভাঃ—

মহাপ্রত্ব পার্থদ গণের মধ্যে যাহারা নবনীপে বাদ করিতেন, ছল্লেম্য ম্বারি গুপু বেলা একজন অতি অস্তরক ভক্ত।
গোরাল বগন বালাবদ আলাদনে নিভারে, দেই সময় এক
দিবন ম্বারির স্থিত ভাগের পথে দেখা গইল। ম্বারি গুপু
একজন লোকের সহিত গোগশাল্ল বিচার কবিতে কবিতে
মাইভেছিলেন, নিমাই ভাগেকে হাত নাজিলা যোগ বাখা
মিবিতে দেখিয়া বাল্ল কবিলেন। ম্বারি গুপু দেখিয়াও বেন
দ্বিলেন না খেরপ ভাবে শাল্প বাাগ্যা কবিতে ভিলেন, সেই
মুপুই কবিতে লাগিলেন। নিমাইও পুনরায় মুবারির শাল্পবাগ্যা-

ভঙ্গী অমুকরণ করিয়া তাঁহার পশ্চাতে পশ্চাতে যাইতে লাগিলেন। সুরারি শুপ্ত নিমাইকে পুনরায় পরিহাস করিতে দেখিয়া, ভৎ-সনা করিয়া কহিলেন "এরপ অভদ বালক ত কথন দেখি নাই। মিশ্র পুরন্দরের এই ছেলেকে, কে ভাল বলে ?" মুগা-বিকে কোপন দেখিয়া নিমাই কোধভরে বলিলেন, "এতে মুরারি গুপ্ত। ত্রি আমাকে যেমন গালি দিতেছ, ইহার সাজা অদ্য ভোজনের সময় দিব।" বালকের কথায় মুরারি কিঞিৎ বিশ্বিত ভাবে তথা হইতে চলিয়া গেলেন, কিন্তু কিছুই বৃঝিতে পারিলেন না। উক্ত দিবসে মুরারি গুপ্ত নিজ বাটিতে ভোজন করিতে ৰ্ণিয়াছেন, অৰ্দ্ধেক আহার হেইয়াছে, এমন সময় নিমাই তথায় উপ্তিত হইলেন এবং তাঁহার ভোজন পাতে মূত ভাগে করিয়া বলিলেন "ওছে মুরারি গুপ্ত! আজকাল যে বড় যোগ-শাস্ত্রেমন দিলাভ দেখি: ৩ছি। তোমার বুদ্ধি অতি মনদ, সেই হুল ভক্তি পথ ত্যাগ করিয়া জ্ঞান কর্ম কাশ্রেয় করিয়াছ। যাতাত্তিক, যদি আপনার মঙ্গল চাত, ভালা হইলে আজে হইতে প্রাণ মন সমর্পণ করিয়া ক্লফ ভল্ল কর। জীক্লফই পূর্ণ ভগবান এবং জীবের প্রতি তাঁহার অপার করণা। এই বলিয়া নিমাই चार्खिक इटेलन। श्रीलाताम इठाए जनमेन इटेल खर्थ বেঝার আছেরে বিশ্বয় জানিল, এবং পথে নিমাই যে তাংগাকে ভয় প্রদর্শন করিয়াছিলেন, তাহার কারণ এখন বুঝিতে পারি-বেন। মুরারি গুপ্ত পূর্বেই লোক পরস্পরায় গুনিয়াছিলেন যে, শ্ৰীভগবান শচীর পুত্রমপে অবতীর্ণ হইমাছেন, এক্ষণে ব্রিতে পারিলেন যে, ঐ কথা কেবল জন প্রবাদ নছে, উহা সম্পূর্ণ शहा।" धरेवाद मुत्राति कान शत्राहेलन कि कतित्वन किहरे

মনে আসিৰ না, আন্তে আন্তে মিল্লান অভিমুখে গমন ক্রিলেন। মুরারির নয়ন যুগল হইতে অবিরত বারিধার। নিৰ্মত হইতেছিল এবং মজ্জা ভাঙ্গিয়া বাওয়ায় পথ চলিতেও কষ্ট বোধ হইতেছিল। মুরারের বাড়ী হইতে মিশ্রভবন অধিক দর না হইলেও মুরারিকে তুই তিনবার পথিমধ্যে বিশ্রাম করিতে হইল। মুরারির অন্তরে যে বিশ্বমোহন রূপ পশিয়াছে, ভাহাতে অম্বর নিবিষ্ট পাকার তাঁহার দৃষ্টিরও ব্যত্যয় হইতে লাগিল, এই জন্ত ভ্ৰমক্ৰমে তাঁহাকে ছই এক বার অন্ত পথেও যাইতে হইয়া-ছিল। সাক্ষাৎ শ্রীকৃষ্ণ মনুষ্যলোকে অবতীর্ণ: এবং ভাগ্য-ক্রমে তিনি নবখীপেই অবস্থিতি করিতেছেন, এই কণা যভই মুবারির অন্তরে উদয় হইতে লাগিল, হিনি ততই দিশেহারা হইতে লাগিলেন। বাঁহাকে ব্ৰহ্মানি দেবতা ধ্যান যোগেও প্রাপ্ত হয়েন না, সেই ব্রেজ্জনন্দন আজে শ্চীফুডরপে, আমা-দের চর্মাচক্ষের গোচরে ! এইবার মুরারি নিম্পান, আর পা চলিল না, চকু মুদ্রিত করিয়া পথিমধ্যে বসিয়া পড়িলেন। পুলকে মুরারির সর্বাঅফ পরিপূর্ণ হইল এং অপার আনিল-স্রোক্ত ভীববেগে স্রোভিমিনীর ভার তাঁহার নমনপথে ধাবিত ছইল। মুরারি কাঁদিতেছেন, স্থার "হা ংলণাময়" বলিয়া ডাফিভেছেন, কিন্তুনিমাই আবে তথন পথে ্লিভেছেন না, স্তরাং তাঁহাকে কে উত্তর দিবে ? এইর**ে ি**ুক্ষণ অতীত হইলে মুরারি অতি কটে চিত্ত স্থির করিছা মিল্লবনে যাইয়া পৌছিলেন। শচীদেবী নিমাইকে ক্রোড় করিয়া মুখচুম্বন ফরিতেছেন এবং মিশ্র পুরন্দর সৃতৃষ্ণ নম্বনে ভেলিতেছেন, এমন সময় মুবারি তথায় উপনীত হইয়া নিমাইতে তকা করিয়া

ভমিতে দণ্ডবং প্রণাম করিলেন। মিশ্র পুরন্দর "কি কবিলে, কি করিলে" বলিয়া তৎক্ষণাং তাঁহার হাত ধরিয়া তুলিয়া বলি-লেন "আপনি এ কি অভায় কার্যা করিলেন ? নিমাই কি আপনার নিকট কোন অপরাধ করিয়াছে ?" মুরারিগুপ্ত তথন হাল করিয়া বলিলেন "ওহে মিশ্র পুরন্দর। আমাপনার নিমাই সাক্ষাং ব্ৰহ্মেল নন্দন, সামাল বালক নহেন।" আমি যে এই কথা বলিলাম, ইহা আপনারা পরে জানিতে পারিবেন।'' এই বলিয়া গুপুৰেঝা তথা হইতে বিলায় লইয়া একবারে জীক্ষরৈত আচার্য্যের বাটতে গমন করিলেন। তংকালে নবদীপের মধ্যে প্রভু ত্রীঅবৈতই ভক্ত বুলের একমাত যুড়াইবার স্থল ছিলেন। মুরারি গুপু তাঁহার নিকট উপস্থিত ১ইয়া দণ্ডবং পুর্বক সমুদ্য মনের কথা ব্যক্ত করিয়া বলিকেন। অবৈত প্রভ প্রেরই স্কল বিদিত ছিলেন, একণে মুরাবির প্রমুখাং জীভগবান প্রকট হইয়াছেন, প্রবণ করিয়া তাঁহার আর আননের দীমা রছিল না, সর্বাজ্ঞ পুলকে পুর্ভইর এবং ঘন ঘন ছঙ্কার করিতে লাগিলেন : পরিশেষে আল্লান্থম করিয়া মহাননে গুপুকে আলিঙ্গন পূর্বট বলিলেন "এই গুঢ় কথা এফণে অন্ত কোন স্থানে বাক্ত করিও না; মন্ত ইউলে আপুনিই প্রকাশ হইয়া পড়িবে, তথন আর চহাকও কিছুবলিয়াবুঝাইতে रहेरत ना।"

সবে মেলি থেলা থেলে, গুপ্ত বেকা ছেন কালে, সেই পথে আইনা আচম্বিত। ভার সেই নিজ জন, সঙ্গে করি আগমন, জ্ঞান পথে বিচারে পণ্ডিত। ভার সনে অন্থানে, বোগ শাল্প বাথানে,
কর শির করিয়া চালন।
দেখি বিশ্বস্থর রায়, ভার পাছে পাছে বায়,
অনুসরি গ্যন বচন॥

দেখি বৈদ্য মুবাতি, কটাক্ষে ভিলেক হেরি,
পুন: করে মোগের ব্যাখ্যান।
দেই মত বিশ্বস্তরে, ভর্জার ব্যাখ্যান করে,
বেন হাত নাশা মুখ খান।

এই মনে বেরি বেরি, পরিহাসে গৌর হরি, শিশুগণ সংহতি করিয়া। দেখিয়া মুরারি বৈদ্য, নিজ আচরণ গণ্য. কুবচন বশিশ ক্ষিয়া॥

এ ছারে কে বদে ভাল, দেখি অতি ছুরাচার,

মিশ্র পুরন্দর স্থত এই।

সর্কাত্র শুনিয়ে কথা, ইহার যে গুণ গাখা,
ভালো নাম ইহার নিমাই॥

ঐছন শুনিয়াবাণী, ক্ষিণ সে গৌর মণি,
অনুগত কুপার কারণে।
জকুটি বয়ান করি, বলে বাকা চাড়্রি,
জানাইব ভোজনের ক্ষণে॥

শুনি বিশ্বস্তর বাণী, সুরারি সে মনে গুণি,
বরে গেলা বিশ্বিত হিলায়।
গৃহ কার্য্যে ব্যাপৃতে, পাসরিল আমান চিতে,
হৈল সেই ভোজন সময়॥

এখা বিশ্বস্থার হরি, অংকের ক্রবেশ করি,
কটিতে আঁটিয়া পিলে ধড়া।
শিরে শোভে তিনকুটি, গলায় সে রস কাঁটি,
কঠে লগ্ন মুক্তা হবেড়া॥

নয়নে কজ্জল রেখা, পাঁচ ঝূটি বাল্কে শিথা, ঝল মল হেম জলকারে। চয়ণে মগরা থাড়ু, হাতে করি কীর শাড়ু, চলিল ঠাকুর বিখন্তরে॥

মুবারি গুপ্তের ঘরে, গোল নিজ অভ্যস্তরে, ভোজন কর্যে বৈদ্যাজ। মেষ গজীর নাদে, নিজ মন প্রশাদে, মুবারি বণিয়া দিল ডাক॥

স্বর শুনি সাঙ্রিল, বিশ্বস্তর বে বলিল, গুপ্তবেঝা চমকিত চিত্ত। ভবে সেই গৌবহরি, কি কর কি কর বলি, সেই থানে হৈলা উপনীত॥ ভরত নাহিও ত্মি, এই ধানে আছি আমনি,
ভোজন করছ বানী বৈলা।

মধ্যে ভোজন বেলা, ধীরে ধীরে লিয়ড় গেলা,
থাল ভরিষায়ত মৃতিলা॥

কি করিলিছিছি করি. উঠেলা দে মুরারি,
করতালি দিয়ে বলে গোরা।
কর শির নাড়িয়া, ভক্তি পথ আহাড়িরা,
যোগ বল এই অতিপরা।"
ইউটে: মং—
যত পরিছেদ সমাধা।

### সপ্তম পরিক্ছেন।

নিমাই এক দিবস গলার ঘাটে যাইয়া পূর্কের ভায় উপদ্র কবিতে ছিলেন, মিশ্র পুরক্র উহা জানিতে পারিয়া, তাহাকে শাসন কবিবার জন্ত হাতে লাসী লইয়া ধাবিত হইলেন। মিশ্রবর অতিশয় কোধাসক্র চিতে চলিতেছেন, আর মুগে বলিতেছেন, 'আল কাহার নিবারণ শুনিব না, দেখি কত বড় ছাই হেলে, গেমন শাসন করিতে হয়, তাহা করিব।' নিমাই শুনিতে পাইলেন যে হাতে লাসী লইয়া তাঁহার পিতা আসিতেছেন সম্নি তথা হইতে প্রস্থান করিবেন। সহচর বালক দিগকে, বলিয়া গেলেন যে, "পিতা আসিলে তোমরা বলিও, নিমাই পাঠশালা হইতে বাটী গিয়াছে, এখনও স্নান করিতে আইসে নাই, আমরা সকলে তাহার জন্ত অপেকা করিতেছি।" পরে মিশ্র পুরন্দর গঙ্গার ঘাটে উপস্থিত হইলে সকল বালকে সেই রূপই বলিল। বালক দিগের মধ্যে নিমাইকে দেখিতে না পাইয়া মিশ্র অবাক হইয়া রহিলেন, কিছুই স্থির করিতে পারিলেন না। নিমাই বাটী যায় নাই, ইহা দেখিতা আসিয়া ছেন, আবার এখানেও তাঁহাকে দেখিতে পাইতেছেন না. ছেতরাং বালক দিগের কথায় বিখাসুনা করিয়া মিলা পুংদর অপর লোক সকলকে জি ভাসা করিতে বাধা হটলেন। সকলে মিশ্রকে আখাস দিয়া বলিলেন, ''নিমাই এই মৃত্ত ঘাটে ছিল, আপনি আসিতেছেন সংবাদ পাইলা পলায়ন করিল। অদ্য ভাষাকে ক্ষমা কজন, পুনরায় অভ্যানার করিলে আমরাই তাগতে ধরিয়া দিব। আপুনি নিমাইয়ের ভতা কোন চিস্তা করিবেন না। নিমাই সহত্র অপরাধ করিলেও আমরা তাতার প্রতিক্র হই না। নিপ্রবর। আসনার জাং সৌভাগুলোলী আর কেইই নাই। আপনার নিমাইকে দেবিলে আমাদের সর্বপ্রকার শোকের শান্তি হয় এবং আমরা যে কি অনুপম আনল উপভোগ করি তাগা বর্ণনা করা যায় না: নিমাইছের চল্লবদন নিরীকণ করিয়া আমেরা সমুদ্র জগং ভূলিয়া ঘা**ই**। এমন ভ্ৰনমোহন পুল যাহার, তাহার আবার অভাব কি ?" সকলের শিষ্টাচারে মিশ্রবর যারপর নাই আহলাদিত হট্যা बिलारन भिमाहेरक आंभनामिरणत भूल विलिश कानिरवन, धवर কৃপা করিয়া তাহার সমুদ্ধ অপরাধ ক্ষা করিবেন, আপুৰা-

দিগের চরণে আমার এই প্রার্থনা রহিল।" এই বিনয় বচনে সকলকে পরিতৃই করিয়া মিশ্রপুরন্দর বাটী ফিরিয়া পেলেন। বাটী পৌছিয়া দেখেন নিমাই আসিডেছেন। হতে পুঁথি, সর্প্রাক্ষেকালির দাগ, মানের কোন চিহ্ন ও নাই। নিমাইয়ের অক্ষেমান চিহ্ন না দেখিয়া নিশ্র বিশিত ইংলেন।

"মিশ্র দেখি সর্কাজ স্বলায় বাাপিত। ক্ল'ন চিহ্নাদেখিয়া হইলা বিশ্বিত। মিশ্র বলে বিশ্বন্তর কি বন্তি খোমার। লোকেরে না দেহ কেন সান করিবার ॥ বিফুপুরা স্কুত কেন কর অপ্রার। বিষ্ণু করিয়াও ভয় নাহিক ভোনার ৷ প্ৰভুবলে আজি আমি নাহি বাই লানে : আনাৰ সংহতিগণ গেল আলি থানে ৷ সকল লোকেরে ভারা করে অবাভার। না গেলেও সবে দেবি কহেন আমার ॥ না গেলেও যদি দোষ কছেন আমার। সভা তৰে সবার করিব অবাভার ॥ এত বলি হাদি প্রভ যান গছা আনে। পুনঃ মিলিলেন সেই শিভগণ সনে : বিশ্বভ্রবে দেখি সবে আলিখন করি। হাসয়ে সকল শিশু শুনিয়া চাতুরী॥ সবেই প্রশংসে ভাগ নিনাই চতুর। खाल এडाहेला का कि मादन का हत ॥"

শ্ৰীহৈ: ভা: ৷--

নিমাই যদিত অত্যন্ত চপল এবং পিতামাতা প্রভৃতি কাহা-কেও তাদৃশ ভয় করিতেন না, কিন্তু অগ্রন্স বিশ্বরূপকে দেখিবা মাত্র অবনত হইতেন। বিশ্বরূপ বালাকাল হইতেই সংসারে বিংক্ত, এবং কথনও সাংসারিক কোন কথায় থাকিতেন না। তিনি অলল বয়দেই সকৰি শাস্তে পণ্ডিত হইয়াছিলেন, এমন কি বিজ্ঞতম অধ্যাপকগণ্ও তাঁহার শাস্ত্র ব্যাথ্যা থণ্ডন করিতে পারগ হইতেন না। একিয়েও বিশ্বরূপের এতাদুশী প্রীতি ছিল যে, ক্লফ্র-ভক্তিবাতীত কাহার সহিত অপর কোন আলাপ করিতেন না তিনি উথকেলে প্রত্যেক্তা সমাপন করিয়া অমনি শ্রীশবৈতের সভায় ঘাইতেন, একদ্ও কালও বারীতে রুথা কাটাইতেন না। বিশ্রপের বয়:ক্রম বোড়শ বংসর ংইয়াছে এবং তিনি সর্কশাস্তে নৈপুণ্যলাভ করিয়াছেন দেখিরা, মিশ্র পুরন্দর পুত্রের বিবাহ দিতে মন্ন করিলেন। কিন্তু বিশ্বক্রপের সাংগারিক স্থাথ কিচমাত্র স্থাহা ছিল না, সর্বাদ্ধি করৈও সভায় থাকিতেন এবং স্প্রশাল্রেই কুঞ্চক্তি বাখ্যি। করিতেন। বিবাহের প্রসঞ্চ শ্রুবণ করিয়া বিশ্বরূপ চিশ্বিত হুইলেন, এবং কি প্রকারে সংসার বন্ধন হইতে নিছতিলাভ করিবেন, ভাহাব উপায় অন্তে-ষণ করিতে লাগিলেন। পুর্দ্ধে অল সময়ের অভা কোন কোন দিন বটিতে থাকিতেন, একণে ভাহাও বন্ধ করিলেন। প্রভাগে অবৈত্সভ্যে ঘাইতেন এবং বেলা ভুই প্রভর অমতীত হুইলে বাটীতে আছার করিতে আয়িতেন: কোন কোন দিন এত অবিক বেলা হুইছ যে, শতীদেবী বিশ্বরূপকে ভাকিবার জন্ত বিশ্বত্রকে পাঠাইয়া দিতেন। গৌধাকের বয়:ক্রম তথ্ন als বংসর মাত, তিনি অংকৈ চ সভায় ঘাইয়া বলিতেন, "দাদা!

ভোলনের সময় বাতীত হইছেছে, বাটাতে এস, মা ভোনাকে ভাকিতেছেন।" গৌরাঙ্গের মধুর কঠপার কর্ণে প্রবেশ করিবানার বিশ্বরূপ চমকিত হইরা এক দৃষ্টে কনিঠ লাতাকে নিরীক্ষণ করিবেন। গৌরাঙ্গকে দেখিয়া বিশ্বরূপের তৃথি হইত না, যভই দেখিতেন, দর্শন স্পৃহা তভই বুলি পাইত। বিশ্বরূপের বিশ্বস হইয়ছিল যে, নিমাই কথনই সামাতাবালক নহেন, নিশ্চয়ই কোন দেবতা ছল্মবেশে জগং মোহিত করিতেছেন। নিমাই অবৈত সভায় ঘাইলে সকলেই আনিমিষ নয়নে তাগার প্রতি চাহিয়া থাকিতেন। কাঁচা সোণার ভায় বর্ণ, চক্ষ্ কজলে শোভিত, অঙ্গ গ্লায় ধুসর, দিগধার, ত্বনমোহন অফ ভঙ্গীতে সকলের প্রাণ মন কাড়িয়া লইতেন। বিশ্বরূপ সভা হইতে উঠিলে নিমাই তাঁহার কোঁচার কাণ্ড ধরিয়া সংক্ষ সংক্ষ বাটা আগিতেন।

পঠিক মহাশয় ! উক্ত ছবিধানি একবার হন্দে রাখিয়। নিরীক্ষণ ক্রন দেখি ! অনহো বিশ্ভর, যে ভাবে 'তিভ্বন ভূগাইবে, এই কি তাহার প্রধন অফুর ?

বিশ্বরপের মানসিক : চিন্তা ক্রমে রন্ধি পাইতে লাগিল।
পিতা মাতা তাঁছার বিবাহের জন্ত বাস্ত ছইরাছেন দেখিয়া,
তিনি শীঘ গৃহত্যাগ করিতে মনন করিলেন। পিতা মাতা
ববাছের জন্ত জানুরোধ করিলে তাঁছানিগের বাক্য জনছেলা
করিতে পারিবেন না, এবং সংসারে আবন্ধ হওয়াও ছইবে না,
এমত স্থনে গৃহত্যাগ বাতীত আর কোন উপায় দেখিতে
পাইলেন না। কিন্তু তিনি গৃহত্যাগ করিলে নিমাইকে কে
দেখিবে, এবং জননী ছুঃথ পাইবেন, এই চিন্তার উদয় ছইয়া

বিশ্বরূপের প্রশাস্ত চিত্র বিচলিত হইল। বিশ্বরূপ যদিও সর্বাদা বাটীতে থাকিতেন না, কিন্তু তাঁহার প্রাণ নিমাইগত ছিল। এক্ষণে কি করিয়া দেই প্রাণের অধিক নিমাইকে ছাডিয়া ষাইবেন, চিস্তার এই তাঁহার বলবতী হইল। রাতিতে শর্ন করিয়া আছেন, বিশ্বরূপের নিদ্রা আসিতেছে না, ভিস্তা কেবল কি ক'রয়া নিমাইকে ভুলিবেন। ক্রমে রাত্রি শেষ হইয়া আসিল, তথনও নিজা নাই, কেবল নিমাইয়ের চলুবদন মনে পড়িতেছে। রাত্রিপ্রভাত হইলে আবে যাওয়া হুইবে নাুইগাও এক একবার ভাবিতেছেন। এইরপ ভাবিতে ভাবিতে সহসা বিশ্বরূপের অন্তরে অভূতপূর্ব তেকের সঞ্চার হইল। এদিকে রাত্রিও আবার নাই, প্রভাত হইয়া আমাদিল দেখিয়া তিনি শ্যা পরিত্যার্গ করিয়া উঠিলেন, এবং একথানি পুঁথিমাত হতে লইয়া বাটা হইছে বৃহিপ্ত হইলেন। গৃস্থি ঘাটে যাইয়া চিন্তা করিলেন, ''কি করি, নৌকাযোগে পার হইলে স্কলে জানিতে পারিবে, অতএব তাহা হইবে না।'' এই স্থির করিয়া সম্ভরণে গলা পার হইলেন। পুথিখানি পাছে জলগিক হয়, এই আশকায় বাম হতে পুঁথি ধরিয়া তাঁহাকে কেবল দক্ষিণ হল্তে সম্ভবণ দিতে হইয়াছিল। বাঁহার সংসার আশ্রনে এইরূপ ভীত্র বৈরাগ্য, তাঁহাকে কে আট্কাইয়া বাধিৰে। বিশ্বরূপ বাটা তাগি করিয়াই স্লাসি গ্রহণ এবং 'শ্রুরির্ণাপুরি' নাম ধারণ করিলেন।

> ''বোড়শ বরিষ পুল্ল ভেল বয়ংক্রম। বিবাহের যোগ্যক্রপ যৌবন সংপূর্ণ॥

এই মত কথা পিতা হৃদ্ধে করিল। বিশ্বরূপ ধোগ্যা করা মনে বিচারিল ॥ চিফিতে চিভিতে বিপ আটল নিক লব। বিশ্বরূপ বিবাহ দিব চিঞ্জিত মন্তব ॥ ক তক্ষণে বিশ্বর প দ্বিজ আমাতল ঘর। স্বিশ্ব পি ভা দেখি বুঝিলা অন্তর ॥ তে বে সেই হতে বিশ্বরূপ ভিছৰ্যা। স্বিস্মিত পিতাকে দেখি ব্রিলেন কার্যা। অস্তরে জানিলা মোর বিধাহের তবে। চিস্তিত হট্যা দ্বোতে কার্য্য করিবারে॥ বিবাছ করিব আমি নছে ভ উচিত। নহে বাজননী ভঃথ পংবে বিপরীত ॥ এই মনে অভুমানে রাত্রি *তৃ*প্রভাতে। বাহির হট্ছা গেল পুঁথি বাম হাতে॥ গঙ্গাহল সম্বরণ করি পাব হৈল। গত মাত্ৰ মহাশ্য সন্থাস কৰিল।।''

बैरिह: म:

প্রদিবস বেলা জনেক হইল, তথনও বিংক্লণ বাটাতে আসিছেছেন নাদেখিয়া শহীদেবী উরিগ্ল ইংতে লাগিলেন। বিশ্বরূপের প্রায় প্রত্যুহই জারৈত সলাভইতে বাটা আসিতে বিলয় হইত, স্তরাং বেলা অধিক হইলেও কাহার মনে মত্ত্রোন প্রকার সন্দেহ হইতেছে না, সকলেরই বিশাস যে বিশ্বরূপ আইছেত সভায় আছেন। শহীদেবী রক্ষন সমাপন কিরিয়া বিশ্বরূপের অপেকার বিস্থা আছেন, ক্রমে লোক প্রক্ষা-

রায় ভনিতে পাইলেন যে, বিষক্ষপ সন্নাদী হইয়া কোথায় চলিয়া গিয়াছেন। ঐ দিবদ প্রাতঃকাল ২ইতেই শচীদেবীর অন্তরে কেমন এক প্রকার আশেকার উদয় হইতেছিল, একণে লোক মুধে পুলের গৃহত্যাগ সংবাদ অংগত হইয়া তাঁহার আমার কোন সন্দেহ রহিল না, একবারে উঠিচ:স্বরে কাঁদিয়া উঠি:লন। শচীদেবীর জন্দনধ্বনিতে নিশ্রপুবন্দর এবং অপের সকলে ছুটিখা আং সিলেন, ক্রমে মিশ্রভবন ক্রন্নশব্দে পরিপূর্ণ হইল। প্রতিবেশী স্কলেই বিশ্বরপের রূপে ও তাঁহার অসামাত ওবে মোহিত ছিলেন, একৰে তাঁহার গৃহত্যাগ সংবাদ শ্রবণে সকলেই অধীর হইয়া রোদন করিতে লাগিলেন। জগলাথ মিশ্র বিজ্ঞতম হইয়াও প্রিয়পুলের বিরহ স্ফু ক্রিতে পারিলেন না, কাতর স্বরে বিলাপ করিতে লাগি-লেন। ঐ সময় নিমাই ধার্টাতেই ছিলেন, প্রাণের অধিক জোষ্ঠ ভাতা তাঁহাদিগকে জনমের মৃত প্রিতাগি করিয়া গিয়া-ছেন, ইহা শুনিবামাত্র উহোর যে অবস্থা হইল, তাহা বর্ণনার অভীত। শুচী দেবী ধৰ্ম দেখিলেল বে, নিমাই মৃচ্ছিত হইয়া ছেন, তথ্ন তাঁহার ্লাকানল দিওৰ প্রজ্লিত হংয়া সদ্ধ দ্র করিল। নিমাই নাত্রলাড়ে সংজ্ঞা শুক্তা, বাটিতে লোকা-রুণা, আহাবালুবুভুবণিতা সকলেই হাহাকার করিতেছেন। অনেককণ পরে নিমাইয়ের হৈত্ত হইলে তথ্ন সকলের দেহে প্রাণ আদিল। নিনাই চেতনা লাভ করিলে, পাছে সক্লকে কালিতে দেখিয়া আবার সূচ্ছিত হয়েন, এই ভয়ে সকলে জেলন সম্বৰণ করিতে বাধিত হইলেন। এদিকে নবদীপের বংগার্দ্ধ বিজ্ঞাবাক্তিগৰ বিশ্বরূপের গৃহভাগি সংবাদ অবগত হইবামাত

মিলবরকে সাম্বনা করিবার নিবিত্ত সমূরে তাঁচার বাটিতে আগিমন করিলেন। সকলেই বলিতে লাগিলেন যে, ''বিশ্বরূপের গৃহতাংগে নবদীপবাদী সকলেই বারপর নাই ডু:খিত হটয়া-ছেন, এবং ঐ প্রকার সংপু:ত্রর বিচেছদ সহা করা অংসস্কর, স্লেছ নাই। কিন্তু মিশ্রপুরল্বের সৌভাগ্যেরও সীমা নাই. কারণ বংশের একজন মাত্র সন্নাস গ্রহণ করিলে, ভাঙা হইতে ঐ সমুদ্ধ কুল উদ্ধার হয়। আমানা দেখিতেছি, নিশ্র পুরুদরের শেকের কোন কারণই নাই। জগং বাহা বাঞ্চা করে, সোভা-গাক্রমে তাঁহার তাহাই ঘটনা হইয়াছে। বিশ্বরূপ স্থকীয় প্রকৃতি অনুরূপ কার্যাই কবিয়াছেন। তাঁচা হইতে গ্লিশ্র-পুৰন্দরের ত্রিকোটি কুল উদ্ধার ১ইল। বিশেষতঃ হাঁচার বিশ্ব-ভরের ভায় পুল বর্জনান, তিনি শত শত পুলের শোকও সহজে স্থিতে পারেন। নিশ্র পুণনার! আংগনি খোক পরিভাগে করুন। নিমাই আপনাদিগতে প্রতিপালন কবিলে। নিমাইকে সামাল वांतक वित्रा अधूमान इव ना। नियाहे निः प्रत्मक इतादिनी কোন মহাপুক্ষ। আমাদিগের এত বছদ চইল,নিমাইয়ের সদ্ধ বালক কথন দেখি নাই। কারণ কি ভানিনা, কিন্তু নিমাইতে দেপিবামাত আমরা মোহিত ২ই। কেবল আমরা নহি. নিমাই সমলয় নবখীববাসীকে মোডিত করিয়া ক্রীড়া করিয়া বেডার। নিমাই কোন প্রকার গুড়িও ক্যু কবিলেও উচ্চা আমালের চক্ষেপরম সুন্দর বলিয়া দেশ ৩৪। হলি নিমাই व्यन अर्थत कानवास्त्रित हावा अव्यक्ति करतन, किश्वा काहात নিকট কোন বিষয়ে অপরাধী হয়েন, না এইলে আমরা সেই वाक्तिक त्री शांत्रानानी वनिवा विव्यवसा वृद्धि, ध्वः आंशास्त्रह

ঐ প্রকার ভাগা কবে হইবে, এই বাসনা করিয়া থাকি।'' সুদদ্ধর্গের এবংবিধ সাজনা বাক্যে মিশ্র পুরন্দর ও শচীদেবী নিমাইরের টাদমুখ চাহিরা কিলংপরিমাণে বিশ্বরূপের শোক নিবারণ করিকেন।

বিখুরপের গৃহতাাগের পর হটতে নিমাই প্রাণেক। ধীর হটলেন। পাছে পিভা মাতা কাতর হয়েন এই জকুসকলে। জাঁহাদিবের নিকটে থাকিকেন আছে বাটিব বাহিবে ঘাইতেন নাঃ থেলা পরিভাগে কবিষা পাঠাভাগে মনোনিবেশ কবি-লেন, এক দণ্ড পুস্তক ছাড়িয়া রহিতেন না। বাহা একবার পড়িতেন, তাহা আবা ভূলিতেন না। অধ্যাপকের নিকট যেরপ ব্যাথা গুনিভেন, আপনি ভারার বিপরীত ব্যাথা করিয়া অন্ত বলেকদিগকে ঠকাইতেন। তাঁহার বৃদ্ধি চাতুর্যাে কোন বালকই ভর্ক করিতে সমর্থ হইত না। মিশ্র পুরন্দর পুতের এই প্রকার অংলोভিক বৃদ্ধিনপুণা দেখিয়া বিমর্থ ইইলেন। টোচার ভয়, পাছে, বিশ্বকাপর আয় অভিত্র পাতিভালাভ ক্রিয়া নিমাইও গুহত্যাগ করিয়া যান। নিমাই বিদ্যাভাচে মন দিলেন বটে, কিন্তু মিশ্র প্রদারের ভাগতে মনের শালিমা हरेबा वदः काव ७ छे रक्षां वृक्ति हरेगा। निमाहेराव समाधावन ব্দি দেখিয়া সকলেই বলিতে লাগিলেন, "এত অল ব্যুদ্ এরপ বৃদ্ধি চাতুর্যা আমেরা কথন দেখি নাই।" মিল পুর-ন্তুরে ভাবনা অন্তরণ, তিনি ভাবিতেতেন যে. "বিশ্বরূপকে काराहेबाडि, काराब यनि निमारे कारा करे, जांबा करेंद्र कान-মাত্র জীবন ধারণ করিতে পারিব না। নিমাই একণে আদ্ধর यष्टि, कीवानद कीवन, मिल्लाबुक्त कानक हिन्छ। कडिया निमा- ইয়ের পাঠ বন্ধ করিয়া দিলেন। পুতের লেখা পড়া বন্ধ হৎয়ায়
শগী দেবী কিঞাৎ হঃখিতা ইইলেন বটে, কিন্তু মিশ্র কাহার
কথা শুনিলেন না। তিনি বলিণনে "নিমাই যদি" মূর্য ইইয়া
গুহে থাকে, ভাহা ইইলে উহাই আমার পর্ম মঙ্গল। আমি
আর কোন ক্রমে নিমাইকে পড়িতে দিব না।'

" ভনিষাপুলের গুণ জননী হরিষ। মিশ্র পুনঃ চিতে বড় হয় বিমরিষ। শচী প্রতিবলে জগরাথ মিশ্রবর। এই পুলু না রহিবে সংসার ভিতর ॥ এই মতে বিশ্বরূপ পড়ি সরু শাস্ত। জানিল সংসার সভা নহে ভিলমাত ॥ সকাশাস মন্ম জানি বিশ্বরূপ ধীর। অনিতা সংগার হইতে হইলা বাহির॥ এং यनि मर्जनाट्य देश्य कानवान। ছাডিয়া সংসার স্থ করিব পরান ॥ **এই পুত্র সবে ছুই জনের জীবন।** ইহানাদেখিলে ছই জনের মরণ॥ অত এব ইহার পডিয়া কার্যা নাই। মুর্থ হৈয়া ঘরে মোর রহক নিমাই॥ मही यत भर्थ इहेत की तक तक्यान। मुर्थित क कञ्चा । निर्द कान स्न ॥ মিএ বলে তুমি ভ অবোধ বিপ্রস্থতা। হর্তা করা সেই কৃষ্ণ স্বার রক্ষিতা।

জগৎ পোষ্ণ করে জগতের নাথ।
পাণ্ডিতা পোষ্যে কিবা কহিল তোমাত।
কিবা মূর্য কি পণ্ডিত ঘাহারে যেখানে।
কল্পা লিখিহাছে ক্ষণ সে হৈব আপানে।
কলা বিদ্যা আদি উপলক্ষণ সকল।
সবারে পোষ্যে ক্ষণ ক্ষণ সর্ব বল।
সাক্ষাতেই এই কেন না দেখ আমাত।
পণ্ডিয়াও আমার কেন ঘরে নাহি ভাত।
গতাস মতে বর্ণ উচ্চারিতেও যে নারে।
সহস্র পণ্ডিত গিয়া দেখ তার হারে।
ক্ষণ্ড বিদ্যা আদি না করে পোষ্ণ।
ক্ষণ্ড সে স্বার করে পোষ্ণ গালন।

भीरहः जाः।

স্থান পরিচ্ছেদ দমাপ্ত।

# অউম পরিচ্ছেদ

নিমাইয়ের পড়া বন্ধ ১ইয়া গেল। কি করিবেন, পিতার বাকা লজ্বন করিতে পারেন না। পিতা বাহাতে সন্তও থাকেন, ভাহাই করা ভাল, এই ত্তির করিলা নিমাই আবার পূর্বের ভাষ পেলার মন দিলেন।

পূর্ব দ্বিগণ প্রাণের সমান প্রিয় নিমাইকে পাইয়া আনন্দে উংসাহিত হইলেন, এবং নানা প্রকাব জীড়া দাবা তাঁহার মনোরঞ্জন কবিতে লাগিলেন। আজকাল নিমাই থেলায় এরণ উল্লুভ ইইলেন বে, রাজি অধিক না ইইলে আর থেলা ভালিয়াবারীতে আবেন না। মিশ্রপুরলর স্কলি দেখিতে-ছেন, কিন্তু কোন কথাই বলেঁন না। এক দিবৰ তিনি কাৰ্যাভবে গমন কংলে নিমাই বাটীর বাহিরে যে ভানে পরিতাক ঠাতি পডিয়া থাকে, তথার যাইটা ইচির উপরে ব্যিয়া রহিংলন। বালকেরা তাঁহাকে ঐ রূপ অপরিভার ভানে ব্যবহা থাকিতে দেখিয়া শ্রীকে বাইয়া বলিকেন। জননী আনিতেডেন, দেখিলা নিমাই মুখ হেঁট করিলা বসিয়া রহি-लन। (प्राणात अपन शेडिव कालि लागिशांक, हक किशे हम ট্য করিয়া জল পভিতেতে দেখিয়া শনী দেবী ''হায়। হায়।' कतिया डिजिलान । निमारे विज्ञा तांग कतिया छन, भही (मधी ভাগার কিতৃই জানেন না। তুই চারি বার জিজ্ঞাসা করিলেন. "<sup>বোৱা</sup> নিমাই তোমার কি ২ইগ্র'ছ বল ? ভি ছি ওরূপ অপি**র**-কার স্থানে কি যাইতে আছে ? দেখ দেখি! উচ্ছিত্ত ইাড়িক কালি গাত্তে লাগিয়াছে। এদ বাবা এদ, কি চাহি বল, এখনি দিতেছি। এত দিনে, কি পৰিত্ৰ, কি অপবিত্ৰ, কিছুই বুঝিলে নং ।"

জ্ননী ভংগনা কবিতে থাকিলে, নিমাই জোধাৰিত হইয়া উত্তর করিলেন যে, "তোমরা আমাকে লেখা পড়া শিথিতে দিলে না। আমি মুর্থ, মূর্ণের আবার ভদ্রাভদ্র বিচার কি পূ আরও দেব আমি হে জানে থাকি, তাহা কবন অপবিত্র হইতে পারে না। আমি কবন অভচি স্থানে থাকিনা। আমি যে জানে থাকি, গঙ্গা আদি তীর্থ তথায় অবিভিত্তি করেন। বিধাজার স্কৃতির কিছুই অপবিত্র নহে। শুচি অভচি ইচা কেবল আমাদিগের কল্লনা মাত্র। যদিও লোকচার মতে কোন দেবাকে অপবিত্র জ্ঞান কর, তাহা হইলে উগ আমার স্পান মাত্রে প্রথম পবিত্র হইয়া থাকে, জানিবে। বিশেষতঃ যে ইাড়িতে নারারণের ভোগের নিমিত্র জন ব্যঞ্জন প্রক করা হইয়াছে, ভাচা কথন অলুগুল চইতে পারে না।"

নিমাইবের কথা গুনিয়া শচী দেবী অবকে, হই বা রহিলেন, অপর সকলে হাজ্য করিছে লাগিলেন। শচী দেবী বলিলেন "বাবা নিমাই, এস, স্নান করিবে এস। নিমাই বলিলেন, "আনি কোন মতে এই জান হইছে উঠিব না। যদি ভূমি সতা কবিয়াবল যে, আমাকে আজ হইতে পঢ়িতে দিবে, তাহা হইলে যাইব, নতুবা এই স্থানেই বসিয়া থাকিব।" প্রতিবেশী সকলে নিমাইবের কণা গুনিয়া শচী দেবী কই ভংগিনা করিছে লাগিলেন। তাহাহা বলিলেন "আমর। নিমাইবেরত কোন দেশিই দেখিতেছি না। নিমাইবের পাড়তে না দিয়া তোমরা

বড় অভার কার্য্য করিয়াছ। বাজাণের ছেলে, লেখাপড়া না শিথিলে ইহার পর কি করিয়া ধাইবে ?" সকলের কথায় নিমাই শাস্ত হইলেন, শচী দেবীও তাঁহাকে বাটা আনিয়া সনে কংট্যা দিলেন।

মিশ্রপ্রক্রে বাটা প্রত্যাগমন করিলে শচী দেবী নিমাইছের জাবদারের কথা এবং প্রতিবেশী সকলে যাহা বলিয়াছিলেন, সম্বয় বলিলেন। মিশ্রবর কি করিবেন, সকলের অনুরোধে অগত্যা নিমাইকে পুনরায় পড়িতে অনুমতি দিলেন।

পিতার আজা পাইয়। নিমাইয়ের আহলাদের আর সীমা বছিল না, মনের সাধে বিদ্যারিদ আস্থাদনে প্রবৃত্ত হইলেন। নিশ্রের গৃহে সক্ষপ্রকার শাস্তই ছিল, নিমাই বাটি বদিয়া ফেইসকল মডাাদ করিতে লাগিলেন।

জনে নিমাইয়ের উপনয়নের সময় উপস্থিত হইল। মিঞা প্রেনর বলুবর্গের স্থিত প্রাম্শ করিয়া দিন ধার্ম করিলেন এবং অন্ত্রীয় স্বজন সকলকে বাটিতে আনিয়া উৎস্বের স্থিত উচ্চক্ষুস্পাল করিলেন।

> "ৰজক্ষ পুলেৰে দিবাৰে মিশ্ৰবৰ। বিশ্বপ্ত থাকিল। আনিলা নিজ্পৰ। প্ৰম হবিষে সৰে আসিলা মিলিলা। যাব যেন যোগ্য কাৰ্যা ক্ৰিতে লাগিলা। জীগণেতে লফ দিয়া কুষ্ণভূপ গায়। নউগণে মূদক সানাই বংশী বায়। বিশ্বগণে বেদপড়ে ভাটে রায় বার। শ্বীগুছে হুইল আনন্দ অবহার।

যজ্ঞ পত্র ধরিলেন শ্রীগৌর স্থলার। শুভ্ৰোগ সকল আইল শৃচীঘর॥ ভুতুমাস ভুতুদিন ভুতুকণ ধরি। ধরিলেন যক্তস্ত্র গৌরাঙ্গ 🖹 হরি॥ শে। ভিল শীমকে যজ্ঞ সূত্র মনোহর। কুল্লরপে সে শোভা বেড়িলা কলেবর !! হইলা বামনরূপ প্রভুগৌর চন্দ্র। দেখিতে স্বার বাডে প্রম আনন্দ। অপুর্ব ব্রহ্মণা তেজ দেখি সর্ব্যাণে। নরজান আরে কেছ নাহি করে মনে " চাতে দণ্ড কাঁন্ধে ধৃনি ছ্রীংগার হলর। ভিকাকরে প্রভূমৰ সেবকের ঘর ॥ ষার বধা শক্তি ভিকাসবাই সংস্থাযে। আংভ্র ঝুলিতে দিয়া নারীগণ হাসে ॥ বিছ পত্ররপধরি ভ্রমাণী কত্রাণী। ষত পতিব্ৰতা মুনি বংগ্র গৃহিণী। শ্রীবামন রূপ প্রভুর দেখিয়া স্তোবে। **मट**्टे ख्लिटा टिका निया निया गाउन । প্রভও করেন <u>হী</u>বামন রূপ লীলা। জীবের উদ্ধার লাগি এ সকল থেলা 🖟

ইটিঃ ভা:—

বাঙ্গালার মধ্যে নবধীপই শাস্ত্র চর্চার সর্বপ্রধান ভান। শত শত অধ্যাপ ঃ টোল হাপন করিয়া ছাত্র দিগকে শিকা দিয়া থাকেন। নিমাইয়ের ইচ্ছা, একজন বিজ্ঞ অধ্যাপকের নিকটে শিকা প্রাপ্ত হয়েন। জগরাণ নিশ্র পুত্রের অভিপ্রার ফানিতে পারিয়া তাঁহাকে এক দিবস গঙ্গাদাস পণ্ডিতের নিকট লইয়া গেলেন। গঙ্গাদাৰ পশুভ তংকালে নব্বীপের মধো একজন শ্ৰেষ্ঠ অধ্যাপক। ডিনি নিমাইকে দেখিয়া বড়ই অ'হলাদিত হইয়া বলিলেন ''বাবা নিমাই, তুনি আমার এইথানে লাত, আমি বিশেষ যত্নের সহিত তোমাকে শিকা দিব।" নিমাই অধ্যাপককে প্রণাম করিয়া সেই দিন হইতেই তাঁহার ছাত্র মধ্যে পরিগণিত হইলেন। অপর ছাত্রনিগের স্থিত গুলাদাস পৃত্তিত নিমাইকেও পাঠ দেন, কিন্তু নিমাই একবার মাত্ত নিয়াই উহা সম্পূৰ্ণক প্ৰায়ত এবং প্রিশেষে স্বয়ং অভয় প্রকার ব্যাখ্যা করিয়া ছাত্রদিগকে উপদেশ করেন। কথন বা অধাপিকের ব্যাথ্যা থণ্ডন করিয়া স্বতম্ব ব্যাথ্যা করেন, এশং পরকণেই নিজ বাখ্যা খণ্ডন করিয়া মঞ্চ প্রকারে উহা স্থাপন কবেন। তাঁহার এই প্রকাব অসাধারণ বৃদ্ধি নৈপুণা দেখিয়া গজাদাস পণ্ডিত ও ছাত্রবন্দ সকলেই বিজয়পের ছইলেন। নিমাই অলল দিবসের মধ্যেই স্কলিবিচিত হটয়া উঠিলেন। নবদীপে অসংখ্য অধ্যাপক অধ্যাপনা কার্যা করিছেন, এবং তাঁহাদিগের মধ্যে অনেকেরই বছসংখ্যক ছাত্র ছিল, কিন্তু ভন্মধ্যে কেইট নিমাইকে বিচারে পরাস্ত করিছে পারিতেন না। নিমাই যে কেবল ছাত্রদিগের স্ঠিত তর্ক করিতেন এক্লপ নছে, অনেক সময় বড় ৰড় অনগাপককেও নিমাইয়ের তক আবাবে পড়িয়া ব্যক্তিব্যক্ত হইতে হইত। মুবারি গুণ্গ, কুফানন্দ প্রভৃতি 'ভিতৰৰ্গসময় সময় নিমাইয়ের ফ'াকিতে ঠেকিয়া বাইছেন।

ক্রমে এইরূপ ংইল বে, বড়বড় পশ্চিতগণ নিমাইকে দ্র হইতে দেখিবামাত অঞ্চলিক দিয়া গমন করিতেন। নিমাই যদিও বালক, কিন্তু তাঁহার বুদ্ধি চাতুর্য্যে সকলেই পরাভব স্বীকার করিতেন।

আজ কাল নিমাইরের তিলমাত্র অবকাশ নাই, রাত্রি দিন লাস্ত্র আলোচনার বিভোর। শচীদেবীর আনন্দের সীমা নাই। কিন্তু মিশ্র পুরন্দর তাল্শ সন্তর নহেন। এক দিবস জগনার নিশ্র শ্বপ্র দেখিতেছেন, যে, নিমাই সন্ত্রাসী হইরাছেন। অবৈত আচার্য্য প্রভৃতি তাহার চারিদিকে বেউন করিয়৷ হরিবোল দিয়ান্ত্র করিতেছেন। নিমাইরের মন্তক মৃত্তিত, পরিধান কাবার বস্ত্র, উচ্চ রবে হরিনাম কীর্ত্তন করিতেছেন এবং মধ্যে হা ক্লঞ্ছ। বিলিয়া মৃত্তিত হইতেছেন। স্বপ্র দেখিয়া মিশ্র প্রন্দর বিবাদসাগরে নিময় হইলেন। কিন্তু শচীদেবী ঐ স্বপ্র বৃহাক্ত অবগত হইরা বিশেলন "আমার অস্তরে কোন রূপ অম্কল আশকা হইতেছে না। নিমাই শেখা শড়ায় যেরূপ মনোনিবেশ করিয়াছে, তাহাতে আর কোন ভ্রের কারণ দেখিতে পাওয়া বার না।"

শচীদেবীর কথার নিশ্রপুরন্বরে তর ঘুচিল না, তিনি কারমনোবাকো নারারণের নিকট প্রার্থনা করিতে লাগিলেন। ".হ ভগবন্! হে কুপানর! হে দক্ষভরভান প্রভা! দেবিও, আমার নিমাই বেন গৃহত্যাগ করিয়। সয়াাসী না হয়েন। আমি বিশ্বরূপকে হারাইয়াছি, আবার নিমাইকে যদি হারাই,— ভাহা ১ইলে কোন প্রভারে প্রাণ্ধারণ করিতে পারিব না।"

डेक घरेनांव किছू निन शद मिल्रश्तन्तव शवतांक गमन

করিলেন। শিত্বিরোগ হইলে নিমাইরের থেলের আরে অবধি রহিল না। একে অপ্রত্বের সংসার, তাহাতে প্যঠ্যাবস্থায় পিতৃতীন হওয়ার নিমাই যারপর নাই শোকাভিতৃত হইলেন। তিনি সংসারের কোন সংবাদই রাবিতেন না, অহরহ বিদারেসে মর্ম পাকিতেন, কিন্তু পিতৃবিয়োগ হওয়ার সমুদ্র ভার তাঁহারই উপরে পড়িল। আয়ীয় স্কলন সকলে নানা প্রকার সাস্ত্রম বাকে। তাঁহাকে ব্রাইতে লাগিলেন। নিমাই সকলই ব্যিতেলন, তথাপি কিছুদিন বিমর্থ ভাবে কাটাইয়া প্রবার পাঠে মন কিলেন। শচীদেবীও নিমাইরের ম্থ চাহিয়া বৈধবা জীবন অভিবাহিত করিতে লাগিলেন।

শচীদেবী একদে একদণ্ড নিমাইকে না দেখিলে, জগং শৃক্ত দেখেন। পূর্বে পঁচি জনের জ্ঞান্ত সংসার কার্য্যে বাপে ছ থাকিতেন, একদণে যাহা কিছু কার্যা, সকলই নিমাইরের জ্ঞা। শ্রনে, উপবেশনে, সর্বনাই নিমাইরের চিন্তা। শ্চীদেবী এই-রূপে নিমাইগভ্রপাণা হইকেন।

ভগবানের শীলাই এইরূপ। তিনি ভতকে জনে জনেম সকল ছাড়াইয়া ভদগ্ত করিয়া শবেন।

"দালোক্য সান্তি নামীপ্য দারূপ্যৈকত্বমপুতে। দীয়মানং ন গৃহুন্তি বিনা মং সেবনং জনাঃ॥' শুমুদ্ধা:—

> "মি শ্রেষ বিজয়ে প্রভুক জিলাবিভার। দশর্থ বিজয়ে যেন হন রঘুবর ॥

कु नं वात शिरगोतहर खत्र व्याक्रवंग। অত এব রক্ষা হৈল আইর জীবন। ছঃখ বড এ সকল বিস্তার করিতে। ছু:খ হয় আ ভ এৰ ক হিল সংক্ষেপে॥ হেন মতে জননীর সঙ্গে গৌর হরি। আছেন নিগুড়কপে আপনা সম্বরি॥ পিতহীন বালক দেখিয়া শচী আই। সেই পুল সেবা বহি আরে কার্যা নাই ॥ मर ७० का स्मरथ यिन आहे रशीव ठता । মচ্ছাহয় আমাই চুই চকে হঞা আহল। প্রভ ও মাথেরে প্রীতি করে নিরস্কর। প্রব্রেধন ভালে বলি আখাস উত্তর। শুন মাতামনে কিছুনা চিন্তুছ তুমি। স্কল ভোনার কাছে যদি আছি আমি ॥ ব্রহা মঙেখরের গুরভি লোকে বলে। ভাগ আমি ভোষারে আনিয়া দিব হেলে॥ শচীও দেখিতে গোরচক্রের শ্রীমুধ। দেহ স্থৃতিমাত্র নাহি থাকে কি দে ত:খ। বার স্থৃতিমাত্রে সর্ব্ব পূর্ণ হয় কমি। দে প্রভূবাহার পুত্র রূপে বিদ্যমান ॥ ভাষার কেমতে ত্রথ রহিবে শরীরে। আনন স্বরূপ করিলেন জননীরে ॥''

পিতৃ বিয়োগ হইয়াছে, নিমাই এক্ষণে বাড়ীর কর্তা, কিন্তু আদার পূর্বের মতই আছে। এক দিবস আদার ধরিলেন, ''আমাকে ফুলের মালা, ভৈল, আমলকি, সুগন্ধি চন্দ্র ইত্যাদি এখনি আনিয়াদাও, আমি গঙ্গালান করিয়াগঙ্গাপুলাকরিব।" শ্চীৰেবী' আনিয়া দিতেছি', বলিয়া বাহিরে যাইলেন। কি & নিমাইয়ের আবার বিশ্ব সহিল না, কট চিতে ৰাটীর ডবা স্কল অপ্তর ক্রিতে আরম্ভ ক্রিণেন। জ্বরে ক্লস্, তৈল-ভাও, ঘত ভাও প্রভৃতি যাথা দেখিতে পাইলেন, সমুদর ভাঙ্গিয়া ফেলিলেন। অনবশেষে ভাহাতেও সৃত্ত না হুইয়া ধনায় গড়াগড়ী দিতে লাগিলেন, কিছকৰ পরে শচী দেবী বাজি আলিয়া দেখেন, নিমাই ধূলায় শয়ন করিয়া নিজা ঘাইতেছেন। বুঝিলেন নিমাই রাগ করিয়াছেন। অনেক ভাকাডাকি কবিলে নিমাই উঠিলেন এবং কিছু লজ্জিতভাবে জননীর নিকট ২ইতে প্রার্থিত জব্যাদি গ্রহণ করিয়া গ্রামানে গমন করিলেন। শ্রীদেবী নিমাইয়ের ক্রন্ত ভ্রাদি অপ্র দেখিয়া তথন আৰু কিছুই বলিলেন না। সঙ্গামান ও পুজাদি সমাপ্ত হইলে নিমাই বাটী খাসিয়া দেখিলেন, অন্নব্যঞ্জন স্মুদ্য প্রস্ত হর্মাছে। অন্তর ভ্লদীকে জল্পেক্ করিয়া ভোজনে বসিলেন। ভোজনাথে শ্রীদেবী তামূল আনিয়া দিলেন। নিমাই তামুল চক্রণ কবিশেছেন, তথন সময় পাইয়া শচীদেবী বলিলেন, "বাবা নিমাত । ভূমি রাগ করিও না, কিন্তু দেখ দেখি, এই যে সমুদ্য দ্ৰবা নষ্ট কৰিলে, ইহাতে কাহার ক্ষতি হইল প বাটীতে যাহা কিছু আছে, সমূৰ্দ্ধই তোষার। তোমার ক্রব্য তুমি অপচয় করিলে, ভাষাতে আহার কি ক্ষতি হইবে ? ভূমি ত

এখনি পড়িতে বাইবে, কিন্তু কলা যে কি আহার করিবে তাহার সংস্থান ঘরে কিছুট রহিল না।''

নিমাই জননীর মিষ্ট ভং সনা শুনিয়া হাসিতে হা সিতে 'মা ! তুমি কোন চিন্তা করিওনা, কৃষ্ণই সকলকে পোষণ করিয়া থাকেন, যাহা কৃষ্ণের ইছো, তাহাই !হইবে।" এই বলিয়া পুঁথি হতে পড়িতে চলিলেন। পাঠ সাঙ্গ করিয়া সদ্যার পর বাটী আসিয়া নিমাই জননীকে নিড়তে ডাকিলেন, এবং উহোর হতে ছই তোলা স্বর্ণ দিয়া বলিলেন, "এই স্থবণ বিক্রম করিয়া আবেগুক দ্বায়ানি ক্রম কর।"

নিমাই মধ্যে মধ্যে ঐজপ স্থবর্ণ আনিয়া তদ্বারা জননীকে সংসার ধরচ নির্কাহ করিতে বলিতেন। তাহার এই অলৌ কিক কার্য্য দেখিয়া শচী দেবীর মনে সময়ে সময়ে ভয়ের উদ্রেক হইত। তিনি ভাবিতেন, ''সংসাবে অর্থের অপ্পত্রণ হুইলেই নিমাই স্থবর্ণ আনিয়া দেয়। তবে কি নিমাই কোন প্রকার সিদ্ধিলাভ করিয়াছে ? না কাহার নিকট কজ্জ করিয়া আনিতেছে ? অথবা অন্ত কোন উপায়ে আনিতেছে ? '' মহাই হুউক, নিমাইকে কিন্তু কোন কথা জিজ্ঞানা করিতে তিনি সাহস্ব করিলেন না।

শ্চীদেবীর আর সংসারের কোন চিছা নাই, নিমাই সন্দয় ভার লইয়াছেন। নিমাইয়েরও সংসার বলিয়া কোন চিন্তা নাই, এবং চিন্তা করিবার সময়ও নাই। বিদ্যার্থ বিভোর হইয়া আছেন। কিবা দিবা, কিবা রাত্রি, শাস্ত্র আলোচনা ব্যতীত নিমাইয়ের অপর কোন কার্য্যই ছিল না।

व्यष्टेम शतिराक्ष्म ममाश्च ।

## নবম পরিচ্ছের।

ক্রমে নিমাই যোজশ বংসর বয়দে পদার্পণ করিলেন।

একে পরম ফুলর রূপ, ভাহাতে যৌবনে পদার্পণ করিয়াছেন,
অপরূপ ভ্রনমোহন রূপে জগৎ মোহিত করিতে লাগিলেন।
একণে তিনি আর ছাত্র নহেন, স্বয়ং অধ্যাপক হইয়া ছাত্রদিগকে শিক্ষা দান করিতেছেন। দ্রবর্ত্তী স্থান হইতে ছাত্র
সকল বিদ্যার্থী হইয়া তাঁহার নিকট আসিতে লাগিল। ক্রমে
ছাত্র সংখ্যা এত বেশী হইয়া উঠিল বে, সকলের থাকিবার
স্থান দেওয়া সয়ট হইয়া পড়িল। অতি অয় দিনের মধ্যেই
নবদীপের মধ্যে একজন প্রধান স্বাপ্রাপক বলিয়া বিখ্যাত
হইলেন। মুকুলের একখানি বড় চঞ্জীমগুপ ছিল, নিমাই
সেই রানে ছাত্রদিগকে শিক্ষা দিতেন। অসংখ্য ছাত্র ভাঁহাকে
বেষ্টন করিয়া থাকিত এবং তিনি মধ্যত্বে বেগপাট ছাঁনে বস্ত্র
বয়ন করিয়া বীরাসনে উপবেশন করিতেন।

নিমাই বিদ্যারসে বিভোর হইয়া আছেন, অপর কোন চিন্তাই নাই শতী দেবী পুত্রের বিবাহের বয়স হইয়াছে দেবিয়া মনে মনে চিন্তা করিতে লাগিলেন যে কত দিনে ভগবান নিমাইয়ের যোগ্য একটী বধু মিলাইয়া দিবেন।

বল্লভ আচার্য্য, নবদ্বীপেই নিবাস, তাঁহার লক্ষ্মী নামে একটা পরমাস্থলরী কন্তা ছিল। লক্ষ্মীর নামটি বেরপ, তিনি রূপে গুণেও তত্রপ ছিলেন। স্বরং লক্ষ্মীই লক্ষ্মীরূপে অবতীর্ণা। লক্ষ্মী এক দিবস গ্রসাধানে গিয়াছিলেন, দৈববোগে নিমাইব্যের সহিত সাক্ষাৎ হইল। উভয়ের নয়নে নয়নে মিলন হইলে কেহই আরে নেত্র ফিরাইতে পারিলেন না। কলপ্র সময় পাইয়াছেন, ছাড়িবেন কেন ? আপন কর্ত্তর কর্মে ক্রেটি করা কাহারই উচিত নহে, মতরাং সম্পর্ক বিরুদ্ধ হইলেও মদন আপন অধিকারে মদন-মোহনকে পাইয়া ছাড়িলেন না। উভয়ের মন উভয়ে জানিলেন, নিমাই একটু মৃত্হান্ত করিলেন। লক্ষ্মী দেবীরও বিধাধরে বিত রেথা প্রকাশ পাইল। পরিশেষে উভয়ে নিজ নিজ গৃহে গ্রমন করিলেন।

ক দিবদ অপরাক্তে বন্দালী আচার্য্য শচী দেবীর সহিত্ত সাক্ষাথ করিতে ঘাইলেন। বন্দালী আচার্য্যের নিবাস নবলীপে, তিনি বলভ আচার্য্যের একজন স্থকং। শচী দেবীর সহিত্ত সাক্ষাথ করিয়া বলিলেন যে, "বলভ আচার্য্যের একটী পরম রপবতী কন্তা আছে, যদি আপনি ইচ্ছা করেন, তাহা হইলে আমি আপনার পুত্র নিমাইলের সহিত্ত বিবাহের যোজনা করি।" শচী দেবী নিমাইলের মত না জানিয়া স্থিরতাব কোন কথা কহিতে পারেন না, স্ত্রাং অন্ত প্রকার কথাবার্ত্তা কহিমা বন্দালী আচার্য্যকে বিদায় করিলেন।

বনমালী আচার্য্য বাটী কিরিয়া যাইতেছিলেন, দৈবযোগে পথিমধ্যে নিমাইয়ের সহিত সাক্ষাং হইল। নিমাই, আচার্যাকে দেধিয়া জিজ্ঞাসা করিলেন, ''আপনি কোথায় গিয়াছিলেন ?'' বনমালী আচার্য্য হুযোগ পাইয়া আছুপ্রিকি সম্দায় কথা ব্যক্ত করিয়া বলিলেন। নিমাই কোন উত্তর প্রদান করিলেন না, সহাত্য বদনে তাঁহাকে স্ভাষণ করিয়া বাটী আগমন করিলেন।

নিমাই বাটী আসিয়া মাতাকে ডাকিয়া বলিলেন, "মা!

বনমালী আচার্য্য আমাদের বাড়ী আসিরাছিলেন; কিন্তু জুমি তাঁহাকে আদর যত্র কর নাই কেন ?'' পুত্রের ইঙ্কিত পাইয়া তৎপরদিবস শতী দেবী বনমালী আচার্য্যকে ডাকাইয়া আনিলেন এবং অতি যত্রপূর্ব্ধক বসাইয়া নিমাইরের বিবাহের কথা উত্থাপন করিলেন। শতী দেবী বলিলেন, 'নিমাই এক্ষণে বড় হইয়াছে; স্কৃতরাং তাহার অনভিমতে কোন কথা বলা আমার কর্ত্তব্য নহে, এইজ্লু গতকল্য আমি আপনাকে তর্মা ক্রিয়া কোন উত্তর দিতে পারি নাই। যাহা হউক, এক্ষণে আপনি যত শীঘ হয়, বিবাহ তির করন।'

বন্দালী আচার্য্য সেই নিন্ট ব্রভ আচার্য্যের বারী যাইয়া
বিবাহের সম্বন্ধ ছির করিয়া শটী দেবীকে সংবাদ প্রেরণ
করিলেন। শচী দেবী প্রতিবেশী দুকলকে নিমাইরের বিবাহের
কথা বলিবামাত্র উহোরা এক বাকো বলিবা উঠিলেন, "বত
শিল্ল হল্ল ভভকত্ম সম্পন্ন করিয়া কেল্ন।কিছু চিন্তাকরিবেন না,
বাহা কিছু আল্লোজন করিতে হল্ল, সমুদ্র আমলাই করিয়া
দিব।" উহোদিপের আগ্লাস বাকো শচী দেবী বিবাহের
দিন ছির করিয়া আল্লোজন আল্লাভ করিলেন।

জনে জ ম ৬৬ দিন আসিয়া উপস্থিত হইল। নিমাই বিবাহের দিবদ প্রাতঃকালে গঞ্জালান করিয়া পিতৃকার্য্য সমুদ্র সম্পন্ন করিলেন। বাড়াতে লোক ধরে না। আত্মীয় বজুলল আনন্দ কবিতেভেন, স্ত্রাগল মঞ্চল কার্য্যাদি সম্পন্ন করিতেভেন, নৃত্য গীত বাদ্যে চারিদিক উৎসবমন্ন হইয়াছে। শচী দেবী মিষ্টবাক্যে সকলকেই বলিতেভেন, ''ভোমরা আশীর্কাদ কর, আমার নিমাই যেন দীর্মজীবী হইয়া পুত্র পৌত্রাদি সম্পন্ন হয়।'' জানদের দিন কোথা দিয়া অতিবাহিত হইয়া যায়, তাহার ঠিক পাওয়া যায় না। শচী দেবীর ভবনেও সে দিবস দেখিতে দেখিতে শেষ হইয়া আসিল। দিবাবসানে নিমাই পুনরায় সান করিয়া বিবাহোচিত সভা করিতে লাগিলেন।

গৌরাঙ্গের বিবাহ সজ্জা শীলোচন দাস কিরুপ মধুর তাবে বর্ণন করিয়াছেন দেখুন!

> ''ञ्चान मान कार्या किन एव छिन छेठिछ। দেবপূজা মিত্রপূজা করিল বিহিত॥ नानिमूथ आक देकन रव हिन विशास । পূর্ব্ব সম্পূর্ণ ভোজা ত্রাহ্মণে দিল দানে ॥ নর্তকেরে দিল দ্রব্য আর ভগগণে। সভারে সম্ভোষ কৈল নানা দ্রব্য দানে॥ দ্রব্যকে অধিক মানে মধুর বচনে। দেখিয়া যুড়ায় হিয়া চক্রিম বদনে ॥ প্রবোধ করিল যার সেই অনুমান। বিবাহ উচিত প্রভু কৈল পুনঃ মান ॥ নাপিতে নাপিত ক্রিয়া কৈল সেইকালে। শ্রীষদ মার্জনা করে কুলবর মিলে। পরশে অবশ কম্প হইল সভার। গদগদ বচনে নয়নে জলধার। হেরইতে প্রমুখ কি ভাব উঠিল। শ্রীঅঙ্গ পর্শে সবে অবশ হইল ॥ কেছ কেছ বাল ধরি অবশ হইয়া। কেছ রহে উম্বর্জন প্রীক্ষকে লেপিয়া।

কেহ বুকে পদযুগ ধরিয়া আননেদ।
ভূজলতা বেড়িয়া রাখিল পরবদ্ধে॥
কেহ চিত্তাপিত হঞা নেহারে গৌরাঙ্গে।
কেহ জল দেই শিরে মদন তরঙ্গে॥
উন্মন্ত হইয়া বত হাদে মনে মন।
সতীহ নাশিল হেরি গৌরাঙ্গ বদন॥
নানাবিধ বাদ্য বাজে সুমঙ্গল ধ্বনি।
চারিদিকে হলাহলি জয় জয় শুনি॥
অভিষেক কৈল প্রভু স্থরনদী জলে।
দেখি সর্জন ভাদে আনন্দ হিলোলে॥
স্থান স্মাধিয়া প্রভু ব্সিলা আসনে।
বেভিল নারীগণ শচীর নন্দনে॥

\* +

গদ্ধ চলনে অক্স করিল লেপন।
লগাটে তিলক যেন টাদের কিরপ্র
মকর কুণ্ডল গণ্ডে করে ঝলমল।
মুক্তার হার শোভে জদ্য উপর॥
কাজোরে উজর তারা কমল নয়ন।
জ্বাধ্যুগ্ যেন কামের কামান॥
অক্সদ কক্ষণ দিব্য রতন অকুরী।
ঝলমল দিব্য তেজ চাহিতে না পারি॥
দিব্য মালা প্রিধান রক্তপ্রান্ত বাদ।
গান্ধে মোহ্-মোহ্ করে অক্সের বাতাদ॥

স্থবর্ণ দর্পণ করে ষেন পূর্ণচক্র। হেরিয়া লোকের হিয়া না হয় স্বতন্ত্র॥ ব্ধগণ বিকল হইল রূপ দেখি। মনোহরি নিল না নেওটে করি আঁথি । অস্তির নাগরীগণ শিথিল বসন। মথিল ভুজঙ্গকুল থগেক্ত ধেমন॥ চিত্ররি লুইল সভার এক কালে। মনোমীন ধরিয়া রাখিল রূপ জালে ॥ হরিণীনয়নীগণ গোরাক দেখিয়া। চলিতে না পারে সে ধরিতে নারে হিয়া॥ ভরভন্ধী আকর্ষণে রন্ধিণীরগণ। তুলামান হানয় ক্রুয়ে অনুক্ষণ 🛭 দে মাবরী হাস্ত বার পশিল হিরায়। মর্মে মরিল ভাহ, মদন বাথার ॥ সে ভজ বিহাস বস পরশ লাগিথা। মানিনীর মান মগা বলে লকাইয়া ল'

€ 25: €:-

এদিকে বলত আচাগোর বড়োতেও আনকের সীমা নাই।
শৃথ্য ও নাণাবিধ বালোর শক্তে চারিদিক পরিপূর্ণ। জীগণ
মঙ্গলধ্বনি করিতেছেন। কুলবর্গণ অতি বল্লের স্থিত বেশ বিভাগে করিতেছেন। কেই কেই মনের মত ক্রিয়া লক্ষ্মী দেবীকে সাজাইতেছেন। ধকলেই কোন না কোন কার্যো ব্যস্তা বল্লভ আচার্য্য বর্গভা স্ক্সীভূত ক্রিয়া স্ক্রন্বর্গের সহিত বরপক্ষের আগগমন প্রতীকা করিতেছিলেন, এমন সময় সংবাদ আসিল যে, বর আসিতেছেন।

নদীয়ার নারীগণ বর দেখিবার জ্বন্ত বৃত্ত ইইয়া সজ্জা করিতেছেন। যথা শ্রীচৈত্তা মঙ্গলে:—

> "নানা বেশ কর, পাট সাড়ী পর, কাজর দেহনা নয়নে।

> শ্রীবিশ্বস্থর, সাজি সর্বাদ্র,

বিবাহে করিল পয়ানে॥

এহার কেয়ুর. কন্ধণ কিন্ধিণ,

মুপুর পরহ ঝটিরে।

অলকানিকটে, দিন্র নিকটে,

চলন বি<del>লু</del> তারু হোটরে॥

ভায়ূল অধরে, আরে বাম করে, লীলায়ে ঢুলি চলি যাহরে।

দেথ বিশ্বস্থুর, যেন পাঁচ শর,

জানি মন কলা থাহরে ৷

जानि मन क्या परिदर्भ

তামূল চকানে, হাজ আনাপনে,

কুৰু দশন বিকাশি।

বানুলি অধরে, দশন মধুকরে,

পাশে মধুলোভে বসি॥

নাগরী সারি মারি, চলিলা কুতুহলী,

মরাল গমন স্থঠাম।

নাজানি কোন্বিধি, গড়িল মন সিধি,

আপন বৈদ্ধি জান ॥''

গোধুলি লগ্নে কন্তাসম্প্রদান হইবে, স্থতরাং সকলে পৌছিবানাত্র আর বিলম্ব না করিয়া বল্লভ আচার্য্য নিমাইকে নির্দিষ্ট স্থলে লইয়া গেলেন। জ্রীগণের মধ্যে বাঁহারা কথনও নিমাইকে দেখেন নাই, তাঁহারা বরের অলোকসামান্ত ভ্বনমোহন রূপের নানা প্রকার ব্যাথাা করিতে আরম্ভ করিলেন। কেহ কেহ বলিতে লাগিলেন যে, অনেক স্কল্বর পুক্র দেখিয়াছি; কিন্তু নিমাইয়ের মতন মধুর রূপ কথন দেখি নাই। কোন কোন রমণী বলিলেন, এরূপ সর্কাঙ্গ স্কল্ব মোহন মূর্ত্তি মনুষ্যের হওয়া অসম্ভব। আমরা শুনিয়াছি, কোন দেবতা বা মহাপুরুষ শচীর পুত্ররূপে জন্ম গ্রহণ করিয়াছেন। যাহাইউক, আমাদিগের লক্ষ্মী যেরূপ রূপবতী ও শুণবতী; বরটিও সেই মত ছইয়াছে।

কন্তা বিবাংস্থলে আনীতা ইইলে, বল্লভ আচার্য্য সকলের অনুমতি লইয়া প্রাণপ্রতিমা ছহিতাকে পাত্রস্থ করিলেন। স্ত্রীগণ হলু হলু ধ্বনি করিতে লাগিলেন। চারিদিক ইইতে নানাবিধ বাদ্য বাজিয়া উঠিল। সকলেই বর এবং ক্রাকে বেউন করিয়া পুষ্প রৃষ্টি করিতে লাগিলেন। লক্ষী দেবী নিমাইয়ের বামে বদিলে যে কি অপুর্ব শোভা ইইয়াছিল, তাহা ঠাকুর বুলাবন দায়ে বর্ণন করিয়াছেন। যথা;—

"হরিদ্ধনি সর্বলোকে লাগিলা করিতে।
তুলিলেন দবে লক্ষী পৃথিবী হইতে॥
তবে লক্ষী প্রদক্ষিণ করি সপ্তবার।
বোড় হত্তে রহিলেন করি নমস্কার॥
তবে শেষে হৈল পুত্রমালা ফেলাফেলি।
লক্ষী নারায়ণ দোঁহে মহা কুতুহলী॥

দিব্য মালা দিয়া লক্ষী প্রভুষ চরণে।
নমস্থার করিলেন আয়া সমর্পণে॥
সর্ক্ষিকে মহা জয় জয় হরিপ্রনি।
উঠিল পরমানন্দ আর নাহি শুনি॥
হেন মতে শ্রীমুখ চন্দ্রিকারি রদে।
বিদিলেন প্রভু লক্ষ্মী করি বাম পাশে॥
প্রথম বয়প প্রভু জিনিয়া মদন।
বাম পাশে লক্ষ্মী বদিলেন সেইক্ষণ॥
কি শোভা কি স্কুখ সে হইল নিঞা ঘরে।
কৈ শোভা কি স্কুখ সে হইল নিঞা ঘরে।

খ্রীটেঃ ভাঃ--

বিবাহ জিয়া শেষ হইলে, বর কন্তা সেই রাত্রি বাসর ঘরে অতিবাহিত করিলেন। বরকন্তা বাসর ঘরে মাইলে শত শত কামিনী আবিয়া তাহাদিগকে বেইন করিয়া বিদিলেন। বাসর ঘরে ত্রীলোকের স্থানীনতা চিরকালই সমান। বর বধু লইয়া সকলে নানাবিধ আমোদ করিতে লাগিলেন। কেই নিমাইরের হত্তে তাছূল দিয়া বলিলেন. ''ইহা লগ্রীর মুধে দাও '' কেই বলিলেন, 'লক্ষীকে তমি জোড়ে করিয়া বইস, আমারা দেখিতে ইচ্ছা করি।'' নিমাই কুলবালাগণের ইচ্ছা মতে সকলই সম্পন্ন করিলেন বটে: কিন্তু তাহাদিগকে পরিত্পু করিতে সমর্থ হইলেন না! অবলাগণ সরল চিত্তে বরের সহিত বিজ্ঞাপ করিতেছিলেন, তাহারা জানিতেন না যে, এই বর মদন-মোহন। মন্মথের মন্ত্রথ স্বন্ধ প্রীপোরাক্ষের অপরূপ রূপ,

মাধুর্ঘে তাঁহারা সকলেই মোহিতা হইলেন। কুলবধ্গণের কুল-ধর্মের প্রতি আর লক্ষ্য রহিল না। কেহ গৌরাঙ্গের অঙ্গ শর্পার্শ করিবামাত্র বিহল হইয়া তাঁহার গাত্রে গাত্র সংলম্ম করিয়া দিলেন। কেহ বা অনিমিধ নয়নে তাঁহার বদন প্রতি চাহিয়া রহিলেন। কেহ মদন দহনে দহমানা হইতে লাগিলেন। কেহ অনক্ষ শরে বিদ্ধ হইয়া গৌরাঙ্গের ক্রোড়ে ঢলিয়া পড়িলেন। কোন কামিনীর নাবি-বন্ধ শিথিল হইয়াছে দেথিয়া, অভ কামিনী হাভ করিতেছিলেন, ইতিমধ্যে গৌরাঙ্গ কটাক্ষমের বাবে বিদ্ধ হইয়া তিনিই আবার আয়হারা হইলেন। জীগণের মধ্যে ঘাহারা একটু দ্বে বিদ্মাছিলেন, তাহারও গৌরাঙ্গের অঙ্গ সৌরভে অনজের বশীভূত হইয়া পড়িলেন। এইয়পে সেই ভত রজনী প্রভাত হইলে বাসর ভঙ্গ করিয়া নিমাই বাহিরে ঘাইলেন, কুলকামিনীগণ্ও লজ্জাবনত মুথে আপন আপন আল্রে প্রহান করিলেন।

দিবাবসানে নিমাটনব বধু লইরা আপেন গুছে আসিতে-ছেন। ঠাকুর বুলাবন দাস উহা বর্ণন করিয়াছেন। যথা;—

পলজীর সহিত প্রভু চড়িয়া দোলায়।
আইসেন দেখিতে সকল লোক ধার ॥
গদ্ধ মাল্য অলঙ্কার মৃক্ট চন্দন।
কজ্লে উজ্জল এই লক্ষ্মী নারায়ণ॥
সম্প্রোক দেখি মাত্র ধন্ত ধন্ত বলে।
বিশ্যেষ স্ত্রীগণ অতি পড়িলেন ভোলে॥
কত্রকাল এর। ভাগ্যবতী হ্রগোরী।
নির্পটে সেবিলেন কত ভক্তি করি॥

অৱ ভাগ্যে ক্সার কি হেন স্বামী মিলে। এই হরগোরী হেন বুঝি কেহ বলে॥ কেহ বলে ইক্র শচী রতি বামদন। কোন নারী বলে এই লক্ষ্মী নারায়ণ।। কোন নারীগণ বলে যেন সীভারাম। দোলাপরি শোভিয়াছে অতি অফুপম। এই মত নানারপ বলে নারীগণে। **७** छ पृष्टि मृद्य (मृद्ध निक्की नांतांग्रण ॥ হেন মতে নৃত্য গীতে বাদ্য কোলাহলে। নিজ গৃহে প্রভু আইলেন সন্ধ্যাকালে॥ ভবে শচী দেবী বিপ্র পদীগণ লঞা। পুত্রবধ্ ঘরে আনিলেন হাই হঞা॥ ছিজ আদি যত কাতি নট বাজনীয়া। সবারে তুবিলা ধন বস্ত্র বাক্য দিয়া॥ যে শুনয়ে প্রভুর বিবাহ পুণ্য কথা। তাহার সংসার বন্ধ না হয় সক্ষা ॥''

बीरेहः जाः--

শচী দেবী পুত্রের বিবাহ দিয়া পরম আনন্দে দিন্যাপন করিতে লাগিলেনু। বেমন দোণার চাঁদ ছেলে, বধুও তেজপ ১ইগাছে। লক্ষীর আগমনে শচী ভবন নিতা নব নব ভাব ধারণ করিতে লাগিল। গৃহে আর অর কটনাই, কোন দ্বোরই অভাব হয় না। শচী দেবী সর্ক্লাই পল্লগন্ধ অফুভব করেন; কিন্তুকোন কারণ দ্বির ক্রিতে পারেন না। ক্রমে বুর্ণিতে পারিলেন বে, তাঁহার বধুর আল হইতে গল্লগন্ধ নির্প্ত হইয় থাকে। যাহা হউক, ঐ পরম গুপ্তকথা শচী দেবী
অপর কাহার নিকটে প্রকাশ করিলেন না। নিমাই পূর্বের
ভার বিদ্যারসেই উন্মন্ত আছেন। ভক্তবৃন্দ তাঁহাকে দেখিয়
কখন কখন বলিতেন, "প্রহে নিমাই প্রিত! আর বিদ্যার
ভোলে কতদিন রুধা কাটাইবে ?" নিমাই নম্রভাবে উত্তর
করিতেন, "আপনাদের রুপা হইলে স্কলি হইতে পারে।
আপনারা যে আমাকে উপদেশ দিতেছেন, ইহাই আমার পরম
সৌভাগ্য।"

শী ম দৈতের ভবনই ভকর্নের জ্ড়াইবার স্থান। বৈকালে সকলে তথার মিলিত হইরা ক্ষণ্ডণ গান করেন, কথন বা ভক্তি শার পাঠ করেন। কৃষ্ণঙণ গানে মুক্লের বড় প্রীতি। তাঁহার গীত প্রবণ করিয়া সকলেই মোহিত হয়েন। নিমাইও মুক্লেকে বড় ভাল বাসেন। মুক্লকে দেখিলে কথাবার্তা না কহিয়া ছাড়েন না। সমর সময় উভরে শারের তর্কও হয়য় থাকে।

শ্রীবাদ পণ্ডিত প্রভৃতিকে দেখিলেও নিমাই সংজে ছাড়িগা দিতেন না। পাছে তিনি ''ফ'।িক'' জিজ্ঞাগা করেন, এই ভয়ে শ্রীবাদ মুকুন্দাদি দ্ব হইতে তাঁহাকে দেখিতে পাইলেই অক্তপথ দিয়া প্লায়ন করিতেন।

এক দিবদ নিমাই পথে বাইতে বাইতে দেখিতে পাইলেন,
মুকুল গঞ্চালান করিতে বাইতেছেন। পরে মুকুল তাঁছাকে
বেমন দেখিতে পাইলেন, অমনি অক্ত পথে চলিয়া গেলেন।
নিমাই গোবিলকে জিজাদা করিলেন, "মুকুল আমাকে
দেখিয়া কিজন্ত প্লায়ন করিল বলিতে পার ?" গোবিল

বলিলেন ''তাহা আমি আমি না।'' নিমাই প্রত্যুত্র করিলেন, "তোমরা জান না, কিন্তু আমি উহাদের মনের ভাব
বুঝিরাছি। উহারা মনে করে বে, আমি কৃষ্ণ বহিন্দুঁব, অতএব আমার সহিত রুণা আলাপ করিবে না।'' অনন্তর হাদিরা
বলিলেন, "আমি যখন বৈঞ্চব হুইব, দেখিও তখন
উহারা কি, অজ্জভব, প্রান্ত আমার ছ্যাবে আসিরা উপস্থিত
হুইবেন।''

"প্রভু বলে আরে বেটা কতদিন থাক।
পলাইলে কোথা মোর এড়াইবে পাক॥
হাদি বলে প্রভু আরে পড় কতদিন।
তবে দে দেখিবে মোর বৈক্ষবের চিন্॥
এমন বৈক্ষব মূঞি হইমু সংসারে।
অল ভব আদিবেক আমার হয়রে।
ভন ভাই সব এই আমার বচন।
বৈক্ষব হইব মূঞি সর্কা বিলক্ষণ॥
আমারে দেখিয়া এবে যে সব পলায়।
তাহারাও যেন মোর গুণ কার্তি গার॥
এতেক বলিয়া প্রভু চলিলা হাদিতে।
ঘরে গেলা নিজ শিবাগণের সহিতেও।
এই মত রক্ষ করে বিশ্বস্তর রায়।
কে তারে জানিতে পারে যদি না জানার॥"
ভীটেচ: ভা:—

শী মৰ্বৈতের সভায় ভক্তগণ একতা হইয়া ভক্তিশাল্লপাঠ ও হরিনাম কীৰ্ত্তন করেন, ইহাতে নব্যীপ্রাসী কেহই সৃত্তই নহেন। রিশেষতঃ পণ্ডিত মণ্ডলীর উহা কিছুমাত্র ভাল লাগে না। তাঁহারা বলেন, "এমনত কথন তান নাই এবং কোগাও দৈখি নাই। লোকে আপন আপন ঘরে বসিয়া হরিনাম করে, ইহালিগের দেখিতেছি সকলই বাড়াবাড়ি। কতকণ্ডলা লোক একত্র হইয়া আমাদিগকে আলায়তন করিয়া ভূলিল। উহালিগের উৎকট চীৎকার শব্দে রাত্তিতে নিজা যাইতে পারি না। হরিনাম করিতে আবার কারাকাটি ত কোথাও তানি নাই।"

ভক্তগণ উক্ত প্রকার শ্লেষ বাক্য প্রবণ করিয়া বিমর্থ হালে, আইবভ প্রভু তাঁগদিগকে আখাস প্রদান করিয়া বলেন বে, "ভাই সকল ভোমরা কাতর হইও না। ভগবান্ অবশ্রই আমাদিগের ছঃধ বিমেণ্ডন করিবেন।"

"দকল বৈজ্ঞব মিলি অবৈতের স্থানে।
পাষ্থীর বচন করেন নিবেদনে॥
শুনিরা অবৈত হয় কদ অবতার।
দংহারিমু দব বলি কর্য়ে হঙ্কার ॥
আদিতেছে এই মোর প্রভু চক্রণর।
দেখিবা কি হয় এই নদীয়া ভিতর ॥
করাইমু কৃষ্ণ দর্অন ব্যান গোচর।
তবে দে অবৈত নাম ক্ষেত্র কিছুর॥
আবে দিন কত গিয়া থাক ভাই দব।
এথাই দেখিবা সব কৃষ্ণ অম্ভব॥" জীচৈ: ভা:—
নব্ম পরিছেদ স্মাপ্ত।



## দ্বিতীয় খণ্ড।

## প্রথম পরিচ্ছেদ।

**এই থণ্ডের প্রার**স্তে জীগোরাঙ্গের প্রধান প্রধান পার্বদ সম্বন্ধে ছই চাবিটি কথা বলিব।

প্রীন্ধরত আচাষ্ প্রভূর প্রিচুয় পূর্বেই দেওগা হইগছে, এফণে স্বাহে শ্রীনিত্যানক প্রভূব সহয়ে কিছুবলিডেছি।

জীনিত্যানক প্রাভূ, জেলা ব্রম্পনের অভ্রেপত একচাকা প্রামে, মাঘ মাসের শুকুল এয়োদনী তিলিবোলে অবতীর্থ হয়েন। উটোর পিতা প্রীহাড়াই পড়িত ও মাতা দেবীপদ্মা-বতী। পিতা মাতা ''কুবের'' নাম রাখিয়া ছিলেন, পরে স্যাসে অংশ্রেম গুরুদের ''নিত্যানক' নাম রাখেন।

নিত্যানন প্রভু জন্মগ্রহণ করিলে রাচ দেশের দরিজ ভিক্ক আত্র সকলেবই ছংখ মোচন হইবাছিল। অনার্টি, অভিস্টি প্রভাই হলৈব ঘটনা না হওরায়, দেশে প্রচুর পরিমাণে শস্ত জ্ঞান, স্ভর্গং কাহারও পৃহে অর্ক্ট ইছিল না। অকাল-মৃত্যু-শোক লোকে একেবারে ভ্লিয়া গিয়াছিল। রাচের মরে ঘরে মঙ্গল ধ্বনি হইতে থাকিলে সকলে অনুমান করি- লেন, বুঝি বিধাতা ভদেশবাসীর প্রতি প্রসম হইরাছেন। প্রকৃতপক্ষেই প্রমদ্যাল নিত্যানন্দ রাচুদেশবাসীর জ্বং শোক সম্দল্প হর্ব। করিয়াছিলেন বলিখা, কাহাকেও কোন বিষ্যের ক্ষত্ত কোশ পাইতে হয় নাই;

নিত্যানন্দ বাল্যকাল হইতেই কৃষ্ণপ্রেমে মগ্ন। থেলার সময়ও কৃষ্ণনীলা অনুকরণ করিয়া থেলা করিতেন। সনবয়স্থ বালকগণ তাঁহার অলৌকিক মধুর ভাবে মুগ্ন হইয়া দক্ষ বিষয়েই তাঁহার অনুসরণ করিতেন।

নিত্যানল কোনদিন বালকদিগকে সইয়া বস্থানে ও দেবকীর বিবাহ অভিনয় করিছেন। কোন দিন আফুজের জন্ম নহোংস্ব করিছেন। কোন দিন বা প্তনা বধ লীলা করিছেন। এই কপ প্রভাহ কোন একটি ক্ষলীলা অনুকরণ করিয়া খেলা করিছেন। এত অল্লয়স্থ বালক এই কপ ক্ষেলীলা। কেবল ভাবিয়া সকলে বিশ্বিত হইতেন।

নিত্যানদের বধন হাদশ বংসর বয়ঃক্রম, সেই সময়
এক দিবস একজন সয়্যাসী আসিয়া উচ্চাদের বাড়ীতে
অতিথি ইইলেন। অতিথির তেজঃপুঞ্জলেবর এবং প্রেমপূর্ণ
ভাব দর্শনে সকলেই বিমোহিত ইইয়া আয়ৢরিক ভক্তির সহিত
উচ্চাকে অভার্থনা করিলেন। রুঞ্জক হাড়াইপঞ্জিত,
দেবোপম সয়্যাসীকে অতিথি পাইয়া কৃতার্থ ইইলেন, এবং
প্রোপশ বয়ে য়য়ৼ উচ্চার সেবা কার্যে নিযুক্ত ইইলেন।
নিত্যানন্দ, য়য়াদী বড় ভাল বাসিতেন, পণে কোন সয়্যাদীকে
দেবিতে গাইলে তাঁহার পশ্চাৎ পশ্চাৎ প্যন করিতেন এবং
নানাবিধ কথাবাঠা জিল্লানা ক্রিতেন। একলে আপ্নার

বাডীতে অপ্রপ এক স্মাসী দেখিতে পাইয়া ঠাহার আননেকর সীমারহিল না।

এইরপ প্রবাদ যে উক্ত সন্নাদী অপের কেচ নহেন, গৌরা-প্রার বিশ্বরূপ। বাহা হউক, ঐ সন্নাদীই নিভ্যানন্দকে তীর্থ-প্র্যান উদ্দেশে বাটা হইতে লইয়া বান। চাড়াই পণ্ডিত সন্নাদী কর্তৃক প্রাথিত হইয়া অনিচ্ছা সত্ত্বেও প্রাণের অধিক প্রকে তীর্থ অন্নে অনুসতি প্রদান করেন।

নিত্যানল ভীর্থ প্র্যাটনে বহির্গত হইয়া প্রথমে ব্রেক্সর তীর্থে গ্রন করেন। তৎপরে বৈল্যনাথ, তথা হইতে কাশী। পরে মাধা মাদে প্রবাণ তীর্থে উপস্থিত হইয়া তথায় একমাস বাস করেন। তথায় র মধ্রা ও প্রীকুলাবন দর্শন করিয়া হরিনাপ্র গ্রন করেন। তথা হইতে হারকা যাত্রা করেন। তথা হইতে হারকা যাত্রা করেন। তথা হইতে দিশন করিয়া প্রভাগ তীর্থে গ্রন করেন। তথা হইতে বিশালাবেরনী, রক্ষতীর্থ, চক্রতীর্থ, প্রাচী সর্মতী প্রভৃতি দশন করিয়া বৈষ্কারণ উপস্থিত হইলেন। তথায় ব্রহ্মা প্রহান করিয়া প্রহ্ম তথালের আল্রমে গ্রন করিয়া প্রহ্ম চগ্রনের মাধ্র মিত্রথা অবন করিলেন। প্রীরামন্ত্রের সহিত গুলকের মধ্র মিত্রথা অবন হব্রমাত্রে নিত্যান্ত্রের স্থিত করিয়াছিলেন। প্রবৃত্তি করিয়াছিলেন।

নিত্যানদ গুহক আশ্ম হইতে অভ্যস্ত অনেক তীর্থস্থান দর্শন করিয়া মহেন্দ্র পর্কতে গ্রমন করিলেন। তথার পর্কতোপরি প্রস্তুরামকে বন্দনা করিয়া হরিহার যাত্রা করিলেন। তথার ভাগীরখী-স্থিতিক অবগাংন করিয়া ক্রমে ক্রমে পদ্পা, স্প্তা- গোদাবরী, বেগুতীর্থ, প্রভৃতি দর্শন করিলা আপর্বতে উপনীত হটলেন।

শ্রীপর্বত অতি শ্রেষ্ঠ ভীর্ষ। তথার হরণার্ক্তী সর্বাদা বিরাজ করেন। নিত্যানন্দ তাঁহাদিগকে বন্দনা করিয়া দক্ষিণ দেশে যাত্রা করিলেন। দক্ষিণ ভারতে আসিয়া প্রথমে শেষ্টনাথ দশ্ন করিলেন। তথপরে শ্রিংক্ষনাথ দেখিয়া ঋষভ পর্বতে উপস্থিত ইইলেন। তথা ইইতে কৃত্যালা, ভাষ্যপাণী, আগন্ত্য আশ্রেম প্রভৃতি দশ্ন করিয়া কন্তবা নগরে যাইয়া ত্র্গাদেবীকে বন্দনা করিলেন। অনন্তর পঞ্চাপর তীর্থ দেখিয়া গোকর্ণাপ্য শিবের মন্দিরে উপস্থিত ইইলেন। তথার দেবাদিদেবকে পূজা কবিলা কৈপায়নী ভীর্থে গ্রমন করিলেন। তথা ইইতে অন্তান্ত প্রিক্র আছেন। পাঞ্পুরে বিঠ্ঠল ঠাকুর আছেন। প্রশিক্ষারারণ্য (বিশ্রক্প), এই স্থানে আপ্র শক্তি, নিত্যানন্দ প্রভৃত্ব শ্রিক্র পুরীতে রংখিয়া, অপ্রকট হয়েন।

"ঐ গোরাদের কাগ্রছ আনি বিশ্বরূপ সভি।
দার পরিগ্রহ নাতি কৈল হৈত্ব যতি ॥
শ্রিমান্ দ্বির প্রীতে নিজের শক্তি।
ক্ষাপি তিরোধান কৈলা প্রচারিয়া ভলি ॥
নিত্যানক প্রভু এক শক্তি স্কারিয়া।
ভক্তগ্য মধ্যে তেজাপুঞ্জ রূপ হৈলা ॥"

নিত্যানক বিঠ্ঠন দেবকে প্রথাম করিছা পুনরায় তীর্থ প্রাটনে বাহির হইলেন। একাণে তিনি ক্লাপ্রেমে উল্লভ

2 - mile |--

প্রায় হইরা যদৃচ্ছা ভ্রমণ করিতে লাগিলেন। কথন হাত করেন, কথন ক্রন্দন করেন, কথন বা আংগন মনে কত কিছু বলেন।

> কচিদ্রুদন্তাচ্যুতচিন্তরা কচিদ্ধ সন্তি নন্দন্তি বদন্ত্যলোকিকাম্। নৃত্যন্তি গায়ন্ত্যনুশীলয়ন্ত্যজং ব্রজন্তি তুষ্টিং পরমার্তি নির্বনৃতাঃ॥

এই ভাবে চলিভেছেন, ইভিমধ্যে দৈববোগে এক দিবস জীমাধ্যেক্স পুরীর সহিত দাক্ষাং হইল।

মাধবেক পুরী, ছয়তক, প্রেমের মহাজন। যিনি তাঁহাকে কেবল একবার মাত দেখিরাছেন, তিনিও ক্লপ্রেম লাতে কহার্থ হইরাছেন। তাঁহার দেহ ক্লপ্রেমে গঠিত ছিল। জীনকাল্লাচার্য্যের পরে মাধবেক্ত হইডেই ভারতে ক্লপ্রেমের প্রোভ প্রবাহিত হয়। মাধবেক্ত স্ক্লিপের আকর এবং প্রেমকল্লহক। তাঁহার স্পিগণ্ড প্রভাকে এক একটা প্রেমর মুর্হি।

নিত্যানক মাধবেক্সকে দেখিবা মাত্র প্রেমে অচেডন হইলেন এবং মাধবেক্সও উংহাকে দেখিরা বিহবল হইলো।
কিয়ংকাল পরে উভ্রে সংজ্ঞা লাভ করিরা পরস্পর প্রেমাণিঙ্গন
করিলেন। উভ্রের প্লকাশ্রু স্থোতে ধরা প্লাবিভ ইইছা গেল।
ক্রাধবেক্স নিজ্যানক্ষের গলা ধরিয়া ক্রন্সন করিতে লাগিলেন।
ক্রিয়প্থী প্রভৃতি মাধবেক্সর শিষ্যগণ্ড ক্রন্থবর্ণ করিয়া ক্র্

নিত্যানন্দ মাধবেক্রের সঙ্গ পাইয়া পরম প্রীতি লাভ করিলেন এবং উভরে একত্রে তীর্থ পর্যাটন করিতে লাগিলেন। সমভাবাপন্ন ব্যক্তিগণের একত্র অবস্থান যে কি সুথকর, তাগা উক্ত ভারুকগণই অভ্ভব করিয়াধাকেন। মাধবেক্র ও নিত্যানন্দ উভরে উভরকে পাইয়া যে কিরপ আনন্দভোগ করিলেন, তাহা তাঁহারাই জানেন।

''নি ভাবিক মহামত্র গোবিকের বর্গে। ঢ়লিয়া ঢ়লিয়া পড়ে অট অট হাসে॥ দোঁহার অদুদ ভাব দেখি শিষাগণ। निद्विध इति वनि कत्र कौईन ॥ রাত্রি দিন কেছ নাহি জানে তত্ত্বসে। কত কান যায় কেচ কৰণ নাচি বাসে॥ মাধ্বেল সঙ্গেষত হইল আংখানে। কে জানয়ে ভাষা কফচল সে প্রমাণ ॥ মাধ্বেল নিত্যানক ছাডিতে না পারে। নিবৰ্ধি নিভাবনন সংহতি বিহুৱে॥ মাধ্বেল বলে প্রেম না দেখিল কোণা। সেই মোর সর্জ ভীর্থ তেন প্রেম ধর্মা। জানিল রুফোর রুপা আছে আমার প্রতি। নিত্যানন হেন বন্ধু পাইতু সংহতি॥ বে সে স্থানে যদি নিভ্যানক সঙ্গ হয়। দেই স্থান সৰ্ব্ব তীৰ্থ বৈকৃষ্ঠাদি ময়॥ নিজ্যানন ছেন ভক্ত গুনিলে প্রবণে। व्यवश्र शहिरव क्रक्षात्व त्मरे करन ।

নিত্যানন্দে যাহার তিলেক ছেম রহে। ভক্ত হইলে**ও সে কৃষ্ণে**র প্রিন্ন নহে॥'' শ্রীচৈ: ভা:—

নিত্যানন্দ ও মাধবেক্ত অনেক দিন যাবৎ একতে তীর্থ জমণ করিয়া শরিশেষে মাধবেক্ত প্রয়োজন বশতঃ সরুষ্তীর্থে গমন করিলেন এবং নিত্যানন্দও বিধায় লইয়া সেতৃবক্ষে যাতা। করিলেন।

সেতৃবন্ধ হইতে নিতানিক বিজয়া গমন করিলেন। পরে অবস্থী ও গোলাবরী দর্শন করিয়া জিওড় নৃসিংহতীর্থে উপস্থিত হইলেন। তংপরে অস্তান্ত পবিত্র স্থান সমুদ্র দর্শন করিয়া পরিশেষে নীলাচলে উপনীত হইলেন। নীলাচল চন্দ্রে অপরপ রূপ দর্শনে তাহার মৃদ্র্গ হইল। নিতানিক নীলাচল হইতে পুনরায় মথুরার কিরিয়া আসিলেন এবং গৌবাসের প্রকৃট কাল প্রতীক্ষা করিয়া তথায় অব্বৃহিতি করিছে লাগিলেন।

''তৈভতের আদি ভক্ত নিতানিক রায়।
তৈততের রস বৈদে বাহার জিহ্বায় ॥
আহনিশ তৈততের কথা প্রভু কয়।
তাঁহারে ভজিলে দে তৈতত ভক্তি হয়॥
আদি দেব জয় জয় নিত্যানক রায়।
তৈতত মহিনা ক্রে বাঁহার কণায়॥
তৈতত কণায় হয় নিত্যানক রতি।
নিত্যানক জানিলে আপেদ বায় কতি॥

সংসাবের পার হঞা ভক্তির সার্গীরে। বে ডুবিবে সে ভজুক নিতাই চাঁদেরে॥" শ্রীকৈ: ভা:—

নিত্যানন্দ প্রভু সাক্ষাং ব্রজের বলাই। তাহা না হইদে ওরপ ক্ষণপ্রেম আর কাহাকেও সন্তবে কি ? শুকু স্থের চতু-ব্যাহ:—সহর্ষণ, বাসুদেব, প্রভার ও অনিরুদ্ধ। তর্মাধ্য আদিব্যাহ সহর্ষণ হইতেই এই চরাচর বিখের স্পৃষ্টিকার্য্য হইরা থাকে। বে সহর্ষণ পৃথিবীকে অনস্ত স্বরূপে ধারণ করিতেছেন, খিনি ব্রজের বলাই, রামাদি অবতার সকল বাহার অংশ কলা, ঘিনি বৈকুঠে শুঝ, চক্র, গ্লাপলুধারী নারারণ রূপে বিরাজ্মান, সেই স্ক্রিনির্ভা সহর্ষণই আমাদিগের প্রভু শ্রীনিত্যানন্দ।

> "সক্ষর্ণঃ কারণতোয়শায়ী গভোদশায়ী চ পরোকিশায়ী। শেবশ্চ যন্তাংশকলাঃ স নিত্যা-নন্দাখ্যরামঃ শরণং মমান্ত ॥" "মায়াতীতে ব্যাপি-বৈকুণ্ঠ-লোকে পূর্ণিশ্বর্যে শ্রীচতুর্গৃহমধ্যে। রূপং যন্তোন্তাতি সক্ষ্ণাখ্যং তং শ্রীনিত্যানন্দরামং প্রপদ্যে॥"

> > শ্ৰীরপগোখানি ক্লত কড়চা।

**भवतात कार्या ममुखन अकृत्यक आनिवाह मक्क् इट्टिट्ट** 

हरेत्रा थात्क। एकन भागनानि कार्या ७ ঐ সক্ষণের। প্রীক্রক।
নিতাপূর্ব, ক্জনানি ক্রিরা সংক্ষাৎ সম্বন্ধে উচ্চা হইতে হর না।
সেই পূর্ব ভগবান্ প্রীক্রকই আমাদিগের নদিয়াবিহারী
পৌনহনি, এবং সেই আদিদেব সক্ষণই আমাদিগের পরসদ্যান নিত্যানক্ষ।

''যুগধর্ম প্রবর্তন হয় অংশ হৈতে। আমা বিনা অন্তে নারে ব্রহ্ন প্রেম দিতে।" শুটিচ: চ:—

"রামাদিম্ত্রিষু কলা নিয়মেন তিষ্ঠন, নানাবতার মকরোছুবনেষু কিস্ত। কুফাঃ স্বয়ং সমভবৎ পরমঃ পুমান যো, গোবিন্দমাদি পুরুষৎ তমহৎ ভজামি॥"

বদাদংহিতা, «অ: ৪৫ (লাক:--

"ভব ভব জর দেব পলার কুমার।
কে বর্ণিতে পারে প্রভু মহিমা তোমার।
সাক্ষাৎ জনত্ত তুনি জগৎ ঈশ্বর।
কৃষ্টি স্থিতি লর কার্যা সকলি তোমার॥
ক্ষান করিতে গবে করহ মনন।
আন্যাশক্তি মহামায়া করহ ঈক্ষণ॥
শক্তি বোগে কৃষ্টি হয় এই ছয় সার।
ভূমি কিছ রহ সনা বিরক্ষার পার॥
ভোমার স্কুল বিষ্ণু আরে ব্রহা। শিব।
ভিনের জ্বীন সর্কা কুগ্তের জীব॥

চারিবৃৃাহ শ্রীক্ষের তুমি হও মূল। কেমনে বুঝিৰে জীব ভাবিরা আকুল। বদিচ জীবের তুমি হও নিতা প্রভু। তণাপি ভোমার তব নাহি জানে কভু ॥ জীবের কি সাধা ত্রহা আদি দেবগ্ৰ। ধ্যান করি নাহি পান তোমার চরণ॥" ্তুমি আদি তুমি অস্ত অনাদি অনন্ত। ঋষিগণ পূজে তোমা করি প্রাণ অস্ত। সতা ত্রেতা দাপরেতে কতরূপ ধরি। করিলে অনন্ত লীলা মর্ত্ত্যে অবতরি॥ ষ্পবভার কার্য্যত ভোমা হৈতে হয়। এই তত্ত ভাগবত,আদি শাস্ত্রে কয়॥ এই কলিমুগে তুমি হইয়া সদয়। নিত্যানল রূপে আসি হইলে উদয়॥ কিবা অপরূপ রূপ বর্ণন না হয়। वर्गनाम वर्ग-वनी मात्न श्रदाक्य।। কন্দর্প জিনিয়া ততু মনোহর অতি। কটাকে মোহিত শত শত রতিপতি॥ আজার লম্বিত ভুজ স্থার্ম নয়ন। কেমনে রহিবে হেরি অবলারগণ॥ ত্রিভুবন বশীভূত তব প্রেমপাশে। কেবা হেন আছে যে না তোমা ভাল বাদে ॥ দয়ার মূরতি তুমি দয়াল ঠাকুর। জীব প্রতি সদা তব করণা প্রচুর॥

"অক্রোধ পরমানল নিত্যানল রার।"
যে ভাসিবে পরানলে ভক্ক তোমার ॥
বড়ই অনুত কথা কাহাকে বা বলি।
বলিলেও নাহি শুনে হেন ঘোর কলি॥
নিতাইয়ের দলা বিনা গৌরাক না পাই।
শ্রীগৌরাক নাহি পেলে কিসের বড়াই ॥
যুগল কিশোর কৃষ্ণ রাধা ভাব ধরি।
মাইলেন ধরাধানে গৌরাক শ্রীহরি॥
সেই রাধা রুষ্ণ পদে যদি থাকে মন।
সকল তাজিয়া ভজ নিতাই চরণ॥
বৈষ্ণব চরণ হৃদে সদা করি আশ।,
বল্লে প্রভু নিত্যানক এ বৈষ্ণব দাস॥
প্রথম পরিছেদ্ন সমাপ্ত।।

দ্বিতীয় পরিচ্ছেদ।

শ্রীগদাধর পণ্ডিত গোস্বামী॥ শ্রীগোরগণোদ্দেশ দীপিকামতে ব্রজের শ্রীমতী।

শীপণ্ডিত গোস্বামীর জন্মভূমি কোথায়, এই সংক্ষে অনেক মতভেদ আছে। কিন্তু শীনরহরি ঠাকুরের যে মত, তদমুদারেই ই পুত্তকে পৃথ্ডিত গোস্বামার জন্ম বৃত্তান্ত বিবৃত্ত হইবে। কেছ কেছ বলেন চট্টপ্রামে গদাধর পণ্ডিতের জন্ম হর।
কিন্তু তাহা যুক্তি সঙ্গত বোধ হর না। কারণ চট্টপ্রাম নিবাসী
শীপুণ্ডরীক বিদ্যানিধি ধখন নবদীপে আগমন করেন, তখন
গদাধর পণ্ডিত মুকুন্দ বেঝার নিকট তাঁহার বৃত্তান্ত প্রথম অবগত
হইয়া দর্শন করিতে যান। উহার পূর্ব্বে তিনি আর কথন
বিদ্যানিধির নামও প্রথম করেন নাই। ইহাতেই বোধ হইতেছে
বদ্যানিধির নামও প্রথম করেন নাই। ইহাতেই বোধ হইতেছে
বিদ্যানিধির সহিত তাঁহার পরিচয় থাকুক, আর না থাকুক,
বিদ্যানিধির নামও অন্তঃ জানা সন্তর ছিল। এতঘাতীত
শীর্নাবন দাস ঠাকুর যে স্থলে চট্টগ্রামবাসী ভক্ত বন্দের
নির্দেশ করিয়াছেন, তাহার মধ্যেও গঙ্গাধর পণ্ডিতের কোন
প্রশক্ষ নাই।

"পুণ্ডরীক বিদ্যানিধি বৈষ্ণব প্রধান। চৈতন্ত বল্লভ দক্ত বাহ্নদেব নাম ॥ চাটিগ্রামে হইল তা সভার পরকাশ। বুঢ়নে হইলা অবতীর্ণ হরিদাস॥"

খ্রীচৈ: ভা:

জীগদাধর পণ্ডিত নবদীপে জন্ম গ্রহণ করেন, ওঁছার পিত।
শীমাধব আচার্য্য এবং মাতা দেবী রত্নাবতী। পণ্ডিড গোসামী
শীমীমহাপ্রভূ হইতে ছই এক বংসরের ছোট ছিলেন মাত্র।

"রত্বাবতী নন্দন প্রেম পাত্র, হা নাথ মাধবাচার্য্যস্য পুত্র।" মহান্ধনের পদ। ্ধক্ত ধক্ত বলি মেন, চারিযুগ মধ্যে হেন, কলির ভাগোর দীমা নাই। ্ত্রন্র নদিয়া পুরে, মাধব মিশ্রের ঘঙ্গে, কি অন্তত আনন্দ বাধাই॥ বৈশাথের কুছ দিনে, জনমিলা ভভক্তে, গৌরাঙ্গের প্রিয় গদাধর। শ্ৰীমাধ্ব রক্নাবতী, পুদ্ৰ মুখ দেখি অতি, উল্লাসে অধৈষ্য নিরস্তর ॥ কিবা গদাধর শোভা, সভার নয়ন লোভা, যেন কত আনন্দের ধাম। बन मन करत वर्ग, जिनिया (म एक चर्ग. সর্বাঙ্গ স্থানর অত্যথম। যত নদিয়ার লোক, পাসরিয়া তঃথ শোক. পরস্পর কহে কুতৃহলে। মাধবের কিবা ভাগা, হৈল যেন রত্ব লভা, না জানি কতেক পুণা ফলে॥ তীপদ সমুদ্র ৪০৩১ !

শ্রীপ্রীরাধা গোবিন্দের ত্রজ লীলা ভক্তবৃন্দ যে রূপ অপার আনন্দের সৃষ্ঠিত আস্বাদন করিয়া থাকেন, নবদীপে শ্রীশ্রীগোর গদাধর লীলাও ঠিক সেই ভাবে আস্বাদন করিয়া থাকেন। শীনরহরি ঠাকুর উক্ত লীলা সম্বন্ধে কি বলিয়াছেন দেখুন:—

> ''গৌর লীলা দরশনে. বাঞা বড় হয় মনে, ভাষার লিখিয়া সব রাখি।

মুক্তিত অতি অধম, বিধিতে না স্থানি ক্রম,
কেমন করিরা তাহা বিধি।
গ্রেছ বিধিবে বে, এখন জন্মে নাই সে,
জ্মিতে বিলম্ব আছে বহু।
ভাষায় রচনা হলে, বুঝিবে লোক সকলে,
কবে বাঞা পুরাইবেন প্রভু॥
গৌর গদাধর লীলা, আদ্রব কর্মের দিলা,
কার সাধ্য কর্মের বর্ণন।
সারদা বিথেন যদি, নিরম্ভর নির্বহি,
আর সদাশিব পঞ্চানন।।
কিছু কিছু পদ বিধি, যদি ইহা কেহ দেধি,

প্রীপদ সমূদ্র।

পণ্ডিত গোস্থামী বিবাহ করেম নাই, কুমার ব্রহ্মচারী ছিলেন। এক দিবস পথিমধ্যে গৌরাদের সহিত তাঁহার সাক্ষাৎ হইলে উভরে ঠারে ঠোরে কি কথা হইল, তংগরে ভিনি গৌরালকে যাহা বলিয়াছিলেন, তংসম্বন্ধে নরহরি ঠাকুরের মে পদ্টি আছে তাহা নিমে দেওয়া গেল।

নরহরি পাবে স্থপ, ব্রিচের মনের হঃখ, গ্রন্থানে দরবিবে শিলা ॥"

"এজভূনি করি শূন্য, নবছীপে অবতীর্ণ,

এতেক তোমার চত্রাল।

ছংখ দিয়া নিরস্তর, বর্ণ করি ভাবান্তর,

পুন: বাচাও বিরহ অধাণ।

নাই শিথিপুছ চ্ড়া, নাই সেই পীত ধড়া,
করে নাই সে মোহন বাশরি।
বে বাশরি করি গান, বিধনে গোপীর প্রাণ,
দে বাশরি কোথা গৌরহরি।
নাই সে বাঁকা নয়ন, এবে হেরি স্পলোচন,
কিন্তু সে ভঙ্গিম বাঁকা নাই।
মদি দিলে দরশন, এরপে ভূলে না মন,
ভূমিই কি সেই ব্রজ্বে কানাই।
কহে নরহরি দাস. যার নাহি বিশ্বাস,
সে আসি দেপুক নয়নে।
সে দিনের যেই কথা, বলিতে মরমে ব্যথা,
বে হইল উভয় মিলনে।

শীপদ সম্ভা

## শ্রীবাদ পণ্ডিত।

জীগৌরগণোদ্দেশদীপিকা মতে জীনারদ মূনি।

শীবাস পণ্ডিত প্রভৃতি চারি সংহাদরের পূর্বনিবাস শীহট্ট পরে তাঁহারা তাঁথবাস ও বিদ্যালাস অভিপ্রাহে নবদ্বীপে বাস করিয়াছিলেন। মহাপ্রভূ স্ন্যাস গ্রহণ করিলে পর তথা হইত্তে কুমারহট্টে (বর্তমান হালিসহরে) যাইয়া বাস করেন। শ্রীবাসের পালীর নাম মালিনী দেবী। এই শ্রীবাসের বাড়ীতেই মহাপ্রভূত্বপনে সংকীর্তন আরম্ভ করিয়াছিলেন। শ্রীবাস মহাপ্রভূব একজন প্রধান ভক্ত। শ্রীনায়ায়ণীদেবী শ্রীবাসের ভ্রাভূ কন্যা।
ব্যাসাবতার শ্রীকুলাবন দাম ঠাকুর এই নারায়ণী দেবীর গর্জে সম্মগ্রহণ করেন।

#### শ্রীস্বরূপ দামোদর।

#### ( ব্রজ্বের খ্রীলবিতা স্থী।)

মধুর রদ আখাদনে কেবল সাড়ে তিন জন সাত্র মহাপ্রভুর অভিমত ছিলেন, তল্মধ্যে স্থারপ দামোদর একজন। স্থারপ দামোদর মহাপ্রভুর অভি অস্তর্গাভক। অনেক সময়ে স্থারপের কথা মহাপ্রভু উপদেশ স্থারপে গ্রহণ করিতেন। স্থারপ দামোদররের পুর্বিশ্রমের নাম পুরুষোভ্রম, নাম রাধেন। মহাপ্রভু সন্ন্যাস গ্রহণ করিলে পুরুষোভ্রমের নাম রাধেন। মহাপ্রভু সন্ন্যাস গ্রহণ করিলে পুরুষোভ্রমের। পরিশেষে মহাপ্রভু নীলাচলে গমন করিলে পুনরার তথার যাইয়া উহার পাদপদ্ম আশ্রম করেন। সন্ন্যাস গ্রহণ করিরাও বোগপট্র ধারণ করেননাই, এই জন্ত ভাঁহার স্বারপ নাম হয়।

''ৰয়ং শ্ৰীললিতাদেবী ৰব্ধপ গোৰামী। হৈতভোৱ প্ৰিয় হৈতভোতে মহাপ্ৰেমী॥''

শ্ৰীভক্ষাণ :--

শ্ৰীসনাতন গোস্বামী।

ব্ৰছের শ্ৰীলবঙ্গমঞ্জরী।

শ্রীরপ গোস্বামী। শ্রীরপমঞ্জরী।

শ্ৰীজীব গোস্বামী। ব্ৰজের শ্ৰীবিশাসমশ্ৰরী।

ইইানিগের পূর্ত্বপুক্ষণণ কর্ণাট দেশে রাজোপাধিধারী ছিলেন। ইহাঁরা ভরদাজ গোত্রীয় যজুর্বেদী আদাণ। ইহাঁদিগের প্রপিতামহ প্রীপল্লনাভ গঙ্গাতীরে বাস করিবার বাসনায় নবহট্ট আধুনিক নৈহাটী প্রানে আসিয়া বাস করেন। পদ্মনাতের অষ্টাদশ ক্ষা ও পাঁচটি পুত্র হয়, তর্মধ্যে মুকুক্ষ সর্ব্বন

কনিষ্ঠ। মুকুলের পুত্র কুমার। জ্ঞাতি দিগের সহিত সম্ভাব নাথাকার, কুমার নৈহাটা হইতে বাক্লা চক্রংরীপে যাইরা বাস করেন। তাঁহার অনেক গুলি সন্তান হইরাছিল'; তন্মধ্যে রূপ, বলভ, সনাতন এই তিনজন প্রধান। জীবগোস্বামী বল্ল-ভের পুত্র।

গ্রীসনাতন গোসামী ১৪১০ শকে জন্মগ্রহণ করেন এবং ১৪৮০ শকে অন্তর্হিত হয়েন।

এীরপ গোস্বানী ১৪১**১ শকে জন্ম**গ্রহণ করেন এবং ১৪৮৬ শকে অন্তর্হিত হয়েন।

সনাতন ও রূপ ছই আতার অলোকিক বৃদ্ধি নৈপুণোর কথা শ্রুবণ করিয়া গৌড়ের বাদসাহ তাঁহাদিগকে "উজিরী" প্রদান করেন। উজির পদাভিষিক হওয়ার পরে তাঁহারা গৌড়েখনের অভিপ্রায় মতে রামকেলি প্রামে বাস করেন।

গৌড়ের বাদসাহ আপনার ইচ্ছা অনুসারে সনাতন, রূপ ও ৰলভের যথাক্রমে দবীর থাস, সাক্র মলিক ও অনুপম মলিক, এই তিনটি নাম রাগিয়াছিলেন।

ইহারা উজিরি পদ ও রামকেলির ঐংয্যুপরিত্যাগ করিয়া মহাপ্রভুর পাদপল আংশুর করিয়াছিলেন।

প্রীসনাতন গোপামী কর্তৃক শ্রীরুলাবনে শ্রীরাধা মদনমোহন জীউর সেবা স্থাপিত হয় এবং শ্রীরূপ গোতামী কর্তৃক শ্রীরাধা গোবিলের সেবা স্থাপিত হয়।

> শ্রীগোপালভট্ট গোস্বামী। ( ব্রক্তের শ্রীগুণ মঞ্জনী।)

দাক্ষিণাত্য বাদী এবৈষ্ট ভট্টের পূজ। মহাপ্রভু দক্ষিণ

ভ্রমণে বাইয়া এই বেক্কট ভট্টের আলেরে চারিমাদ অবস্থিতি করিয়াছিলেন। বেক্কট ভট্ট ও তাঁহার ছই ভাতা ত্রিমল ভট্ট এবং প্রকাশানন্দ সকলেই মহাপ্রভুর অতি প্রিয় ভক্ত ছিলেন। এই বেক্কট অন্তল্প প্রকাশানন্দই কাশীতে থাকিতেন এবং সহস্র সহস্র অবৈত বাদীর গুরু ছিলেন। মহাপ্রভু তাঁহাকে বিচারে পরাস্ত করিয়া কুপা প্রকাশ করেন। মহাপ্রভু প্রকাশানন্দের পরিবর্ত্তে "প্রবোধানন্দ" নাম রাধিয়াছিলেন।

ত্রীগোপালভট্ট গোস্বামী কর্তৃক ত্রীরন্দাবনে ত্রীরাধারমণ জ্বীউর দেবা স্থাপিত হয়।

### এরঘুনাথ ভট্ট গোস্বামী।

( ত্রজেরশ্রীরাগ মঞ্চরী।)

কাশীবাসী প্রীতপন মিশ্রের পুত্র। রঘুনাথ মহাপ্রভুর আবাদেশ মতে দারপরিগ্রহ করেন নাই। ইনি ১৪২৭ শকে জন্মগ্রহণ করিয়া ১৫০১ শকে অন্তর্হিত হয়েন।

### শ্রীরবুনাথ দাস গোস্বামী। (ব্রহের শীরতিমঞ্জরী।)

জেলা তগলীর অধীন গলা ও সরস্বতীর সক্ষ সন্নিকটে সরস্বতীতীরবর্তী সপ্রথাম একটা প্রাতন নগর। বর্ত্তমান সময়ে বেমন কলিকাতা, পূর্ব্বকালে বখন গ্রীক্ ও পর্ত্তুগীজ জাতি ভারতে বাণিজ্য করিতে আসিতেন, তখন ঐ সপ্রথাম, বালাবার মধ্যে মুসলমান রাজ্গণের রাজ্ধানী ও সর্ব্বপ্রধান বানিজ্য বন্দর ছিল।

গৌড় বাদশার অধীনে হিরণা ও গোবর্জন মজুমদার .নামক ছই লাতা, ঐ সপ্তথামের জমীদার ছিলেন। তাঁহাদিগের প্রতি বিংশতি লক্ষ মূলা কর আদারের ভার ছিল। উক্ত বিংশতি লক্ষের মধ্যে তাঁহারা ঘাদশ লক্ষ মূলা রাজ্যরকারে প্রদান করিয়া অবশিষ্ট আটে লক্ষ মূলা আপনাদিগের লাভ স্বরূপে প্রাপ্ত হটতেন। হিরণা মজুমদারের সন্তান হর নাই, গোবর্জনের এক মাত্র পুত্র রবুনাথ। রবুনাথই এই বিপুল ঐখর্যার একমাত্র উত্তরাধিকারী।

রঘুনাথ বাল্যকাল হইতেই রুফ্পেরেম মগ ছিলেন। তাঁহার পিতামাতা, পাছে পুত্র গৃহত্যাগ করে, এইজ্য বহু অনুসন্ধান করিয়া একটি পরমা স্কলরী করার সহিত তাঁহার বিবাহ দেন। রঘুনাথের কিছুমাত্র সংসারে আদক্তি ছিল না, তিনি কেবল করেপে পলায়ন করিবেন, এই স্থযোগ অনুসন্ধান করিতেন। দশ বার জন প্রহরী, সর্কাদা তাঁহার প্রতি লক্ষ্য রাখিত। এই সকল প্রতিবন্ধক সত্ত্বের, রয়ুনাথ সংসার বন্ধন ছেদন করিয়া নীলাচলে ঘাইরা মহা প্রভুর পাদপদ্ম আশ্রের করেন।

### শ্রীহরিদাস ঠাকুর।

( যবন হরিদাস )

শ্রীগোরগণোদেশ দীপিকামতে—প্রহলাদ।

হরিদাস ঠাকুর বনগ্রাম মহকুমার অধীন বুচণ গ্রামে মৃলক্ষান কুলে জন্ম গ্রহণ করেন। তাঁহার প্রথম প্রকাশ বেনাপোলের নিভ্ত কুটীরে। জন্ম হইতে প্রকাশ কাল পর্যান্ত তাঁহার বিশেষ কোন সংবাদ পাওয়া মান্ত না। বেনাপোল

বনগ্রামের অন্তর্গত একটি ক্ষুত্র প্রাম। ঐ প্রামের বনমধ্যে
নি চৃত কুনীরে হরিদান প্রমানন্দে কাল্যাপন করিতেন। তিন
লক্ষ হরিনাম গ্রহণ, তাঁহার নিত্য ব্রত ছিল। প্রত্যাহ তিন
লক্ষ হরিনাম লইতে সমন্ত দিবল অতিবাহিত হইত; স্কুতরাং
হরিদান অহংরহ হরিনামান্ত পানে মগ্ন থাকিতেন; তাঁহাকে
অপর কোন কার্য্য করিতে দৃই হইত না। দিবা ভাগে একবার
মাত্র বহির্গত ইইয়া কোন ব্যাহ্ণের গৃহ হইতে কিছু ভিকা
করিয়া আনিতেন।

হরিদাস ক্রমে সকলের নিকটেই পরিচিত হ**ইরা পড়িংলন।** তাঁহাকে দেখিলে অতি পাষ্**তও অবনত হ**ইত।

> "ত্ণাদপি স্থনীচেন তরোরপি সহিফুনা। স্মানিনা মানদেন কীর্ত্তনীয়ঃ সদাহরিঃ॥"

উক্ত বৈষ্ণৰ লক্ষণ সমুদয় হরিদাস সাধুতে পূর্ণভাবে বর্জমান ছিল। তিনি কাহারও সহিত বুধালাপ করিতেন না, তথাপি কত লোক আদিয়া ভাঁহার কুটার ছারে বদিয়া নাম কীর্তন শ্রবণ করিত। হরিদাস যবন ইয়া জানিতে পারিয়াও বেনাপোল এবং তল্লিকটবর্ত্তী গ্রামবাদী বহুলোক নিতা হরিদাস সাধুকে দেখিতে আদিত।

''চণ্ডালোহপি বিজ্ঞোষ্ঠে। হরিভক্তি পরায়ণঃ। হরিভক্তি বিহীনস্ত বিকোহপি শ পঢ়াধমঃ ॥'' "ভক্তিরফীবিধাহেদা যদ্মিন্ মেচেছাহপিবর্ততে, স মুনিঃ সভাবাদী চ কীর্ত্তিমান্ স ভবেন্ধরঃ।'' সকলেই হরিদানকে জজি করিতেছেন, সকলের মুখেই ছরিদাস সাধুর প্রশংসা, ইহা জি দেশের জমীদার রামচক্র থানের প্রাণে সহিল না। তিনি কিরপে হরিদাসকে অপদত্ব করিবেন, তাহার চেটা করিতে লাগিলেন।

হরিদাস এমেও কখন কাহাকে একটি উচ্চ কথা বলিতেন না, তথাপি রামচক্র খান কিল্ল উাহার অনিষ্ট করিতে ইচ্ছা করিলেন, ইহা জিজ্ঞাত হইতে পার। যথন স্থীয় কর্মপাযগুতা বশতঃ মন্থব্যর উংসর ঘাইবার সময় উপস্থিত হয়, তৎপূর্কের জাহাকে প্রায়ই সাধুহেষী হইতে দেখা যায়। সাধুপীড়ন অপেকা গুরুহর পাপ আর নাই। যিনি সাধুপীড়ন করেন, তাহাকে শীঘ্রই ভাহার ফল ভোগ করিতে হয়। রামচক্র খানের অনৃষ্টে তাহাই ঘটরাছিল।

রামচন্দ্র থান হরিদাস সাধুকে উৎপীড়িত করিবার জন্ত একজন বেশুকে উত্তমরপে শিকিত করিরা এক দিবস তাঁহার কুরীরে পাঠাইরা দিলেন। বেশ্যা সন্ধার পর হরিদাসের কুরীরে উপস্থিত হইয়া তাঁহাকে দণ্ডবং প্রণাম পূর্বক কুরীর বারে বসিলেন। হরিদাস ঠাকুরের নিকট সকলেই সমান ছিল, তিনি বেশ্যাকে কুরীর বারে উপস্থিত দেখিয়া ঈষং হাস্ত পূর্বক বসিতে অহ্মতি করিলেন।

হরিদাস ঠাকুব নিতা তিন লক্ষ হরিনাম লইরা থাকেন, তিনি আপন মনে নাম কীর্ত্তন করিতে লাগিলেন, বেশ্যা হারে বসিরা তাহা প্রবণ করিতে লাগিল। কিছুক্ষণ বসিয়া থাকার পর রামচক্র থান কমীদারের কথা মনে গড়িবা মাত্র বেশ্যার ভাব পরি-

বর্ত্তিত হইয়া গেল; তথন সে আপন স্বভাবস্থলত হাবভাব কটাক বারা হরিদাদের মন ভুলাইতে উদ্যুত হইল।

হরিদাস নামামৃত পানে উন্মন্ত, উচ্চৈঃস্বরে নাম কীর্ত্তন করিতেছেন, স্থতরাং বেশ্যার অভীষ্ঠ সিদ্ধ হইল না। ক্রমে রাত্রি প্রভাত হইল, তথন ও হরিদাসের নাম কীর্ত্তন সাক হইল না, দেখিয়া বেশ্যা অগত্যা আপন আলমে ফিরিয়া গেল।

প্রদিবদ রাষ্ট্রক ধান, বেশ্যাকে নানা প্রকার শিক্ষা দিরা পুনরায় হরিদাস স্মীপে প্রেরণ করিলেন; কিন্তু বেশ্যা কোন প্রকারে কৃতকার্য্য হইতে না পারিয়া পূর্ক রাতির স্লাম ভগ্ননেরেথ হংয়াবাটী প্রত্যাগ্যন করিল।

ভূতীয় রাত্তিতে বেশ। আবার রামচন্দ্র খানের আদেশাস্থুসারে হরিদাসের কুটার দারে আসিয়া উপস্থিত হইলে, হরিদাস্
তাহাকে বসিতে অনুষ্ঠি করিয়া বলিলেন, অদ্য আমার নাম
কার্তন সমাপ্ত হইলেই তোমার সহিত আলাপ করিব। বেচারি
কি করে, অগতাা দারদেশে বসিয়া নাম কীর্ত্তন ভনিতে লাগিল।

বেশ্যা পরন ভাগ্রতা, তাহার কট দেখিয়া হরিদাস 
ঠাকুরের অন্তর জবিল। সাধুর কুপায় না হইতে পারে, জগতে 
এমন কিছুই নাই; হরিদাস ঠাকুরের কুগা কটাকে বেশ্যার হরিনামে কটি জ্মিল। কুঞ্চনামে কটি জ্মিলে তাহার আরু 
কিনের অভবে 
ব্রশ্যার অন্তরে ভক্তির উল্লেক ইওরাতে 
সে কাঠপুত্রিকাবং ব্রিয়া নামায়ত পান করিতে লাগিল।

রাত্রি প্রভাত হইলে হরিদান ঠাকুর নাম কীর্ত্তন সম্পূর্ণ ক্রিলেন। বেশ্যা অবকাশ পাইরা ঠাহার পা ছ্থানি আপন মন্তকে লইরা কাঁদিতে কাঁদিতে বলিল, 'ঠাকুর! আমার প্রতি প্রদার হও। আমি অনেক পাপ কর্ম করিয়ছি, কিন্তু তোমার কুপায় আর আমার ঐ প্রকার অসং কার্য্যে কচি নাই। ভূমি আমাকে কুপা কর, আর আমি বাটী ফিরিয়া বাইব নী।"

হরিদাস ঠাকুর তাহাকে পূর্বেই কুণা করিরাছিলেন, একণে সহাস্য বদনে বলিলেন, ''যদি তোমার ক্ষ্ণনামে কচি হইরা থাকে, তাহা হইলে আমার এই কুটারে থাকিরাই ভজন কর; আমি তোমাকে উপদেশ প্রদান করিতেছি।'' এই বলিয়া তাংকে তারক্ত্রন্ধ নাম প্রদান করিয়া ভজনপদ্ধতি শিক্ষা দিলেন।

সাধু সব্দের মাহাস্থা দেখুন! ছই প্রকৃতি বেশাও পরম বৈঞ্বী হইল। জ্ঞানতঃ বা অজ্ঞানতঃ অর্থাং ইছো বা অনিছা পূর্বক যে রূপেই হউক, একবার মাত্র সাধু সঙ্গ পাইলে, আর কাহাকেও উনার্গগামী হইতে হয় না। বেশ্যা অসদভি প্রায়ে আসিয়াও, সাধু সঙ্গ মাহায়েয়ে স্কাতি লাভ করিল।

> ''দর্শনস্পর্শনালাপসহবাসাদিভিঃ ক্ষণাং। ভক্তাঃ পুনস্তি কৃষণ্ড সাক্ষাদপি চ পুরুশে॥'' বন্ধাও পুরাণ।

বেশা। সেই দিবসেই বাটি যাইরা সমূলর গৃহসামগ্রী দীন ছঃথীকে দান করিল, এবং মস্তক মূওন করিয়া চীর মাত্র পরিধান পূর্বক হরিদাদের কুরীরে উপনীত হইল। বেশ্যা প্রত্যাগমন করিয়া হরিদাদকে আর দেখিতে পাইল না।

হরিদাস ঐ পাপ রাজ্য ত্যাগ করিয়া প্রস্থান করিলে, বেশ্যা তাঁহার কুটারে থাকিয়া ক্ষ্ণ ভলন করিতে লাগিল। তাহার কঠোর ভজনে তদেশবাসী সকলেই বিশ্বিত হইয়া ছিলেন।

ছিতীয় পরিচ্ছেদ সমাপ্ত।

# তৃতীয় পরিচ্ছেদ।

হুর্ত রামচক্র ধান নবাব সরকারে রীতিমত কর দিত না, এই অপরাধে নবাবের ক্রোধে পতিত হইয়া অতি অর দিনের মধ্যেই তাহাকে স্থকর্মের ফল পাইতে হইয়াছিল। নবাবের উজির আদিয়া রামচক্রের বাটা ও সমুদ্য গ্রাম লুঠন করে এবং তাহাকে স্ত্রীপ্রাদি সহ বন্দী করিয়া যৎপরোনাত্তি শান্তি প্রদান করে।

হরিদাস বেনাপোল পরিত্যাগ করিয়া শান্তিপুরে ঐ অহৈত প্রত্যুব আপ্ররে গঙ্গাতির গোফা নির্মাণ করিয়া কিছু দিন বাস করেন। তৎপরে সপ্তথানের নিকট টাদপুর প্রানে বাইয়া একটি কুনীর নির্মাণ করেন। ঐ প্রানে বলরাম আচার্য্য নামে এক মহান্যা বাস করিতেন, তিনি হরিদাসের সাধৃতায় মুঝ হইয়া প্রাণপণে তাঁহার পরিচর্য্যা করিতেন। বলরাম আচার্য্য সপ্তথানের প্রসিদ্ধ অমীদার হিরণ্য ও গোবর্দ্ধন মজুমদারের কুল-পুরোহিত ছিলেন। হিরণ্য ও গোবর্দ্ধন মজুমদার বলরাম আচার্য্য নিক্টে হরিদাসের পরিচয় গাইয়া তাঁহাকে এক দিন

দেখিতে ইচ্ছা করিলেন। হরিদাস বিষয়ীর সহিত জ্ঞালাপ করিতে ভাল বাসিতেন না, কিন্তু কি করিবেন, বিশেষ অন্তুক্ত হওয়ায় অগত্যা এক দিবস জমীনারবাটী ঘাইতে সমতু হইলেন।

হিরণা ও গোবর্দ্ধন ছই ত্রাতা পরম ভক্ত, তাঁহারা হরিদাস সাধুর আগমন জন্য একটি সভা করিলেন। অনেক ব্রাহ্মণ পণ্ডিত এবং ভদ্রোক সেই সভার নিমন্ত্রিত হইয়া আগমন করিয়াছিলেন। হরিদাস যবন ইহা জানিয়াও, তাঁহাকে দেখিবার জন্য দূরবর্তী স্থানের লোক সকলও আসিয়াছিল।

হরিদাস সভাপ্থ ইইবামাত্র সকলে দাঁড়াইয়া **তাঁহাকে**অভার্থনা করিলেন। হরিদাসও বিনয়াবনত বদনে তাঁহাদিগকে
প্রতি সম্ভাষণ করিয়া, সকলে উপবেশন করিলে পশ্চাৎ স্বয়ং
উপবেশন করিলেন।

হরিদাস নিত্য তিন লক্ষ হরিনাম লবেন, ইহা অবগত হইয়া সভাত্ত সকলে চমংকৃত হইলেন। পরে প্রসক্ষ ক্রমে হরিনাম মাহায়োর কথা উঠিলে. কেহ বলিলেন যে, হরিনামে সর্ল্ম পাপ ক্ষর হয়, কেহ বলিলেন হরিনামে মোক্ষ লাভ হয়, ইতাদি নানা শাস্ত্র হইতে হরিনাম মাহায়া বর্ণন করিতে লাগিলেন। হরিদাস প্রথমে কোন কথাই বলেন নাই, পরিশেষে বলিলেন বে, ''আপনারা হরিনাম মাহায়া যেকপ বর্ণন করিলেন. হরিনামের প্রকৃত মাহায়া সেকপ নুহে। পাপ ক্ষয়, অপবা মুক্তি, নামাভাসেই হইয়া থাকে, হরিনামে কেবল জীক্তেরে প্রেম জ্বায়। যেকপ ক্রারে প্রকৃত্র প্রেমান হরিনাম ক্রারে ক্রেম্বর হিবার প্রেম্বর ক্রম্বর ক্রম্বর ক্রম্বর ক্রম্বর ইলা লোকের দিব্য দৃষ্টিলাভ হয়; সেইরপ হরিনামে অন্তরে ক্রম্বর ক্রম্বর উল্লেখ্য ইলয় হরিয়া

ছীবকে কৃতার্থ করে; পাপ ক্ষর এবং মৃক্তি নামের আহুবলিক ফল মাত।"

> ''তিন লক্ষ নাম ঠাকুর করেন কীর্ত্তন। নামের মহিমা উঠাইল পণ্ডিতের গণ ॥ কেহ বলে নাম হৈতে হয় পাপক্ষয়। কেহ বলে নাম হৈতে জীবের মোক্ষ হয়। হরিদাস কহে নামের এ চুই ফল নহে। নামের ফলে কৃষ্ণপদে প্রেম উপজ্ঞে। আমুষ্ক্রিক ফল নামের মুক্তি পাপ নাশ। তাহার দৃষ্টাস্ত যৈছে স্র্য্যের প্রকাশ। হরিদাস কহে থৈছে সুর্য্যের উদয়। উদ্ধ না হৈতে আরম্ভ তমের হর করে॥ চৌর প্রেত রাক্ষ্যাদির ভয় হয় নাশ। উদয় হৈলে ধর্ম কর্ম মঙ্গল প্রকাশ। ঐতে নামোদয়ারন্তে পাপ আদি ক্ষয়। উদয় হৈলে কৃষ্ণপদে হয় প্রেমোদ্য ॥ মুক্তি তৃচ্ছ ফল হয় নামাভাগ হৈতে। (य मुक्ति जक्त ना नम्र कृष्ण होटह मिटज ॥" ঐ हेठ: Б:--

"সালোক্য-সাষ্টি-সামীপ্য-সাক্ষপ্যৈকত্ব মপু্যত। দীয়মানং ন গৃহুন্তি বিনা মংসেবনং জনাঃ॥'' শুমদ্বা:—

হরিদানের এইরূপ অতি মধুর হরিনাম মাহাত্ম্য ব্যাখ্যা

শ্রবণ করিয়া সভাস্থ সকলেই যারপর নাই আনন্দ লাভ করিলেন। কেবল গোপাল চক্রবর্তী নামে এক ব্যক্তি হরিদাসের
কথার প্রতিবাদ করিলেন যে, "এই ভাবুকের কৃথা গ্রাহ্থ
হইতে পারে না। শাস্ত্রে দেখিতে পাওয়া যায় যে, একজ্ঞান
ব্যতীত মুক্তির অপর কোন উপায় নাই; এবং অতি কঠোর
তপস্যার হারাও যে মুক্তি লাভ করা যায় না, কেবল নামাভাসে সেই মুক্তি হয়, ইহা পরিহাস বাক্য মাত্র।"

গোপাল চক্রবর্ত্তী নবীন যুবা, মজুমদারের বাড়ীতে আরিনার কার্যো নিযুক্ত ছিলেন। প্রতি বংসর গৌড়-বাদসাহ সরকারে বার লক্ষ টাকা থাজনা দাখিল করা তাঁহার প্রধান কার্যা ছিল। বাদসাহ সমীপে যাতায়াত থাকায় তাঁহার মনে মনে অহলার ভিল যে, তিনি বাদসার অহুগৃহীত ব্যক্তি; এবং সেই অহকারে মত্ত হইয়া, কাহাকেও বড় একটা গ্রাহ্য করিতেন না।

হরিদাস গোপালের প্রতিবাদে কিছুমাত রুঠ না হইরা বিনীত তাবে বলিলেন, ''আপনি কোন প্রকার সন্দেহ করি-বেন না, আমি হরিনাম মাহাত্ম্য সম্প্রে যাহা বলিলাম উহা সম্পূর্ণসত্য। আপনি কি অজামিল উপাধান ওনেন নাই।

''মিরসাণো হরেন'ম গুণন্ পুত্রোপচারিতং। অজামিলোহপ্যগান্ধাম কিমৃত শ্রুদ্র। গুণন্॥"

গোপাল বিজ্ঞপ করিয়া বলিলেন, 'পেণ্ডিতগণ! আপনারা এই ভাবুকের কথা ভতুন!' পরে ক্রন্ধ হইয়া বলিলেন, যদি "নামাভাদে মুক্তিনা হয়, তাহা হইলে তোমার নাক কাটিয়া দিব।'' হরিদাস কিছু কুণ্ণ হইলেন, কিন্তু কি করিবেন, সভাস্থলে বাদ প্রতিবাদ তাঁহার স্বভাব বিরুদ্ধ হইলেও নামের মহিমা রক্ষার্থে অগত্যা তাঁহাকে বলিতে হইল যে, "ভাল তাহাই হইবে।"

গোপালের এই শতি নিল্নীয় ব্যবহারে সভাসদ সকলে ছাহাকার করিয়া উঠিলেন। বলরাম আচার্য্য গোপালকে যংপরোনান্তি ভর্মনা করিতে লাগিলেন, এবং হিরণ্য মঙ্মদার তদ্ধপ্তেই তাঁহাকে কর্মচ্যুত করিয়া সভা হইতে বহিন্ধৃত করিয়া দিলেন।

উক্ত ঘটনার তিন দিবস পরেই গোপাল চক্রবর্তী কুষ্ঠব্যাধি-প্রস্ত হয়েন।

"গোপাল চক্রবর্তী নাম একজন।
মজ্মদারের ঘরে সেই আরিন্দা ব্রাহ্মণ ॥
গোড়ে রহে পাতসাহা আগে আরিন্দাগিরি করে।
বার লক্ষ মুদ্রা সেই পাতসাহারে ভরে ॥
পরম ফুলর পণ্ডিত নৃতন ঘৌরন।
নামাভাসে মুক্তি হনি না ইইল সহন ॥
কোধ হইঞা বলে সেই সরোধ বচন।
ভাবুকের সিদ্ধান্ত শুন পণ্ডিতের গণ॥
কোটা জন্ম ব্রহ্মজ্ঞানে বেই মুক্তি নয়।
এই কহে নামাভাস মাত্রে মুক্তি হয় ॥
ছরিদাস কহে কেন করহ সংশ্রঃ।
শান্তে ক্লে নামাভাস মাত্রে মুক্তি হয় ॥
শান্তে ক্লে নামাভাস মাত্রে মুক্তি হয় ॥

ভিক্তি সুধ আগে মুক্তি আতি তৃচ্ছ হয়।

অতএব ভক্তগণ মুক্তি নাহি লয় ॥

বিপ্র কহে নামাভাবে যদি মুক্তি হয়।

তবে তোমার নাক কাটি করহ নিশ্চয় ॥

হরিদাস কহে যদি নামাভাবে নয়।

তবে আমার নাক কাটি এই হুনিশ্চয় ॥

\*

তবে আমার নাক কাটি এই হুনিশ্চয় ॥

তবে আমার নাক কাটি এই হুনিশ্চয় ॥

\*

তবি জান রহি সেই বিপ্রের কুঠ হৈল।

অতি উচ্চ নামা ভার গলিয়া পড়িল॥

চম্পককলি সব হস্ত পদাস্লি।

কোঁকড় হইল সব কুঠে গেল গলি॥

দেখিয়া সকল লোক হৈল চমংকার।

হিবিদাস প্রশংসি তাঁবে ক্যেন নম্মার॥

হিবিদাস প্রশংসি তাঁবে ক্যেন নম্মার॥

•

কৃষ্ণ স্বভাব ভক্তি নিন্দা সহিতে না পারে ॥'' শ্রীনিঃ চঃ---

গোপাল কুঠ রোগাক্রান্ত হইলে হরিদাস অতি ছ: থিতান্ত:করণে টানপুর পরিভ্যাগ করিয়া শান্তিপুর সল্লিকটে ফুলিয়া
থামে যাইয়া গলাভীরে বাস করিতে লাগিলেন।

যদ্যপি হরিদাসে বিপ্রের দোষ না হইল। তথাপি ঈখর তারে ফল ভূঞাইল। তকুসভার অজ্ঞা দোষ ক্ষম করে।

ত্লিয়া একথানি গগুগ্রাম, বছসংখ্য কুলীন ব্রাহ্মণ তথার বাস করিতেন। অতি অলপিনের মধ্যেই হরিদাস ফুলিয়াবাসি-গণের প্রিরপাত্র হইয়া উঠিলেন। তাঁহার অমায়িকতা ও বিশুক স্বভাবে বশীভূত না হইতেন, এমন লোক প্রায় কেইই ছিলেন না; স্বভরাং গুণগ্রাহী কুলিয়াবাদিগণ যে হরিদাসকে ভাল বানিবেন, ইহাতে আর আশ্চর্যা কি!

জনে জনে প্রানবাদিগণ হরিদাদের সহিত নাম কীর্ত্তনে যোগদান করিলেন। হরিদাদের আনন্দের সীমা রহিল না, তিনি একাকীই নাম রসে মগ্ন থাকিতেন, একণে গ্রামবাদিগণ উাহার সহিত হরিনাম কীর্ত্তনে যোগদান করিলে তিনি বিগুণ উৎসাহের সহিত উচৈচঃ মরে কীর্ত্তন আরম্ভ করিলেন। কথন গঙ্গার তীরে তীরে কীর্ত্তন করিয়া বেড়াইতেন, কথন গ্রামের অভান্তরে, কথন বা কোন নির্দ্তিই স্থানে যাইয়া কীর্ত্তন হরিদাদের জীবনে একটি অভীব ভীষণ ঘটনা আদিয়া উপস্থিত হইল হরিদাদের জীবনে একটি অভীব ভীষণ ঘটনা আদিয়া উপস্থিত হইল।

গোড় বাদ্যাহের অধীনে স্থানে স্থানে এক এক জন
মুদলমান শাদনকর্তা থাকিতেন, তাহাদিগকে কাজী বলিত।
নবনীপ অঞ্চল চাদ কাজীর অধীনে ছিল, এবং গোড়াই
কাজী শান্তিপুর ও ফুলিয়া প্রভৃতি স্থানের বিচারপতি ছিলেন।

উক্ত গোড়াই কাজী হরিদাদের প্রম শক্ত হইয়া উঠি-লেন; হরিদাস যবন হইলা হিন্দুর দেবতা উপাসনা করিতে-ছেন, ইহা কাজী সাহেবের সফ্ হইল না।

গোড়াই কাজী চুই তিন বার হরিদাসকে হরিনাম কীর্ত্তন করিয়। বেড়াইতে নিষেধ করিলেন; কিন্ত হরিদাস তাহাতে নিরস্ত না হওয়ায়, কাজী সাহেব জ্রোধে প্রজ্ঞাতিত হইয়া উঠেলেন এবং গৌড়ে বাইয়া তাঁহার নামে অভিযোগ ক্রিলেন।

গৌড়-বাদসাহ ত্সেন সাহা গোরাই কাজীর উত্তেজনায় হরিদাসকে কুলিয়া হইতে 'তলব' করিয়া লইয়া গেলেন। হরিদাস, বাদসাহের সভায় উপস্থিত হইয়া দেখিলেন, তাঁহার অভিযোগকারী গোড়াই কাজী তথায় বসিয়া আছেন। বাদসাহ হরিদাসকে বলিলেন, "তুমি মুসলমান হইয়া কি জন্ম হিন্দুধর্ম অবলম্বন করিয়াছ ? যদ্যপি তুমি উহা পরিত্যাগ না কর, তাহা হইলে, তোমাকে উপযুক্ত দণ্ড লইতে হইবে।"

হরিদান বাদসাহের কথার কিছুমাত্র ভাঁত না হইরা অকুঠিত ভাবে উত্তর করিলেন বে, "একমাত্র ভগবান্ এই অনস্ক ব্রহ্মাণ্ডের কর্তা এবং তাঁহার নামও অনস্ক, তাঁহার বে নামে আমার ক্রচি হইবে, আমি সেই নামেই তাঁহাকে ডাকিব। 'আলা' এবং হিবি' ছইজন স্বত্ত নহেন।''

গোড়াই কাজী তথন হুযোগ পাইরা বাদসাহকে বলিলেন,
"এই ব্যক্তির কত বড় সাহস দেগুন! এ আপনার কথাও
গ্রাহ্য করিতেছে না। ইহার সমুচিত শাতি এখনই দেওয়া
করবা;"

বাদশাহ পুনরার হরিদাসকে বলিলেন, "তুমি এখনও
বদি হিন্দুৰ্ম প্রিতাগ করিতে প্রতিজ্ঞা কর, তাহা হইলে
আমি তোমাকে ছাড়িয়া দিই, নতুবা গোমাকে সমুটিত দণ্ড
লইতে হইবে " হরিদাস কিয়ৎকাল চিন্তা করিলেন, তাহার
মূথে একটু হাসি দেখা দিল; পরে অকম্পিত গভীর অরে
বলিলেন 'আমার প্রাণ থাকিতে হরিনাম প্রিতাগি করিব না ।'

সভাসন্সকলে অবাক্ হইরা হরিদানের তেজ: পুঞ্চ কলে-ববের দিকে চাহিয়া রহিলেন। গোড়াই কাজী এইবার বিশেষ স্থাগে পাইর। বাদসাহকে বলিলেন, 'আর বিলছে প্রোজন নাই, এই ব্যক্তিকে উচিত মত দণ্ড দেওরা হউক। মুসলমান হইরা কালেরের ধর্ম অবলয়ন করিলে তাহার প্রাণ দণ্ড করাই কর্তব্য, নতুবা মুসলমান ধর্মের অম্থ্যালা করা হয়।"

অনস্তর গোড়াই কান্ধীর নির্দেশ মতে সর্ব্ধ লোকে যাহাতে দেখিতে পায়, এই রূপে গোড়ের বাইন বান্ধারে হরিদাসকে শইয়া বেতাঘাতে প্রাণদণ্ড করিবার আদেশ প্রচারিত হইন।

বাদসাহের আদেশ মতে হরিদাস দণ্ডিত হইলেন, কিছ তাহাতেও তাঁহার প্রাণ বিয়োগ হইল না। অনস্তর শাস্তি-রক্ষকগণ কি কর্ত্তবা বিমৃত হইলে, তিনি সহাস্ত বদনে বলিলেন, 'ভাই সকল, আমার জন্য তোমাদিগকে আর চিস্তা করিতে হইবে না, এই দেখ, আমি মরিতেছি'', এই বলিয়া যোগাবলম্বনে নিশ্চেই ভাবে রহিলেন। তখন বাদসাহের লোকেরা হরিদাস মরিয়াছেন, তির কবিয়া তাঁহাকে নদীতে নিংকেপ করিয়া বাদসাহকে গংবাদ প্রদান করিল।

তংপর দিবস সকলে দেখিতে পাইল যে, হরিদাস নদীতীরে বসিয়া হরিনাম কার্ত্তন করিতেছেন। এই সংবাদ নগরে রাষ্ট্র হইবামাত্র হাজার হাজার লোক দৌজিয়া হরিদাসকে দেখিতে আসিল। ক্রমে বালসাহের নিকটে সংবাদ ঘাইলে তিনিও শৌজের অনেক সম্ভান্ত লোক সমতিবাহারে দেখিতে আসিলেন। হরিদাস আপনার আনন্দে আপনি ময়; তাঁহার সরল ভাব, ঐশরিক শক্তি, ও তেজঃপুঞ্জ কলেবর দেখিয়া মুসলমান অধিপতির হাদ্য কাঁপিল।

হদেন দাহা হরিদাদের হস্ত ধারণ করিয়া বলিলেন, "ভাই! জুমিই বথার্থ আলোকে জানিয়াছ, আমি না জানিয়া তোমার প্রতি যে অভ্যাচার করিয়াছি, ভজ্জন্ত আমাকে ক্রমা কর। আমি আজ হইতে হকুম প্রচার করিয়া দিব বে, আমার অধিকার মধ্যে তোমার যাহা ইচ্ছা, তাহাই করিতে পারিবে, কেহ তোমার অনিপ্রাচরণ করিলে দণ্ড পাইবে। হরিদাস বিনয়বচনে বাদসাহকে দস্তপ্ত করিয়া আর তথায় রহিলেন না; সমন্ধ উপস্থিত হওয়ায় অতি শীঘ্র নবদ্বীপে আগমন করিয়া তাহার জীবনসর্বাস্থ গৌরাঙ্গ পদে আশ্রম্ম লইলেন।

কেহ কেহ বলেন হরিদাস ঠাকুর আহ্মণ সন্তান; স্পতি
শৈশবকালে পিতৃনাতৃনিয়োগ হইলে মুগলমান কর্ত্ব প্রতিপালিত হইয়ছিলেন। কিন্তু ঐ কথার কোন প্রমাণ পাওয়া
য়ায় না, তিনি যে নীচ যবন কুলোদ্ভব তাহা ঠাকুর বৃন্ধাবন
দান স্পাষ্ট নির্দেশ করিয়া গিয়াছেন। যথা:—

"ব্ৰহ্ম। শিব হরিদাস হেন ভক্ত সঙ্গ ।

নিবৰৰি করিতে চিত্তের বড় রঙ্গ ।

জাতিকুল সব নিরপ্তি বৃঝাইতে।

জন্মিলেন নীচ কুলে প্রভুর আক্রাতে॥
অধন কুলেতে যদি বিষ্ণু ভক্ত হর।

তথাপি সেই সে পৃজ্য সর্ব্বশাস্ত্রে কয়॥
উত্তম কুলেতে জন্ম শ্রীকৃষ্ণ না ভজে।
কুলে তার কি করিবে নরকেতে মজে॥
এই সব বেদ বাক্য সাক্ষী দেখাইতে।

জন্মিলেন হরিদাস অধম কুলেতে॥

যেতে কুলে বৈঞ্চবের জন্ম কেনে নহে।
তথাপিহ সর্ব্বোত্ত সর্বশান্তে কহে।
এই তার প্রমাণ যবন হরিদাস।
ত্রন্ধাদির ছল্ল ভ দেখিল পরকাশ।
ভৃতীয় পরিচ্ছেদ সমাপ্ত।

## চতুর্থ পরিচ্ছেদ।

নিমাই বিদ্যাবিলাসে বিভোর ইইয়া আছেন। দিনের পদ্ম দিন বীরে বীরে অনস্ত কাল স্রোতে নিলাইরা যাইতেছে। ভক্ত-বৃদ্দ কি করিবেন, অন্তর বেদনা অন্তরে ধারণ করতে কেবল শ্রীআনৈতের আখাস বাক্যে নির্ভর করিয়া দিন্যাপন করিতেছেন, ইতিমধ্যে এক দিবস শ্রীমাধ্বেক্স পুরীর প্রিয় শিষ্য শ্রীস্কাশ্বর-পুরী নবদ্বীপে আগ্যমন করিলেন।

ঈশ্বরপুরী অদৈত সভায় উপস্থিত হইলে সকলেই বিশেষ সমাদরের স্থিত তাঁহাকে অভার্থনা করিলেন। ঈশ্বর পুরীকে কেহই পূর্বের কথন দেখেন নাই; স্কুভরাং তাঁহাকে চিনিতে পারিলেন না। যাহা হউক, তিনি যে একজন প্রম বৈষ্ণব, ইহা বুঝিতে কাহার ও কট হইল না।

অবৈত প্রভূ ঈশ্বরপুরীর দিকে চাহিয়া বলিলেন, "মহাশয়! আপনাকে দর্শন করিয়া আনরা অদ্য ধন্ত হইলাম। আপনার তেজঃপুঞ্জ কলেবর ও প্রেমপূর্ণ মৃত্তি দেখিয়া আমার স্পষ্ট অমুমান হইতেছে যে আপনি এফজন বৈষ্ণব-প্রধান। ঈশরপুরী কৃষ্টিত ভাবে উত্তর করিলেন, মহাশয়! আমাকে ওরপ কথা বলিবেন না। আমি অধম শ্ড, আপনাদিগকে দর্শন করিতে আদিয়াছি।

অবৈত প্রভু আর কোন কথা না বলিয়া মুকুলকে গান গাহিতে ইবিত করিলেন। মুকুল ইবিত পাইবামাত্র উটেঃস্বরে কৃষ্ণ চরিত গাহিতে আরম্ভ করিলেন। একে কৃষ্ণলীলাপ্রদঙ্গ, তাহাতে মুকুলের স্থমধুর কঠধনি, ঈশ্বরপুরী ঐ অপূর্ব সঙ্গীত প্রবণ করিয়া ভাবে বিহবল হইয়া পড়িলেন। অবৈত প্রভুর মনোবাঞ্চা পূর্ণ হইল, তিনি ঈশ্বরপুরীকে ক্রোড়ে লইয়া ক্রন্দন করিতে লাগিলেন।

ঈশ্বপুরী আর আপনাকে গোপন রাখিতে সমর্থ হইলেন না, মহানদীর সাগর সঙ্গমের স্থার শ্রীঅদ্যৈতের অপার প্রেমাণ্রে মিশিয়া গেলেন। ভক্তবৃন্দ তাঁহার স্বরূপ পরিচয় প্রাপ্ত হইয়া পরম প্রীতিলাভ করিলেন।

গোপীনাথ আচার্য্য অতি যত্বপূর্বক ঈশ্বরপুরীকে আপন আলয়ে লইরা গেলেন এবং তাঁহার ভক্তি ও প্রেম দেবায় বর্ণভূত হইয়া ঈশ্বরপুরী উদাসীন হইয়াও গৃহস্থাশ্রমে অবস্থান করিতে বাধ্য হইলেন।

এক দিবস নিমাই বাটী যাইতেছেন, পথিনধো ঈশ্বরপুরীর সহিত সাক্ষাং হইল। ঈশ্বরপুরী নবদীপে আগমন করিয়া এই প্রথম নিমাইকে দেখিলেন। নিমাই উদাসীন বৈষ্ণব দেখিলা পুরাকে সম্ভ্রমে নমস্বার করিলেন। ঈশ্বরপুরী এক দৃষ্টে তাঁহার দিকে চাহিরা ছিলেন, একণে সাদর সন্তাবণে তাঁহার পরিচ্য জিজালা করিলেন।

ঈশরপুরী নিমাইয়ের নাম পুর্বেই শুনিয়াছিলেন, একণে ভাঁহার অলোকিক রূপ প্রত্যক্ষ করিয়া চমৎকৃত হইলেন। যতই অবলোকন করিতে লাগিলেন, নিমাইয়ের মোহিনী মূর্তি ঈশ্বরপুরীর চক্ষে ততই নব নব মাধুর্যা ধারণ করিতে থাকিল।

নিদাবের প্রথর স্থ্য কিরণে কুদ্র জলাশর সমুদ্র শুক্ষ প্রার হইরা ধার, রহং স্রোতস্বতীও ক্ষীণকারা ধারণ করিয়া মৃত্ গতিতে নিঃশন্দে প্রবাহিত হয়। পরে বর্ষাগমে গগনে নব জলধর দর্শন করতঃ স্রোতস্বতী যেমন আনন্দ প্রকাশ ছলে ছোট ছোট টেউগুলি বক্ষে ধারণ করিয়া নৃত্য করিতে থাকে, নিমাইকে দর্শন করিয়া ঈশরপুরীর অস্তরও সেইরপ আনক্ষে নৃত্য করিতে লাগিল।

ঈশ্বস্বী নিমাইকে অপূর্ক প্রেম কাদ্যিনী স্বরূপ দেখি-লেন। বর্ষাকালে ঘন মেদ দর্শন করিলে বেরূপ রৃষ্টি অবশ্র-স্থাবী ইহা বৃথিতে পারা যায়, নিমাইকে দেখিয়াও দেইরূপ ঈশ্বস্বী জানিতে পারিলেন বে, এই মহাপুরুষ নিশ্চয়ই প্রেম ব্যায় জগং প্লাবিত করিবেন। তাঁহার গাঞ্ডীর্য্য কোথায় চলিয়া গেল, হাদিতে হাদিতে জিজ্ঞাদা করিলেন, ওহে পণ্ডিত! তোমার বাড়ী কতদূরে ?

নিমাই বিনীত ভাবে বলিলেন, "আজ্ঞা! নিকটেই; চলুন আজ আমার বাড়ীতে ভিক্লা করিবেন।" ঈশরপুরীর বাসনা পূর্ণ হইল, তিনি নিমাইরের সমভিব্যাহারে তাঁহার আলয়ে গমন করিলেন।

ঈশ্বরপূরী গোপীনাথ আচার্য্যের বাড়ীতে বাসা করিরা আছেন। নিমাই প্রত্যহ পড়াইরা বাটী ঘাইবার সময় তাঁহার দাহিত সাক্ষাৎ করিয়া যান। ঈশ্বরপুরী গদাধর পণ্ডিতকে বড় ভাল বাদেন। গদাধর নিতা পুরী-সন্নিধানে যাইয়া তাঁহার ক্লত "এক্লি লীলামূত" পাঠ করেন। এক দিবস ঈশ্বরপুরী নিমাইকে জিল্লানা করিলেন, "ওহে নিমাই পণ্ডিত! তুনি একবার আমার ক্লত এই "ক্লেঞ্চ লীলামূত" পুঁধিধানি পাঠ করিয়া যদি কোন অম দেখিতে পাও, আমাকে বল। তুনি একজন বড় পণ্ডিত, অতএব আমার এই পুত্তক খানি দেখিবা দিলে আমি সন্তুই হইব।"

নিমাই বলিলেন, "পুরী গোষামী! আপনি একজন পরম বৈজ্ঞব, আপেনার কৃত পুস্তক, বিশেষতঃ যাহাতে ক্লঞ্চ চরিত বলিত আছে এমন কাহার সাধা হইবে বে, ঐ পুস্তকের দোষ দশন করিবে? আমার প্রতি ওরূপ আক্লা করিবেন না। ভক্ত যেরূপেই ভগবানের মহিমা কিংবা লীলা বর্ণন করুন না কেন, উহা স্মতই তাঁহার অতি প্রিয়।

> 'মূর্যো বদতি বিকায় ধীরো বদতি বিঞ্বে। উভয়স্তু সমং পুণ্যং ভাবগ্রাহী জনার্দ্দনঃ॥''

এক নিবদ পথে যাইতে, মুক্দের সহিত নিমাইরের দাক্ষাৎ হইন। নিমাই মুক্দের হস্ত ধারণ করিয়া বলিলেন, "তুমি আমাকে দেখিলেই কিজন্ত পলায়ন কর, তাহার কারণ অদ্য আমাকে বলিতে হইবে। মুক্দ মনে মনে ভাবিতেছেন যে, নিমাই পণ্ডিতের পুঁজির মধ্যে ত বাাক্রণ, আজ আমাকে কোন প্রশ্ন জিজ্ঞান করিলে আমি অল্বার শাস্ত্রের প্রসদ উত্থাপন করিয়া তাঁহাকে পরাস্ত করিব।

मूक्त्मत्र मानागठ ভाব वृक्षिण्ठ পারিয়া निमाই বলিলেন,

"ওহে মুকুল ! আদা আমি তোমাকে আগ্রে কিছু জিজ্ঞাসা করিব না, তোমার যাহা ইচ্ছা হয় পূর্বপক্ষ কর। মুকুল স্থ্যোগ পাইয়া আলকার শাস্তের কৃট বিষর সমূহ প্রশ্ন করিতে লাগিলেন। নিমাই সহাভ্যবদনে এক এক করিয়া তাঁহার প্রশ্ন সকলের উত্তর প্রদান করিলে মুকুল বিস্মরাবিষ্ট হইয়া নিমাইকে প্রণাম করতঃ গন্তব্য স্থানে প্রস্থান করিলেন।

> "মুকুন্দ বলেন ব্যাকরণ শিশু শাস্ত্র। বালকেতে ইহার বিচার করে মাত্র॥ অলঙ্কার বিচার করিব তোমা সনে। প্ৰভূ কহে বুঝ তোমার যেবা লয় মনে। বিষম বিষম যত কবিত প্রচার। পড়িয়া মুকুন্দ জিজাসরে অলম্বার ॥ সর্বাশক্তিমর গৌরচক্র অবতার। ধ্রু খ্রু করি দোষে দব অলম্বার ॥ মুকুন্দ স্থাপিতে নারে প্রভুর খণ্ডন। হাসিয়া হাসিয়া প্রভু বলেন বচন।। আজি ঘরে গিয়া ভাল মতে পুথি চাহ। কালি বুঝাবাঙ ঝাট আসিবারে চাহ॥ **চ**लिला मुक्क लहे ठब्र एव धृली। यत्न यत्न विश्वत्य प्रकृतः कुरुश्नी ॥ মহুবোর এমত পাণ্ডিতা আছে কোপা। হেন শাস্ত্ৰ নাহি যে অভ্যাস নাহি যথা।। এমত সুবৃদ্ধি কৃষ্ণভক্ত হয় যবে। তিলেক ইহার সঙ্গ না ছাড়ি যে তবে ॥" প্রীচৈ: ভা:--

এক দিবস নিমাই নগর ভ্রমণ করিতে করিতে এক দৈবজ্ঞের বাটীতে উপস্থিত হইলেন। দৈবজ্ঞ অতি আদর পূর্ব্বক বসিতে আসন প্রদান করিলে নিমাই বলিলেন, "দৈবজ্ঞ ঠাকুর! সর্ব্বত্তি আপনার প্রথাতি শুনিতে পাই, অদ্য আমার সম্বন্ধ কিছু গণনা করিতে হইবে। আপনি গণনা করিয়া দেখুন দেখি আমি পূর্ব্ব ক্লেফ কিছিলাম ?"

দৈবজ্ঞ বালগোপাল মন্ত্রে দীক্ষিত ছিলেন এবং কোন প্রকার গণনা করিতে হইলে অগ্রে আপন ইটমন্ত্র কিছুসংখ্যক জ্বপ ক্রিয়া তৎপরে গণনা করিতেন। নিমাইয়ের প্রশ্ন প্রবণ করিয়া তিনি মন্ত্র জপ করিতে আরম্ভ করিলেন। কিয়ংকাল নিমীলিত নয়নে জপ করিলে দেখিতে পাইলেন, কংসের কারাগারে ভগবান মাতৃক্রোড়ে বিরাজ করিতেছেন এবং পিতা মাতা করবোড়ে তাঁহার স্তব করিতেছেন। অনস্তর দেখিলেন, ভগবান বালক বেশে ব্রজে নবনীত ভক্ষণ করিতেছেন। তৎপরে দেখিলেন ভগবান ত্রিভঙ্গভঙ্গিম ঠামে শ্রীমথে মুরলী বাজাইতেছেন এবং গোপাঙ্গনা সকল তাঁহাকে বেষ্টন করিয়া নৃত্য গীত করিতেছেন। এইরূপ এবং অন্তান্ত বিবিধ ভগবল্লীলা দর্শন করিয়া দৈবজ্ঞের বিশ্বয় জন্মিল। তিনি চিন্তা করিতে লাগিলেন, এই প্রকার ঘটনাত আর কথন হয় নাই। বোধ হয় এই ব্রাহ্মণ কোন মন্ত্র জানে, অথবা অন্ত কোন দেবতা আমাকে পরীক্ষা করিতেছেন। যাহা হউক বিশেষ কোন কারণ স্থির করিতে না পারিয়া নিমা-रेरात पिरक ठाहित्वन।

নিমাই সহাস্ত বদনে জিজ্ঞাসা করিলেন, "কই ঠাকুর! আমার বিষয় কি স্থির করিলেন ?" দৈবজ্ঞ মনের ভাব গোপন করিয়া বলিলেন, আপনি এখন ষাউন, বৈকালে আসিবেন, তথন স্থির করিয়। বলিব।

"প্ৰভূ বলে তুমি সৰ্ব্ব জান ভাল শুনি। বল দেখি অন্ত জন্মে কি ছিলাম আমি॥ ভাল বলি সর্বজ্ঞ স্কৃতি চিস্তে মনে। জ্বপিতে গোপাল মন্ত্র দেখে সেইক্ষণে॥ শ্ৰু চক্ৰ গদাপদা চতুত্তি শ্ৰাম। শ্ৰীবংদ কৌস্তভ বক্ষে মহা জ্যোতিঃ ধাম। নিশাভাগে প্রভরে দেখেন বন্দি ঘরে। পিতা মাতা দেখনে সমুখে স্তৃতি করে॥ সেইক্ষণে দেখে পিতা পুত্ৰ লইয়া কোলে। সেই রাত্রে থুইলেন আনিয়া গোকলে॥ পুনঃ দেখে মোহন দ্বিভুজ নিগন্ধরে। কটিতে কিঞ্জিনী নবনীত ছই করে॥ निक रेडेमस गांदा हिटच जनकर। স্ক্তি দেখ্যে সেই স্কল্লকণ।। श्रमः (मर्थ विङ्क्षित मृत्नी तमन । চতুৰ্কিকে বন্ধ গীত গায় গোপীগণ।। ৰেথিয়া অত্ত চকু মেলি সৰ্বজন। গৌরাঙ্গে চাহিয়া পুনঃ পুনঃ করে ধ্যান॥ मर्खक कहाम अन औवाल (शांशांल। কে আছিলা দ্বিজ এই দেখাও সকল।। তবে দেখে ধহুৰ্ত্মর দূৰ্কাদল শুমি। বীরাসনে প্রভুৱে দেখয়ে সর্বাঞ্চন।।

পুন: দেখে প্রভ্রে প্রশাস জল মাঝে।
আছুত বরাহ মৃত্তি দত্তে পৃথী সাজে।
পুন: দেখে প্রভ্রে নৃসিংহ অবতার।
মহা উপ্রক্রপ ভক্ত বংসল অপার।
পুন: দেখে তাঁহারে বামন রূপ ধরি।
বলি যজ্ঞ ছলিতে আছেন মায়া করি।
পুন: দেখে মংগ্রু রূপে প্রলম্নের জলে।
করিতে আছেন জলকীড়া কুতৃহলে।
স্কৃতি সর্বজ্ঞ পুন: দেখ্যে প্রভ্রে।
মত্ত হলধর রূপ প্রীম্বল করে।
পুন: দেখে জগলাথ মৃত্তি সর্বজ্জন।
মধ্যে শোতে স্কুভা দক্ষিণে বলরাম।
এইমত স্থার তব্ব দেখে সর্বজ্ঞান।
তথাপি না বুঝে কিছু হেন মায়া তান।"

ইটি: ভা:-

শ্রীধর একজন দরিদ্র রাহ্মণ সন্তান, নবদীপেই তাঁহার বাড়ী।
নিমাই মধ্যে মধ্যে তাঁহার নিকট যাইতেন। থোড়, মোচা, কলা,
ইতাদি বিক্রয় করিয়া তিনি সংদার যাত্রা নির্কাহ করিতেন। এক
দিবদ নিমাই শ্রীধরের বাড়ীতে উপস্থিত হইয়া বলিলেন, "ওছে
শ্রীধর! আছো, তুমি যে এত হরিনান কর, কিন্তু তোমার ত
য়ংথ কথন ঘুচিল না 
ল নবদ্বীপের অপরাপর লোক সকল দেথ
কেমন স্থাধ কাল্যাপন করিতেছে। তোমার ভায় তাহারা
স্কাদা হরি হরি বলিয়া বেড়ায় না, অথচ কেমন স্থাধ আছে।"

- প্রীধর। আমি নাহর গরিব লোক, কিন্তু উপবাস ত করি না।
  নিমাই। তাহা দেখিতে পাইতেছি, ঘরের চালে খড় নাই, দশ
  গণ্ডা গাঁট বাঁধা কাপড় পরিধান; এই সকল স্থথের চিহ্ন
  তাহাতে আর সন্দেহ কি ?
- শ্রীধর। তুনি যাহা বলিতেছ উহা সতা বটে, কিন্তু কাহার দিন
  আট্কাইরা থাকিতেছে না। ধনবান্ই হউক, আর দরিদ্রই
  হউক, দিন সকলেরি সমভাবে যাইতেছে। ধনী ব্যক্তি
  উত্তম উত্তম জব্য আহার করিয়া পর্যান্তে শর্মন করিয়া দিন
  যাপন করিতেছেন, দরিত্র শাক ভাত থাইয়া ভূমি শ্যায়
  কালাতিপাত করিতেছে; কিন্তু কাহারই দিন রহিয়া
  ঘাইতেছে না। সকলেই আপন আপন কর্মান্ত্রসারে ফল
  ভোগ করিতেছে; অতএব কোন বিষয়ের জন্ত কোভ করা
  করিবা নহে।
- নিমাই। আনি শুনিষাছি, তোমার অনেক অর্থ আছে; কিন্তু ভূমি তংসমূদ্র মাটির নীচে পুতিরা রাণিরা সকলের কাছে দরিদ্র বলিয়া পরিচয় দাও। ভাল, আনি যে দিন অনু-সন্ধান পাইব, সেই দিন জানিতে পারিবে, কি করি।
- জীধর। আমার ধন থাকুক আর না পাকুক, আমি তোমার সহিত বৃগা কলহ করিতে চাহি না, তুমি আপন আলয়ে গমন কর।
- নিমাই। আছে। আমি বাড়ী যাইতেছি, কিন্তু অন্থ আমাকে কি দিবে, তাহা অথ্যে দাও, তাহার পর আমি যাইব।
- জীধর। আমি হংবী মাত্মৰ, ৰোলা বেচে ধাই, আমার কি আছে যে, তোমাকে দিব।

নিমাই। তোনার বে গুপ্ত ধন আছে, তাহা পরে লইব, একংণ কলা, মূলা, কি আছে দাও; আমি কিন্তু মূলা দিতে পারিব না।

শ্রীধর। (স্বগত) প্রান্ধণের যেরপ তেজ:পুঞ্জ কলেবর, তাহাতে
এই বাক্তিকে সামান্ত মন্থ্য বলিয়া বোধ হর না; কিন্তু
প্রত্যহই বা বিনাম্ল্য কি প্রকারে থোড় কলা ইত্যাদি
দিতে পারি ? আর না দিয়াই বা কিরুপে নিস্তার পাইব।
ক্রান্ধণ ব্রাপুক্ষর, বেণী ভাঁড়াভাঁড়ি করিলে কোন দিন
আমাকে ঠেঙ্গাইয়া দিতেও পারে। আর বিলম্ব করা
হইবে না, এই বলিয়া পোড় মোচা ইত্যাদি যাহা ঘরে ছিল,
নিমাইকে অনিয়া দিলেন।

নিনাই। পোড়, মোচা ত পাইলান, কিন্তু একটি কথা জিজ্ঞাসা করি, আনাকে কি মনে কর, তাহা সত্য করিয়া বল দেখি? তাহা বলিলেই আমি চলিয়া যাই।

শীধন। ভূমি আহ্মণ, তোমাকে শীবিষ্ণুর অংশ বলিরাই বোধহয়।
নিমাই। তবে ভূমি আমাকে জান না। আমি গোপ জাতি।
এতদাতীত আর একটি বিশেষ কথা বলি শুন। তোমরা
এই যে গঙ্গাকে এত ভক্তি কর, গঙ্গার ঐ মাহায়া আমা
হইতেই হইয়াছে।

| এথির। ওতে নিমাই পণ্ডিত! তোমার কি গঙ্গা বলিয়াও কিছু

মাত্র ভয় কা ?

''প্রভু বলে আমারে কি বাসহ শ্রীধর তাহা কহিলেই আমি চলি যাই ঘর॥ শ্রীধর বলেন জুমি বিপ্র বিষ্ণু অংশ।
প্রভুবলে না জানিলা আমি গোপ বংশ।
তুমি আমা দেখ যেন ব্রাহ্মণ ছাওয়াল।
আমি আপনারে বাদি বে হেন গোয়াল॥
হাদেন শ্রীধর শুনি প্রভুর বচন।
না চিনিল নিজ প্রভু মায়ার কারণ।
প্রভুবলে শ্রীধর তোমারে কহি তত্ত্ব।
আমা হইতে তোর দব গঙ্গার মাহাস্ম্য॥
শ্রীধর বলেন ওহে পণ্ডিত নিমাই।
গঙ্গা করিয়াও কি তোমার ভয় নাই॥
বয়দ বাড়িলে লোক কত স্থির হয়।
তোমার চাপল্য আর বিগুণ বাড়য়॥
এইমত শ্রীধরের দঙ্গে রক্ষ করি।
আইলেন নিজ গৃহে গৌরাক্ষ শ্রীহরি॥"

প্রীচঃ ভাঃ—

চতুর্থ পরিচ্ছেদ সমাপ্ত।

## পঞ্চম পরিচ্ছেদ।

নিমাই প্রতাহ অপরাহে গঙ্গাতীরে বাইয়া বসেন, এবং ছাত্র বৃন্দ তাঁহাকে চতুর্দিকে থেরিয়া নানাবিধ শাস্ত্র আলাপ করেন। শাস্ত্রালাপ ব্যতীত দিবসের কোন এক সমন্ত্র নিনাইরের কৃথা অতিবাহিত হয় না।

এই সময় একজন দিখিজ্বী পণ্ডিত নবধীপে আগমন করিলেন। তিনি দেবী সরস্বতীর উপাসনা করিয়া দিদ্ধি লাভ করিয়া ছিলেন; স্করাং সরস্বতীর ক্লপায় কেহই তাঁহাকে শাস্ত্রবিচারে পরাস্ত করিতে পারিত না। দিখিজ্বী ভারতের প্রধান প্রধান স্থানে যাইয়া পণ্ডিত মণ্ডলীকে পরাস্থিত করিয়াছেন, একণে নবদীপবাসী পণ্ডিত গণের সহিত বিচার করিতে আদিয়াছেন।

নিখিজয়ী অনেক লোক, এবং ঘোড়া, হস্তী, প্রভৃতি বাহন
সঙ্গে লইয়া আনিরাছেন। নবদীপ জয় করিতে পারিলেই
তিনি সর্বাজনী হইবেন, এই অহলারেই উয়ভ হইয়াছেন। ক্রমে
পণ্ডিত মণ্ডলী জানিতে পারিলেন বে, একজন নিখিজয়ী পণ্ডিত
ভাঁহানিগের সহিত বিচারার্থে নবনীপে আসিয়াছেন।

ছই এক দিনের মধ্যে প্রকাশ হইরা পড়িল বে, দিখিজন্নী ণিওিত সরস্বতীর কুপাপাত্র। মনুধ্যোচিত বিভাগ দিখিজনীকে গরাস্ত করা যাইবে না; আবার সমগ্র নবদ্বীপবাদী পণ্ডিত এক ঘক্তির নিকটে প্রাভব স্বীকার করিবেন, ইহা বড়ই লজ্জার কথা, এই ভাবিয়া পণ্ডিতবর্গ বিমর্শ হইলেন।

ছাতের। निमाইষের নিকটে বাইগা বিशिক্ষীর বৃত্তান্ত নিবেদন

করিলে তিনি হাসিয়া বলিলেন, "তোমরা চিন্তিত হইও না; ভগবানু কাহারও অহলার অকুয় রাখেন না।"

পুণিনার রজনী, নিনাই সন্ধাক্ত সমাধা করিয়া ছাত্রদিগকে লইয়া গঙ্গাতীরে বিদিয়া আছেন। মনে মনে চিন্তা করিতেছেন, "মহতের অবমাননা করা ভাল নহে। আনি বনি নিয়িজ্জীকে দর্ক দমক্ষে পরান্ত করি, তাহা হইলে তাঁহার অপমানের শেষ থাকিবে না; অবিকন্ত দকল লোকে তাঁহার দ্রব্যাদি লুট করিয়া লইবে।"

নিমাই ঐ প্রকার চিন্তা করিতেছেন, ইতি মধ্যে দিখিজ্জী পণ্ডিত আদিয়া তথায় উপনীত হইলেন। দিখিজ্গী নিমাইকে কথন দেখেন নাই, কিন্তু তাঁহার নাম ও রূপগুণের বিষয় সমূদ্র শ্রণ করিয়াছেন। তিনি গঙ্গাতীরে আদিয়া দেখিলেন, নিমাই চতুর্দ্ধিক ছাত্রবৃদ্ধবৈতি হইয়া বিদিয়া আছেন। পরে ছাত্রের মধ্যে একজনকে জিজ্ঞাসা করিয়া অবগত ইইলেন, ছাত্র-মধ্যার মধ্যে লেতেঃপুষ্ক কলেবর দীর্ববাহ বে মহাপুক্ষ বিসিয়া আছেন, উনিই নিমাই পণ্ডিত।

দিধিজ্বী নিকটে আগমন করিলে, নিমাই ঈবং হাস্ত করিয়া তাঁহাকে বহু সমানর পূর্পক বনিতে খান দিলেন।

নিমাই। আমার পরন সৌভাগ্য, সেজন্ত অন্ত আপনার সন্দর্শন
পাইলাম। নবদ্বীপে আপনার গুভাগমন হওয়ায় আমরা
যে কি পর্যান্ত আনন্দ লাভ করিয়াছি, তাহা বনিতে পারি
না। লোকমুথে শুনিয়াছি, আপনার সদৃশ পশুত
ভারতবর্ষে আর কেহই নাই। আপনি সর্বাকলাবিং।
অন্ত পূর্ণিমার রজনী, আমরা ভাগীরখী স্মীপে উপস্থিত

আছি ; যদি ক্লপা করিয়া গঙ্গা মাহাত্ম্য কিছু বর্ণন করেন, তাহা হইলে কুতার্থ হই।

দিখিজয়ী। আমি নবদীপে আগমন করিয়া আপনার পরিচয় প্রাপ্ত হইয়াছি, এক্ষণে আপনার দর্শনে পরম তৃপ্তি লাভ করিলাম। আপনার যথন শুনিতে বাসনা হইয়াছে, তথন আনি অবশু যথাজান গঙ্গামাহাত্ম্য বর্ণন করিতেছি, প্রবণ করুন। এই কথা বলিয়া গঙ্গাদেবীর মাহাত্মপূর্ণ কয়েকটী দীর্ঘ স্থলর প্রোক রচনা করিলেন। তাঁহার উপস্থিত কবির দর্শনে ছাত্রকুল মুগ্ধ ও বিশ্বিত হইলেন।

নিমাই। মহাশর ! আপনি পণ্ডিতাগ্রণ্য; কিন্তু ব্যক্ত ভাবে শ্লোক পাঠ করিলেন, তাহাতে আমরা কিছুই বুঝিতে সমর্থ হই নাই। অনুগ্রহ করিয়া, শ্লোকটি একবার ব্যাখ্যা। করিলে ভাল হয়।

দিখিজয়ী একটু হাসিয়া—"আছা, ব্যাথ্যা করিতেছি শ্রবণ কর্মন।" বলিয়া তিনি নিজক্ত শ্লোকের ব্যাথ্যা করিলেন। তথ্যবণে নিমাই কহিলেন, আপনি আমার অপরাধ লইবেন না; আপনার ক্লত শ্লোকের তিন স্থানে অল্ছার দোষ ঘটিয়াছে।

নিমাইরের বাক্যে দিখিজয়ীর বিশ্বর জনিল। সাত পাঁচ নান।
কথা বলিয়া আপনার দোব ঢাকিতে চেঠা করিতে লাগিলেন;
কিন্তু কাহাকে ফাঁকি দিবেন, নিমাই কথায় ভূলিবার পাত্র নহেন।
কোন্ কোন্ স্থানে দোব ঘটিয়াছে, তাহা বিশেষ রূপে দুর্শাইয়া
দিলে, দিখিজয়ী অবাক্ ইইয়া রহিলেন।

দিখিজ্বীর পরাজ্য দর্শনে শিষ্যগণ হাস্ত করিবার উপ্তক্রম মাত্রেই নিমাই তাঁহাদিগকে নিষেধ করিয়া, মধুর বচনে পণ্ডিতকে বলিলেন মহাশর! অভ রাত্রি অধিক হইয়াছে এবং আপনিও শ্রান্ত হইয়াছেন, অতএব বাসার গমন করুন, পুনরার কল্য বিচার হইবে।

নিমাই শিষ্যগণ সমতিব্যাহারে বাটী গমন করিলেন। নিথিজয়ীও আপন বাদায় যাইরা চিন্তা করিতে লাগিলেন যে, কি আশ্রুমাণ্ড দেবী সরস্বতী আমার তপস্তায় পরিতৃষ্ট হইরা বর নিয়াছেন যে, স্থায়, সাংখ্য, পাতঞ্জল, এবং বেনাস্তানি সর্ব্ব শাস্ত্রে কেহই আমার সমকক হইবে না; কিন্তু অন্ত একি হইল। একজন, শিশুশাস্ত্র ব্যাকরণবিৎ বালকের নিকটে পরাস্ত হইলাম। সরস্বতী দেবী কি আমার প্রতি কোপনা হইয়াছেন ?

এই বলিয় দিখিছয়ী অথ্য সরস্বতীর নির্মিত মন্ত্র জপ করিয় পরে রাত্রি অবিক হওরায় শয়ন করিলেন। কিন্তু ক্ষণ পরে দেবী উপস্থিত হইয়া বলিতে লাগিলেন, "ওহে বিপ্র! তোমাকে আমি বেনগোপা কথা বলিতেছি শ্রবণ কর। এই কথা কাহার নিকট প্রকাশ করিও না। তৃমি ঘাঁহার নিকট পরাস্ত হইলে, উহাঁকে সামাস্ত মনুষ্য বলিয়া জান করিও না, উনি এই অনন্ত বিশ্ব ব্রহ্মাণ্ডের অবীধর। আমি শাস্ত্র বিচার স্থলে তোমার জিহ্নায় অধিষ্ঠান করি বটে; কিন্তু উহাঁর সমূপে আমার শক্তি প্রকাশ শায় না। মৎস্ত, কুর্মা, বরাহ, নৃদিংহ প্রভৃতি যে সমুনর অবতারের কথা শুনিয়াছ, তাঁহারা উহাঁর অংশ কলা। তোমাকে অধিক আর কি বলির, উনিই ক্রছাদি দেবতাগণের নিয়োগ কর্তা। ক্রছাদি দেবতা সকল উহারই ইক্ছা ক্রমে আবির্ভূত হইয়া উহাঁরই নিয়োগক্রমে আপন আপন অবিকারে বাহিয়া সৃষ্টি আদি কার্য্য সম্পন্ন করিয়াছিলে,

ভাহা অস্ত সকল হইল। একণে সর্ব্ধ প্রকারে উহাঁর পাদপদ্ম আশ্রম কর, তাহা হইলেই তোমার সর্ব্বোৎক্ষণ্ট মঙ্গল লাভ হইবে। যে সম্পর কথা বলিনাম, ইহা স্বপ্ন বলিয়া জ্ঞান করিও না," এই বলিয়া দেবী সরস্বতী অন্তর্হিতা হইলেন। দিখিজ্মীও অতি প্রভাষে নিমাই পণ্ডিতের বাটাতে গমন করিলেন।

দিখিজয়ী মিশ্রতবনে উপনীত হইয়া নিমাইকে সাষ্টাচ্চে প্রণাম পূর্ম্বক করবোড়ে বলিলেন, "প্রভূ! এই দাসের প্রতি প্রসন্ধ হউন।" নিমাই নিধিজয়ীকে আলিঙ্গন করিয়া কহিলেন, "আপনি দিখিজয়ী পণ্ডিত হইয়া কি কারণে আমার নিকট অবনত হইতেছেন ?"

দিখিছ ী পূর্দ্ধবং করবোড়ে বলিলেন, "প্রভূ! আর আমাকে ছলনা করিবেন না। আনি দেবী সরস্বতীর ক্লপাপাত্র ছিলাম এবং তাঁহারই ক্লপাবলে কানী, কাঞ্চী, তৈলক প্রভৃতি স্থানবাসী পণ্ডিত মণ্ডলীকে বিচারে পরাস্ত করিয়াছি; কিন্তু আপনার নিকটে পরাভব প্রাপ্ত হইয়া ভগ্ন মনোরথ হইলে উক্ত দেবীই ক্লপা করিয়া আপনার তত্ব আনাকে বিশিয়া দিয়াছেন। এক্লণে আপনি আমার প্রতি প্রথম হইলেই আনি জন্ম সফল জ্ঞান করি।"

নিমাই দিখিজয়ীর দৈন্য দেখিয়া সম্ভষ্ট ইইয়া কহিলেন, "ওহে
পণ্ডিত! তোমাকে কিছু হিতবাকা বলিতেছি, শ্রবণ কর।
বিদ্যালাভ করিলে যে, কেবল পণ্ডিতসমাজে রুথা তর্ক করিয়া
বেড়াইতে হইবে, এরূপ উদ্দেশ্য বড়ই অফুচিত। বিদ্যা শিক্ষা
করিয়া যদি ভগবছক্তি লাভ করিতে পারা যায়, তাহা হইলেই
বিদ্যার সফলতা হইল, নচেং বিদ্যালাভ রুথা পরিশ্রম মাত্র।
মন্থব্যের দেহ চিরস্থায়ী নহে, এই অনিত্য দেহ ধারণ করিয়া

ষদি ঈশ্বর-ভজন না হইল, তাহা হইলে পশু জীবন অপেক্ষা উহার কিছুমাত্র মহন্ত দেখা যায় না। মহুযোর হিতাহিত জ্ঞান আছে, পশুদিগের উহা নাই, কিন্তু মহুষ্য যদি জ্ঞানবজ্ঞিত হইয়া আহার নিদ্রা প্রভৃতি সাধারণ জীব ধর্ম্মের সেবায় দিন যাপন করেন, তাহা হইলে পশু হইতে তাহার কি পার্থক্য রহিল ? মহুষ্য বিবেকাশ্রের ইহাই জানিতে পারেন যে, এই পরিদৃশুমান জগং পঞ্চ ভূতাত্মক এবং সর্ম্বনা পরিবর্তনশীল। এক মাত্র সন্ধিদানন্দ বিগ্রহ এ ভগবান্ই নিত্য এবং সর্ম্বনরণের কারণ হর্মেপ। অভ-এব যাবং এই স্থ্ল দেহ বর্তনান আছে, তাবং অন্ত সমুদ্য বাসনা পরিত্যাগ করিয়া মেই পরমানন্দ কেশবের পদাশ্রর গ্রহণ কর, তাহা হইনেই স্বরূপ মঙ্গল লাভ করিতে পারিবে।"

দিখিজ্বী নিমাইরের বাক্যান্ত পানে পরম ভৃপ্তিলাভ করিয়া তাঁহার পাদমূল আশ্র করিলে, নিমাই তাঁহাকে বাছ মধ্যে লইয়। দৃঢ় আলিঙ্গন দান করিলেন। দিখিজ্বী পুনঃ পুনঃ নিমাইরের চরণ বন্দনা করিলা তাঁহার অন্তমতি গ্রহণ পূর্কাক আপন আলয়ে গ্রমন করিলেন। পরে হতী ঘোটক প্রভৃতি ঘাহা কিছু সমজিব্যাহারে ছিল, সম্বার পাত্রসাং করিয়া নিঃসঙ্গ হইয়া পরমানন্দে কৃষ্ণ-ভজন করিতে লাগিলেন।

"শুনিরা বিপ্রের কাকু জ্রীগোঁর স্থব্দর।
হানিরা তাহানে কিছু করিলা উত্তর ॥
তুন দিজবর তুনি মহাভাগ্যবান্।
সরস্বতী বাহার জিহ্বার অবিষ্ঠান ॥
দিখ্লিম্ব করিব বিদ্যার কার্য্য নহে।
দ্বিশ্বর ভজিতে দেই বিদ্যা সত্য কহে॥

মন দিয়া বৃঝ দেহ ছাড়িয়া চলিলে।
ধন বা পৌরুষ সঙ্গে কিছু নাহি চলে।
এতেক নহান্ত সব সর্ব্ধ পরিহরি।
করেন ঈশ্বর সেবা দৃঢ় চিত্ত করি।
এতেকে ছাড়িয়া বিপ্র সকল জ্ঞাল।
শ্রীক্ষ চরণ গিয়া ভজহ সকাল।
যাবত্ মরণ নাহি উপনন্ন হয়।
তাবত্ সেবহ ক্ষা ইইয়া নিশ্চয়॥

ঐচিঃ ভাঃ—

দিখিজ্মী প্রাহ্মে নিনাই, জগতে একটি মহং দৃষ্টান্ত রাধি-লেন। সম্বিক বিদ্যালাভ করিলে, কিংবা অতিশ্য ধনবান্ ইইলেই বে মন্থ্যাল্লম সফল হইল একপ নহে। কি ধনবান্, কি পণ্ডিত, ক্ষভুক্তির বিহান হইলে কাহাকেও শ্রেষ্ঠ বলা হাইতে পারে না। ক্ষভুক্তির আবার অলেইকিক ধর্ম এই বে, ধনবানই ইউন, আর পণ্ডিতই ইউন, ক্ষভুক্তি আশ্র করিলেই তাঁহাকে অবনত করিবে। ক্ষভুক্তের ধন বা বিদ্যা কিছুরই প্রতি লক্ষ্য থাকে না, এমন কি তিনি ক্ষপ্রেম্বা এবং ক্ষভুক্তের সেবা বাতীত অপর কিছুই চাহেন না, স্বুণ্ডি মোক্ষণ্ড তাঁহার নিকটে তুণ বা নরক তুলা জ্ঞান হয়।

''সালোক্য-সার্ন্তি -িসারূপ্য-সামীপ্যৈকত্বমপ্যুত। দীয়মানং ন গৃহুন্তি বিনা মৎসেবনং জনাঃ॥" শুমন্তা:— অপবা

"কৈবল্যং নরকারতে ত্রিদশপুরাকাশপুষ্পায়তে, ফুর্দাস্তেন্দ্রিয়কালসর্পপটলী প্রোত্থাতদংখ্রীয়তে," ইত্যাদি শ্রীচৈত্য চন্দ্রায়ত।

অনেকে বিদ্যা এবং অর্থ, ভাব জন্ত পরিতাপ করিয়া থাকেন; কিন্তু প্রকৃতপক্ষে তাঁহানিগের ছংথ প্রকাশ করিবার কোন কারণই দেখা যায় না। যথন রক্ষপ্রেমে ধনশালীকে তৃণাদপি লঘু করে এবং পণ্ডিতকে পাণ্ডিলাভিমান ভূলাইয়া বালক অপেকা চঞ্চল করে, তথন বাহানিগের ধন বা বিদ্যা নাই, তাঁহারা আর কি জন্ত উহার অভাবে ত্রিয়মাণ ইইবেন প বরং ভগবান্ তাঁহাদিগের প্রতি অবিক ক্রপা প্রাহাশ করিয়াছেন। কারণ ধনবান্ও পণ্ডিতের ন্তায় তাঁহাদিগকে আর কিছুই পরিত্যাগ করিছে ইইবে না; তাঁহারা কেনার রক্ষপদাশ্র গ্রহণ করিতে পারিলেই কৃতক্ষতা হইনে লালকে রাজ্যমমতা তাগে করিতে, এবং পণ্ডিতকে বিশাগন পরিত্যাগ করিতে, তীত্র বৈরাগ্য ও বিশেব সাধনা আবশ্রক; কিন্তু দরিদ্র বা মুর্থের সে সঙ্গট নাই, কেবল গৌরদাদ সদ্গুক্ত পণ্যশ্র মাত্রেই সর্ক্রীভীই সিদ্ধ হইবে।

পঞ্চম পরিছেদ সমাপ্ত।

## ষষ্ঠ পরিক্ছেদ।

কিছু দিন পরে নিমাইরের এক বার পূর্ব্ব বঙ্গদেশ দেখিতে বাসনা হইল। শচীদেবী ও লক্ষীদেবী ঐ কথা শুনিরা বড়ই হুঃথিত হইলেন; কিন্তু নিমাই সান্ত্রনা বাক্যে তাঁহাদিগকে স্বস্থির করিয়। শিষ্যগণ সমভিব্যাহারে শুভ দিনে নবন্ধীপ হইতে যাত্রা করিলেন।

নিমাই ক্রমে ক্রমে নানা স্থান পর্যাটন করিরা পরিশেষে পদ্মার তীরে উপস্থিত হইলেন। পদ্মানদীর তীরবর্তী স্থানসমূহ অতি মনোহর বোধ হওয়ার তিনি তথার কিছু দিন অবস্থান করিতে মনন করিলেন।

নিমাই পণ্ডিত পদ্মার তীরে অবস্থিতি করিতেছেন, এই সংবাদ প্রচার হইরা পড়িলে তদ্দেশবানী পণ্ডিতমণ্ডলী একৈক ক্রমে উাহার সমীপে আগমন করিতে লাগিলেন। ক্রমে ঐস্থান একটি জনাকীর্ণ নগরের স্থায় হইরা গেল। অতি দূরবর্ত্তী গ্রাম সকল হইতে পণ্ডিতগণ তাঁহার সহিত শাস্ত্রালাপ উদ্দেশে আসিতে আরম্ভ করিলেন। অনেক ছাত্র আপনাদিগের জন্ম সফল হইবে ভাবিরা তাঁহার শিষ্যক গ্রহণের অভিলাবে নানা স্থান হইতে দলে দলে আসিয়া উপস্থিত হইলেন। ক্রমে ঐ স্থান একটি আনন্দ ক্ষেত্র হইরা উঠিল এবং সমাগত জনগণের সহিত সদালাপ করিতে দিবা রাত্রির মধ্যে নিমাইরের কিছুমাত্র অবকাশ রহিল না।

''হই বাহ তুলি এই বলি সত্য করি। **খনস্ক এন্ধাণ্ড নাথ** গৌরাঙ্গ শীহরি।

বাঁবি নাম স্থাবণে সমস্য বন্ধ ক্ষয়। যাঁব দাস স্থাবেও সর্বাদে বিজয় ॥ সকল ভূবনে দেখ যার যশ গায়। বিপথ ছাড়িয়া ভজ হেন প্রভুর পায়॥ হেন মতে ঐ বৈকুঠ নাথ গৌরচক্স। বিদ্যারসে করে প্রভু বঙ্গদেশে রঙ্গ ॥ সহস্ৰ সহস্ৰ শিষ্য হইল তথাই। হেন নাহি জানি কে পড়ায় কোন ঠাঞি \$ ত্বনি সব বৃহদেশী আইসে ধাইযা। নিমাঞি পণ্ডিত স্থানে প্রভিবাই গিয়া। হেন রূপা দুঠে প্রভু করেন ব্যাখ্যান। তুই নাদে সবেই হইল বিদ্যাবান। কত শত শত জন পদ্বী লভিলা। ঘরে যায় আর কত আইদে শুনিয়া। এই মতে বিদারেদে বৈকুঠের পতি। বিদ্যারসে বঙ্গদেশে করিলেন স্থিতি ॥"

শ্ৰীচৈ: ভা:--

এদিকে নিমাইণের নবদীপে অনুপস্থিতি কালে লক্ষীদেবী কিছু দিন দাক্রণ পতিবিবহ সন্তাপে দগ্ধ হইরা যথন উহা অসম হইরা উঠিল, তথন স্থানীর পারপক্ম ফদ্যে ধ্যান পূর্কক দেহ ত্যাগ ক্রিয়া তাঁহাকে প্রাপ্ত হইলেন।

নিমাই অনেক দিন পূর্ধবদে অভিবাহিত করিয়া পরিশেষে বাটী প্রভাগমন করিতে মনন করিলেন। এই সময়ে তপন মিত্র নামে জনৈক ত্রাহ্মণ ভাঁহার নিকটে আগমন করিলেন। তপন মিশ্র বহু শাস্ত্র আলোচনা করিয়াছেন এবং অনেক শাস্ত্রজ্ঞ পণ্ডিত দিগের সহিত আলাপ করিয়াছেন; কিন্তু কিছুতেই তাঁহার মনের তৃথি জন্মে নাই। স্বরূপ সাধন তত্ত্ব স্থির করিতেনা পারিয়া তিনি সর্ব্বনা নিজ ইষ্টমন্ত্র জপ করিতেন। এক দিন রাশ্রিযোগে এক জন তেজঃপুর কলেবর পুরুব তাঁহাকে স্বপ্রাবস্থার বণিলেন, "ওহে বিপ্র! তুনি আর চিন্তা করিও না, তোমাদের এই দেশে নিমাইপণ্ডিত অবস্থিতি করিতেছেন, তাঁহার নিকট গমন করিলেই তোমার অভীষ্ট দিল্ধ হইবে। নিমাই প্রভিতকে সাক্ষাৎ নররূপী নারায়ণ বিলয়। জানিবে। এই বেদগোপ্য ক্যা কাহার নিকট ব্যক্ত করিও না।" এই বিলয়া মহাপুক্রব অন্তর্থিত হইলেন।

তপন। (করবোড়ে) প্রস্থা আমার প্রতি প্রবন্ধ ইউন। আমি আপেনার জ্ঞীপাদপদ্ম ধান করিতে করিতে এখানে আগ্র মন করিয়াছি; একবার ক্লপাকটাক্ষপাতে এই দীন দানের প্রতি সদয় ইউন।

নিনাই। আপনার অভিপ্রার কি, তাহা ব্যক্ত করুন।

তপন। সানি বহ শাস্ত্রজ পণ্ডিতগণের সহিত আলাপ করিয়াছি

এবং স্বরং অনেক শাস্ত্রানি আলোচনা করিয়াছি, কিন্তু
কিচুতেই আনার চিত্তের নির্কৃতি জন্মে নাই। বহু অস্থসন্ধানেও স্বরূপ সাধন তবু জানিতে নাপারার, আমি কোন

মতে চিত্তহৈর্ঘ্য সম্পাননে সমর্থ হইতেছি না। বিষয়
স্থথে আনার কিছুমাত্র স্পৃহা নাই; এক্ষণে কি করিলে
শান্তি পাইব, আপনি কুপা করিয়া আমাকে তাহা উপদেশ

করুন।

নিমাই। ওহে বিপ্র! আপনি অতি মৌতাগ্যশালী ব্যক্তি। আপনি যথন স্বয়ং উপ্যাচক হইরা ভজনতত্ব জানিতে বাসনা করিতেছেন, তথন আপনার তার ভাগ্যবান্ আর কে আছে ? আনি সাধ্য সাধ্য তত্ব বলিতেছি, আপনি অভিনিবেশ পুর্মক শ্রবণ করুন।

" প্রীভগবান্ চারি যুগের জন্ম চারি প্রকার ধর্ম নির্দিষ্ট করিয়াছেন। কাল প্রাপ্ত হইলে যথন অধর্ম প্রবৃত্তির প্রান্থভাবে ধর্ম সঙ্কৃতিত হইয়া পড়ে, তথন ভগবান্ স্বরং অবতীর্ণ হইয়া ধর্ম সংস্থাপন পূর্মেক স্বধানে গমন করেন। যথা—

'ষদা ষদাহি ধর্মান্ত গ্লানির্ভবতি ভারত। অভ্যুখানমধর্মান্ত তদাত্মানং ক্রামাহং॥" "পরিত্রাণায় সাধ্নাং বিনাশায় চ ভ্রুতাং। ধর্মসংস্থাপনাথীয় সম্ভবামি যুগে যুগে॥"

গীতা।

সত্যাদি যুগে ধানাদি ক্রিয়া দারা যে ফল লাভ হয়, এই কলি-বুগে কেবল নাম সংকীর্ত্তন দারা লোকে সেই ফল লাভ করিতে পারিবে। যথঃ:—

'কুতে যন্ধ্যায়তো বিষ্ণুং ত্রেতায়াং যজতো মথৈঃ। স্বাপরে পরিচর্য্যায়াং কলো তদ্ধরিকীর্ত্তনাৎ॥"

অতএব একমাত্র নাম কীর্ত্তনই কলিবুগের ধর্ম। নাম হই-তেই সমূদ্য অভীষ্ঠ পূর্ব হইবে। কি উপবেশন, কি গমন, কি শয়ন, কি ভোজন সর্ব্ব সময়েই নাম লওয়া যাইতে পারে।ভগবান্ কুপা করিয়া নিজ নামে আপনার সর্ব্ব শক্তি অর্পণ করিয়াছেন, এবং নাম শ্বরণ বিষয়ে কোন কালাকাল নিয়মিত করেন নাই। কলি যুগে নাম ব্যতীত তপস্থা বা বাগ যজ্ঞ কিছুই প্রশস্ত নহে। হরিনামই কলিযুগের একমাত্র উপায়। এই হরিনাম বোল নাম এবং বৃত্রিশ অক্ষর সমন্বিত। যথা:—

''হরেকৃষ্ণ হরেকৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে। হরে রাম হরে রাম রাম রাম হরে হরে॥''

এই শ্লোককে নাম বলিয়া জানিবে। অহরহঃ নাম লইতে লইতে যথন ক্লঞে প্রেম জ্মিবে, তথন সাধা সাধন তত্ত্ব সকলি জানিতে পারিবে।

তপন। (পুন: পুন: প্রণাম করিয়া) প্রভু আমি আপনার দাসাত্মদাস। ষদ্যপি অনুমতি করেন, তাহা হইলে আমি আপনার সমভিব্যাহারে গমন করি। আর একটী গোপ-নীয় কথা আছে, প্রবণ করুন বলিয়া স্বপ্ন রন্তান্ত প্রকাশ করিলেন।

নিমাই। তুমি যাহা অবগত হইলাছ, সমৃদন্তই সত্য; কিন্তু এই বেদগোপ্য কথা কাহার নিকট প্রকাশ করিও না। তুমি কণীধামে যাইলা বাস কর; সমন্ত উপস্থিত হইলে আমি তথার ঘাইলা তোমার সহিত সাক্ষাৎ করিব।

> "প্রভূর শ্রীমুখে শিক্ষা শুনি বিপ্রবর। পুনঃ পুনঃ প্রণাম করয়ে বহুতর॥ মিশ্র কহে আজ্ঞা হয় আমি সঙ্গে আসি। প্রভূ কহে তুমি শীঘ্র বাও বারাণসী॥

তথাই আমার সঙ্গে হইবে মিলন।
কহিব সকল তত্ত্ব সাধ্য সাধন॥
এত বলি শুভু তারে দিলা আলিঙ্গন।
প্রেমে পুলক্তিত অঙ্গ হইল ব্রহ্মিণ॥
পাইরা বৈকুণ্ঠ নারকের আলিঙ্গন।
পরানন্দ স্থথ পাইল ব্রহ্মিণ তথন॥
বিদার সম্যে প্রভুর চরণে ধরিরা।
স্থম্মপ্র বৃত্তান্ত কহে গোপনে ব্দিয়া॥
শুনি প্রভু কহে সত্য যে হয় উচিত।
আর কারে না কহিবা এ সব চরিত॥
পুনং নিষেবিলা প্রভু স্ফর করিয়া।
হাসিয়া উঠিলা শুভু জ্পেণ বয়্ম করিয়।
হেন মতে প্রভু বঙ্গদেশ বয়্ম করি।
নিজ গৃহে আইলেন গৌরাঙ্গ—শ্রহরি॥"

খ্রীচে: ভা:—

নিমাই নবদ্বীপে প্রত্যাগমন করিলে, আশ্মীয় বন্ধু সকলে তাঁহার সহিত সাক্ষাৎ করিতে আগমন করিলেন। তিনি সকলকে সমানরে অভ্যর্থনা করিয়া আনন্দের সহিত সম্পন্ন ভ্রমণ রুজান্ত বর্ণন করিলেন। পদ্মানদীর তীরে অবস্থান সময়ে ষেক্রপ লোক সংঘট্ট হই রাছিল এবং তদ্দেশবাসীদিগের আচার ব্যবহার প্রভৃতি বেরুপ দেখিয়া আদিরাছেন, তৎসম্পন্ন বিশেষ করিল্লাবলিনে। নানা রঙ্গে বাকালদিগের কথা অফুকরণ করিল্লাসকলকে হাসাইতে লাগিলেন।

किइकन आनापानि कतिया नकरन छनिया गाहरन निमाह

শচী দেবীকে জিজ্ঞাসা করিবেন, মা! তোমাকে এমন বিমর্থ দেখিতেছি কেন ? কই তোমাকেত একবারও হাসিরা কথা কহিতে দেখিলাম না ? আমার অনুমান হইতেছে, তোমার বধ্র কোনরূপ অমঙ্গল হইরা থাকিবে। শচী দেবী কোন উত্তর না দিয়া ক্রন্দন করিতে লাগিলেন।

নিমাই সকলই জানেন, তথাপি যেন উক্ত অমঙ্গল সংবাদ এই প্রথম অবগত হইলেন, এই ভাগ করিয়া কিছুক্ষণ মন্তক অবনত করিয়া রহিলেন। পরে জননীকে সান্থনা পূর্বাক বলি-লেন, "মা! তুমি বধুর নিমিত্ত বড়ই কাতর হইয়াছ দেখিতেছি; কিন্তু কি করিবে, সকলই অদৃষ্টাবীন। লোকে আপন আপন কর্ম্ম অমুসারে ফলভোগ করিয়া থাকে। তোমার বধ্র যেরূপ আয়ুং নিদিষ্ট ছিল, তাহা ভোগ করিয়া চলিয়া গেলেন, তাহাতে পরিতাপের বিষয় কি আছে গ জয়ের সহিত মৃত্যুও স্থির হইয়া থাকে। মৃত্যু একটা অবশুভাবী ঘটনা; অতএব তুমি শোক পরিতাগে কর।"

পরদিন হইতে নিমাই পূর্ব্বের ছার অধ্যাপনার মনোনিবেশ করিলেন। পূর্ব্ব বাঙ্গলা দশন অবধি তদ্দেশবাসী কোন লোক দেখিলেই তাহাদিগের কথা অন্তকরণ করিয়া বিজপ করা নিমা-ইয়ের একটী নৃতন রঙ্গাভিলাব হইল। সময় সময় এইটিয়াগণ তাহার প্রতি এরূপ জুদ্ধ হইত বে, প্রহার ভয়ে তাঁহাকে প্রাণ-পণে দৌডিয়া প্লায়ন করিতে হইত।

> ''বিশেষ চালেন প্রভূদেখি শ্রীহটিয়া। কদর্থেন সেই মত বচন বলিয়া॥

কোধে শ্রীহাটিরাগণ বলে অর অর ।
তুমি কোন্ দেশী তাহা কহত নিশ্চর ॥
পিতা মাতা আদি করি ষতেক তোমার।
বল দেখি শ্রীহটে না হর জন্ম কার ॥
আপনে হইরা শ্রীহটিরার তনর ।
তবে গোল কর কোন্ যুক্তি ইথে হর ॥
যত তত বলে প্রভু প্রবোধ না মানে ।
নানামত কদর্থেন দে দেশী বচনে ॥
তাবং চালেন শ্রীহটিরারে ঠাকুর ।
যাবং তাহার জোধ না হর প্রচুর ॥
মহা জোধে কেহ লই যার খেদাড়িরা।
লাগালি না পার যার তর্জিরা গজ্জিরা।
"

এটে: ভা:--

নবদ্বীপবাসী সনাতন মিশ্রের পরম এপবতী বিঞ্প্রিয়া নামে একটা কল্লা ছিল। কল্লাট মুপাত্রে ক্তন্ত হয়, ইহাই সনা-তনের বাসনা। তাঁহার অবস্থাও মন্দ ছিল না; সঙ্গতিশালী ব্যক্তির ক্লার অল্লাদি দানে অনেক লোকের ভরণ পোষণ করি-তেন। নিমাইয়ের পত্নী বিয়োগের পর হইতে তাঁহাকেই কল্পা দান করেন, ইহাই সনাতনের মনের অভিলাম; কিন্তু হঠাৎ কি কথা উত্থাপন করিতে তাঁহার সাহস হইত না।

শচী দেবীও একটি বধু ব্যতীত আর ঘরে থাকিতে পারিতে-ছেন না। অনেক দিন পর্যান্ত লক্ষী দেবীকে লইয়া ঘর করিয়া-ছেন, এক্ষণে শৃক্ত গৃহে বাস করিতে তাঁহার কট্ট বোধ হইতে লাগিল। কোথার একটি বোগ্য বধু পাইবেন, এই অফুসন্ধান করিতে করিতে দৈবযোগে বিষ্ণুপ্রিয়া দেবীকে দেখিতে পাইলেন। বিষ্ণুপ্রিয়াকে দেখিয়া শচী দেবীর চিস্তা দূর হইল,
এক্ষণে কি প্রকারে এই কল্পাকে লাভ করিবেন, তদ্বিবয়ে
মৃক্তি স্থির করিতে লাগিলেন। সেইদিন হইতে শচী দেবীর
সহিত বিষ্ণুপ্রিয়ার সাক্ষাৎ হইলেই তিনি "কৃষ্ণ কুপায় তুমি
যোগ্য পতি লাভ কর" এই বলিয়া আশীর্কাদ করিতেন, এবং
বিষ্ণুপ্রিয়া দেবীও যেন তিনি শচী দেবীর বধ্ হইয়াছেন, এই
ভাবে তাঁহাকে সম্মান করিতেন।

শচী দেবী এক দিবদ কাশীনাথ পণ্ডিতকে আপন আলয়ে আনিয়া সমূদর ব্যক্ত করিয়া বলিলেন। কাশীনাথ তদ্দণ্ডেই সনাতন মিশ্র সমীপে গমন করিয়া বিবাহের প্রস্তাব করিলেন। সনাতন মিশ্র এতদিন পরে অভীষ্ট সিদ্ধ হইল ভাবিয়া কাশীনাথ পণ্ডিতকে সমাদর পূর্ব্বক ভ্রুত বিবাহে সম্মৃতি প্রদান করিলেন।

কাশীনাথ পণ্ডিত বিদায় হইলে সনাতন আগ্নীয় শ্বজন সকলকে লইয়া আনন্দ প্রকাশ করিতে লাগিলেন। নিমাই পণ্ডিতের সহিত বিষ্ণুপ্রিয়ার বিবাহ প্রস্তাব হইয়াছে, এই কথা শ্রবণ করিয়া নবন্ধীপবাদী সকলেই যারপর নাই আহ্লাদিত হইলেন।

বিঞ্প্রিয়া দেবী ইতিপূর্নেই নিমাইকে আত্ম সমর্পণ করিয়া ছিলেন, একণে বিবাহ প্রস্তাব প্রবণ করিয়া তাঁহার আর আনন্দের সীমা রহিল না। তিনি এক দিবস গঙ্গার ঘাটে নিমাইকে দেখিতে পান, এবং দর্শন মাত্রেই নিমাই তাঁহার মন প্রাণ সমূদ্র হরণ করিয়া লয়েন। সেই অবধি বিঞ্প্রিয়া নিতা ছই তিন বার স্থান উপলক্ষ করিয়া গঙ্গাতীরে যাইতেন; কিন্তু বৰ্জদা নিমাইকে কোখার পাইবেন, মধ্যে মধ্যে শচী দেবীর সহিত সাক্ষাৎ হইত।

> "পিশু হৈতে হুই তিন বার গলামান। পিতৃ মাতৃ বিফুভক্তি বিনে নাহি আন॥ আইরে দেখিয়া ঘাটে গ্রন্থি দিনে দিনে। নম্র হই নমস্কার করেন চরণে॥"

> > প্রীচৈ: তা:---

ভানিতে পাওয়া বার বিফু িনা দেবী নিমাই পণ্ডিতকে পণ্ডি কামনা করিয়া হরগৌরীর পূজা করিতেন। বালিকাগণ বেমন মৃত্যু করিয়া "আমাদের রামের মৃত্যু পতি হউক, লক্ষ্যুলের মৃত্যু দেবর হউক, কৌশল্যার মৃত্যুলাভূটী হউক" ইত্যাদি কামনা ক্রিতেন। তাঁহার প্রাণে নিমাইরের জন্ম কি ভাব হইত, বাস্ক্রু-দেব দোব ক্রত একটি পদে তাহা জানা বাম।

"গোরারূপ লাগিল নয়নে।
কিবা নিশি, কিবা দিশি, শয়নে স্থপনে ॥
যেদিকে ফিরাই আঁথি সেই দিকে দেখি।
শিছলিতে করি সাধ না পিছলে আঁথি।
কিক্ষণে দেখিত্ব গোরা কিনা নোর হৈল।
নিরবধি গোরারূপ নম্বনে লাগিল।
চিত্ত নিবারিতে চাহি নহে নিবারণ।
বাস্ত্র খোষ বলে গোরা রমণী মোহন।"

কানীনার্থ নিশ্র শচী দেবীর নিকটে যাইয়া বলিলেন সনাতন শণ্ডিত তাঁহার কন্তার সহিত নিমাইয়ের বিবাহ প্রস্তাব প্রবণ ক্ষিয়া অভিশয় আহলাদিত হইয়াছেন। এই বিবাহ কার্য্য ভাঁহার সম্পূর্ণ অভিমত হইরাছে, একণে বত শীল্ল হর, ভভক্ষণ দেথিয়া দিন স্থির করুন।

শচী দেবী অবিলম্বে আত্মীয় বন্ধুগণকে সংবাদ প্রদান করি-লেন, এবং সকলের সম্মতি ক্রমে দিন স্থির করিয়া সমুদয় উদ্যোগ করিতে আরম্ভ করিলেন। নিমাইয়ের বিবাহ সংবাদ অবগত শৃহয়া সকলেই যারপর নাই আনন্দিত হইয়া শচী দেবীকে উৎসাহ প্রদান করিতে আগমন করিলেন।

নবদ্বীপে বৃদ্ধিমন্ত থান একজন ধনশালী ব্যক্তি, তিনি বলিলেন "নিমাই পণ্ডিতের বিবাহের সমুদ্য ব্যয় ভার, আমি গ্রহণ করিব। এই বিবাহ আহ্মণ পণ্ডিতের ক্লায় সামান্ত ভাবে দেওরা হইবে না। আমি এই প্রকারে বিবাহ দিব, যে সর্ক্ম লোকে দেখিবে যেন কোন রাজপুত্রের বিবাহ হইতেছে।"

এইরপে মহা সমারোহের সহিত সম্দয় আয়োজন হইতে
লাগিল। জনে অধিবাসের দিবদ আগত হইলে বছ বায়ে শুভ কর্দ্দ সম্পন্ন হইয়া গেল। পরদিন প্রভূাবে গঙ্গামান করিয়া নিমাই নান্দি মুখাদি কার্য্য সম্পন্ন করিলেন; পরে অপরাহ্ন সমরে ধর সজ্জা হইতে লাগিল।

> "অপরাহ্ন বেলা আদি লাগিল হইতে। প্রভুর সবাই বেশ লাগিল করিতে॥ চন্দনে গেশিত করি সকল প্রীঅঙ্গ। মধ্যে মধ্যে সর্পত্র দিলেন তথি গন্ধ। আর্দ্ধ চন্দ্রাকৃতি করি ললাটে চন্দন। তথি মধ্যে গদ্ধের তিদক স্থাশাতন ॥

অমৃত মৃক্ট শোভে জ্রীশির উপর॥
স্থান্ধি মালার পূর্ণ হৈল কলেবর॥
দিবা স্ক্র পীতবন্ত্র ত্রিকচ্ছ বিধানে।
পরাইয়া কজ্জল দিলেন জ্রীনয়নে॥
ধান্ত দ্র্বা স্ত্র করে করিয়া বন্ধন।
ধরিতে দিলেন রম্ভা মঞ্জরী দর্পণ॥
স্থবর্ণ কুণ্ডল ছুই ক্রতি মূলে দোলে।
নানা রন্থার বান্ধিলেন বাছমূলে॥
এইমত যে যে শোভা করে যে যে অঙ্গে।
সকল ঘটনা সবে করিলেন রঙ্গে॥
ঈশবেরমৃত্তি দেখি যত নর নারি।
মৃগ্ধ হইলেন সবে আপনা পাসরি॥"

নিমাই স্বৰণ সহিত সনাতন পণ্ডিতের ভবনে উপনীত হইলে, চতুদ্দিক হইতে আনন্দের ধ্বনি হইতে লাগিল। সনাতন পণ্ডিত নিমাইকে দোলা হইতে ক্রোড়ে করিয়া নামাইয়া বিবাহ স্থলে কইয়া গেলেন; তংপরে বিকুপ্রেয়া দেবীও তথায় আনীতা হইলেন। বিবাহের সময় দেবীর কিরপ শোভা হইয়াছিল, তাহা ঠাকুর লোচন দাস বর্ণন করিয়াছেন।

" চাঁদবদনী ধনী, মৃগনয়নী, ধুয়া॥
বিষ্ণুপ্রিয়া অঞ্চ জিনি লাথ বাণ সোনা।
ঝলমল করে বেন তড়িৎ প্রতিমা॥
ফনীধর জিনি বেণী মূনি মনো মোহে।
কপালের স্থপমে তুলনা দিব কাহে॥

ভুরু ভঙ্গ অনঙ্গ শরাঙ্গ মনোহর। শুক ওর্চ জিনি নাসা পরম স্থন্দর ॥ कृतक नम्रनी जिनि नम्रन यूगन। গৃধিনীর কর্ণ জিনি কর্ণ মনোহর॥ অধর বান্ধলি জিনি অমুপম শোভা। দশন জিনিয়া মতি ঝলমল আভা॥ গণ্ড কম্ব জিনিয়া জগত মনোহারী। সিংহ গ্রীবা জিনিয়া স্থন্দর গ্রীবাধারী ॥ বাহুযুগ কণক মুণাল শোভা জিনি। করতল রাধাপদা জিনি অমুমানি॥ অঙ্গুলি চম্পক কলি জিনি মনোহর। নথচন্দ্ৰ পাঁতি জিনি অতি স্থকোমল।। ত্রৈলোক্য জিনিয়া পদ গডিলেক ধাতা। ডগমগ করে পদতল পদ্ম পাতা॥ ন্থচক্র পাঁতি জিনি অকলক্ষ চাঁদ। তাহার কিরণে আঁখি পাইল জন্ম আঁধ। গন্ধ চন্দ্ৰ মালো করাইল বেশ। বিনি বেশে অঙ্গ ছটা আলো করে দেশ।। তৈলোকা মোহিনী কন্তা জিনিয়া পাৰ্ব্বতী। অঙ্গ অলভারে ঝলমল করে ক্ষিতি॥"

সনাতন মিশ্র শুভ লগ্ন পাইয়া কলা সম্প্রদান করিতে বসিলেন।
চারিদিক হইতে মঙ্গল ধ্বনি হইতে লাগিল। দর্শকর্দ বর ও
কল্লার অপরূপ রূপ লাবণ্যে মৃগ্ধ হইয়া বলিতে লাগিলেন, "এই
প্রকার মনোহর যুগল রূপ আমরা আর কথন নয়ন গোচর করি

নাই। বৈকৃঠে যুগন লন্ধী জনার্দনের কথা কর্ণে প্রবণ করিয়াছি, কিন্তু অন্ত দেই লন্ধী নারায়ণ আমরা প্রতাক্ষ দর্শন করিলাম।"

সম্প্রদান ক্রিয়া সমাধা হইলে বর কন্তা সেই রাত্রি বাসর গৃহে অতিবাহিত করিলেন। তৎপর দিন লোকাচার মতে সমৃদয় কর্ম্ম সম্পাদন পূর্বাক নিমাই নব বধূ লইয়া দোলারোহণে বাটী প্রত্যা-গ্রমন করিলেন।

"তবে আই পতিব্ৰতাগণ সঙ্গে লৈয়া॥
পূল-বধু ঘরে আনিলেন কট হৈয়া॥
গৃহে আদি বদিলেন লক্ষী নারায়ণ।
জয়ধ্বনি ময় হৈল দকল ভূবন॥
কি আনন্দ হৈল দেই অকথ্য কথন।
দে মহিমা কোন্ জন করিবে বর্ণন॥
বাঁহার মূর্ভির বিভা দেখিলে নয়নে।
সর্ক্র পাপে মূক্ত যায় বৈকুঠ ভূবনে॥
দে প্রভুর বিভা লোক দেখয়ে সাক্ষাত।
তেঞি তাঁর নাম দয়ায়য় দীননাথ॥
ব্রন্মিস্ত খানে প্রভু দিলা আলিঙ্গান।
তাহার আনন্দ অতি অকথ্য কথন॥
এ সব লীলার কভুনাহি পরিছেদ।
আবিভাব তিরোভাব এই কহে বেদ॥

ভীটেঃ ভাঃ—

ষ্ঠ পরিছেদ সমাপ্ত।

## সপ্তম পরিচ্ছেদ।

নবদ্বীপবাদী ভক্তগণ অধৈত ভবনে যাইয়া ভক্তিগ্রন্থ পাঠ এবং কীর্ত্তনাদি করেন, কিন্তু বাহিরে কাহারও সহারভূতি প্রাপ্ত হয়েন না। নগরবাদী অধিকাংশ লোকই তাঁহাদিগের প্রতি অসম্ভই; তাঁহারা যে উচ্চৈঃশ্বরে কীর্ত্তনাদি করেন, উহা কাহার কর্ণে ভাল লাগে না। কেহ কেহ বলেন ইহাদিগের চীৎকার শব্দে রাত্রিতে নিদ্রা হয় না, কেহ কেহ বলেন সকলে একত্র হইয়া ইহাদিগের ঘর দরজা ভাসিয়া ফেলা ঘাউক, তাহা না হইলে ইহারা কান্ত হইবে না।

ভক্তগণ কেবল অবৈত প্রভুর আখাদ বাক্যে নির্ভর করিয়া অতি কঠে দিন যাপন করিতেছেন, এমন সময়ে হরিদাস ঠাকুর নবদীপে আদিয়া উপস্থিত হইলেন। তাঁহাকে পাইয়া ভক্তগণের আমাননের সীমা রহিল না; বিশেষতঃ অবৈত প্রভু হলার দিয়া আমাননে নৃত্য করিতে লাগিলেন। এইরূপে হরিদাস ঠাকুরের সঙ্গ লাভে ভক্তবৃন্দ পূর্ব্য কঠি অনেক পরিমাণে ভুলিয়া গেলেন।

এদিকে নিমাই গ্রাধাম বাইবেন, এইরূপ ইচ্ছা প্রকাশ করিলেন। শটাদেবীর অনুমতি লওয়া হইলে শিষ্যগণ উল্যোগ করিতে
লাগিলেন, পরে শুভদিনে ত্রীহরি অরণ করিয়া সকলে যাত্রা
করিলেন। কয়েক দিবস অতীত হইলে পথিমধ্যে নিমাই জ্বাক্রাস্ত হইলেন। শিষ্যগণ নানামতে তাঁহার শুশ্রষা করিতে
লাগিলেন, কিন্তু কিছুতেই জ্বরের উপশম না হওয়ায় সকলেই
সাতিশয় চিস্তাযুক্ত হইলেন। পরে নিমাই, "বলিলেন তোময়া
স্থামাকে বিপ্র পাদোদক আনিয়া দাও, তাহা হইলেই আমি

আরোগ্য লাভ করিব। বিপ্র পাদোদক সর্ব্ব অমঙ্গল বিনাশ করে।"

শিষাগণ বিপ্র পাদোদক আনিয়া দিলে, উহা ধারণ করিবা।
মাত্র নিমাই স্কৃত্ব হইলেন। নিমাই তথার ব্রহ্মকুণ্ডে স্নান করিয়া
ফল্পতীর্থে ও প্রীগদাধরের পাদপল্লে পিতৃলোক উদ্দেশে পিওদান
করিলেন।

শ্রীগদাধর পাদপদ্ম দর্শন করিয়া নিমাই প্রেমে আবিষ্ট হইলেন।
তাঁহার নরন বুগল হইতে সহস্র ধারার অঞ্চ বিগলিত হইতে
লাগিল। অত্যন্ত অঞ্চ ধারা দর্শন করিয়া সমুদ্র লোক বিশ্বিত
হইলেন। দৈব ঘোগে ঈশ্বর পুরী সেই স্থানে আগমন করিলেন।
নিমাই তাঁহাকে দেখিবা মাত্র নমস্কার করিলেন, এবং ঈশ্বর পুরী
নিমাইকে বক্ষে ধারণ করিয়া দৃঢ় আলিঙ্কন দান করিলেন।
ভাতরের প্রেমাঞ্জ ধারায় উভয়ের স্ক্রাঙ্ক প্লাবিত হইয়া গেল।
নিমাই। আমার গ্রাধানে আগমন সফল হইল। আপনার

পাদপন্দ দর্শন করিবা মাত্র কোটি পিতৃগণ বিমৃক্ত হরেন।
আমি অন্ত পিতৃগণের সহিত ধন্ত ইইলাম। তীর্থ মাহাঝ্য
আপনানিগের মহিমার তুল্য নহে; কারণ আপনারাই
তীর্থের মাহাঝ্য প্রদান করিয়া থাকেন। আপনার ন্তার
সাধু মহাঝ্য প্রদান করিয়া থাকেন। আপনার ন্তার
সাধু মহাঝ্য সকল ভালাসন করেন বলিয়াই তীর্থ সমুদর
পরম পবিত্রতা লাভ করেন এবং ভজ্জন্তই লোক নিস্তারে
সমর্থ ইইয়া থাকেন। যেরূপ স্থবর্ণ খাদমুক্ত ইইয়া বিবর্ণ
হইলে অগ্রি সংযোগে বিভার হর্ম সেইরূপ তীর্থ সমুদর
অসংখ্য পাত্রকী নিস্তার করিয়া মলিন হইলে আপনারাই
পুনর্মার তদ্সমুদ্ধের পবিত্রতা সম্পাদন করিয়া থাকেন।

এই আমি আপনাকে আত্মদান করিলাম, রূপা করিরা আমাকে রুঞ্চ প্রেমামূত পান করান্।

দিশর পুরী। ওহে নিমাই পণ্ডিত! আমি তোমাকে জানিতে পারিয়াছি। তোমাতে যে সম্দর গুণ বর্তমান দেখিতেছি, ইহা কথন মহুযো সন্তবে না। আমি সতা বলিতেছি, দেনিন নবদীপে তোমাকে প্রথম দেখিয়াছি, সেই হুইতে তুমি আমার অন্তবে জাগিতেছ। অধিক কি! শ্রীক্লেকর দর্শন পাইলে সেরূপ পুল্কিত হুই, তোমাকে দেখিলেও আমার সেই প্রকার আনন্দ অহুতব হুইয়া থাকে।

'যদবধি তোমা দেখিয়াছি নদীয়ায়। তদবধি চিত্তে আর নাহি কিছু ভায়॥ সত্য এই কহি ইথে অন্ত কিছু নাই। কৃষ্ণ দরশন স্থ্প তোমা দেখি পাই॥''

শ্রীচৈ: ভা:--

নিমাই গরাক্ষত্য সমাপন পূর্বক বাসার আসিয়া অরপাক করিতেছেন, এমন সমরে ঈশ্বরপুরী প্রেমানন্দে ক্লঞ্চনাম করিতে করিতে তথার আগমন করিলেন। তাঁহাকে দেখিয়া নিমাই সহাস্ত বদনে বলিলেন, "ভালই হইল, অদ্য আমার এই স্থানে ভিকাং করিতে হইবে।"

ঈশরপুরী বলিলেন, "তুমি একজনের উপযুক্ত অর পাক করিয়াছ, যদি আমাকে উহা দাও, তাহা হইলে তুমি কি আহার করিবে ?" নিমাই হাসিতে হাসিতে বলিলেন, "আমি পুনরায় অর পাক করিব, তাহাতে আমার কিছুমাত্র কট হইবে না।" ঈখরপুরী ভোজনে বদিলেন, নিমাই স্বহত্তে পরিবেশন করিতে লাগিলেন। এই অবকাশে বৈকুঠ হইতে লক্ষীদেবী অদৃখভাবে আগমন করিয়া নিমাইদ্বের জন্ম অর পাক করিয়া রাধিলেন।

> ''শ্ৰীহন্তে আপনে প্ৰভূ করে পরিবেশন। পরানন্দ হুথে পুত্রী করেন ভোজন। গেইকণে রমা দেবী অতি অল্ফিতে। প্ৰভূৱ নিমিত্তে অল্ল রাজিলা ড্রিতে।''

খ্রীটো ভা:—

ইখরপুরী ভোজন দাস করিয়া উপবেশন করিলে, নিমাই স্থাকি চলনে তাঁহার দর্বাঙ্গ লিও করিলেন। অনন্তর কর-যোড়ে মধুর সন্তাবণে কহিলেন, ''আমি আপনাকে আন্তানন করিয়াছি, একণে আপনি দদয় হইয়া, আমাকে ক্রুমস্থে দীক্ষিত করিয়া চরিতার্থ কর্মন।"

নিমাইরের বাক্যাবসানে ঈখরপুরী তাঁহাকে বক্ষে ধারণ করিয়া দৃঢ় আলিঙ্গন করিলেন, এবং প্রভুল্লচিত্তে নিমাই পণ্ডিতকে দশাক্ষরী মন্ত্ররাজ প্রদান করিলেন।

ঈখরপুরীর নিকটে দীক্ষা গ্রহণ করিয়া নিমাই কিছুদিন গরাধানে বাস করিলেন; পরে আয়েপ্রকট সময় আগতপ্রায় হইল জানিয়া সত্তরে নব্দীপে প্রত্যাগমন করিলেন।

নিনাই বাটী পৌছিলে স্থছ্বৰ্গ তাঁহাকে দশন করিতে আসিলেন। তিনি এক এক করিয়া সকলকেই মিটরাক্যে পরিতৃষ্ট করিয়া গরাতীর্থের পরিচর দিতে আরম্ভ করিলেন। কথা প্রসঙ্গে গণাধরের পাদপলের বর্ণন করিতে করিতে তাঁহার কণ্ঠরোধ হইয়া আদিল, নয়ন হইতে অবিরল ধারে অরু বিগলিত হইয়া বকঃস্থল ভাদিয়া গেল। শ্রীমান্ পণ্ডিতৃ প্রভৃতি দশক সকলে স্তম্ভিত ভাবে তাঁহার দিকে চাহিয়া রহিলেন।

নিনাই ক্রমে সংজ্ঞা হারাইলেন, তাঁহার অঙ্গে সান্তিক চিহ্ন প্রকাশ পাইল, অবশেষে ''হা রুঞ্জ'' বলিয়া মুদ্ভিত হইয়া পড়িলেন। দর্শকরন্দের কাহারই মুধে বাক্য সরিতেছে না, সকলে একদৃষ্টে তাঁহাকে নিরীক্ষণ করিতেছেন; কতকণ পরে সংজ্ঞা লাভ করিয়া পুনরায় 'কুঞ্জ কুঞ' বলিয়া ক্রন্দন করিতে লাগিলেন।

দর্শকর্দ মনে মনে চিন্তা করিতে লাগিলেন, গ্রা হইতে আদিয়া হঠাং নিমাইয়ের এই কপ পরিবর্তন কেন হইল ? এই প্রকার পুলক অঞ প্রভৃতি সারিক লকণ সমুদ্য আমরা আর কোথাও দশন করি নাই।

কিছুকণ পরে নিনাই প্রকৃতিস্থ ইইয়া খ্রীমান্ পণ্ডিতকে বলিলেন, ''আগামী কলা তুমি, মুরারি ও দদাশিব পণ্ডিতকে সমতিব্যাহারে লইয়া শুক্লাম্বর ব্রহ্মচারীর বাটাতে আগমন করিবে, কোনমতে অভ্যথা না হয়; আমি তোমাদের নিকট প্রাণের কথা প্রকাশ করিয়া বলিব।''

শীবাদ পণ্ডিতের বাইতে একটি কুল ফুলের গাছ ছিল। বৈষ্ণবগণ নিতা তথায় ফুল তুলিতে আদিতেন। গাছটিতে এত অধিক ফুল ফুটত যে, বহুলোকে চয়ন করিয়াও শেষ করিতে পারিতেন না। শ্রীমান্ পণ্ডিত প্রভাবে ফুলের সাজি লইয়া কুল ফুল তুলিতে যাইয়া দেখেন যে, শ্রীষাদ পণ্ডিত, গদাধর পণ্ডিত, রমাই পণ্ডিত প্রভৃতি কুষ্ণ কথা প্রদক্ষ হাদিয়া হাদিয়া ফুল তুলিতেছেন। তিনিও সহাস্য বদনে তাঁহাদিগের নিকট গমন করিলে সকলে জিজ্ঞাসা করিলেন, ''কিফে পণ্ডিত। আজ যে বড় হাসি হাসি মুখ দেখিতেছি ?''

শ্রীমান্ বলিলেন. "হাসির অবশ্র কারণ আছে, নতুবা হাসিব কেন ? গত কল্য নিমাই পণ্ডিত গ্রাধাম হইতে বাটি আসিয়া-ছেন। আমরা তাঁহাকে দেখিতে যাইরা যাহা দর্শন করিয়া আসিয়াছি, তাহা শ্রবণ করিলে ভোমরা যারপর নাই আনন্দ লাভ করিবে। নিমাই এইবার একজন প্রম বৈষ্ণব হইয়া আসিয়াছেন। গতকল্য তাঁহার ক্ষণ্ডেম দেখিয়া আমরা মোহিত হইয়াছিলাম। অদ্য শুক্রাম্বর ব্রন্ধারীর বাটাতে আমাদিগের সহিত পুনরার সাক্ষাং হইবে।"

গলাতীরে শুক্রাম্ব ব্লচারীর বাড়ী। শ্রীমান্ পণ্ডিত
নির্দিষ্ট সময়ে তথার বাইরা উপস্থিত হইলেন। গদাবর পণ্ডিত,
নিমাই কি মর্ম্মকথা প্রকাশ করেন, তাহা জানিবার জন্ত শুক্রাম্বরের গ্রাভান্তরে লুকাইরা রহিলেন। ক্রমে মুরারি প্রভৃতি আবাসন করিলে, পশ্চাতে নিমাই পণ্ডিত উপনীত হইলেন।

ভাগবভগণকে নিরীক্ষণ করিয়া নিমাইয়ের আনন্দের সীমা রহিল না, তিনি ভক্তি লক্ষণ শ্লোক পাঠ করিয়া সকলকে মোহিত করিতে লাগিলেন। ক্লফ ভক্তি, ক্লফ প্রেম, ইহা ভিন্ন তাঁহার মুখে আর কোন কথা নাই। এইরূপে ক্লফ ভক্তির ব্যাধ্যা করিতে করিতে তিনি উন্মতের ভাগ হইলেন। সর্ব্ধ অঙ্গ পুলকে পূর্ণ হইল, "ক্লফ হে! আমার প্রাণক্লফ কোথায় গেলে ?" এই বলিতে বলিতে মোহ প্রাপ্ত হইলেন। ভক্তরুক যিনি যে স্থানে বিসিয়া ছিলেন, অমনি প্রেমাবেশে চলিয়া পড়িলেন। গদাধর গৃহমধ্যে মূচ্ছিত হইয়া রহিলেন।

শুরাধরের গৃহে নিমাইরের এই প্রথম প্রকাশ। ভক্তগণ চেতনালাভ করিলে, নিমাই জিজ্ঞাসা করিলেন, ''গৃহমধ্যে কে ক্রন্ন করিতেছেন ?" শুরাধর কহিলেন, ''আপনার গ্লাধর।"

নিমাই গদাধরকে সাস্থনা করিয়া বলিলেন, "বাল্যকাল হইতেই তুমি কৃষ্ণভক্ত, অতএব তোমার স্থায় ভাগ্যবান্ আর কেহই নাই। আমার অদৃষ্ট অতি মন্দ, আমি কৃষ্ণকে পাইয়া হারাইলাম।" এই বলিয়া উচৈঃস্বরে কাঁদিতে আরম্ভ করিলেন। ভাঁহাকে কাঁদিতে দেখিয়া ভক্তগণেরও প্রাণ কাঁদিয়া উঠিল, এইরপে সকলের ক্রন্দন ধ্বনিতে চারিদিক পূর্ণ হইয়া গেল।

িমাই কণে ফণে মৃত্যু যাইতে লাগিলেন, আবার সংজ্ঞালাভ করিয়া প্রত্যেকের গলা ধরিয়া কাঁদিতে লাগিলেন। কথন বা 'ক্ষু আমার প্রাণ ভূমি কোথায় গেলে?'' বলিয়া ভূমিতে আছাড় পাইতে লাগিলেন। তাঁধার কাতর ভাব নূর্ণনে সকলেই কাঁদিতে লাগিলেন, কাহার বাকা ক্রি হইল না।

এই নপে সমন্ত দিন অতীত প্রায় হইলে অতি অলক্ষণ অবশিষ্ট থাকিতে নিমাই কথঞ্জিং শান্তি লাভ করিলেন। অনন্তর ভক্ত-গণকে আলিঙ্গন দানে বিনায় দিয়া স্বয়ং গঙ্গাদাস পণ্ডিতের বাটাতে গমন করিলেন। গঙ্গাদাস পণ্ডিত তাঁহাকে দেখিবামাত্র সন্ত্রমে উঠিয়া আলিঙ্গন পূর্বক বলিলেন ''বাবা নিমাই! তোমা হইতে আমরা সকলেই ধন্ত হইলাম। তোমার ছাত্রক তোমার অন্ত্রপন্থিতিতে পাঠ বন্ধ করিয়া বিসিয়া আছে; আগামী কল্য হইতে তাহাদিগকে পূর্বের ভায় পাঠ দাও।"

গঙ্গাদান পণ্ডিতকে প্রণাম করিয়া নিমাই মুকুল সঞ্জয়ের বাড়ীতে গমন করিলেন। তথার কিছুক্রণ অপেকা করিয়া আপন আলয়ে আসিলেন। শচীদেবী পুত্রের ভাবাস্তর দেখিয়া চিস্তিত হইলেন। পাছে বিশ্বরূপের মত নিমাইও গৃহত্যাগ করিয়া যান, এইরূপ চিস্তা করিতে লাগিলেন।

নিনাই বাটী আসিয়া বিষ্ণুগৃহের ছারে যাইয়া বসিলেন। কাহার সহিত কথাবার্তা নাই, কেবল ক্লফ ক্লফ:বলিয়া কাঁদিতে-ছেন। বিষ্ণুপ্রিয়া দেবী নিকটে আসিয়া বসিলেন, কিন্তু তিনিলক্ষাও করিলেন না। সারারাত্রি নিদ্রা যাইলেন না, ক্লফ-নামামূত পানে অতিবাহিত করিলেন।

রাত্রি প্রভাত হইলে নিমাই গঙ্গামান করিয়া ছাত্রগণকে পড়াইতে চলিলেন। একণে আর পূর্নের ভায় নানা ছলে শাস্ত্র আবৃত্তি টীকা সর্ক বিষয়েই ক্ষণ্ডক্তি বাাধ্যা করিতে লাগিলেন। ক্ষণনাম, ক্ষণ্ডক্তি, ক্ষণপ্রেম, ইহা ভিন্ন অন্ত কোন প্রদঙ্গই করেন না, দেখিয়া শিব্যগণ অবাক্ ভ্ইয়া রহিলেন।

> "প্রভু বলে সর্ককাল সত্য রুঞ্চ নাম। সর্ক্রশাস্ত্রে রুঞ্চ বহি না বলম্বে আন॥ হর্ত্তা কর্ত্তা পালয়িতা রুঞ্চ সে ঈশ্বর। অঙ্ক তব আদি সব রুঞ্চের কিঙ্কর॥ রুঞ্চের চরণ ছাড়ি যে আর বাধানে। রুণা জন্ম যায় তার অসত্য বচনে॥ আগম বেদাস্ত আদি যত দরশন। সর্ক্রশাস্ত্রে ক্ষেপ্রদাভব্তিশ্বন॥

মুগ্ধ সব অধ্যাপক ক্ষেত্ৰৰ মায়ায়।
ছাড়িয়া ক্ষেত্ৰৰ ভক্তি অন্ত পথে যায়॥
ককণাদাগৰ কৃষ্ণ জগত জীবন।
দেবক বংসল নন্দ গোপের নন্দন॥
হেন কৃষ্ণ নামে যার নাহি রতি মতি।
পড়িয়াও সর্কাশাস্ত্র তাহার হুর্গতি ॥
দরিদ্র অধ্যমে যদি লয় কৃষ্ণ নাম।
সর্কাদোৰ থাকিলেও যায় কৃষ্ণধাম॥
এইমত সকল শাস্ত্রে অভিপ্রায়।
ইহাতে সন্দেহ যার দেই হুংগ পায়॥"

এীচেঃ ভা:—

এইরপে নিমাই সর্ক্রিষয়ে ক্ষভতিক ব্যাথ্যা করিতে গাকিলে, ছাত্রগণ আর কি করিবে, অবাক্ হইয়া তাঁহার কথা ভানতে লাগিল। ক্রমে বেলা তুই প্রহর পর্যান্ত এইরূপ ব্যাথ্যা করিয়া শিব্যগণকে জিজ্ঞানা করিলেন "ওহে ভাই সকল। অন্য কেমন হত্র ব্যাথ্যা করিলাম, বল দেখি ?" ছাত্রগণ বলিল "অন্য আপনার অভিপ্রায় আমরা বুঝিতে পারিলাম না। আপনি হত্র ব্যাথ্যা ছলে কেবলমাত্র ক্ষভতিক ব্যাথ্যা করিয়াছেন।" নিনাই হাসিয়া বলিলেন, ''চল সকলে গঙ্গাহ্মানে যাই, বেলা অধিক হইয়াছে।"

পরদিবস ছাত্রগণ পাঠ চাহিলে নিমাই পূর্ব্বের ন্থায় রুঞ্চভক্তি ব্যাখ্যা করিতে আরম্ভ করিলেন। ছাত্রেরা কোন কথাই বলিতে পারেন না, অবাক্ হইয়া তাঁহার ব্যাখ্যা শ্রবণ করেন। এইরূপে কয়েকদিবস অতীত হইলে নিমাই বলিলেন, 'ভাই সকল তোমরা বোধ হয় এখন বৃঝিতে পারিরাছ যে, সমুদ্র শক্ষ কৃষ্ণ মহিমা ব্যক্ত করে। সর্কশাস্ত্রই একবাক্যে কৃষ্ণ মাহাত্মা বর্ণন করিতেছে, এবং যে শাস্ত্রে কৃষ্ণগুণ বর্ণন নাই, তাহাকে অশাস্ত্র বলিয়া জানিবে।''

"যিমান্ শান্তে পুরাণে বা হরিভক্তিনদৃশ্যতে। শ্রোতব্যং নৈব তৎশান্তং যদি ব্রহ্মা স্বয়ং বদেৎ॥" জৈনিনি ভারত:—

ছাত্রগণ বলিলেন, "আপনার কথা সমূদ্য অতি সতা, কিন্ধ আনাদিগের কর্মদোষে উহা সমাক্ প্রকারে বোধগমা করিতে পারিতেছি না। আপনি এই কয় দিবস বাহা কিছু বলিয়াছেন, তংসমৃদ্যই সারতত্ব, তদপেকা সার কথা জগতে আর কিছুই নাই।"

নিমাই শিষাদিগের কথার পরম পরিতুই ইইয়া বলিলেন, 'ভাই সকল! আমি ভোমাদিগকে সত্য কথা বলিতেছি প্রবণ কর। 'আমি দেখিতে পাই, একটা শিশু মুবলা বাদন করেন, আর আমাকে বলেন যে, কর্ণে বাহা কিছু প্রবণ কর—সকলি রুঞ্জের নাম। এই অনস্ত ব্রুমাণ্ড রুঞ্জ হটতে উৎপন্ন হইয়াছে এবং ইহাতে যাহাকিছু আছে সকলি রুঞ্জের। এই ব্রুমাণ্ড রুঞ্জের ধাম, ইহাতে অপর কাহার কিছুমাত্র অধিকার নাই। সেই বালকের এরপ কথা প্রক্রার্মা রুঞ্জ ব্যতীত আমার অপর কিছু বলিতের বিশ্ব করিতে ইছাইবে না। আদা হইতে আমার হারা আমি অধ্যাপনা কার্য্য হইবে না, তোমরা ইছাক্রিলে, অপর কোন অধ্যাপকের নিক্ট যাইতে পার।'

নিমাইরের উক্ত বাক্যে শিষ্যগণ সংজ্ঞা হারাইলেন; কি বলিবেন ও কি করিবেন, কিছুই স্থির করিতে পারিলেন না। কিয়ৎকাল নিস্তর থাকিয়া সকলে বলিলেন, "আমরা প্রাণ থাকিতে আপনাকে ছাড়িতে পারিব না। আপনার নিকট যাহা শিক্ষা করিয়াছি, উহাই যথেষ্ট হইয়াছে, আর অবিক বিদ্যায় আমাদের প্রয়োজন নাই।" এই বলিয়া শিষাগণ নিমাইকে প্রগাম পুর্বক হরিধ্বনি করিয়া উঠিলেন।

নিমাই কাঁদিতে কাঁদিতে শিষ্যগণকে আলিঞ্চন করিয়া বলিলেন, "ভাই সকল! আনি আশীর্কাদ করিতেছি যে, তোমাদের অভীষ্ট সিদ্ধ হউক। তোমারা ক্লফকে আত্মদান করিয়া সর্কাণ তাহার জগন্মস্বল নাম লও; ক্লফই তোমাদের আনে স্বরূপ হউন। তোমরা বাহা শিক্ষা করিয়াছ, ঐ পর্যান্তই থাকুক, আর অধিক প্রয়োজন নাই; এক্ষণে স্কলে প্রেমানক্লে সংকীর্ত্তন কর।"

শিষ্ণেণ বলিলেন, "সংকীর্ত্তন কিরুপ, তাহা আমাদিগকে শিক্ষা দিউন। আমরা আপনার দাস, আপনি বাহা অনুমতি করিবেন, তাহাই আমরা অসকোচে সম্পাদন করিব। আপনি প্রভু, আমরা ভৃত্য। অদ্য হইতে আপনার আজ্ঞা পালনই ক্ষামাদিগের ব্রত স্বরূপ হইল।"



## অন্টম পরিচ্ছেন।

নিমাই শিব্যগণ লইগা সংকীর্ত্তন আরম্ভ করিলেন। এই তাঁহার প্রথম প্রকাশ্ত সংকীর্তন, যথা:—

\*হরিহরয়ে নমঃ কৃষ্ণ যাদবায় নমঃ।
গোপাল গোবিন্দ রাম শ্রীমধুসূদন॥

মধাস্থলে হাতে তালি দিয়া নিমাই নাচিয়া নাচিয়া কীর্ত্তন করিতেছেন, শিবাগণ চতুদ্দিক বেড়িয়া তাঁহার অনুকরণ করিতেছেন। এই রূপে নামরসে বিভার হইয়া নৃত্য করিতে করিতে নিমাই আবিষ্ট হইলেন। মুথে কেবল ''বোল'' ''বোল'' শন্ধ, মধ্যে মধ্যে উন্মত্ত প্রায় ভূমিতে আছাড় খাইয়া পড়িতে লাগিলেন। তাঁহার উন্ধৃত নৃত্যে পৃথিবী কম্পিত হইতে লাগিল। এ প্রকার নৃত্য ও প্রেমাবেশ কেহ কখন দেখেন নাই। নগরবাদী সকলে এই অন্ত কীর্ত্তন কথা শ্রবণ করিয়া দলে দলে তথায় আসিতে লাগিলেন।

নদীরাবাদী ভক্তগণ নিমাইয়ের কঞ্চক দর্শন করিয়া বিশ্বিত হইলেন। নিমাই মৃত্রুতঃ আছাড় থাইয়া ভূমিতে পড়িতে ছিলেন; তাঁহার কোনলাঞ্চে দরিয়া ভক্তগণ তাঁহাকে ধরিয়া হুভির করিলেন। নিমাই তখন ভক্তবেশের পদধূলি লইয়া বলিলেন, "আপনারা ক্ষেভক অতএব আমাকে আনীর্কাদ করুন, আমি বেন অপেনাদিগের কুপার কৃষ্ডভক্তি লাভ করি।"

किश्री निमारेत्व्र निकृष्ठे इरेट विनाव नरेवा अदेव्य

ভবনে আগমন করিলেন এবং আপনারা বাহা চক্ষে দেখিয়া আসিয়াছিলেন, তৎসমূদর অবৈত সমীপে সবিতার বর্ণন করিলেন।

অদৈত প্ৰভু সকলি জানিতে পারিয়াছিলেন, তথাপি লোক প্রতায়ের জন্ম বলিলেন, "ভাই সকল ! আমি একটি গোপনীয় কথা তোমাদিগকে বলিতেছি, প্রবণকর। আমি এীমন্তগ্র-দ্গীতার এক স্থলের অর্থ উত্তমরূপ বুঝিতে না পারায় চুঃখিত অন্তরে উপবাদ করিয়া রহিলাম। কতক রাত্তিতে একজন আদিয়া আমাকে বলিলেন, তুমি গাডোখান করিয়া ভোজন কর, আমি তোমার সন্দেহ ভগুন কবিয়া দিতেছি: এই বলিয়া গীতার দেই শ্লোকের তাৎপর্যা আমাকে ব্রাইয়া দিলেন। আহত বলিলেন বে, তুমি যে জন্ম এত কঠোর তপস্থা করিতেছ, তোমার দেই সঙ্কল দিদ্ধ হইয়াছে। তোমার প্রভু অবতীর্ণ হুইয়াছেন। এক্ষণে দেখিতে পাইবে যে সর্কদেশে সংকীর্কন প্রচার হইবে। যে ক্লফভক্তি দেবগণেরও অজ্ঞাত আছে— তাহা মনুষা লোকে প্রচারিত হইবে। যাহা ত্রহ্লাদি দেবগণ্ও কথন দর্শন করেন নাই, এইরূপ ভগবদৈখ্য্য, ভোমরা এই নবদীপবাদী শ্রীবাদ পণ্ডিতের বাটীতে দেখিতে পাইবে। 🕮 মুথের কণা ঙনিতে ঙনিতে আমার নিদ্রাভঙ্গ হইল, চকু মেলিয়া দেখি বিশ্বস্তর দাঁড়াইয়া রহিয়াছেন; কিন্তু চক্ষের পলকনা পড়িতে অমনি অন্তর্হিত হইলেন।'' কুঞা চরিত কিছুই বুঝিবার শক্তি নাই, তিনি কথন কি ভাবে আমাদিগের মধ্যে আসিয়া উপস্থিত হয়েন, তাহা তিনিই জানেন। ভক্তগণ শীমদৈতের বাক্যাব্যানে আনন্দে হরিধ্বনি দিয়া উঠিলেন, অনন্তর পরস্পর প্রেমালিক্সন করিয়া আপন আপন আলয়ে গমন করিলেন।

এক দিবস নিমাই গদাধরকে সঙ্গে লইয়া প্রীঅহৈতের ভবনে গমন করিলেন। প্রীঅহৈত তুলসী ও গঙ্গাজল যোগে ভগবদর্চনা করিতেছিলেন এবং মধ্যে মধ্যে বাহ উত্তোলন পূর্বক 'কৃষ্ণ কৃষ্ণ' বনিয়া আন্দালন করিতেছিলেন। তাঁহাকে কৃষ্ণপ্রেম
ঐরপ বিহল দেখিবামাত্র নিমাই মৃদ্ধিত হইয়া পভিলেন।

শ্রী মহৈত আপনার প্রাণনাথকে চিনিলেন, তাঁহার সন্দেহ ভঙ্গন হইন। তথন মনে মনে বলিতে লাগিলেন "ওছে অহৈত মনোচোর! এইবার তোমাকে ধরিয়াছি, আর পলাইতে পার না। এখন চোরের উপর চুরি করি" এই বলিয়া পূজার সজ্জা হস্তে লইয়া নিমাইরের নিকটে বাইলেন।

নিমাই আবিও হইয়া পড়িয়া আছেন, এআইছত তাঁহার চরণ ধৌত করিয়া গল, পুজা, তুলদী প্রভৃতি ছারা মনঃসাধে পূজা করিলেন। অনন্তর পূজা সাঙ্গ হইলে এই শ্লোক পাঠ করিয়া পুনঃ পুনঃ তাঁহার চরণে লুঞ্ডিত হইতে লাগিলেন।

> "নমো ব্রহ্মণ্যদেবায় গোবাহ্মণহিভায়চ। জগদ্ধিভায় কৃষ্ণায় গোবিন্দায় নমোনমঃ॥"

গদাধর সমুদয় দেখিতেছিলেন, ত্রীত্রহৈত নিমাইকে রুফবং
পুলা করিলে তাঁহার বিশ্বর জ্বিলা। ত্রীত্রহৈত গদাধরের
অভিপ্রায় বৃথিতে পারিয়া হাসিতে লাগিলেন। অভঃপর নিমাই
নয়ন নিমীলিত করিয়া ত্রীত্রহৈতকে করবোড়ে দণ্ডায়মান
দেখিবামাত্র সম্ভবে উঠিয়া তাঁহার পদধূলী গ্রহণ করিলেন এবং

বিনাত ভাবে কহিলেন, "অদ্য আপনার দর্শন পাইয়া আমি কৃতার্থ হইলাম। আপনার কৃপা হইলে কৃষ্ণভক্তি লাভ হইয়া থাকে; আপনার হৃদয়ে ক্ঞা সর্বাদা বিরাজ করিতেছেন।"

শ্রী অবৈত হাদিয়া বলিলেন "নিনাই! তোমা অপেকা প্রিয় আমার কেহই নাই; আমি ইচ্ছা করি, তুমি সর্কান আমার এখানে এদ। কেবল আমি নহে, সকল ভক্তগণই তোমাকে দেখিতে বাদনা করেন। তুমি এখানে আদিলে আমরা সকলে একত হইয়া তোমার সহিত কীওন করিব।"

নিমাই এ মিরৈতের বাক্যে সন্মত হইরা বাটী গমন করিলেন, এবং অহৈত প্রভূত আপুনার অভীর সিদ্ধ হইরাছে, জানিয়া পরীক্ষা করিবার জন্ম শান্তিপুরে প্রস্থান করিলেন।

নিমাই যে সাক্ষাৎ ব্রজেক্সনন্দন, ইহাতে অছৈত আচার্য্যের কিছুমাত্র সন্দেহ নাই; তথাপি তাঁহাকে পরীক্ষা করিবার জন্ত শান্তিপুরে বাইয়া রহিলেন। তাঁহার বাসনা বে, নিমাই যদ্যপি স্বয়ং শান্তিপুরে বাইয়া তাঁহাকে ধরিয়া আনেন, তবেই তিনি তাঁহাকে নিজ প্রভু বলিয়া অবধারণ করিলেন।

"জানিলা অহৈত হৈল প্রভুর প্রকাশ।
পরীক্ষিতে চলিলেন শাস্তিপুর বাস॥
সত্য বদি প্রভু হয় মুই হয় দাস।
তবে মোরে বান্ধিয়া আনিবে নিজ্প পাশ॥
অহৈতের চিত্ত বুঝিবার শক্তি কার।
যার শক্তি কারণে চৈততা অবতার॥
এ সব কণায় যার নাহিক প্রতীত।
সদ্য অধংশত তার জানিহ নিশ্চিত॥" শ্রীচৈ:ভা:।

শী অহৈত শান্তিপুর বাইলে নিমাই নিজ বাটাতেই সংকীর্ত্তন আরম্ভ করিলেন। প্রতিদিন সন্ধার পর ভক্তগণ তথার আসিয়া নিলিত হয়েন। একজন, ছইজন করিয়া ভক্ত সংখ্যা প্রতিদিনই বৃদ্ধি পাইতে লাগিল। যাহা অনাদি কাল হইতে ত্রিলোকে অবিদিত ছিল, সেই পরম কীর্ত্তন রস নিমাই যদুচ্ছা বিতরণ করিতে আরম্ভ করিলেন। নদীয়াবাসী ভক্তবৃন্দ কীর্ত্তনানন্দে আয়হারা হইয়া পড়িলেন। সন্ধার পর কার্ত্তন আরম্ভ হয় এবং রাত্রি প্রভাত হইলেও কাহার চৈত্ত হয় না।

নদীরাবাসী কৃষ্ণ বিমুখণণ বছ বিভ্রাটে পড়িলেন। চারিদিকেই সংকীর্ত্তন রোল, তাহারা কিরপে উহা সহা করিবেন;
অগত্যা সকলে একত হইয়া উপায় অন্তসদ্ধান করিতে লাগিলেন। একজন বলিলেন, ''আনি পুর্কেই বলিরা ছিলাম যে,
ঐ শ্রীবেসেটার ঘর ছার ভাঙ্গিয়া ফেল, তাহা হইলেই সকল
উংপাত দূর হইবে। তথন কেহই আমার কথা গ্রাহ্য করে
নাই, একলে তাহার ফলভোগ কর। শ্রীবাসই সকলকে মন্দ করিল, নত্বা নিমাই পুর্ষেত্র কথন ওরপ করে নাই।''

অপর একজন বলিলেন, "তোমরা চিন্তা করিও না, আমি ভূনিরা তাদিলাম যে, বাদনাহের আদেশে উপদ্রবকারী বৈষ্ণব-গণকে ধরিয়া লইয়া যাইবার কক্ত ছই নৌকা কৌজ আদিয়াছে। এইবার শ্রীবাদ পণ্ডিত কিরপে মান রক্ষা করে, দেখা যাউক।"

অন্ত এক ব্যক্তি বলিলেন, 'বাদসাধ্যখন ফৌছ পাঠাইমা দিয়াছেন, তথন কেবল বৈক্ষাব দিগের কেন, আমাদিগের সকলেরি ভরের কারণ হৈছয়াটে। মুসলনান ফৌজ;—ভাহারা কে ব্রাহ্মণ, কে বৈষ্ণব, কিছুই ব্ঝিবে না, যাহাকে দেখিবে, তাহাকেই বাঁধিয়া লইয়া যাইবে। বিশেষতঃ আমাদের ভয় আরও বেশী, কারণ মুসলমান রাজারা ব্রাহ্মণের প্রতি বেশী অভাচার করিয়া থাকে।''

এই কথা শুনিয়া প্রথমোক্ত ব্যক্তি বলিলেন, ''আমরা কোন দোবে দোষী নহি; স্কুতরাং আমাদের ভয়ের কোন কারণ নাই; বাদদার ফৌজ নগরে আদিলে আমরা ঐ শ্রীবেদেকে ও তাহার ভাইদিগকে ধরাইয়া দিব।"

এই কথা নগরে প্রকাশ হইয়া পড়িলে বৈঞ্চব সমাজ যারপর নাই ছ:থিত হইলেন। এীবাস পণ্ডিত অতিশয় সরল প্রকৃতির লোক, ঐ কথা শ্রবণ করিয়া তিনি ভয়ে জড়সড় হইলেন।

নিমাই ভক্তগণের বিষাদ দর্শনে মনে মনে হাস্থ করিলেন, অনস্তর তাঁহাদিগকে উৎসাহিত করিবার জন্ম স্বয়ং নগরের পথে এবং গঙ্গাতীরে বেড়াইতে লাগিলেন। তাঁহাকে ঐ প্রকার নির্ভরে নদ করিতে দেখিয়া বিরোধিগণ বলিতে লাগিলেন, "কি আশ্চর্যা! এই নিমাই পণ্ডিতের কি কিছু মাত্র ভর নাই ? মুসলমান কোজ্পার ভনিতে পাইলে এখনি ধরিয়ালইয়া যাইবে!" একজন বলিলেন, "ওহে ভাই সকল! আমি নিমাই পণ্ডিতের মনের ভাব ব্রিয়াছি। তিনি সকলকে জানাইতেছেন যে, তাঁহার কিছুমাত্র ভয় হয় নাই; কিন্তু ভিতরে অন্থ অতিশ্রাম্ব আছে, কিরপে পৃত্র দশাইবেন তাহারই স্থ্যোগ দেখিতেছেন।"

নিমাই গলাতীরে বেড়াইতে ছিলেন, হঠাৎ হ্বদয়ে ভাব তর্ম উঠিল; আর একাকী থাকিতে পারিলেন না, শ্রীবাদের বাটী অভিমূথে ছুটলেন। প্রীবাস হারক্তর করিয়া গৃহ মধ্যে নৃসিংহের পূজা করিতেছিলেন, নিমাই গৃহহারে পদাহাত করিয়া ঘন ঘন হলার শব্দ করতঃ ডাকিতে লাগিলেন, "ওহে প্রীবাস! তুমি কি করিতেছ? তুমি বাহার আরাধনা করিতেছ, বাহিরে আসিয়া তাহাকে প্রত্যক্ষকর।"

শীবাদ পণ্ডিত গৃহের দার মোচন করিয়া দেখেন, বিশ্ব-স্থার বোগাদনে বিদিরা আছেন। চারিহস্তে শখ্, চক্র, গদা ও পদ্ম শোভা পাইতেছে মত্ত দিংহের ক্রায় গর্জন করিতেছেন। শীবাদ পণ্ডিত পূর্বেই জানিতে পারিয়াছিলেন যে, নিমাই মন্তব্য দেহধারী দাক্ষাং ব্রজেক্রনন্দন; একণে তাঁহার ঐথব্য প্রত্যক্ষ করিয়া বিনোহিত হইয়া রহিলেন।

নিনাই পুন: পুন: হুজার সহকারে বলিতে লাগিলেন, "ওছে থ্রীবাস! তুমি এখন ও আমাকে চিনিতে পারিলে না ? তোমার এবং নাড়ার \* বাসনা পূর্ণ করিবার জন্তই আমার আগমন। তোমরা আমাকে আনিয়া এজণে নিশ্চিত্ত হইয়া বসিয়া আছে ? নাড়া আমার প্রকাশ জানিয়াও আমাকে পরীকা করিবার জন্ত শান্তিপুরে বাইয়া বাস করিতেছে। বাহা হউক, অভ:পর তোমাদিগের ভয় দূর হউক। তোমরা আমাকেই এই পরিদ্যামান জগতের কারণ বলিয়া আনিবে। আমিই স্ক্পাণির অস্তরে চৈত্তকরপে বিরাজ করিয়া থাকি। আমার ইচ্ছা মাতেই এই

শী আইবাতের কঠোর তপক্তা এবং প্রেমপূর্ণ আহ্বানে ভগবান কথাম ত্যাগ করিয়। ভক্তবাঞ্চা পূর্ণ করিবার লক্ষ অবতার্ণ হইয়াছিলেন . এই কারণে গৌরাক অবৈত প্রভুকে নাড়। (ছানায়রকারী) বলিতেন। স্থুল জগং হল্মে বিলীন ছইতে পারে। যথন সর্ব্বকারণের কারণ স্থারপ আমি স্বয়ং তোমাদিগকে অভয় দান করিতেছি, তথন তোমাদের আর চিঞার বিষয় কি আছে ?''

এইরূপে সাক্ষাৎ সম্বন্ধে ভগবৎক্লপা লাভ করিরা প্রীবাদের মোহ অপস্ত হইল; তথন তিনি কাঁদিতে কাঁদিতে নিমাই, চরণে লুঞ্ভি হইরা স্কৃতি বাকো বলিতে লাগিলেন, "হে বিশ্বভর! হে শচাস্থত! আনার প্রাত প্রসর হও। তুমি অনাদি এবং অনস্ত, এই জগং তোমার ইছোধীন, অতএব আমি তোনার তত্ত্ব কিরণে অবগত হইব ? তুমি সাক্ষাৎ রজেক্স নন্দন, শচীস্থতরূপে জীব উদ্ধার কারণ মন্ত্র্যা লোকে অবতীণ হইয়াছে; আমার কি সাধ্য যে, তোমার অনস্ত প্রভাব অবগত হইতে সমর্থ হইব ? হে কুগানিধে! তোমার দাসাহ্রদাস এই কুদ্রের প্রতি কুগা প্রকাশ কর। তোমাকে কি প্রকারে স্থব কবিতে হয়, তাহা দেবগণও অবগত নহেন, কারণ বেদে তোমাকে বাক্য মনের অগোচর, একমাত্র ভক্তিগম্য বলিয়াছেন। অতএব কুপা করিয়া আমাকে ভক্তিদান কর, যক্ষারা আমি তোমার অভয় পদে শরণ লইতে সমর্থ হই।"

"অন্য আনার সমুদ্য অতীষ্ট নিজ হইল। অন্য আমি আনাদি অনস্ত দিব্য পুরুষকে প্রত্যক্ষ করিলাম। অন্য আমার জন্ম কম্ম সমুদ্য সফল হইল, আমার নবর্ষাপ বাস ধতা হইল। অদ্য আমার সৌভাগ্যের সামা রহিল না, কারণ বে অভয় চরণ ব্রহ্মাদি দেবগণ প্রাথনা করেন, যাহা বৈকুণ্ঠধানে লক্ষ্মীর অক্ষে স্থিত থাকে, যাহা সরল হুদ্য ভক্তগণের হুদ্য পদ্মে

বিরাজ করে, যাহা ত্রিলোকতারিণী ভাণীরথীর উৎপতিস্থল,
আমি ভাগাক্রমে অদ্য তাহাই লাভ করিলাম ।"

নিমাই চিরভক্ত শ্রীবাসের প্রতি প্রসর হইরা বলিলেন,
"ওহে পণ্ডিত! তুমি আমার পুরাতন দাস, তুমি নিতা কালই
আমার প্রতি অহৈতৃকী ভক্তি করিয়া থাক। আমি সদা
কালই তোমার প্রতি প্রসন্ন আছি, তোমার সহিত বাহাদিগের
কোন প্রকার সংশ্রব আছে, তাহারা সকলেই আমার অতি
প্রিয়। তোমার পরিবারবর্গ দাস দাসী প্রভৃতি সকলকে আহ্বান
কর, তাহারা আসিয়া আমার প্রকাশ দেখুক।"

প্রভ্র পাইয়া আজা শ্রীবাস পণ্ডিত।
সর্ব্ব পরিবার সঙ্গে আইলা ত্বরিত ॥
বিষ্ণু পূজা নিমিত্ত যতেক পূজা ছিল।
সকল প্রভ্র পারে সাক্ষাতেই দিল ॥
গন্ধ পূজো ধূপ দীপে পূজি শ্রীচরণ।
সন্ধীক হইয়া বিপ্র করেন ক্রন্দন ॥
ভাই পত্নী দাস দাসী সকল লইয়া।
শ্রীবাস করেন কাকু চরণে পড়িয়া॥
শ্রীনিবাস প্রিয়কারী প্রভ্ বিষ্কুর।
চরণ দিলেন সর্ব্ব শিরের উপর॥'

ইটি: ভা:--

নিমাই পুনরার বলিলেন, "ওহে খ্রীবাস! বাদসাহ বৈষ্ণব ধরিবার জ্বন্ধ হট নৌকা দিপাহী পাঠাইয়াছেন, এই সংবাদ পাইয়া ভোষরা ভীত হইয়াছ; কিন্তু ভোমাদের ভয়ের কোন কারণ নাই। আমিই সকলের বৃদ্ধির প্রধোজক, আমিই সকলের অন্তরে চিংস্বরূপে বিরাজ করিতেছি, আমার অনিছা সত্ত্বে কাহারও কোন কর্ম করিবার শক্তি নাই; ইহা অবগত হইয়া তোমরা সকলে ভয় পরিত্যাগ কর। আমার ইছা মাত্রেই যে সমুদর সম্পাদিত হইয়া থাকে, ইহা ভূমি এথনি প্রত্যক্ষ কর। তোমার নারায়ণী নামে যে চারি বৎসর বয়সের ভাতৃ-স্থতা বিদ্যমান রহিয়াছে, দেখ আমার আদেশ মাত্রে ঐ বালিকা এথনি কুঞ্প্রেমে আবিও হইবে।"

নিনাই এই কথা বলিয়া সহাস্থা বদনে নারায়ণীকে নিকটে আহ্বান পূর্বাক কহিলেন, "মা! একবার কৃষ্ণ ব'লয়া কাদত ?" চারি বংসবের বালিকা কিছুই জানে না, নিমাইয়ের আদেশ মাত্র 'হা কৃষ্ণ!' বলিয়া মৃদ্ধিত হইয়া পড়িল। সমুদ্র সাবিক ভাব অঙ্গে প্রকাশ পাইতে লাগিল, নয়ন-নীরে ধরা প্লাবিত হইয়া গেল। অনস্তর, এই কথা লোক সমক্ষে প্রকাশ করিতে নিষেধ করিয়া নিনাই বাটী গমন করিলেন।

অইম পরিক্রেদ সমাপ্র।

## নবম পরিচ্ছেদ।

এইরপে গৌরস্কর আত্ম প্রকাশ করিয়া ভক্ত বৃদ্দ সম্বিদ্ধির কীর্ত্তন স্থাধিরে কীর্ত্তন স্থাধির করিয়া ক্রান্ত্র শ্রহণ স্থাধিকন সমুদ্ধ পরিত্যাগ করিয়া তাঁহার শ্রণ লইলেন।

গৌরাঙ্গ দর্ম্বদাই প্রেমাবিট হইরা থাকেন, মধ্যে মধ্যে "আমার প্রাণ কৃষ্ণ, তুমি কোথার গোলে?' এই বলিয়া ভূমিতে আছাড় খাইরা পড়েন। ভক্তগণের প্রাণে উহা সহ্ হয় না, তাঁহার হুকোমব অঙ্গে কতই আঘাত লাগিতেছে, এই মনে ক্রিয়া সকলে কুন্দন করেন।

এক দিবস বরাহরূপের একটি শুব শ্রবণ করিয়া গৌরাস্থ আবিট হইলেন, অনন্তর গর্জন করিতে করিতে মূরারি শুপ্তের বাট গমন করিয়া বিষ্ণু গৃহে প্রবেশ করিলেন। মূরারি সমন্ত্রমে তাঁহার পশ্চাং গমন করিয়া দেখেন, গৌরাস্থ অপরূপ বরাহ মূর্জি ধারণ করিয়া বিরাজ করিতেছেন।

ঐ ভয়ক্ষর রূপ দর্শনে মুরারির অন্তরে ভর স্থার ইইলে, গোরাক্ষ তাঁহাকে অভর দিয়া বলিলেন "এহে মুরারি! অন্যাপি তুমি আমাকে জানিতে পারিলেনা ? ভর পরিত্যাগ করিয়া আমার তাব পাঠ কর।''

মুরারি কম্পিত কলেবরে কহিলেন, "প্রভূ! তোমার তত্ত্বিই জান, আমি অতি ক্ষৃত্ত তোমার মহিনা কিলপে জানিব।
সাক্ষাং অনস্ত দেব সহস্র বদনে স্বতি করিয়াও বাঁহার অনস্ত
মহিমার এক কণা মাত্র বর্ণনা করিতে সমর্থ হরেন না, আমি
সামান্ত মানব হইয়া কিলপে তাঁহার স্তব করিবার যোগ্য হইব ও
বে বেদবাক্য ছারা তোমার স্তব করিতে হয়, সেই বেদই যথন
তোমার তত্ত্ব নিজপণে অসমর্থ ইইয়া তোমাকে 'অবাং মনসগোচরঃ' বলিয়া নির্দেশ করিয়াছেন, তথন ক্ষুডাদপি ক্ষুত্ত হয়া
আমি তোমাকে কি প্রকারে স্তব করিতে সাহণী হইব ও তোমার
তত্ত্ব এক্ষাত্র তুমি ভিল্ল অপর কেহই জানেন না। আমি আর

কি বলিব তোমাকে পুন: পুন: প্রণাম করিতেছি, কুণা বিতরণে এই দাসার্দাদের প্রতি প্রসন্ন হও "

বরাহরপধানী ভগবান মুরারিক্ত তবে সন্তুষ্ট হইয়া বলিলেন, "তুনি আমার অতি প্রিয় ভক্ত, আমি সর্ক্রনাই তোমার
প্রতি প্রদন্ধ আছি। একণে আমার আগমন কারণ অবগত
হও। আমি অবৈতাচার্য্য প্রভৃতি ভক্ত সন্দের প্রেমে আকৃষ্ট
হয়া জগতে ভক্তিপথ প্রদর্শন জন্ত অবতীর্ণ হইয়াছি। তুমি
পূর্ব্ব পূর্বে যুগ হইতে আমার সেবা করিয়া আদিতেছ, দেই
জন্য এই বেদগোগ্য কথা তোমার নিকট ব্যক্ত করিলাম।"

এইরপে গৌরাঙ্গ ক্রমে ক্রমে প্রধান ভক্তবৃদ্ধের নিকট আয় প্রকাশ করিলেন। নিত্যানল রুলাবনে আছেন, এবং তাঁহার প্রকাশ কাল প্রতীক্ষা করিতেছেন, গৌরাঙ্গ ইহা সকলি জানিতেন; একণে সেই সময় উপস্থিত হওয়ায় তাঁহাকে স্মরণ করিলেন।

প্রভু আহ্লান করিতেছেন, জানিবা মাত্র নিত্যানন্দ, "জ্য় গোরাক্ব" বলিয়া নবদ্বীপ অভিমুখে যাত্রা করিলেন। যথা সময়ে নবদ্বীপে আসিয়া উপস্থিত হইলে, নন্দন আচার্য্য তাঁহাকে অতি আদর পূর্মক আপেন বাটীতে লইয়া গেলেন। তাঁহার দিবামৃত্তি, অতিশয় স্নিদ্ধ উজ্জন বর্ণ, সহস্র রাকেন্দ্ বিজিত বদন কান্তি, স্বমধ্র হাস্ত, স্থানীর্ঘ নয়ন, আজাফুল্ম্বিত ভুজ্ দ্বয়, এবং স্থচাক চরণ যুগল দর্শন করিয়া সকলেই বিমোহিত হইলেন।

ইতিপুর্বে গৌরাঙ্গ, ভক্তগণ সমকে প্রকাশ করিয়াছেন যে, ছই তিন দিনের মধ্যে নবছীপে একজন মহাপুক্ষ আগমন করিবেন। এক্ষণে নিত্যানন্দের আগমন জানিতে পারিয়া। ভক্তগণকে আহ্বান করিয়া বলিলেন, ''অদা আমি এক অপূর্ব্ধ

মুপ্র দর্শন করিয়াছি। আমি দেখিলাম যে, একজন দিবাম্টি

পুক্ষ তালধ্বজ্ঞ রথে আরোহণ করিয়া আমার বাটার নিকটে

আসিয়া জিজ্ঞাসা করিতে লাগিলেন, 'এই কি নিমাই পণ্ডিতের

বাড়ী ?' এইরূপ কয়েক বার জিজ্ঞাসা করিলেন। দেখিলাম

তাঁহার মন্ধে একটি স্তম্ভ শোভা পাইতেতে, প্রকাণ্ড শরীর হইতে

তেজঃ বিনির্গত হইয়া চারিদিক উন্তাসিত করিতেছে, বামহস্তে

একটি কমণ্ডলু রহিয়াছে, পরিধান নীল বসন, এবং বাম কর্পে

একট বিচিত্র কুণ্ডল তলিতেছে। আমি পরিচয় জিঞাসা

করিলে বলিলেন, 'আগানী কলা তোমার সহিত পরিচয়

হইবে।''

"পূর্ব্বে আমি ভোমানিগকে বলিয়াছি যে একজন মহাপুরুষ এইস্থানে আগমন করিবেন, এজণে পুনরায় স্বপ্ন দেখিয়া আমার নিশ্চিত বোধ হইতেছে যে, তিনি আগমন করিয়াছেন। অভএব জীবাস পণ্ডিত তুমি নগরে যাইয়া অত্তসন্ধান কর।"

শ্রীবাদ পণ্ডিত, ধীর এবং ভাগেবত প্রধান। সাধুপুরুষের লক্ষণ তিনি বিশেষরূপে অবগত ছিলেন, কিন্তু সমূদয় নগর তল্প তল অফুসরুন করিয়াও মনোমত দাধুপুরুষ দেবিতে পাইলেন না। নবলীপে সল্লাদী ক্লাবের অপ্রত্ত ছিল না, কিন্তু তাঁহা-দিগের মধ্যে কাহাকেও গোরাক্ষের নির্ভিষ্ট বাক্তি বলিয়া অমুখান নাহওয়ায় অগ্রাম অসুখান করিয়া আগ্রাম অগ্রাম অগ্রাম অসুখান নাহওয়ায় অগ্রাম অসুখান সাহওয়ায় অগ্রাম অসুখান সাহওয়ায় অগ্রাম অসুখান সাহওয়ায় অগ্রাম অসুখান সাহ

শ্রীবাস প্রত্যাগমন কবিলে, গৌরাস হাস্ত করিয়া বলিলেন "তোমরা সকলে আমার সহিত আইস, আনি সেই মহাপুক্ষের অকুস্কান করিব। ভকুগণ ভাহুকে গমনোদ্যত দেখিয়া 'জন্ন গোণিন্দ' বলিন। প্রফুল অবস্তবে তাঁহার অনুগমন করিলেন।

গৌরাঙ্গ কোন দিকে না চাহিয়া একবারে নন্দন আচার্যোর বাটী যাইরা উপনীত হইলে সকলে দেখিতে পাইলেন, এক দিব্য পুরুষ তথায় যোগাসনে উপবেশন করিয়া আছেন। গৌরাঙ্গ ভক্তগণ সহিত তাঁহাকে নমস্বার করিলে, নিত্যানন্দ একদৃষ্টে গৌরাঙ্গ প্রতি চাহিয়া রহিলেন, কোন উত্তর প্রদান করিলেন না।

গৌরাঙ্গ ভক্তবন্দের সহিত নিত্যানন্দের সমূথে দাঁড়াইয়া আছেন, এবং নিত্যানন্দ অনিমিধ নয়নে তাঁহাকে দেখিতেছেন, এই সময়ে প্রীবাস পণ্ডিত গৌরাঙ্গের ইঙ্গিত পাইয়া একটি শ্লোক পাঠ করিবেন।

তথাহি শ্রীভাগবতেঃ—

"বহাপীড়ং নটবরবপুঃ কর্ণয়োঃ কর্ণিকারং
বিজ্রহাদঃ কণককপিসং বৈজয়ন্তীঞ্চ মালাং।
রঙ্গুন বেণোরধরম্ভধয়া পূর্যন্ গোপর্কৈদ
রুক্নারণ্যঃ স্বপদ্রমণং প্রাবিশ্দগীতকীর্ত্তি॥"

এই শ্লোক শ্রবণ করিবামাত্র নিত্যানন্দ অচেতন হইয়া
পড়িলেন। সোণার শরীর ধ্লায় গড়াগড়ি ঘাইতে লাগিলে।
অনস্তর গৌরাঙ্গ তাঁহাকে ক্রোড়ে লইয়া কাঁদিতে লাগিলেন।
কৈছুক্ষণ পরে সংজ্ঞা লাভ করিয়া নিত্যানন্দ গৌরাঙ্গের বদন
শ্রতি চাহিয়া রহিলেন, নয়নজলে সর্ক্ষ আক প্লাবিত হইতে
গাগিল।

উভরে উভরের প্রেমে বিহল হইরাছেন, দেখিরা ভক্তগণের আনন্দের সীমা রহিল না। এই প্রকার অপূর্ব্ব মিলন তাঁহারা আর কথন নয়ন গোচর করেন নাই; স্বতরাং কি বলিয়া তুলনা দিবেন তাহা হঠাং দ্বির করিতে সমর্থ হইলেন না।

> "নিত্যানন্দ কোলে করি আছে বিশ্বস্তর। বিপরীত দেখি মনে হাসে গদাধর॥ যে অনপ্ত নিঃব্ধি ধরে বিশ্বস্তর। আজি তার গর্ক চুণ কোলের ভিতর॥ নিত্যানন্দ প্রভাবের জ্ঞাতা গদাধর। নিত্যানন্দ জাতা গদাধরের অস্তর॥ নিত্যানন্দ দেখিয়া সকল ভক্তগণ। নিত্যানন্দ ময় হৈল স্বাকার,মন॥"

এ:∂: ভা:—

গৌরাঙ্গ নিত্যানন্দকে সংখাধন করিয়া বলিলেন ''ই পাদ! আপনার গুতাগমনে আমরা পবিত্র ইইলাম। আপনি এই জপতে তক্তিযোগের আদশ স্বরূপ। প্রেন দাতার গুরু, আপনাকে দর্শন করিয়া আমরা অন্য জন্ম সফল জ্ঞান করিতেছি। রুষ্ণ তক্তিলাত জন্ম অপর কোন তপত্যার প্রয়োজন নাই, কেবল মাত্র আপনার পদাশ্রম গ্রহণ করিতে পারিলেই উহা অনারাসে লাত ইইতে পারে। তগবানের পূর্ণ শক্তি স্বরূপ আপনার অধীন হইয়াছি। একণে রূপা করিয়া যদি নিজ্ব পরিচয় প্রদান করেন, তাহা ইইলে আমরা পর্ম পরিত্র ইই।"

গৌরাদের শ্রীমুথ হইতে এই প্রকার স্কৃতিবাক্য প্রবণ করিরা নিতাানন্দ যার পর নাই লজ্জিত হইলেন, অনস্তর তাহার কোটে চক্র-বিনিন্দিত বদনমণ্ডল নিরীক্ষণ করিরা বলিলেন, "প্রভো! আমি আপনার কৃত স্তবের যোগ্য নহি। আমি বহু তীর্থ পর্যাটন করিলান, কিন্তু কোপারও কৃষ্ণ সাক্ষাংকার পাইলাম না; সর্ব্বভাব, কিন্তু কোপারও কৃষ্ণ সাক্ষাংকার পাইলাম না; সর্ব্বভাব দেবিলাম, শৃত্ত সিংহাসন আচ্ছাদিত রহিয়াছে মাত্র, শ্রীভগবান তথার নাই। ভাগ্য ক্রমে করেক জন বিশিষ্ট সাধু মহাত্মার সহিত সাক্ষাং হইলে, তাঁহাদিগকে জিল্পানা করিয়া অবগত হইলাম যে, ভগবান এক্ষণে গৌড় দেশে বিরাজ করিতেছেন। তংপরে অন্সন্ধান করিয়া জানিলাম, নবহীপে বড় সংকীর্ত্তনানক্ষ হটতেছে এবং শ্রীভগবান তথার গৃত্ ভাবে বিহার করিতেছেন, তাই প্রত্যাশাপর হইয়া এই পরম পবিত্র ধামে আগমন করিয়াছি।"

"পতিতের ত্রাণ বড় ওনি নদীয়ায়।
ত্তনিয়া আইল মুঞি পাতকী এথায়॥
প্রভুবলে আমরা সকলে ভাগ্যবান।
তৃমিহেন ভক্তের হইল উপস্থান॥
আজি কুতকুত্য হেন মানিল আমরা।
দেখিল যে তোমার আনন্দ বারিধারা,॥
হাসিয়া মুরায়ি বলে তোমরা তোমরা।
উহাত না বুঝি কিছু আমরা সবারা॥
শ্রীবাস বলেন উহা আমরা কি বুঝি।
মাধব শক্ষর যেন দোঁহে দোঁহা পুঞ্জি॥

গ্রনাধর বলে ভাল বলিলা পণ্ডিত।
সেহ বুঝি থেন রাম লক্ষণ চরিত ॥
কেহ বলে ছই জন থেন ছই কাম।
কেহ বলে ছই জন থেন ক্ষণরাম॥
কেহ বলে আমি কিছু বিশেন না জানি।
ক্ষ কোলে থেন শেষ আইলা আপনি॥
কেহ বলে ছই স্থা থেন ক্ষণজেন।
সেই মত নেবিলাম সেহ পরিপূর্ণ॥
কৈহ বলে ছই জন বড় পরিচয়।
কিছুই না বুঝি সব চারে চোরে ক্যান
কেই মত হরিষে স্কল ভক্রন।
নিতানন্দ দর্শনে ক্রেন ক্নান।
ইহার প্রবণে হয় বন্ধ বিয়োচন ত্

£ 35: €1:—

গৌরাঙ্গ ও নিতানিকের মিলন হইলে ভক্তগণ মহানকে হরিজানি করিতে লাগিলেন। গৌরাঙ্গ ও নিতানিক পর-স্পরকে পাইয়া রুফাপ্রেম সাগরে ডুবিয়া রহিলেন, সে নিবদ আর কান্ত কোন কার্য্য কাহার মনে রহিল না। দিবাবশেষে সকলে বিদায় লইবার সময় গৌরাঙ্গ নিত্যানককে বলিলেন, ''জ্রীপাদ! আগামী কলা পৌণ্মাসী, ব্যাসার্জন দিবর আত্তব আপনাকে ব্যাসপূজা করিতে হইবে। কাহার বাটতে উক্ত উৎস্ব হইবে, তাহা আপনিই স্থির ক্রুন।'' নিত্যানদ ছিবাদের হস্ত ধারণ করিয়া বলিলেন, ''এই রাহ্মণের বাড়ীতে ব্যাস পূজার সজ্জা হউক।'' প্রীবাদের আনন্দের সীমা বহিল না, সহাস্ত বদনে বলিলেন, ''প্রভা! অন্য ব্ঝিলাম বে, প্রকৃতই আমি ভাগ্যবান্। যাহা হউক আমাকে অনুমতি করিলে, আমি এখনই বাটী যাইয়া সম্দর্ম আয়োজন করিতে আরম্ভ করি। আমাকে কোন দ্বাের জন্ম অপর কাহার বাটী যাইতে হইবে না, আবশ্রক দ্বাে সম্দর্ম আমার হরেই আছে, কেবল আপনাদিগের আজ্ঞা পাইলেই আমি সম্দর্ম প্রকৃত করিতে আরম্ভ করি।''

সকলে বাটার অভ্যন্তরে প্রবেশ করিলে গৌরাঙ্গের ইঙ্গিত জমে জীবাস দার কন্ধ করিলেন। দারকন্ধ ইইবামাত্র নিত্যানদ্দ বে হুছার শক্ষ করিয়া উঠিলেন, তাহাতে ত্রিলোক কম্পিত ইয়া উঠিল। ভক্তগণ এই প্রকার প্রেমাচ্ছাস ধ্বনি আর কথনও প্রবণ করেন নাই, তাঁহারা নিত্যানদ্দের প্রতি অনিমিব নয়নে চাহিয়া রহিলেন। নিত্যানদ্দের আত্র কোন চিস্তাই নাই, নিজ প্রাণেখরকে পাইয়া আনদ্দে গর গর হইতেছিলেন, এক্ষণে মনোনত স্থান প্রাপ্ত হইয়া আর বিলম্ব সহিল না, ছই বাছ তুলিয়া নৃত্য আরম্ভ করিলেন। গৌরাঙ্গও ভক্তগণকে সংকীউন করিতে অমুমতি দিয়া স্বয়ং নিত্যানদ্দের বদন প্রতি চাহিয়া নাচিতে লাগিলেন। উভয়ের প্রেমাচ্ছাস ও উদ্বপ্ত নৃত্য দশন করিয়া ভক্তগণ আপনাদিগের জীবন ও নয়ন সার্থক জ্ঞান করিলেন।

এইরপ বহুক্ষণ সংকীর্তন ও নৃত্য জনিত শ্রমে ক্লান্ত হইলে গৌরাস কথ্ঞিং স্থির হইলেন, কিন্তু নিত্যানন্দের নৃত্যের বিরাম হইল না। তাঁহার কটির বসন কোথার পজিরা গিয়াছে, তাহার ঠিক নাই, দণ্ড কমণ্ডলু গড়াগতি বাইতেছে, সর্বাঙ্গ ধূলার ধূসর হইরাছে দেখিরা গৌরাক মিষ্ট সন্তামণ করিয়া অতি কটে নির্ভ করিলেন। অনস্তর সকলে পরস্পার প্রেমালিক্ষন করিয়া সেই রাত্তির মত বিদার লইলেন, কেবল নিত্তাানক শ্রীবাস তবনেই রহিলেন।

কতক রাত্রিতে নিত্যানন্দ পুনরায় ঘন ঘন তকার শক্ করিতেছেন, প্রীবাদাদি উহা শ্রবণ করিয়াও পাছে ভাহার বিরক্তি জ্লায় এই ভয়ে নিকটে যাইলেন না। প্রভাত হইলে রামাই যাইয়া দেগেন, যে নিত্যানন্দ প্রেমে বিহবল হইয়া আছেন, ভাহার দও কমওলু ভয় হইয়া গৃহের এক প্রাস্তে পড়িয়া রহিয়াছে। খ্রীবাদ পণ্ডিত উহা অবগত হইয়া গৌরা-দের নিকট সমাচার প্রেবণ করিলেন।

"প্রভাতে উঠিয়া দেখে রামাই পণ্ডিত। ভাঙ্গা দণ্ড কমণ্ডলু দেখিয়া বিদ্মিত। পণ্ডিতের স্থানে কহিলেন ততক্ষে। ব্রীবাস বলেন যাও ঠাকুরের স্থানে। রামাইয়ের মুখে শুনি আইলা ঠাকুর। বাক্য নাহি নিত্যানক হাসেন প্রচুর। দণ্ড লইলেন প্রভু শ্রীহস্তে তুলিয়া। করিলেন গঙ্গালান নিত্যানকে লৈয়া । শুপুবানাদি স্বাই চলিলা গঙ্গালানে। দণ্ড পুইলেন প্রভু গঙ্গায় আপনে।"

बैटिः जाः-

শ্রীবাস পণ্ডিত বাসপৃষ্ণার সমৃদর আরোজন কবিয়া রাধিয়াভিলেন, সকলে মানাস্তে আগমন করিলে উৎসব আরস্ত হইল। শ্রীবাস পণ্ডিত আচার্য্য হইয়াছিলেন, তিনি ফুলের মানা ও চন্দন নিত্যানন্দের হত্তে দিয়া বলিলেন, "আমি মন্ত্র পাঠ করিতেছি, আপনি ঐ মত্ত্রে অভিমন্ত্রিত করিয়া ব্যাসন্দেব উদ্দেশে মালা অর্পণ করুন।"

শ্রীবাদ মন্ত্র পঠে করিতে আরম্ভ করিলেন, বনকূলের মালা ও চলন হস্তে লইমা নিত্যানন্দের প্রাণ কাঁদিয়া উঠিল, পূর্ম্ম ভাব অবণ হইমা বাছা সংজ্ঞা হারাইলেন। শ্রীবাদ, প্রতি কথা ছই তিন বার করিমা বলিতেছেন কিন্তু নিত্যানন্দ পাগেলের হ্যায় 'হয় হয়''ভিল্ল অপর কিছুই বলেন না দেখিয়া গৌরাস্থকে বলিলেন, ''প্রভা! এই দেখুন, আপনার শ্রীপাদ গোরামী একটা মন্ত্র বলিতেছেন না, জিজ্ঞায়া করিলে কেবল হয় হয়' মাত্র বলিতেছেন।''

গৌরাপ জীবাদের কথা শুনিয়া নিতানিদের নিজ্টে বাইবামাত্র তিনি জমনি মালা লইয়া তাঁহার মন্তকে অপ্ন করিলেন। ভক্তবাঞ্ছা কল্লতক, কলিবুল-পাবন, পরম দ্যাল জীগোরাপ বড়ভুজ প্রকাশ করিয়া নিতানিক প্রদন্ত যালা গ্রহণ করিলেন। চারিহন্তে ক্ষাল্যে শভা, চক্র, গলা ও পল্ল, এবং জ্বলর ডই হন্তে মৃষল ও হল, এই জিলোক শুপ্ত ভ্রনমোহন জ্বপ্র কপে বিমোহিত হইয়া নিতানিক ভংক্লাং মৃছিত হইয়া গড়িলেন।

''ষড়ভুজ দেখি মূৰ্জা পাইল নিতাই। পড়িলা পৃথিবীতলে ধাতু মাত্ৰ নাই॥ ভয় পাইলেন সব বৈফবের গণ।
রক্ষ রক্ষ রক্ষ রক্ষ করেন অবণ।
হঙ্কার করেন জগলাপের নকন।
কক্ষে তালি দিয়া ঘন বিশাল গজ্জন।
মূর্জা পেল নিত্যানক বজ্জুল দেখিয়া।
আগনে চৈত্ত তোলে গাম হাত দিয়া।
উঠ উঠ নিত্যানক থির কর চিত।
সংকীর্ত্তন জনহ তোমার সমীতিত।
"

ইটে: ভা:--

পৌরাঙ্গ 'উঠ উঠ' বলিয়া ত্রীহান্তের ছারা প্রশে পুরুক নিতানন্দের চৈত্ত সম্পাদন করিয়া বলিলেন, "ওহে ত্রীপাদ। সংকীর্ত্তন প্রচার জ্বত তোমার অবতার, অত্রব চিত্তির করিয়া হরিনাম কীর্ত্তন ছারা জগ্য নিস্তার করে। এই কলি যুগে একমার হবিনামই সারে; নাম বাতীত জীব উদ্ধারের অপর কোন উপায় নাই। তুমি এই নাম ধ্যপ্রচার জন্ত অবব্রীণ হইলাছ। তোমার রূপা বাতীত কেমই শ্রেষ্ লাভ করিতে সম্প্রইবে না। তুমি হাহার প্রতি প্রস্ক হইবে, সেবাজি চপ্তাল হইলেও দেবছল্ভ গতি প্রাপ্ত হটবে।"

"হরেনীম হরেনীম হরেনীমৈব কেবলং। কলো নান্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরভূথা।"

> ''কলিকালে নামরপে কৃষ্ণ জবতার। নাম হৈতে হয় সর্বাজগং নিস্তার॥

দার্চ্য লাগি হরেন'মি উক্তি তিনবার।
জড়লোক বুঝাইতে পুনরেবকার॥
কেবল শব্ধ পুনরপি নিশুয় করণ।
জ্ঞানযোগতপন্সাদি কর্ম নিবারণ॥
অক্তণা যে মানে তার নাহিক নিস্তার।
নাহি নাহি নাহি তিন উক্ত এবকার॥
"

শ্রীচৈ: চ:--

বাাদ পূজা সমাধা হইয়া গেলে গোরাক্স স্বহস্তে সকলকে প্রসাদ বাটন করিয়া দিলেন। ভক্তগণ দেবত্বভি প্রসাদ ভক্ষণ করিয়া হরিধ্বনি করিতে লাগিলেন। গোরাক্ষ এইরূপে নিতা জীবাদ ভবনে কীর্ত্তনানন্দে লীলা করিতে প্রবৃত্ত হইলেন। ভক্তগণ এক্ষণে তাঁহাকে আর নিমাই পণ্ডিত বলিয়া জ্ঞান করেন না; তিনি যে সর্কেখর অনাদি অনন্ত পুক্ষ, কলিজীব উদ্ধার করিতে অবতীর্ণ হইয়াছেন, ইহা সকলেই ভাল মতে জানিতে পারিয়াছেন।

নবম পরিছেদ সমাপ্ত।

## দশম পরিচ্ছেদ।

এক দিবদ শ্রীবাদ ভবনে কীর্ত্তন করিতে করিতে গৌরাঙ্গ রমাই পণ্ডিতকে বলিলেন "ওহে পণ্ডিত! তুমি এখনই শান্তিপুর শ্রীঅবৈতের আলমে গমন কর। আমার নাম লইরা তাঁহাকে বলিবে বে, "আমি তাঁহারই বাঞ্চা পূর্ণ করিতে আগমন করিয়াছি, অত এব আমাকে আনিয়া একণে তিনি কি জন্ত বাটা বিদিয়া রহিয়াছেন ?" তাঁহাকে আরও বলিবে বে, "তুমি যাঁর জন্ত অতি কঠোর তপন্তা করিয়াছ, যাঁহার জন্ত দিবারাত্র ক্রন্দন করিয়াছ, যাঁহার জন্ত কত শত দিবদ অনাহারে অতিবাহিত করিয়াছ, তোমার দেই প্রভু একণে নবছীপে প্রেকট হইয়াছেন, অতএব অবিলম্বে দন্ত্রীক পূজোপহার লইয়া আগমন কর "

রামাই পণ্ডিত প্রভুর আজা পাইবামাত্র শান্তিপুর গমন করিলেন। প্রীঅবৈত সকল জানিতেছেন, রামাইকে দেখিবামাত্র বলিলেন, "কিহে পণ্ডিত! আমাকে লইয়া যাইবার জন্ত আদেশ হইরাছে বৃঝি?" রামাই করবোড়ে কহিলেন, "প্রভু! আপনি সকলি জানিতে পারিয়াছেন, আমি আর অধিক কিবলিব, যতশীত্র হয় গমনের আয়োজন করুন।"

শ্রী আইনত তাঁহার প্রাণের ঠাকুরকে ভাল রূপেই জানিতে পারিরাছেন, তথাপি লোক প্রতায়ের জন্ম বলিলেন, ''ওছে রামাই পণ্ডিত! মনুষোর মধ্যে ভগবান বিহার করেন ইহাত কথনও দেখি নাই। এতল্যতীত ভগবান্ বেনুবরীপে অবতীর্ণ

হইবেন, কোন শাস্ত্রে ইহারও কোন প্রমাণ দেখিতে পাওয়া
যায় না। বিশেষতঃ আমি জ্ঞান যোগী, আমাকে তোমাদের
কি প্রয়োজন ?'' তথন রামাই কাঁদিতে কাঁদিতে বলিলেন,
'প্রতা। আপনি বাঁহার জক্ত অতি কঠোর আরাধনা করিয়াছেন,
বাঁহার জক্ত কতই ক্রন্দন করিয়াছেন, আপনার সেই ঠাকুর
ক্রন্দণে নবন্ধীপে প্রকাশ হইয়াছেন, অতএব আর কাল বিলম্ব
না করিয়া সম্বরে গমন করুন। আপনাকে লইয়া ঘাইবার জক্ত
আমার প্রতি আদেশ হইয়াছে। আরও একটি ওত সংবাদ
আপনাকে প্রদান করিতেছি যে, শ্রীনিত্যানন্দ প্রত্ নবদ্বীপে
আগমন করিয়াছেন।''

রামাইয়ের নিকট প্রভ্র আদেশ অবগত হইরা ঐঅহৈতের হৃদয় দ্রবীভূত হইয়া গেল, আনন্দে নৃত্য করিতে আরম্ভ করি-লেন। তাঁহার প্রাণসর্বব প্রভূ নবদ্বীপে অবতীর্ণ হইয়াছেন, ইহা পুন: পুন: প্রবণ করিয়া প্রেমে মৃদ্ধা প্রাপ্ত হইলেন। ঐআহতে পত্নী সীতা ঠাকুরাণী ও তাঁহার প্রিয় পুত্র অচ্যুতানন্দ প্রভ্র প্রকাশ সংবাদ শ্রবণ করিয়া প্রেমাশ্রুপাত করিতে লাগিলেন। কিছুক্ষণ পরে ঐআহিত সংজ্ঞা লাভ করিয়া কাঁদিতে কাঁদিতে বলিলেন, 'রামাই ! আমার প্রভূ কি বলিয়াছেন, তাহা আমাকে পুনরায় বল। রামাই কহিলেন, ''আপনাকে সত্রীক পুজোপহার লইয়া যাইতে আজ্ঞা করিয়াছেন।''

অবৈত প্রভ্রামাইকে বলিলেন, ''তোমার ছারা প্রভ্রাহা বলিয়া পাঠাইরাছেন, আমি তাহা ভনিলাম, কিন্তু শচীস্ত্ত বিখন্তর যে আমার প্রাণের ঠাকুর, আমি অবশ্র ইহার নিদর্শন চাই। তিনি যদি আমার মাথায় চরণ তুলিয়া দিতে পারেন এবং আপন ঐর্থ্য আমাকে দেখাইতে পারেন, তবেই আমি তাঁহাকে আমার প্রভূ বলিয়া গ্রহণ করিব, নচেং কেবল মুখের কথায় আমি ভূলিব না। বিশেষতঃ আমি যদি নিদর্শন ব্যতীত শচী পুত্রকে নন্দস্থত বলিয়া রাই করি, তাহা হইলে লোকসমাজে আমার অপযশ হইবে। এইরূপ শাস্ত্র বাক্য আছে বে, মন্থব্যে ঈশ্বর বৃদ্ধি করিলে উভয়েই নরক প্রাপ্ত হইবেন; এমত স্থলে বিশেষ প্রমাণ বাতীত আমি কথনই বিশ্বস্তরকে ত্রিলোকের প্রভূ বলিয়া ঘোষণা করিতে সমর্থ হইব না। যাহা হউক, আমি সন্ত্রীক পূজার সজ্জা লইয়া বাইতেছি, কিন্তু তুমি ইহা গোপনে তাঁহাকে বলিবে যে, ''অবৈত আচার্য্য আদিলেন না। আমি নন্দন আচার্য্যের গৃহে লুকাইয়া থাকিব।''

অবৈতের অভিপ্রায় শ্রীগোরাঙ্গের জানিতে বাকি রহিল না, রামাই পণ্ডিত নববীপে প্রত্যাগমন করিবার পূর্ব্বেই তিনি শ্রীবাদ ভবনে গমন করিরা সিংহাদনে উপবেশন করিলেন। ভক্তগণ প্রভুর আবিষ্ট ভাব বুঝিতে পারিয়া হরি ধ্বনি করিতে আরম্ভ করিলেন। কথন কি আদেশ করেন, এই জক্ত সকলেই কর্মোডে সম্মুথে দাঁড়াইয়া রহিলেন। নিত্যানন্দ প্রভু সহাস্ত বদনে শ্রীগোরাঙ্গের সিংহাদন পার্শ্বে দাঁড়াইয়া তাঁহার মন্তকে ছত্র ধরিলেন। পণ্ডিত গদাধর সময় বুঝিয়া তাছুল যোগাইতে লাগিলেন। এমন সময় রামাই পণ্ডিত উপনীত হইলেন। তিনি কোন কথা বলিবার পূর্বেই গৌরাঙ্গ বলিলেন, "নাড়া আমাকে পরীক্ষা করিবার জন্ত তোমাকে তাঁহার আগমন সংবাদ গোপন করিতে বলিয়াছেন। নাড়া সকলি জানিতেছে, তথাপি লোক প্রত্যের জন্ত আমাকে পুনং পুনং পরীক্ষা

করিতেছেন। নাড়া, নন্দন আচার্য্যের গৃহে লুকাইয়া আছেন, তোমরা এথনি তাঁহাকে লইয়া আইস।''

শ্রীমুখের আছা পাইবামাত্র ভক্তগণ অহৈত সমীপে গমন করিয়া সম্দয় রৃত্তান্ত প্রকাশ করিলেন। তথন অহৈত আচার্য্য আর লুকাইবেন কি, নয়ন জলে তাঁহার বক্ষঃস্থল তাসিয়া যাইতে লাগিল। আনন্দে গদ গদ হইয়া মনে মনে বলিতে লাগিলেন, "হে ভক্তবংসল প্রতাে! এই দাসের অপরাধ কমা কর। তােমার প্রভাব আমি সবিশেব অবগত থাকিলেও কেবল লােক প্রতীতি জন্ম তােমাকে পুনঃ পুনঃ পরীক্ষা করিতে বাধিত হইতেছি, আমার এই অপরাধ নিজ ভক্তবাংশলা গুলে কমা করিবে। তােমার অভিন্তা প্রভাব মন্ত্র্য বৃদ্ধির অগম্য হইলেও ভক্তবাঞ্গ পূর্ণ করিবার জন্ম তুমি সত্তই প্রস্তুত আছ, এবং এই কারণেই তােমাকে স্কশান্তে দয়ামর বলিয়া পুনঃ বাক্ত করিয়াছে।"

অধৈত আচাধ্য আর ক্ষণমাত্র বিলম্ব না করিয়া সন্ত্রীক পূজার সজ্জা লইরা গোরাস্ব সন্নিধানে গমন করিলেন। দূর্ হইতে তাঁহাকে দেখিতে পাইবামাত্র উভরে দণ্ডবং হইলেন, অনন্তর স্তব পাঠ করিতে করিতে নিকটব্তী হইয়া কর্যোড়ে সম্প্রে দণ্ডায়মান রহিলেন।

সম্ভ্রীক অধৈতপ্রভু, প্রীগোরাঙ্গকে কি প্রকার ঐশ্বর্য; যুক্ত দেখিয়াছিলেন, তাহা বৃন্দাবন দাস ঠাকুর বর্ণন করিয়াছেন, যথাঃ—

> ''জিনিয়া কন্দর্প কোটি লাবণ্য স্থন্দর। জ্যোতির্ময় কনক স্থন্দর কলেবর॥

প্রদন্ন কোটি চক্তের ঠাকুর। অদৈতের প্রতি ষেন সদয় প্রচুর॥ ছই বাহু কোটি কনকের স্তম্ভ জিনি। তহি দিব্য আভরণ রত্নের থিচনি॥ গ্রীবংস কৌস্তভ মহামণি শোভে বক্ষে। মকর কুণ্ডল বৈজয়ন্তী মালা দেখে ॥ কোট মহাসূৰ্য্য জিনি তেজে নাহি অন্ত। পাদপলে হেম ছত্র ধরয়ে অনন্ত॥ কিবা নথ কিবা মণি না পারি চিনিতে। ত্ৰিভঙ্গে বাজায় বাঁশী হাসিতে হাসিতে। কিবা প্রভু কিবা গণ কিবা অলঙ্কার। জ্যোতির্মায় বহি কিছু নাহি দেখে আর ॥ দেখে পড়িয়াছে চারি পঞ্ছয় মুখ। মহাভয়ে স্তুতি করে নারদাদি ৩ক দ মকর বাহন রথ এক বরাঙ্গনা। দণ্ড পরণামে আছে যেন গঙ্গা সমা॥ তবে দেখে স্তাতি করে সহস্র বদন। চারিদিকে দেখে জ্যোতির্মায় দেবগণ 4 উলটিয়া চাহে নিজ চরণের তলে। সহস্ৰ সহস্ৰ দেব পড়ি কৃষ্ণ বলে॥ যে পূজার সময়ে যে দেব ধ্যান করে। তাই দেখে চারিদিকে চরণের তলে॥ দেখিয়া সম্ভ্রমে দণ্ড পরণাম ছাডি। উঠিলা অদ্বৈত অদ্ভুত দেখি বড়ি॥

দেখে সহস্র ফণাধর মহানাগ গণ।
উর্দ্ধবাহ স্থাতি করে তুলি সব হণ।
অস্ত্রমীক্ষে পরিপূর্ণ দেখে দিব্য রথ।
গজ হংস অখে নিরোধিল বাযুপথ।
কোটি কোটি নাগবণ সজল নয়নে।
কৃষ্ণ বলি স্থাতি করে দেখে বিদ্যমানে।
কিতি অস্তরীক্ষ স্থান নাহি অবকাশে।
দেখে পড়িরাছে মহা ঋষিগণ পাশে।
মহাঠাকুরাল দেখি পাইল সংল্রম।
পতি পত্নী কিছু বলিবারে নাহি ক্ষম।
'

শ্রীচৈ: ভা:—

অইন্বতাচার্য্য পূর্বের রামাই পণ্ডিতের নিকট বাক্ত করিয়াছিলেন যে, "আমাকে ঐর্থ্য না দেখাইলে কেবল কথার ভূলিব
না; এক্ষণে গৌরাঙ্গের অভূত অনস্ত ঐর্থ্য স্বচক্ষে দর্শন করিয়া
তাহার বাক্যক্তি হইল না। গৌরহরি তাঁহাকে বিশিত ভাবে
অবস্থিত দেখিয়া কহিলেন "ওহে আচার্য্য! আমি অন্থমান
করিতেছি যে, তুমি আমার ঐর্থ্য দেখিয়া বিমুগ্ধ হইয়াছ।
যাহাইউক, আমার এই অবতার তোমারই জন্ত জানিবে।
তোমারই বাঞ্গ পূর্ণ করিবার জন্ত আমি অবতীর্ণ হইয়াছি।
তুমি আমার নিমিত্ত অনেক আরাধনা করিয়াছ, এক্ষণে এতাদৃশ
ঐর্থ্যযুক্ত আমাকে দর্শন করিয়া চিত্ত স্থির কর। আমার
চত্যুদ্ধকে যে সমুদ্র পার্শ্বল দেখিতেছ, ইহারা সকলেই তোমার
অতীই সিদ্ধির জন্ত মনুব্যলোকে আগমন করিয়াছেন।"

গৌরাঙ্গের এবংবিধ মধুর বাক্য শ্রবণ করিয়া অহৈত আচার্যোর হৃদয়ে প্রেম-তরঙ্গ উঠিল, তিনি কাঁদিতে কাঁদিতে বলিলেন
'প্রেভা, অন্থ আমার জন্ম কর্ম সমূদয় সফল হইল, অদ্য আমি
অনন্ত কালের জন্ম আপনার অভয়-চরণে বিক্রীত হইলাম।
চারিবেদ যে আপনার সভা মাত্র স্থির করেন, অর্থাৎ আপনি
সদা বিদ্যমান, কিন্তু ইন্দ্রিয়ের অগ্রান্থ বলিয়া নির্দেশ করেন; সেই
আপনাকে আমি অন্থ প্রতাঞ্চ দর্শন করিলাম। আপনি বেদাতীত প্রভু, কেবল মাত্র ভক্তিগম্য। ভক্ত-প্রেমে আরুষ্ট হইয়া
ভাহাদিগকে চরিতার্থ করিবার জন্মই আপনি চিদ্ঘনরূপে আবিভূতি হয়েন; নতুবা বেদাতীত আপনাকে প্রত্যক্ষ করা কাহার ও
সাধ্য নহে।''

তদনস্তর অবৈতাচার্য সন্ত্রীক গোরাস্বরণ পূজা করিতে বিদিনে, প্রথমে স্থবাসিত জলে চরণবুগল ধৌত করিয়া, তুলসীমঞ্জরীর সহিত অর্ব্য প্রদান করিলেন। তৎপরে গন্ধ, পূজা, ধূপ,
দীপ প্রভৃতি বোড়শোপচারে পূজা করিয়া সাইাঙ্গে প্রণাম
করিলেন। যথাঃ—

"নমো ব্রহ্মণ্যদেবায় গোব্রাহ্মণহিতায় চ। জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমোনমঃ॥"

প্রণামান্তে অহৈত আচার্য্য করবোড়ে স্তব করিতে লাগি-লেন, যথা:—

''হে শচীস্থত গৌরস্থলর! তোমার জয় হউক। হে বিখ-স্তর! তুমি জয়যুক্ত হও। হে করুণাসাগর গৌর হরি! হে মহাপ্রতু! হে সর্কাশক্তিমান প্রতো! তোমার জয় হউক। তে গোবিন্দ। হে এবিংদ-কৌস্তভ-বিভূষণ! তোমার জয় হউক। হে অখিলগুরো! হে ননাম্মজ! হে গোপীজন-বল্লভ! তোমার জয় হউক। হে কৃষণ! হে হরে! হে ভক্তিগম্য প্রভো! তুমি জর্যুক্ত হও। হে অনন্ত! একা এবং দেবদেব শঙ্করও তোমার সম্যক্ তত্ত্ব জানেন না, অতএব আমি আরে কি অধিক স্তুতি করিব; তোমার জয় হউক। তুমিই এই বিশ্বের কারণ এবং সর্ক্রিয়ন্তা, অতএব তুমি স্বয়ং না জানাইলে কে ভোমাকে জানিতে সক্ষম হইবে ? প্রভো! তোমার রূপা হইতেই আমরা তোমার কার্য্য জানিতে পারি। তুমি কুপা করিয়া অহল্যার শাপ মোচন করিয়াছিলে বুলিয়া অন্যাপি লোকে তোমার যশ ঘোষণা করিতেছে; অতএব তুমি সর্বাদা জয়বুক্ত হও। হে ভক্তবাঞ্চিল্লতরো! তুমি ভক্ত প্রহলাদকে অভয় দিবার জন্ম নৃসিংহমূর্ত্তি ধারণ করিয়াছিলে; তোমার নিতাকাল জয় হউক। তোমার নামাভাস মাতে অজা-মিল বৈকুঠ ধাম প্রাপ্ত হইয়াছিলেন; তোমার জয় হউক। তুমি আদি বরাহদেব; তোমার জয় হউক। তুমি রক্ষঃকুল নিহস্তাজানকীবল্লভ: তোমার সর্বদাজয় হউক। হে কলি-যুগপাবনাবতার ঐগোরাক। তুমি নিতাকাল জয়যুক্ত হও।" অবৈতাচার্যা এইরূপে গৌরাঙ্গগুণকীর্ত্তন করিতে করিতে বিহ্বল হইয়া-তাঁহার চরণতলে পতিত হইলেন। ভক্তবৎসল প্রভু, ভক্তশিরোমণি-শ্রীঅদৈতের অভিলাষ পূর্ণ করিতে মনন করিয়া তাঁহার মস্তকে অভয়চরণযুগল অর্পণ করিয়া সহাস্ত বদনে বলিলেন, ''ওরে নাড়া! একবার আমার সমুথে নৃত্য কর (मिथि १"

"পাইয়া প্রভুর আজ্ঞা অহৈত গোসাঞি।
নানা ভক্তি যোগে নৃত্য করে সেই ঠাঞি॥
উঠিন কীর্ত্তন ধ্বনি অতি মনোহর।
নাচেন অহৈত গৌরচক্রের গোচর॥
ক্ষণে বা বিশাল নাচে ক্ষণে বা মধুর।
ক্ষণে বা দশনে তৃণ করয়ে প্রচুর॥
ক্ষণে বা দশনে তৃণ করয়ে প্রচুর॥
ক্ষণে ব্যর উঠে ক্ষণে পড়ি গাড়ি যায়।
ক্ষণে ঘন খাস ছাজ়ি ক্ষণে মৃদ্ধে। পায়॥
যে কীর্ত্তন যথন শুনয়ে সেই হয়।
এক ভাবে স্থির নহে আনন্দে নাচয়॥
অবশেষে আসি সবে রহে দাস্তভাবে।
ব্রন্থন না যায় সেই অচিস্ত্যপ্রভাবে॥
ধাইয়া ধাইয়া যায় ঠাকুরের পাশে।
নিত্যানক্ষ দেখিয়া-ক্রকুটি করি হাসে॥"

শ্ৰীচেঃ ভাঃ—

নিতানিক এবং ভক্তগণ, প্রীঅবৈতের মধুর নৃত্য ও মহাভাব দর্শন করিয়া প্রমানক প্রাপ্ত হইলেন। অন্তর গোরাঙ্গ,আপনার গলা হইতে ফ্লের মালা লইয়া অবৈতের গলায় দিয়া
বলিলেন, ''আমার নিকট বর প্রার্থনা কর।" তথন অবৈত
আচার্য্য করবোড়ে কহিলেন, ''প্রভা! আমি তোমার নিকট
কোন বর প্রার্থনা করিনা; আমার স্কাভীষ্ট পূর্ণ হইরাছে।
তোমার বেদাতীত ঐশ্ব্য আমি বধন প্রত্যক্ষ দর্শন করিলাম,
তথন আরে অবশিষ্ট কি আছে যে, তরিমিত্বাসনা করিব।''

গৌরাঙ্গ অহৈতের প্রতি প্রসন্ধ হইয়া বলিলেন, "আমার কথা প্রবণ কর। আমি তোমার অভীষ্ট সিদ্ধির জন্ত মন্ত্র্য লোকে আগমন করিয়াছি। কলির পতিত জীব উদ্ধার করাই তোমার বাদনা; অদ্য আমি এই সত্য করিতেছি যে, ব্রহ্মা এবং শিব নারদাদিও যাহা কথন প্রাপ্ত হয়েন নাই, সেই ছলভি ক্ষণ্ণ প্রমি জীবের দারে দারে ঘাইয়া বিতরণ করিব।"

শ্রীঅবৈত গৌরাঙ্গের এবংপ্রকার করুণাপূর্ণ বাক্য শ্রবণ করিয়া করবোড়ে কহিলেন, "প্রভো! যদি দাসের প্রতি প্রসন্ন হইয়া থাকেন, তাহা হইলে, এই প্রার্থনা করি যে, স্ত্রী, শূদ্র, অধন, মূর্ণ এবং চণ্ডালাদি অতি নীচ ব্যক্তিও যেন তোমার কুপা পাত্র হয়েন। কিন্তু আমার অপর একটি অভিলাষ আছে. তাহাও পূর্ণ করিতে হইবে। যে সকল ব্যক্তি বৈষ্ণবছেনী, যাহারা বিদ্যা এবং জাতি কুল মানে সর্ব্বদা অহন্ধার প্রকাশ করে, তাহারা যেন তোমার অপার করুণা সিন্তুর এক বিন্তু প্রাপ্ত না হয়।"

"এই সৰ বাক্যে সাক্ষী সকল সংসার। মূর্য নীচ প্রতি ক্লপা হইল তাঁহার॥ চণ্ডালাদি নাচয়ে প্রভুর গুণগানে। ভট্টমিশ্র চক্রবর্ত্তী সবে নিলা জানে॥" শ্রীটোঃ ভাঃ—

দশম পরিচ্ছেদ সমাপ্ত।

## একাদশ পরিচ্ছেদ।

নিত্যানল ও অধৈতের মিলনে ভক্তবৃদ্ধ মধ্যে একটি নৃত্ন প্রেমতরঙ্গ উঠিল। নিত্যানল বালক প্রকৃতি এবং সর্বাণা কৌতুক-প্রিয়; অধৈত জ্ঞানবৃদ্ধ এবং রসিক চ্ড়ামণি। উভয়ে সর্বাণাই বাগ্বিতগুল ইইত, ভক্তগণ আনল অন্তরে উহা দর্শন করিতেন।

গৌরাদ, নিত্যানন ও অবৈতকে পাইয়া মহোৎসাহে কীর্ত্তন
আরম্ভ করিলেন। দিবা রাত্তি কিছুই অন্থতব নাই, সকলে
আহরহ: কীর্ত্তনানন্দে বাহজানশৃত্ত হইয়া রহিলেন। এই সময়ে
পুগুরীক বিদ্যানিধি নবদীপে আগমন করিলেন। বিদ্যানিধির
নিবাস চট্টগ্রামে, নবদীপেও তাঁহার বাড়ী ছিল। তাঁহার বাফ্
দৃশ্য মহা বিষয়ীর ভায় হইলেও, অন্তর কৃষ্ণপ্রেমে পূর্ণ ছিল।

বিদ্যানিধির গঙ্গাভক্তি অতুল্য; তিনি পাদম্পর্শ ভরে গঙ্গা স্থান করিতেন না, এবং লোকে স্থানে যাইয়া জলশৌচ, দস্ত ধাবনাদি নানা প্রকার অনাচার করে বলিয়া দিবাভাগে কথন গঙ্গা দর্শনে যাইতেন না। তাঁহার অপের একটি অসামান্ত গঙ্গা মাহাত্ম্য পরিচায়ক ক্রিয়া বর্ণিত আছে যে, দেবার্চনাদির পূর্ব্বে অত্রে গঙ্গাঞ্জল পান করিয়া তৎপরে উক্ত কর্ম্ম সকল করিতেন।

বিদ্যানিধির অলোকিক চরিত্রের কথা মুকুল বেঝার নিকট প্রবণ করিয়া গদাধর পণ্ডিত একদিবস তাঁহাকে দর্শন করিতে গেলেন। বিদ্যানিধিকে মহাবিদাসীর ন্সায় দেখিয়া গদাধরের অন্তরে বৈঞ্বোচিত ভক্তির লাঘব হয়; তদনস্তর বিশেষ পরিচয়ে তাঁহার অসামান্ত প্রেমভক্তি দর্শন করিয়া গদাধর আপনাকে অপরাধী জ্ঞান করেন, এবং কি প্রকারে উক্ত অপরাধের প্রায়শ্চিত্ত করিবেন এই চিন্তা উপস্থিত হওয়ার মহাপ্রভুর সম্মতিক্রমে বিদ্যানিধির নিকট দীক্ষা গ্রহণ করেন।

নিত্যানন্দ প্রভূ অবৈত প্রভূ পুণ্ডরীক বিদ্যানিধি, প্রীবাদ পণ্ডিত, গদাধর পণ্ডিত, হরিদাস ঠাকুর, মুরারি গুপ্ত বেঝা, মুকুল বেঝা, এবং বাস্কদেব দত্ত প্রভৃতি অন্তরঙ্গ ভক্তগণের একত্র মিলন হইলে নবন্ধীপ আনন্দ প্রোতে ভাগিতে লাগিল। গৌরাঙ্গ আপনার অতি প্রিয় পার্ষদ প্রাপ্ত হইয়া যারপরনাই পরিভৃপ্ত হইলেন, এবং জীব-নিতারের প্রকৃত সময় উপস্থিত হইয়াছে দেখিয়া মহোদ্যমে কীর্ত্তন আরম্ভ করিলেন।

শ্রীবাদ পণ্ডিতের ভাগ্যের সীমা ছিল না, নিত্য তাঁহার বাড়ীতেই ভক্তগণের মিলন হইত। নিত্যানন্দ প্রভু শ্রীবাদ ভবনেই অবস্থিতি করিতেন। তাঁহার দর্মদাই বালকের ছার চঞ্চল ভাব, ক্ষণে ক্লে নৃতন নৃতন আব্দার করিতেন, স্বহস্তে ভোজন করিতেন না, এতহাতীত অভ্য শত শত প্রকার আব্দারও ছিল। শ্রীবাদ-পদ্মী মালিনী দেবী এই সমুদ্য আব্দার অবিরক্ত চিত্তে সহ্থ করিয়া নিত্যানন্দকে প্রবং পালন করিতেন।

এক দিবস গোরাক্ষ শ্রীবাসকে বলিলেন, "পণ্ডিত! তুমি একটি বড় গহিত কর্ম করিতেছ। নিত্যানন্দ অজ্ঞাতকুল-শীল অবধৃত সন্ম্যাসী; তাঁহাকে বাটাতে স্থান দেওয়া আমার বিবেচনায় ভাল বলিয়া বোধ হয় না। তুমি যদি আপন জাতি কুল বজায় রাখিতে ইচ্ছা কর, তাহা হইলে উহাঁকে অন্তত্ত্ব যাইতে বল।"

শ্রীবাদ ঈবং হাদিয়া বলিলেন, "প্রভো! আমাকে পরীকা করা তোমার কর্ত্তব্য হয় না। বে ব্যক্তি ভোমাকে একদিনের জন্তপ্ত ভন্ধনা করে, আমি তাহাকে আপন প্রাণ অপেকা প্রিয়তর বলিয়া জ্ঞান করি। নিত্যানক তোমার দিতীয় কলেবর; অতএব তিনি যদি মদিরা পান এবং যবনী সঙ্গ করেন, এমন কি আমার জাতি কুল ধন সকলই নাশ করেন, তাহা হইলেও তাঁহার প্রতি আমার ভাবের কিছুমাত্র ব্যতিক্রম হইতে পারে না, ইহা আপনাকে সত্য বলিলাম, জানিবেন।"

নিত্যানন্দের প্রতি শ্রীবাদের এতাদৃশ প্রীতি সন্দর্শন করিয়া গৌরাঙ্গ প্রমাহলাদিত হইয়া বলিলেন, "পণ্ডিত! অন্য তুমি আমাকে কিনিয়া লইলে। নিত্যানন্দের প্রতি যাহার তিলমাত্র বিশ্বাস আছে, আমি তাহাকে অবিচারে আয়্রদান করিয়া থাকি। আজ তুমি আমারে বেরূপ আনন্দিত করিলে, তাহাতে আমি তোমার নিক্ট চিরকালের জন্ম বিক্রীত হইলাম।"

"প্রভূ বলে কি বলিলি পণ্ডিত শ্রীবাদ।
নিত্যানন্দ প্রতি তোর এতই বিশ্বাদ ?
মোর গোপ্য নিত্যানন্দ জানিলা সে তুমি।
তোমারে সন্থষ্ট হঞা বর দিব আমি॥
যদি লক্ষ্মী ভিক্ষা করে নগরে নগরে।
তথাপি দারিদ্র ভোর নহিবেক ঘরে॥
বিড়াল কুকুর আদি ভোমার বাড়ীর।
সবার আমাতে ভক্তি হইবেক স্থির॥

নিত্যানন্দ সমর্পিল আমি তোমার স্থানে। সর্ব্বমতে সংবরণ করিবা আপনে। গ্রীবাসেরে বর দিয়া প্রভূ গেলা ঘর নিত্যানন্দ ভ্রমে দব নদীরা নগর॥'

গ্রীচৈ: ভা:--

নিত্যানন্দ নবদীপের সর্বত্ত বালকবং ভ্রমণ করিতে লাগিলেন। কোন দিন মুরারি গুপ্তের বাড়ী যাইয়া তাঁহাকে নানা প্রকার বিদ্রেপ করেন, কোন দিন শচী ভবনে যাইয়া তাঁহার নিকট কত প্রকার আব্দার প্রকাশ করেন, এইমত নানা স্থানে নানা ভঙ্গীতে ইচ্ছামুদ্ধপ বিহার করিতে আরম্ভ করিলেন।

একদিবস শচী দেবী স্বপ্ন দেখিলেন, যে গৌরাঙ্গ এবং
নিত্যানন্দ, ছইটি এ৬ বংসরের বালকের ন্যায় হইয়া রুষ্ণ বলরামের মত অপর ছইটি সমবয়স্ক বালকের সহিত খেলা করিতেছেন। গৌরাঙ্গ, জননীর স্বপ্ন বৃত্তান্ত অবগত হইয়া হাসিতে হাসিতে বলিলেন, "মা! আমাদের বাড়ীর নারায়প বড় জাগ্রত ঠাকুর, আমিও অনেক সময় অনেক আন্চর্গ্য ব্যাপার দেখিতে পাই। যাহা হউক, তুমি এক দিন নিত্যানন্দকে নিমন্ত্রণ করিয়া ভোজন করাও "

শচী দেবী এক দিবস নানাবিধ ভোজন সামগ্রী আয়োজন করিয়া গৌরাঙ্গকে বলিলেন, "তুমি নিত্যানদকে ডাকিয়া আন, আজ তিনি এখানে ভিক্লা করিবেন।" গৌরাঙ্গ নিত্যানদের নিকট ধাইয়া বলিলেন, ''অদ্য আমার বাড়ীতে তোমাকে ভিক্ষা করিতে হইবে, আইস। একটি বিষয় তোমাকে সাবধান করিয়া দিতেছি যে, গ্রীবাসের বাড়ীতে বেরপ চপলতা প্রকাশ কর, আমার বাড়ীতে ক্রমপ করিও না।''

নিত্যানল বলিলেন, "রাম! রাম! তোমার বাড়ীতে যাইয়া কি বাতুলতা করিতে পারি ? বিশেষতঃ তোমার যুবতী স্ত্রী বাটাতে রহিয়াছেন। তোমার নিজের অভাব না কি বড় চঞ্চল, তাই ভূমি সকলকেই চাঞ্চল্য প্রকাশ করিতে দেখ। কই! আমাদের ত হঠাং কাহাকেও বাচাল বলিতে সাহস হয় না ?" এইরূপ বাদারুবাদ করিতে করিতে তুইজনে যাইয়া শচীপুহে উপনীত হইলেন। ঈশান তাড়াতাড়ি জল আনিয়া নিত্যানন্দের চরণ ধৌত করিয়া দিলেন, অনস্তর উভয়ে ভোজনে বসিলেন।

"বসিলেন ছই প্রভু করিতে ভৌজন।
কৌশল্যার ঘরে যেন প্রীরাম লক্ষণ॥
এইমত ছই প্রভু কররে ভৌজন।
সেই ভাব সেই প্রেম সেই ছই জন॥
পরিবেশন করে আই মনের সস্তোষে।
ভোগা হইল ভিক্ষা ছই জন হাসে॥
আবার আসিয়া আই ছই জনে দেখে।
বংসর পাঁচের শিশু দেখে পরতেকে॥

প্রিরাগঃ। ''ক্ষণ শুক্রবর্ণদেখে ছই মনোহর। ছইজন চতুর্জুজ ছই দিগধর ॥ শহাচক্র গদাপল্ল প্রীহল মুখল। শ্রীবংস কৌশ্বভ দেখে মকর কুণ্ডল॥ আপনার বধু দেখে পুত্রের হৃদয়ে।
সক্ত দেখিয়া আর দেখিতে না পারে॥
পড়িলা মুচ্ছিতা হঞা পৃথিবীর তলে।
তিতিল বসন সব নয়নের জলে॥
অলময় সর্ব ঘর হইল তখনে।
অপ্র দেখিয়া শচী বাহ্ নাহি জানে॥
আথে ব্যথে মহাপ্রভু আচমন করি।
গারে হাত দিয়া জননীরে তোলে ধরি॥
"

ত্রীচৈঃ ভা:---

গোরাক্ষ এইরপে জননীর নিকট নিজ তত্ত্ব প্রকাশ করিয়া ভক্তগণ সমভিব্যাহারে সংকীর্ত্তন রসে মগ্ন হইলেন। কথন বা চক্রশেশ্বর আচার্যারত্বের বাড়ীতে সংকীর্ত্তন হইতে লাগিল। ভক্তগণের হক্ষার ধ্বনি উচ্চ কীর্ত্তন শব্দে বিদ্বেষীদিগের হৃদরে শেল বিদ্ধ হইতে লাগিল।

এক দিবস প্রাত্তকাল হইতেই সংকীর্ত্তন আরম্ভ ইইল।
এক সম্প্রদারে প্রীবাস পণ্ডিত সর্বাত্তো রহিলেন, এক সম্প্রদারে
মুকুল রহিলেন, এক সম্প্রদারে গোবিল দত্ত রহিলেন, এইরপে
সম্প্রদার বিভাগ ক্রমে সকলে মহানন্দে সংকীর্ত্তন করিতে
লাগিলেন। গৌরাঙ্গ হুলার শক্ষে ত্রিলোক কম্পিত করিরা
সর্বাদলে নাচিতে আরম্ভ করিলেন। ক্রমে কীর্ত্তনানন্দে বিহল
ইইয়া পড়িলে তাঁহার বিচিত্র প্রেমচিক্ সকল দর্শন করিরা
ভক্তগণ মোহ প্রাপ্ত হুইলেন।

গৌরাঙ্গ ক্রন্দন করিতে আরম্ভ করিলে প্রায় এক প্রহর

কাল অবিরামে জন্দন করিতেন; তাঁহার ক্ষাবিচ্ছেদ বিলাপ শ্রবণে কার্চ্চ পর্যান্ত দ্রবীভূত হইরা বাইত। বথন হাসিতে আরম্ভ করিতেন, তথনও এরপ এক প্রহর কাল অনবরত হাস্ত করিতেন; সেই অট্ট হাস্ত ধ্বনি একাও ভেদ করিয়া উথিত হইত। ভক্তগণ কেহই তাঁহার নিকট বাইতে সাহস করিতেন না, কেবল নিত্যানন্দ তাঁহাকে সর্বাদা ধরিয়া থাকিতেন। কিন্তু গোরাঙ্গ বথন ভাবাবিষ্ট হইতেন, তথন সকলে স্ক্রোগ পাইরা চারিদিক হইতে আসিয়া তাঁহার পদ্ধূলি গ্রহণ করিতেন।

অবৈত আচার্য্য গৌরাঙ্গ হইতে সর্বাদা কিছু দ্বে থাকিতেন, কারণ তাঁহাকে নিকটে পাইলেই গৌরাঙ্গ বলপূর্ব্বক তাঁহার পায়ের ধূলা লইতেন। গৌরাঙ্গকে ভাবাবিষ্ট দেখিলে অবৈতের বড়ই আনন্দ হইত, কারণ ঐ সময়ে তিনি গৌরাঙ্গের পাদম্পর্শের স্থান পাইতেন। গৌরাঙ্গ বেমন আবিষ্ট হইতেন, অমনি অবৈত আদিয়া তাঁহার পদধূলি গ্রহণ করিতেন এবং মহানন্দে হকার করতঃ নৃত্য করিতে করিতে বলিতেন 'কেমন চোরা! \* এইবার তোমার ভারি ভুরি সব কোথায় গেল গ'

গৌরাঙ্গ ভক্তবৃদ লইয়া প্রতাহ রাত্রিতে কীর্ত্তন করিতেন, বিদেষিগণের উহা সহু হইত না। প্রীবাস কীর্ত্তন আরম্ভ হইবার পূর্ব্বেই বাড়ীর দার কর করিতেন, স্থতরাং অপর লোক

<sup>\*</sup> ভগবান সহজে প্রেমদান করেন না; অংগ্রে ঐবর্থা প্রদান করেন, তাহাতে বে সাধক না ভূলিয়া কেবল ভগবৎকুপা মাত্র আকাজকা করেন, তিনিই সময়ে পদাশ্রয় প্রাপ্ত হয়েন। প্রেম চুরি করেন বলিয়া অবৈধত, গৌরাক্সকে চোরা বলিতেন।

কেছই বাটার মধ্যে প্রবেশ করিতে পাইত না, বাছিরে থাকিরা তর্জ্জন গর্জন করিত। সারা রাত্রিই কীর্ন্তন হইত বলিরা বিদ্বেষিণণ মনে করিত যে, ইহারা প্রত্যহ কি প্রকারে সারা রাত্রি জাগরণ করে ও অংশন হয়, ইহারা মদ্যপান করিয়া উন্নত্ত হয়, নচেং কখনই নিত্য নিত্য এইরূপ রাত্রি জাগরণ করিয়া চীৎকার করিত না। একজন বলিলেন, "আমি অফুসন্ধান করিয়া জানিতে পারিয়াছি, উহারা রাত্রিতে পঞ্চ কল্লা ও মদ আনিয়! আমাদ করে এবং নানাবিধ অথাদ্য ভোজন করে।" বিদ্বেষিণণ এইমত নানারূপ তর্ক বিতর্ক করিয়া ছার ক্রদ্ধ থাকার বাটার অভ্যন্তরে প্রবেশ করিতে না পাইয়া অগত্যা আপন আপন আলয়ে ফিরিয়া যাইতে বাধ্য হয়।

একাদশ পরিচ্ছেদ সমাপ্ত।

## দ্বাদশ পরিচ্ছেদ।

এক দিবস গৌরাঙ্গ প্রীবাস পণ্ডিতের বাড়ীতে আসিলে ভক্তগণ তাঁহার অভিষেক করিতে মনন করিলেন। প্রভ্র ইঙ্গিত প্রাপ্ত হইয়া ভক্তগণ অভিষেক গীত আরম্ভ করিলেন, কেহ কেহ গঙ্গাজল আনিতে গমন করিলেন। চারিদিকে জয়ধ্বনি হইতে লাগিল, ভক্তবৃন্দ আনন্দে গৌরাঙ্গ শিরে মন্ত্রপূত গঙ্গাজল সিঞ্চন করিতে আরম্ভ করিলেন। একশত অই ঘট জল বারা অভিষেক করিতে হয়, কিন্তু গৌরাঙ্গ মন্তকে যে কত সহত্র ঘট জল প্রারাজ বিশ্বক হহিত তাহার স্থির নাই। সকলেই

আনন্দে বিভোর, গৌরাঙ্গও ভক্তবাঞ্চা পূর্ণ করিতে ইচ্ছা করিয়া শত শত কলম জল মস্তক পাতিয়া লইলেন !

অভিষেকান্তে দিব্য বন্ধ পরিধান করিয়া গৌরাঙ্গ সিংহাসনে উপবেশন করিলে, ভক্তগণ গদ্ধ পূষ্প দীপাদি যোড়শোপচারে তাঁহাকে পূজা করিয়া স্তুতি করিতে লাগিলেন। "হে! জগিরবাস! তোমার জয় হউক। হে সংকীর্ত্তন-পিতঃ! তুমি সর্বাদা জয়য়ুক্ত হও। হে রমানাথ! তোমার জয় হউক। হে পরম দয়াল প্রভো! তোমার নিত্য জয় হউক। হে পতিতের নাথ! তোমার জয় হউক। হে ক্ষীরসমুদ্ত-শায়ী আদিদেব! তুমি জয়য়ুক্ত হও।" এইরপ বিবিধ মঙ্গল বাক্যে স্থতি করিয়া গৌরাঙ্গচরণে চন্দন তুল্দী প্রদান করত সকলে সাষ্টাঙ্গে প্রণাম করিলেন।

এই দিবস মহাপ্রভূ সাত প্রহর কাল ভাবাবিষ্ট থাকিয়া ভক্তবুন্দকে বিবিধ অপূর্ব্ব ঐশব্য দেখাইয়াছিলেন। খোলাবেচা
শ্রীধরকে গৌরাঙ্গ বড় ভাল বাসিতেন, এই সময় তাঁহাকে রূপা
করিতে মনন করিয়া বলিলেন, "তোমরা শ্রীধর ব্রাহ্মণকে
আমার নিকট লইয়া আইস।" আজ্ঞা প্রাপ্ত হইয়া ভক্তগণ
তথনই শ্রীধরের বাড়ী গমন করিয়া তাঁহাকে লইয়া আসিলেন।

শ্রীধরকে দেখিয়া প্রভ্ প্রীতচিত্তে বলিলেন, "এস শ্রীধর এস, তুমি বছজন্ম আমার আরাধনা করিয়াছ, অতএব এইবার তৎসমূদায়ের ফল প্রাপ্ত হও। অদ্য আমি তোমাকে অইসিদ্ধি প্রদান করিব, একবার আমাকে নিরীক্ষণ কর।"

শ্রীধর বাঁহাকে শচীপুত্র বিশ্বস্তর বলিয়া জানিতেন, এক্ষণে দেখিলেন, তিনি সাক্ষাৎ ব্রজেক্স-নন্দন শ্রীকৃষ্ণ। তাঁধার হস্তে

মোহন বংশী শোভা পাইতেছে, মৃত্ মৃত্ হাস্ত করিয়া ত্রিলোক মোহিত করিতেছেন। বলরাম দক্ষিণে বিরাজ করিতেছেন, ব্রদা এবং শঙ্কর সমুথে দাঁড়াইয়া স্তুতি করিতেছেন।

প্রভু বলিলেন, "শ্রীধর! এক্ষণে ইচ্ছানত বর প্রার্থনা কর।
শ্রীধর বহু জন্মকৃত তপস্থার ফলে ভগবদ্দর্শন লাভ করিয়াছেন;
তাঁহার অপর কোন বাদনাই ছিলনা, করবোড়ে কহিলেন,
"ভগবন্! আর আমাকে ছলনা করিওনা। তোমার কুপায়
বধন তোমার দর্শন পাইয়াছি, তথন প্রথা প্রদান করিয়া আর
আমাকে ভূলাইতে চেষ্টা করিওনা। আমি পুন: পুন: এই বর
মাগিতেছি যে, যে ব্রাহ্মণকুমার আমার থোড়, মোচা, কলা, মূলা
প্রভৃতি কাড়িয়া লইতেন, তাঁহারই অভয় চরণে যেন আমি স্থান
প্রাপ্ত ইই।" শ্রীধর আর কিছুই বলিতে পারিলেন না, তাঁহার
ফলয়ে প্রেম্মতরক্ষ উথিত হইয়া চৈত্যা হরণ করিল।

"হাসি বলে বিশ্বস্তর শুনহ প্রীধর।
এক মহারাজ্যে করেঁ। তোমারে ঈশর॥
প্রীধর বলরে মৃঞিত কিছুই না চাঙ।
হেন কর প্রভু যেন তোর নাম গাঙ॥
প্রভু বলে প্রীধর আমার ভূমি দাস।
এতেকে দেখিলে ভূমি আমার প্রকাশ॥
এতেকে তোমার মতিভেদ না হইল।
বেদগোপ্য ভক্তিযোগ ভোরে আমি দিল॥
জয় জয় ধ্বনি হৈল বৈষ্ণব মগুলে।
শ্রীধর পাইল বর শুনিল সকলে॥"

গ্রীচৈ: ভা:--

মহাপ্রভূ প্রীধরকে কুপা করিয়া "নাড়া নাড়া' বলিরা হক্কার করিতে লাগিলেন। অবৈত আচার্য্য সমুধে আসিয়া-বলিলেন, "এই আমি আপনার চিরদাস উপস্থিত আছি, কি আজ্ঞা করিতেছেন বলুন।" গৌরাঙ্গ ঈবং হাস্ত করিয়া বলিলেন, "ভূমি কিছু বর প্রার্থনা কর; অদ্য যে যাহা চাহিবে আমি তাহাকে তাহাই প্রদান করিব।" অবৈত বলিলেন, "আমি যাহা চাহিয়াছিলাম, তাহা পাইয়াছি. অপর কোন প্রকার বাসনা আমার নাই।" তথন প্রভু মুরারি গুপ্থের দিকে চাহিয়া বলিলেন, "ওহে মুরারি! ভূমি আমাকে একবার নিরীক্ষণ কর।"

ম্রারি দেখিলেন, ভগবান নবদ্র্বাদল খামরূপে বিরাজিত; উাহার বামে ত্রিভ্বনমোহিনী সীতা দেবী, এবং দক্ষিণে লক্ষণ অপুর্ব শোভা ধারণ করিয়াছিল। চৈত্তের ফাঁদে পড়িয়া মুরারি এইবার আপন চৈত্ত হারাইলেন।

> ''ডাকিবলে বিশপ্তর আরেরে বানরা। পাসরিলি তোরে পোড়াইলি সীতাচোরা। তুমি তার পুরি পুড়ি কৈলে বংশ ক্ষয়। সেই প্রভু আমি তোরে দিল পরিচয় ॥'' শ্রীচৈঃ ভাঃ—

মুরারি গুপ্ত দাক্ষাৎ হল্পমানের অবতার; এক্ষণে আপনার প্রভু রামচক্রকে জনকনন্দিনীর সহিত বিরাজিত দেখিয়া তাঁহার আনন্দের সীমা রহিল না। মুরারি ইচ্ছা করিলেন, কিছু বলিবেন, কিছু তাঁহার বাক্যফুর্তি হইল না, কেবল উচ্চরবে কাঁদিতে লাগিলেন। মুরারির ক্রন্দন প্রবণ করিয়া সকলেই কাঁদিতে লাগিলেন, তাঁহার কর্জণ বিলাপে শুক্ত কাঠ এবং পাষাণ দ্রবীভূত হইয়া গেল। বহুক্ষণ বিলাপ করিয়া মুরারি করবোড়ে কহিলেন,

"প্রতা! আমি তোমার ক্রীত দাস; যেখানে সেখানে আমার জন্ম হউক না কেন, আমাকে এই আশীর্কাদ কর, যেন তোমার অভয় চরণযুগল সর্কাদাই আমার অন্তরে জাগরুক থাকে। ভূষি বধন যেখানে অবতীর্ণ হইবে, আমি যেন সেই স্থানেই তোমার দাস্ত প্রাপ্ত হই।"

মহাপ্রভূ শ্রীগোরাক্ষ মুরারিকে ক্লতার্থ করিয়া হরিদাস ঠাক্রের প্রতি লক্ষ্য করিয়া বলিলেন "ওহে হরিদাস! তোমাকে
আর অধিক কি বলিব, আমার দেহ অপেক্ষাপ্ত তুমি আমার
অধিক প্রিয়। পানর যবনগণ যথন তোমাকে বাইশ বাজারে
লইয়া প্রহার করিয়াছিল, তখন আমি স্কুদর্শন চক্র হস্তে যবনকুল ধ্বংস করিতে উদ্যত হইয়াছিলাম; কিন্তু তোমারই প্রার্থনাম আমি উহা করিতে পারি নাই। যবনেরা তোমার প্রাণাত্ত
করিতে চেটা করিলেও তুমি তাহাদিগের জন্ম ক্ষমা প্রার্থনা
করিয়াছিলে। আমি তোমার প্রার্থনায় যবনকুল ধ্বংস করিতে
না পারিয়া অগত্যা তোমাকে আছোদিত করিয়া নিজ অস্পে
সমুদ্র আঘাত সহু করিলাম। সেই সকল চিহ্ন অদ্যাপি আমার
অঙ্গে রহিয়াছে, নিরীক্ষণ কর।"

"প্রভূ মূথে ভনি মহাকরণ বচন।
মূদ্ভিত পড়িলা হরিদাস ততক্ষণ॥
বাহাদ্র গেল ভূমিতলে হরিদাস।
আনন্দে ডুবিল তিলাদ্ধেক নাহি খাস॥
প্রভূ বলে উঠ উঠ মোর হরিদাস।
মনোরথ ভরি দেখ আমার প্রকাশ॥"

এীচৈ: ভা:—

হরিদাস চেতনা প্রাপ্ত হইরা ধূলার গড়াগড়ি দিরা কাঁদিতে লাগিলেন; অনস্তর করবোড়ে কহিলেন, "প্রভো! আমি অন্তি অধ্য, সর্বজাতি-বহিষ্কৃত; তোমার মহিমা ব্রহ্মাদির অবিদিত, আমি আর কি বলিব, এই কুণা কর, যেন জন্মে জন্মে তোমার দাসত্ব প্রাপ্ত হই।"

প্রভূ, হরিদাসকে বর দানে উদ্যত হইরা বলিলেন, 'হরি-দাস! তুমি ভক্তিবোগে আমাকে সর্বাদ হৃদরে বাধিয়া রাধি-য়াছ, তথাপি আমি তোমাকে ''বিনা অপরাধে ভজন করিবার শক্তি দান করিলাম।"

এইরপ বর ভগবান কথন কাহাকেও দেন নাই। অপরাধই ভক্তির বাধক; অপরাধ বর্জন করিয়া ভজন করা প্রায়
কাহারও ভাগ্যে ঘটেনা। ভগবান স্বরূপ ভক্তের অপরাধ ক্ষমা
করেন বলিয়া সর্বানামরণ-কারী ভক্তগণ তাঁহার রূপালাভে
সমর্থ হয়েন, নতুবা বিনা অপরাধে ভজন অভিশন্ন ছরহ
ব্যাপার। গৌরাঙ্গ এই দেবছর্লভ বর হরিদাসকে প্রশান
করিলে, চারিদিকে মঙ্গল ধ্বনির সহিত ছুন্দুভি বাজিয়া উঠিল,
সচরাচর ব্রহ্মাণ্ড আনন্দে নৃত্যু করিতে লাগিল।

হরিদাস ঠাকুরের চরিত্র ভারতবর্ধের প্রায় সকলেই অবগত আছেন। হরিদাস যবনকুলে জন্ম গ্রহণ করিয়াও ভগবৎ কুপা প্রাপ্ত ইইমাছিলেন। ভগবভুক্তের সংখ্যা অগণ্য হইলেও অর্থাৎ অনস্ত বিশ্বমধ্যে অসংখ্য ভক্ত বিদামান থাকিলেও হরিদাস ঠাকুর যে প্রকার কুপা লাভ করিয়াছেন, এইরূপ ভক্তসংখ্যা অতি অল্প। হরিদাসচরিত আলোচনা করিলে ইহা স্পট্ট জানিতে পারা যায় যে, ভগবানের কুপা, জাতি, কুল, কিয়া

বিদ্যাপেক্ষ নহে, মাত্ৰ ঐকাস্তিক ভক্তি দারাই উহার পাত হইয়া থাকে।

"মাং হি পার্থ ব্যপাঞ্জিত্য ষেহপি স্ত্যঃ পাপযোনয়ঃ। ব্রিয়ো বৈশ্যান্তথা শূলা স্তেংপি যান্তি পরাং গতিম্"।

গীতা:--

"কিবা বিপ্র কিবা ন্যাসী শৃদ্র কেনে নয়। যেই কৃষ্ণতত্ত্বেতা সেই গুরু হয়॥"

बीहिः हः-

''ক্বফুনাম নিরস্তর যাহার বদনে। সে বৈষ্ণবশ্রেষ্ঠ ভজ তাহার চরণে।''

ত্রীচেঃ চঃ—

"ন মে ভক্তশ্চতুর্বেদী মন্তক্তঃ শ্বপচঃ প্রিয়ঃ। তস্মৈ দেয়ং ততো গ্রাহুং স চ পূজ্যো যথাছহং॥"

''চণ্ডালের বংশে জন্মি হরিভক্তি হয়। পরমপাবন সেই বেদে দৃঢ় কয়॥ কিবা বিপ্র কিবা শূদ্র যবন বা হয়। সেব্যতম সেই হয় জানিহ নিশ্চয়॥''

প্রীভক্তমালঃ—

"অতএব কি ব্রাহ্মণ চণ্ডাল হুরাচার। শ্রীক্ষণ্ডের স্থানে নাহি জাতির বিচার। যেই ভজে সেই হয় দেবতার শ্রেষ্ঠ। ইহার প্রমাণ পূর্ব্বে কহিল যথেই।"

গ্রীভক্তমাল:--

হরিদাদের প্রতি গৌরাঙ্গের অসীম রূপা দেথিয়া ভক্তগণ অপার প্রেমসমূদ্রে ভাসমান হইলেন।

> ''ছগং ভাসিল চৈতন্ত লীলার পাধারে। যার যত শক্তি তত পাথারে দাঁতারে॥''

''শ্রুয়তাং শ্রুয়তাং নিত্যং গীয়তাং গীয়তাং মুদা। চিস্ত্যতাং চিস্ত্যতাং ভক্তশৈতভাচরিতামূতং।।''

গোরাঙ্গ স্থন্দর হরিদাস ঠাকুরকে বরদান করিয়া অতি
মধুর সন্তাষণে সকলকে বলিলেন, ''অদ্য আমার নিকট যে যাহা
চাহিবে, সে তাহাই পাইবে, তোমরা নিঃসঙ্গোচে আপন আপন
মনোতীষ্ট ব্যক্ত কর।"

প্রভুকে বরদানে উদ্যত দেখিয়া সর্বাগ্রে অবৈত আচার্য্য বলিলেন যে, মূর্ব, নীচ ও দরিদ্রের প্রতি তুমি নিত্য প্রসন্ন গাক, ইহাই আমার প্রার্থনা।" একজন বলিলেন, "আমার পিতা আমাকে তোমার নিকট আসিতে দেন না, অতএব তোমার প্রতি তাঁহার ভক্তি হয়, ইহাই আমার প্রার্থনা।" এই মত কেহ আপনার স্ত্রীর জন্ম, কেহ পুত্রের জন্ম, কেহ শিষ্যের জন্ম, আপন আপন ইচ্ছামত বর চাহিলেন। গৌরাঙ্গ সহান্ত বদনে সকলেরই মনোমত বর দান করিলেন, কেহই বঞ্চিত ইইলেন না।

সকলেই আপন আপন মনোমত বর লইলেন, কেবল মুকুল প্রভুর স্মুথে আদিল না দেখিয়া প্রীবাস পণ্ডিত কর্যোড়ে কহিলেন, "ঠাকুর! মুকুল আপনার প্রীপাদপলে কি অপরাধ করিল যে, তাহাকে কোন কথাই জিঞাদা করিলেন না? আমরা মুকুলের কোন অপরাধই দেখিতে পাই না। বিশেষতঃ—
মুকুলের গীত আপনার অতি প্রিয়; আমরা মুকুলকে প্রাণের
অধিক ভালবাসি।"

গৌরাঙ্গ শ্রীবাদের প্রতি কটাক্ষ করিয়া বলিলেন, "তোমরা মুকুন্দের স্থভাব জান না, দেই জন্ম ঐরপ বলিতেছ। মুকুন্দ যথন যেরপ সঙ্গ করে, তথন দেইরপ ভাব অবলম্বন করিয়া থাকে, এই কারণে ভক্তির নিকট তাহার অপরাধ হইয়াছে। মুকুন্দ যথন ভক্তনম্প্রাদায়ে থাকে তথন ভক্তি শ্রেষ্ঠ বলিয়া স্বীকার করে, আবার যথন অন্থ সম্প্রাদায়ে থাকে, তথন দেইরপ অভিমত প্রকাশ করে। আমি উহার মুখ দর্শন করিতে চাহিনা, তোমরা কেই উহার জন্ম আমাকে কোন কথা বলিও না। যে ব্যক্তি ভক্তির শ্রেষ্ঠতা স্বীকার করে না, সে সর্বাদা আমাকে পীড়ন করিয়া থাকে, স্থতরাং আমি কিরুপে তাহার প্রতি প্রসন্ন হইব পূ"

গোরাঙ্গের অতি নিদারণ বাক্যে মুকুন্দের শরীর শিহরিয়া উঠিল, তিনি দারণ মনস্তাপ পাইয়া কাঁদিতে লাগিলেন। তাঁহাকে কাঁদিতে দেখিয়া প্রভূ অপেক্ষাক্তত কোমল ভাবে বলিলেন, "আরও কোট জন্ম আরাধনা করিলে. তবে মুকুন্দ আমার দর্শন পাইবে।" এই কথা শুনিবামাত্র মুকুন্দের আনন্দের সীমারহিল না, "পাইব পাইব" বলিয়া নৃত্য করিতে আরম্ভ করিলেন।

''মুকুন্দ দেখিয়া প্রভূ হাসে বিশ্বস্তর। আজ্ঞা হৈল মুকুন্দেরে আনহ সম্বর॥ সকল বৈষ্ণব ডাকে আইসহ মুকুন। না জানে মুকুন্দ কিছু পাইয়া আনন্দ। প্রভু বলে মুকুন্দ ঘূচিল অপরাধ। আইস আমারে দেখ ধরত প্রসাদ ॥ প্রভুর আজ্ঞাতে সবে আনিল ধরিয়া। পড়িল মুকুন্দ মহাপুরুষ দেখিয়া॥ প্রভু বলে উঠ উঠ মুকুন্দ আমার। তিলাক্ষেক অপরাধ নাহিক তোমার ॥ সঙ্গদোষ তোমার সকল হৈল ক্ষয়। তোর স্থানে আমার হইল পরাজয়॥ কোট জন্ম পরে হেন বলিলাম আমি। তিলার্দ্ধেকে সব তাহা ঘুচাইলে তুমি ॥ অব্যর্থ আমার বাক্য তুমি সে জানিলা। कृषि व्यामा मर्क्तकाल ऋनत्य वाँक्षिला ॥ আমার গায়ন তুমি থাক আমার সঙ্গে। পবিহাস পাত্র সঙ্গে আমি কৈল বঙ্গে। সত্য যদি তৃমি কোটি অপরাধ কর। সে সকল মিথ্যা তুমি মোর প্রিয় দৃঢ়॥ ভক্তিময় তোমার শরীর মোর দাস। তোমার জিহ্বায় মোর নিরস্তর বাদ।" প্রীচৈ:ভা:।

"ন সাধয়তি মাং যোগো ন সাংখ্যং ধর্ম্ম উদ্ধব। ন স্বাধ্যায়স্তপস্ত্যাগো যথা ভক্তির্মমোর্চ্জিতা ॥" শ্রীমন্তাঃ—

ছাদশ পরিচ্ছেদ সমাপ্ত।

### ত্রয়োদশ পরিচ্ছেদ।

এক দিবস মহাপ্রভু, নিত্যানদ ও হরিদাসকে ডাকিয়া বলিলেন, "আমি তোমাদিগকে আদেশ করিতেছি, তোমরা আজ হইতে নগরে বাহির হইয়া প্রতি ঘরে ঘরে হরি নাম বিতরণ কর। তোমরা অফুক্ষণ রুষ্ণ নাম কীর্ত্তন করিবে এবং যাহাকে দেখিবে, তাহাকেই ঐ মত উপদেশ দিবে। এই কলি মুগে একমাত্র হরিনামকীর্ত্তনই ধর্মা, এবং এই নাম ধর্মা প্রচার করিতে তোমরা আমার সহিত আগমন করিয়াছ। জীব নিস্তার করের তোমাদিগের অবতার, অতএব অবিলম্বে রুষ্ণ নাম প্রচার করিয়া অভীষ্ট সিদ্ধ কর। সকলকে আমার আদেশ জানাইয়া বলিবে যে, রুষ্ণ নাম ভিল্ল তোমাদিগের উদ্ধারের অপর কোন উপায় নাই, সকলে অবিচারে নাম গ্রহণ কর। নিত্য এই প্রকারে নাম প্রচার করিয়া, সকলে অবিচারে নাম গ্রহণ কর। নিত্য এই প্রকারে নাম প্রচার করিয়া, সকলে অবিচারে নাম গ্রহণ কর। নিত্য এই

নিতানেশ ও হারদাস, প্রভ্র আজা শিরোধার্য করিরা নগরে বাহির হইলেন। তাঁহারা রাজপথে দাঁড়াইয়া বলিতে লাগিলেন, "ওহে নগরবাসিগণ! মহাপ্রভ্ শ্রীগোরাঞ্চের আদেশে তোমরা রুফ্ডনাম লও। রুফ্ডনাম বাতীত কলিজীবের আর কোন গতি নাই। অধম চণ্ডাল যে কেহ, নাম লইবে, দে ব্যক্তি অতি শুকতর অপরাধী হইলেও, গৌর হরি তাঁহাকে রুপা করিবেন; সে ব্যক্তি অনায়াসে বৈকুঠ ও ব্রজ্পাম প্রাপ্ত হইবে, তাহাকে কর্মালোগ করিবার জন্ম আর মহায়ালোকে আসিতে হইবে না।"

'কতে যদ্ধ্যায়তোবিষ্ণুং ত্রেতারাং যদ্ধতো মথৈঃ। দ্বাপরে পরিচর্য্যারাং কলো তদ্ধরিকীর্ত্তনাৎ॥"

শ্ৰীমন্তা:--

"সত্যাদি যুগে ধ্যান এবং যজ্ঞাদি ছারা লোকে যেরূপ ফল লাভ করিত, এই কলিযুগে কেবল নাম কীর্ত্তন ছারা তোমরা অনায়াদে সেই ফল প্রাপ্ত হইবে।"

গোরাঙ্গের আদেশ এবং ভাগবতাদি শান্ত্রেও ঐপ্রকার উপদেশ রহিয়াছে, অতএব তোমরা অন্তান্ত কর্ম পরিতাগ করিয়াকেবল মাত্র নামের শরণ লও। একমাত্র নাম হইতেই তোমাদের সর্বাভীষ্ট পূর্ণ হইবে। উচ্চ করিয়া নাম লইলে ফলাধিকা আছে; জপ অপেক্ষা উচ্চ সংকীর্ত্তন শ্রেষ্ঠ, অতএব তোমরা অহরহং হরিনাম কীর্ত্তন কর, তোমাদের সমুদ্র বাধা বিদ্ন দূর হইয়া বাইবে।"

তথাহি শ্রীনারদীয়ে প্রহলাদবাক্যং। ''ঙ্গপতো হরিনামানি শ্রবণে শতগুণাধিকঃ। আত্মানঞ্চ পুনাত্যুচৈর্জপন্ শ্রোতৃন্ পুনাতি চ॥''

এইরপে নিত্যানন্দ ও হরিদাস প্রতাহ রাজপথে এবং প্রতি
গৃহস্থের বাড়ী বাইয়া নাম প্রচার করিতে আরম্ভ করিলেন।
গৃহস্থের মধ্যে স্থজন কুজন সকল প্রকারই আছেন; বাঁহারা
স্বন্ধন তাঁহারা ছই জন অপরূপ সন্ন্যাসী দেখিয়া আদর পূর্বক
ভিক্ষা দিতে চাহেন, কিন্তু তাঁহারা ভিক্ষা না লইয়া কেবল বলেন,
"তোমরা সর্বাদা রুফ নাম লহ, এই আমাদিগের ভিক্ষা, আমরা
অপর কিছুই চাহি না।" বাহারা কুজন তাহারা বলে, "এই

ছুই বেটা নিশ্চয় চোর; বেটাদের দেহকান্তি দেখ দেখি ? বেটারা চোর না হুইলে ভিক্কুকের অমন অঙ্গকান্তি হুইবে কেন ?'' নিত্যানন্দ ও হরিদাস চজনে ঐ সকল কথা শুনিয়া হাদেন আর আনন্দে নাম কীর্ত্তন করেন।

এক দিবদ নিতানন্দ ও হরিদাদ নাম কীর্ত্তন করিয়া বেড়াই-তেছেন, দেখিলেন ছইজন মাতাল পথে গড়াগড়ি দিতেছে এবং পরস্পর পরস্পরকে ছর্জাকা বলিয়া গালি দিতেছে। তাহা-দিগের ছই জনকে দেখিয়া নিতানন্দ নিকটবর্ত্তী লোক সকলকে উহাদিগের পরিচয় জিজ্ঞানা করিলেন। সকলে বলিলেন, "উহারা ছই সহোদর, উহাদিগের নাম জগাই ও মাধাই। উহাদিগের অতি শ্রেষ্ঠ রাহ্মণ বংশে জয়, কিছু উহারা কুনধর্ম পরিচয়াগ করিয়া সর্জান মন্সান ও গোমাংস ভঙ্গণ করে। উহারা অর্থের হারা কাজিকে বশ করিয়াছে, তজ্জনা কাহাকেও গ্রাহ্থ করে না। এমন পাপকর্ম নাই, যাহা উহারা করে নাই। উহাদিগের ভ্রেম ক্রেলোক সদা শক্ষিত। উহাদিগকে নদীয়ার রাজা বলিলেও অ্টুটিক হয় না।"

জগাই মাধাইরের বিবরণ অবগত হইয়া নিত্যানন্দের কুপার সঞ্চার হইল। তথন তিনি হরিদাসকে বলিলেন, "হরিদাস! যবনেরা তোমাকে প্রাণাস্ত করিবার উদ্যয় করিলেও তুমি তাহাদিগের মঙ্গল কামনা করিয়াছিলে; এক্ষণে দেথ! ঐ ছই বাহ্মণকুমার কুপথগামী হইয়া কিরূপ কট পাইতেছে। অনস্ত কাল নরক ভোগ করিলেও উহাদিগের পাপের স্মুচিত দ্ও হইবে না। আমি বিবেচনা করিতেছি বে, তোমার কুপা ব্যতীত

উহাদিগের আর কোন উপার নাই। প্রভু আমাকে গোপনে বলিয়াছেন যে, হরিদাস যাহা ইচ্ছা করিবে, আমি অবিলম্বে তাহা পূর্ণ করিব। অতএব তুমি যদি এই ছুই ব্যক্তির মঙ্গল কামনা কর, তাহা হইলে ইহারা অনস্ত পাপরাশি হটতে নিস্তি পার।

হরিদাস নিত্যানন্দের প্রভাব বিশেষ রূপে অবগত ছিলেন, সহাস্থ বদনে বলিলেন, 'প্রভা! আমি বুঝিলাম যে, অদ্য মহাপাতকী জগাই মাধাই উদ্ধার পাইল। যথন উহারা তোমার কুপাদৃষ্টিতে পড়িয়াছে, তথন উহাদিগের আর কোন ভয় নাই। ঠাকুর! আমাকে বঞ্চনা করিও না; তুমি গৌরাঙ্গের অভেদ তত্ত, ইহা আমি বিদিত আছি। তোমরা পাতকী উদ্ধার জন্ম অবতীর্ণ হইয়াছ, আমি তোমাাদগের দাসামুদাস মাত্র।'

নিত্যানল হরিদাসকে আলিখন দান কারয়া বলিলেন, "হরিদাস! প্রভুর আজ্ঞা পালন করাই আমাদিগের কার্য্য; চল আমরা যাইয়া ঐ ছই মদ্যাপকে হরিনাম লইতে বলি।" এইয়পে তাঁহাদিগকে জগাই মাধাই সমীপে গমন করিতে দেখিয়া সকলে নিবারণ করিতে লাগিলেন; বলিলেন, "ঐ ছই থাক্তির প্রতাপ আপনারা অবগত নহেন, সেই জ্ফ উহাদিগের নিকটে য়াইতেছেন। উহারা কুদ্ধ হইলে নিশ্চয় আপনাদিগের প্রাণদ্ভ করিবে; অতএব উহাদিগের নিকটে আপনারা যাইবন্না। গো ব্রাহ্মণ হত্যা প্রভৃতি কোন প্রকার জ্ঞ্জিত কার্যাই উহাদিগের অকরণীয় নহে।

নগরবাসী সকলে এইরপে নিবারণ করিলেও, নিত্যানন্দ এবং হরিদাস সহাস্য বদনে কৃষ্ণ স্বরণ করিয়া জ্গাই মাধাই সমীপে গমন করিয়া "ওহে ভাই সকল । তোমরা কৃষ্ণ কৃষ্ণ বল", এইরূপ পুন: পুন: বলিতে লাগিলেন।

জগাই মাধাই স্করাপানে উন্মন্ত ছিল, লোহিতলোচনে নিরী-ক্ষণ করিয়া 'ধর বেটাদের, মার বেটাদের' বলিয়া তাঁহাদিগের প্রতি ধাইয়া জাসিল। আরক্তিম নয়ন, প্রকাণ্ড দেহ, এবং বিশাল-ভুজন্বল বিশিষ্ট সদোন্মত্ত ছই ব্যক্তিকে ক্রোধ ভরে ধাইয়া আসিতে দেখিয়া নিত্যানন্দ ও হরিদাস পলায়নপর হইলেন। তাঁহাদিগকে পলায়নপর দর্শন করিয়া জগাই মাধাই মহাক্রোধে গালিবর্ধণ করিতে করিতে পশ্চাদ্ধাবিত হইল। তথন হরিদাস নিত্যানন্দকে বলিলেন, 'প্রভো! আজ বোধ হয়, মাতাল ছইজনের হাতে প্রাণ হারাইতে হইবে। উহাদিগের শরীরে দয়ার লেশ মাত্র নাই, একবার উহাদিগের হত্তে প্তিত হইলে, কোন মতে জীবন রক্ষা হইবে না।"

নিত্যানল হরিদাদের কথা শুনিয়া হাসিতে হাসিতে বলিলেন, "আজ যদি এই মাতাল ছবেটার হাত হইতে নিষ্কৃতি পাই, তাহা হইলে বুঝিব এখনও অনেক পরমায়ু আছে। এই পাষও ছই বেটার নিকট না যাইলেই ভাল ছিল। প্রভুর আজ্ঞাপালন করিতে আসিয়া আজ আমাদের প্রাণসঙ্কট উপস্থিত হইল।"

হরিদাস বলিলেন, ''প্রভুর কি দোষ? তিনি ত আর আমাদিগকে মাতালের কাছে যাইতে বলেন নাই। সকল দোষ তোমার, তোমার জন্তই আজ প্রাণ হারাইলাম। আমি আর দৌড়িতে পারিতেছি না, এইবার উহারা আমাকে ধরিবে।'' "গুই দক্ষা বলে ভাই কোথারে যাইবা।
জগা মাধার ঠাঞি আজি কি মতে এড়াইবা।
তোমরা না জান এখা জগা মাধা আছে।
থানি রহ উলটিয়া হের দেখ পাছে।
এানে ধার ছই প্রভু বচন শুনিরা।
রক্ষ রক্ষ রক্ষ রক্ষ রেগিবন্দ বলিরা।
হরিদাস বলে আমি না পারি চলিতে।
জানিয়াও আসি আমি চঞ্চল সহিতে।
রাখিলেন রক্ষ কাল যবনের ঠাঞি।
চঞ্চলের বৃদ্ধে আজি পরাণ হারাই।
মিন্ডানন্দ বলে আমি নহি যে চঞ্চল।
মনে ভাবি দেখ তোমার প্রভু যে বিহলল।
বাহ্মণ হইরা যেন রাজ আজা করে।
তান বোলে বৃলি সব প্রতি ঘরে ঘরে।"

উভয়ে এইরপে বাদারুবাদ করিতে করিতে মহা প্রভুর বাটা বাইরা প্রবেশ করিলেন, জগাই মাধাই তাঁহাদিগকে দেখিতে না পাট্রা নিবৃত্ত হইল। অনস্তর কি করিতে কোথায় আসিরাছে, নেশার ঝোকে তাহা ভূলিয়া গিয়া ওই ভাইয়ে কিলোকিলি মারামারি করিতে করিতে চলিয়া গেল।

হরিদাস ও নিত্যানন্দ বর্থন দেখিলেন বে, মাতাল ছইজন আর পথে দাঁড়াইয়া নাই, তথন দীর্ঘ নিঃখাস ত্যাগ করিয়া পরস্পার আলিঙ্গন করিলেন। মহাপ্রভু আপন বাটাভে চতু- র্দিকে ভক্ত বেষ্টিত হইয়া বসিয়া আছেন, এমন সময় নিত্যানন্দ ও হরিদাস উপস্থিত হইয়া জগাই মাধাই বৃত্তাস্ত সমুদ্য নিবে-দন করিলেন।

মহাপ্রভুজগাই মাধাইরের অত্যাচারের কথা প্রবণ করিয়া বলিলেন, "ঐ ছই বেটা যেদিন আমার এখানে আদিবে, দেই দিন উহাদিগকে থণ্ড থণ্ড করিরা ফেলিব।" নিত্যানল বলিলেন, "তুমি তাহাদিগকে থণ্ড থণ্ড কর, আর যাহাই কর, ফলে আমি আর তাহাদিগের নিকটে যাইতেছি না। আজ কোন প্রকারে জীবন রক্ষা করিয়াছি, আমার ঘারা আর নাম প্রচার হইবে না। হরিদাস সাধু যদি একাকী যাইতে ইছা করেন, যাউন যাউন, আমার তাহাতে কোন আপত্তি নাই।"

"নিত্যানন্দ বলে খণ্ড খণ্ড কর তুমি।
সে ছই থাকিতে কোথা না যাইব আমি॥
কিসের বা এত তুমি করহ বড়াই।
আগে সেই ছই জনে গোবিন্দ বলাই॥
স্বভাবেতে ধার্মিকে বলরে ক্লফ্ষ নাম।
এ ছই বিকর্ম্ম বহি নাহি জানে আন॥
এ ছই উদ্ধারো যদি দিয়া ভক্তি দান।
তবে জানি পাতকী-পাবন হেন নাম॥
আমারে তারিয়া যত তোমার মহিমা।
ততোধিক এ ছয়ের উদ্ধারের সীমা॥
হাসি বলে বিশ্বস্তর ইইবে উদ্ধার।
বেই ক্ষণে দরশন পাইল তোমার॥

বিশেষ চিন্তহ তুমি এতেক মঙ্গল। অচিরাতে রুষ্ণ তার করিব কুশল॥"

শ্রীচৈ: ভা:---

মহাপ্রভুর শ্রীমুথের কথা শুনিরা ভক্তগণ জ্যধ্বনি দিয়া উঠিলেন, সকলেই বুঝিলেন যে, জগাই মাধাই এইবার উদ্ধার পাইল। হরিদাস অদ্বৈত প্রভুর নিকটে যাইয়া বলিতে লাগি-লেন, 'ঠাকুর। অদ্য ভয়ানক বিপদে পভিয়াছিলাম। মহাপ্রভ আমাকে নিত্যাননের সঙ্গে থাকিয়া নাম প্রচার করিতে বলায় আমার যে কি বিপদ হইয়াছে, তাহা আপ-নাকে আর কি জানাইব, আপনি সকলি বুঝিতে পারিতে-ছেন। নিত্যানন চঞ্চলের শিরোমণি, আমি যদি উত্তর দিকে যাইব, নিত্যানন্দ দক্ষিণ দিকে অগ্রসর হন। পথে লোকের সহিত অনর্থক ঝগড়া করেন, আমি সকলের পায়ে হাতে ধরিয়া কোন মতে বিবাদ মিটাইয়া দিই। গঙ্গায় কুন্তীর ভাসিয়াছে দেখিলে, অমনি ঝাপ দিয়া জলে পড়িয়া কুন্তীর ধরিতে যান, সর্বলোক হায় হায় করে, আমমি কুলে দাঁড়াইয়া গোবিন্দ স্মরণ করি। গোয়ালারা দধি ছগ্ধ লইয়া যাইতেছে দেখিলে, তাহা-দের নিকট হইতে ঐ সকল দ্রব্য কাড়িয়া থায়েন, তাহারা উচাকে ধরিতে না পারিয়া আমাকে মারিতে আইসে। পথে বালিকাদিগকে দেখিতে পাইলে বলেন 'আমাকে বিয়ে করবি।' কথন বা ষাঁড দেখিতে পাইয়া তাহার প্রচে আরোহণ করিয়া বলেন "দেথ, 'আমি মহাদেব হইয়াছি'। এইরূপ চঞ্চল প্রকৃতি লোকের সঙ্গে আমাকে দেওয়া, মহাপ্রভুর কোন মতে ভাল হয় নাই। আজ পথে চুইটা মাতাল পড়িয়া আছে দেখিয়া যেমন তাহা-

দিগকে হরিনাম করিতে বলিলেন, অমনি তাহারা আমাদিগকে তজ্জন গর্জন করিয়া মারিতে আসিল। আজ প্রাণ বাইতে যাইতে ক্লঞ্চ ক্লপায় রহিয়া গিয়াছে, কিন্তু দিতীয় দিন তাহা-দিগের হাতে পড়িলে আর প্রাণ রক্ষা হইবে না"।

"হাসিয়া অহৈত বলে কোন চিত্র নয়।
মন্যপের উচিত মন্যপ সঙ্গ হয়।
তিন মাতোয়াল সঙ্গ একত উচিত।
নৈষ্ঠিক হইয়া কেনে তুমি তার ভিত॥
নিত্যানন্দ করিবে সকলে মাতোয়াল।
উহান চরিত্র মুক্তি জানি ভালে ভাল॥
এই দেখ তুমি দিন ইই তিন ব্যাজে।
সেই ছই মন্যপ আনিবে গোষ্ঠী মাঝে॥"

ঐচিঃ ভা:--

নবদীপে গঙ্গার একটা ঘাটে জগাই মাধাইদ্বের আড্ডা ছিল। এক দিবস সন্ধার পর নিত্যানন্দ নাম প্রচার করিয়া ঐ ঘাটের নিকট দিয়া আসিতেছেন, এমন সময় উহারা তাঁহাকে দেখিতে পাইয়া জিজ্ঞাসা করিল, 'কে ষায় রে ?' নিত্যানন্দ বলিলেন ''আমি অবধৃত।'' অবধৃতের নাম গুনিবামাত্র মাধাই মহাজ্রোধে আসিয়া একটা কলসীর কানা দারা নিত্যানন্দের মস্তকে প্রহার করিল। ভাঙ্গা কলসীর কানা লাগিবামাত্র মস্তকে প্রহার করিল। ভাঙ্গা কলসীর কানা লাগিবামাত্র মস্তক হইতে রক্তের ধারা ছুটিল। নিত্যানন্দ মস্তক ধরিয়া বিসয়া পড়িলেন, কিন্তু তাহাতেও মাধাই নিয়ভ না হইয়া প্নরায় মারিতে যাইলে জগাই হাতে ধরিয়া নিবারণ করিল।

"দর্মা হৈল জগাইর রক্ত দেখি মাথে।
আর বার মারিতে ধরিল তার হাতে।
কেন হেন করিলে নির্দ্ধ তুমি দড়।
দেশাস্তরী মারিয়া কি হৈলে তুমি বড়॥
এড় এড় অবধোত না মারিহ আর।
সন্মানী মারিয়া কোন ভালাই তোমার ।
আথে ব্যথে লোক গিয়া প্রভুৱে কহিলা।
সাম্পোপাঙ্গে ততক্ষণে ঠাকুর আইলা॥"

ত্রীচৈ: ভা:--

মহাপ্রভ্ আসিয়া দেখিলেন, নিত্যানদের মন্তক হইতে রক্রের ধারা পড়িতেছে, তিনি জগাই মাধাইয়ের মধ্যে থাকিয়া হাস্ত করিতেছেন। তাঁহার মন্তকে রক্তধারা দর্শন করিয়া প্রভ্ জগাই মাধাইয়ের কার্য্য বৃঝিলেন, অনস্কর ক্রোধে প্রজ্ঞাত হইয়া তাহাদিগের সংহার মানদে স্থদর্শন চক্র শ্বরণ করিলেন। ভগবানের আহ্বানে স্থদর্শন দিব্য জ্যোতিতে জগও উদ্ভাসিত করিয়া উপস্থিত হইল। জগাই মাধাই এবং ভক্তর্ম স্থদর্শনকে প্রত্যক্ষ দর্শন করিয়া হস্তিত হইয়া রহিল। অনস্তর নিত্যানন্দ, মহাপ্রভ্কে সংঘাধন করিয়া বলিলেন, ''জগাই মাধাই এই ছই ব্যক্তির মধ্যে মাধাই আমার প্রাণান্ত করিবার উদ্যম করিলে, জগাই উহার হস্ত হইতে রক্ষা করিয়াছে। যাহাইউক ,আমার মন্তকে আঘাত লাগিয়াছে, তর্লমিত্ত আমার কিছুমাত্র বিবাদ নাই, আপনি আমাকে এই ছই ভ্রাতার জীবন ভিন্দা দিউন।

জগাই নিত্যানদকে রক্ষা করিয়াছে, শ্রবণ করিয়া প্রভ্ তাহার প্রতি প্রদান হইলেন, এবং তাহাকে আলিঙ্গন দানে কৃতার্থ করিয়া কহিলেন, ''তুমি নিত্যানদকে রক্ষা করিয়া আমার কৃপার পাত্র হইয়াছ; আমি তোমাকে বর দিতেছি, তোমার কৃষ্ণভক্তি হউক।'' ভক্তগণ জগাইয়ের প্রতি প্রভ্র আসামান্ত কৃপা দর্শন করিয়া হরিধ্বনি করিতে লাগিলেন; জগাই প্রেমে বিহ্বল হইয়া প্রভুর অভয় চরণয়ুগলে পতিত হইল।

"প্রভূবলে জগাই উঠিয়া দেখ মোরে।
সত্য আমি প্রেমভক্তি দান দিল তোরে॥
চতুর্জ শব্দ চক্ত গদাপদ্ম ধর।
জগাই দেখিল সেই প্রভূ বিশ্বস্তর ॥
দেখিয়া মূর্চ্ছিত হয়ে পড়িল জগাই।
বক্ষে শ্রীচরণ দিল গৌরাস্ব গোসাঞি॥
পাইয়া চরণ ধন লক্ষীর জীবন।
ধরিল জগাই সেই অমূল্য রতন॥''

শ্ৰীচৈঃ ভাঃ—

জগাইরের প্রতি প্রভুর করণা দেখিয়া মাধাই আর থাকিতে পারিল না, তাঁহার চরণ প্রাস্তে পতিত হইয়া বলিতে লাগিল "প্রতো! আমার প্রতি প্রসন্ম হও। আমারা ছই ভাই এক সঙ্গে সমৃদয় পাপ কায়্য করিয়াছি; কিন্তু তুমি জগাইকে রূপা করিয়া কেবল আমাকে কিজ্প বঞ্চিত করিতেছ ? তুমি উদ্ধার না করিলে আমার কি উপায় হইবে ?''

মাধাইয়ের এই প্রকার উক্তিতে প্রভু ক্রপাপরবশ হইয়া বলিলেন, 'ভূমি নিত্যানন্দের শ্রীঅঙ্গে আঘাত করিয়াছ, অতএব আমা হইতে তোমার উদ্ধার হইবে না; তুমি নিত্যানন্দের শরণ লও, তিনি পরম দয়াল, তোমাকে অবশ্বই ক্ষমা করিবেন।"

> ''পাইয়া প্রভুর আজ্ঞা মাধাই তথন। ধরিল অমলা ধন নিতাই চরণ ॥ যে চরণ ধরিলে না যাই কভু নাশ। বেবতী জানেন সেই চবন প্রকাশ। বিশ্বস্তর বলে শুন নিত্যানন্দ রায়। পড়িল চরণে কুপা করিতে যুয়ায়॥ তোমার অঙ্গেতে যেন কৈল বক্তপাত। তুমি সে ক্ষমিতে পার পড়িল তোমাত॥ নিত্যানন্দ বলে প্রভু কি বলিব মুক্তি। বুক্ষবারে রূপা কর সেহ শক্তি তুঞি॥ কোন জন্মে থাকে যদি আমার স্কৃত। সবদিল মাধাইরে গুনহ নিশ্চিত ॥ মোর যত অপরাধ কিছু দায় নাই। মায়া ছাডি রূপা কর তোমার মাধাই॥ বিশ্বস্তুর বলে যদি ক্ষমিলা সকল। মাধাইরে কোল দেহ হউক সফল। প্রভুর আজ্ঞায় কৈল দচ আলিঙ্গন। মাধাইর হইল সব বন্ধন মোচন ॥ মাধাইর দেহে নিত্যানন্দ প্রবেশিলা। সর্বাক সমন্ত্রিত মাধাই হইলা। হেন মতে ছজনেতে পাইল মোচন। হুই জনে স্তুতি করে হয়ের চরণ 🛮 " ঐীচৈ: ভা:--

তদনস্তর মহাপ্রভু জগাই মাধাইকে বলিলেন, "তোমাদিগের ছই জনের মহাপাতক গ্রহণ করিয়া আমার দর্ব্ধ অঙ্গ বিবর্ণ হইয়াছে দেখ ? তোমরা আর কথনও পাপ কর্ম করিয়া গোরাঙ্গ দকলকে বলিলেন, "তোমরা একণে এই ছই ভক্তের সহিত একত্র হরিনাম সংকীর্ত্তন কর, যাহা শ্রবণ করিয়া আমার দেহ হইতে সমূদ্য কল্ম নাশ প্রাপ্ত হইবে।" ভক্তগণ প্রভুর আদেশ প্রাপ্ত হইয়া জগাই মাধাইকে লইয়া মহানন্দে সংকীর্ত্তন আরম্ভ করিলেন।

অতি পাষপ্ত মহাপাতকী জগাই মাধাই হরিপরায়ণ হইলে
নবদীপবাসী কৃষ্ণবিশ্বগণের চমক হ<sup>‡</sup>ল; কিন্তু স্বভাব দোষ
কোথায় যাইবে, উচ্চ সংকীর্ত্তন শ্রবণ করিলেই বৈফ্লবগণের
প্রতি তাহাদিগের কোধ জন্মিত।

জগাই মাধাই পূর্ববং গঙ্গার বাটে বাস করিতে লাগিলেন, কিন্তু তাঁহাদিগের জীবনের স্রোত সম্পূর্ণরূপে পরিবর্ত্তিত হইরা গেল। নিতা পাতংকালে গঙ্গা স্নান করিয়া হুই লক্ষ হরিনাম জপ করা, তাঁহাদিগের উভয়ের ব্রত্ত্বরূপ ইইল। তাঁহারা প্রত্যাহ হুই লক্ষ নাম জপ করিতেন এবং পূর্বে অপরাধ সম্দর্ম স্বন্ধ করিয়া কৃষ্ণ বলিয়া রোদন করিয়েন। মহাপ্রভূ স্বয়ং আসিয়া তাঁহাদিগকে সাস্থনা করিয়া বলিতেন, "কৃষ্ণ তোমাদিগের সম্দর্ম অপরাধ ক্ষমা করিয়াছেন, অতঃপর তোমরা তাঁহার স্থাপান করিয়া বেড়াও, তোমাদিগের হুঃখ দ্র হুউক।"

জগাই মাধাই পরম দয়াল জীগৌরাঙ্গের অসামান্ত রূপাগুলে

আকৃষ্ট হইয়া অহর্নিশ তাঁহার গুণগান করিয়া জীবন অতিবাহিত করিতে লাগিলেন। পতিতের নাথ গৌরছরিও পরম পামর জগাই মাধাইকে অভয় দান করিয়া জগতে অনম্ব কীর্ত্তি স্থাপন পূর্বাক ভক্তগণের সহিত কীর্ত্তনানন্দে মনোনিবেশ করিলেন।

ত্রোদশ অধ্যায় সমাপ্ত।

# চতুর্দ্দশ পরিচ্ছেদ।

এক দিবস প্রভ্ বৃদ্ধিমস্ত থানকে বলিলেন, ''আমি অছ প্রকৃতিবেশে নৃত্য করিব, অতএব তদমুরূপ আয়োজন কর। গদাধর রুক্মিণী হইবেন, নিতাানন্দ বড়াই হইবেন, হরিদাস কোতোয়াল হইবেন, শ্রীবাস নারদ হইবেন; অভাভ্য সকলকেও আমার অভিমত বেশ ধারণ করিতে হইবে। বিনি জিতেন্দ্রির তিনিই এই অভিনয় দেখিতে পাইবেন, তন্যুতীত কেহই গৃহ মধ্যে প্রবেশ করিতে পাইবেন না।''

প্রভু লক্ষ্মী রূপে নৃত্য করিবেন, শ্রবণ করিয়া বৈষ্ণবগণ যার পর নাই আফলাদিত হইলেন, কিন্তু তাঁহার নিষেধ বাক্য শুনিলা সকলেই বিমর্থ হইয়া রহিলেন। অদৈত আচার্য্য এবং প্রীবাদ পণ্ডিত বলিলেন, "প্রভু যেরূপ নিয়ম করিয়াছেন তাহাতে অন্তকার অভিনয় দেখিতে আমাদিগের অধিকার নাই।" তাঁহাদিগের উক্তি শ্রবণ করিয়া প্রভু স্মিত বদনে বলিলেন, "তোমরা ছন্তনে না থাইলে আমি কাহাকে লইরা নৃত্য করিব ? তোমাদিগের কোন চিস্তা নাই, অদ্য ভক্ত বৃদ্দ সকলেই আমার ইচ্ছার মহাবোগেশ্বর হইবেন।" এই অভর বাক্যে সকলেই আনন্দিত হইরা গৌরাঙ্গের সহিত চক্ত্রশেশ্বর আচার্য্যের বাড়ী গমন করিলেন।

বৈশুবপত্নীগণ গৌরাঙ্গের প্রকৃতি বেশে নৃত্যু সংবাদ অবগত হইয়া সকলেই আগ্রহের সহিত শচীদেবী এবং দেবী বিষ্ণু-প্রিয়াকে অগ্রে করিয়া আচার্য্যরত্নের বাটাতে উপস্থিত হইলেন।

আচার্যারত্ব মনোমত করিয়া বাড়ী সাজাইরাছেন; গৌরাঞ্চ ভক্তগণ সমভিব্যাহারে তথায় উপনীত হইরা বাঁহাকে বেরূপ অভিনয় করিতে হইবে, তদ্তুরূপ স্কল্ঞা করিতে আদেশ করিলেন।

অবৈত আচার্য্য গোরাঙ্গের নিকটবর্ত্তী হইয়া বলিলেন, "আমাকে কি করিতে হইবে, তাহা বলুন ? অদ্যকার অভিনরে আমি নিজ অংশ ছাড়িব না।" গোরাঙ্গ সহাশু বদনে বলিলেন, ''আমার মূল অভিনয় বথন তোমার জন্য, তথন তুমিই সর্ব্ব অভিনমের কর্ত্তা; তোমার ইছে। মত অভিনয় কর।''

গৌরাঙ্গের অমৃতিসিঞ্চিত কথার পরিতৃপ্ত হইয়া অবৈত্ বলিলেন, ''আমি তবে বিদ্যক সাজিব।''

বাফ নাহি অবৈতের কি করিব কাচ।
ক্রকুটি করিয়া বলে শান্তিপুর নাথ।
সর্বভাবে নাচে মহাবিদ্যক প্রায়।
আনন্দদাগর মাঝে ভাসিয়া বেড়ায়।

স্কাত্রে মুকুল অভিনয় ক্লেত্রে আগমন করিয়া মধুর কঠে কৃষ্ণগুণ গান করিতে লাগিলেন। মঙ্গলাচরণ সমাপ্ত হইলে, হরিদাস কোতোয়াল বেশে উপস্থিত হইলেন।

হরিদাস কোতোয়াল। (গোঁকে চাড়া দিয়া) ওহে সভাসদ্গণ!
তোমরা সাবধান হও, অদ্য ত্রিজগৎ-নাথ প্রীগোরাঙ্গ
লক্ষ্মী বেশে নৃত্য করিবেন। রুথা করনা পরিত্যাগ
করিয়া সকলে স্থির হইয়াথাক। (বৃষ্টি হত্তে চতুদিকে
ভ্রমণ)।

সভাসদ্। তুমি কে, এবং কিজন্য এখানে আগমন করিরাছ?
হরিদাস কোতোয়াল। আমি বৈকুঠের কোটাল, ভগবানকে
জাগরিত করা আমার একটি কার্যা। ভগবান বৈকুঠ
হইতে এই স্থানে আগমন করিয়াছেন; আদা তিনি লক্ষ্যী
বেশে নৃত্য করিবেন, সেই জন্য আমি তোমাদিগকে সতর্ক
করিতে আসিয়াছি।

#### নারদ-বেশে শ্রীবাদের আগমন।

- অহৈত বিদ্বক। (নারদরশী শ্রীবাসকে লক্ষ্য করিয়া) আপনার মনোহর দিব্য মূর্ত্তি দেখিয়া আমরা মোহিত হইতেছি, রূপা করিয়া আপনার পরিচয় দানে আমাদিগের উৎকণ্ঠা দূর করুন।
- নারদ। আমার নাম নারদ, আমি ক্রফের গায়ন। আমি যদৃচ্ছা
  সর্ব্বত ভ্রমণ করিয়া থাকি। বৈকুঠে যাইয়া গুনিলাম
  ভগবান সপরিবারে নবদীপে আগমন করিয়াছেন, সেই
  জন্য তাঁহাকে দর্শন করিতে আসিলাম।

কক্ষান্তরে গৌরাঙ্গ ক্ষন্মিণীভাবে বিভোর হইয়া দ্বারকায় প্রীকৃষ্ণ সমীপে লোক প্রেরণ জন্ম পত্র লিথিতেছেন।

> "শ্ৰুষা গুণান্ ভুবনস্থলর শৃণুতাং তে নির্বিশ্য কর্ণবিবরৈহ্রতোহঙ্গতাপন্। রূপং দৃশাং দৃশিমতামথিলার্থলাভুম্ দ্বযাচ্যতাবিশতি চিত্তমপত্রপম্॥"

হে ভ্ৰন হনর ! তোমার গুণ সমূহ প্রবণ করিলে শোভ গণের সকল অল তাপ বিদ্রিত হয়। চকু হারা তোমার অপরপ রূপ দশন করিলে সর্কানিধি লাভ হইয়া থাকে। হে অচ্যত ! তোমার যশের কথা প্রবণ করিয়া আমার চিন্ত নিল জ হইয়া তোমাকে পাইতে বাসনা করিতেছে।

প্রথম প্রহরের লীলা সমাপ্ত।

#### দ্বিতীয় প্রহর লীলা।

গোপিকা বেশে গদাধর, স্থপ্রতা নামে স্থী, এবং বড়াই বেশে এক্ষানন্দের আগমন। কোতোয়াল। তোমরা কোথায় যাইতেছ ? বড়াই। আমরা মথুরার যাইতেছি। নারদ। তোমার সহিত এই ছুইটি কাহার বনিতা ? বড়াই। জীলোকের পরিচয়ে আপনার প্রয়োজন কি ? নারদ। পরিচয় জিঞ্জাসা করায় ক্ষতি কি ?

বডাই। ক্ষতি আছে বইকি।

नात्रम। এका छेरे शतिहम मित्र ना कि ?

বড়াই। (মাথা নাড়িয়া) না।

সভাদদ্। আজ কোথায় থাকা হইবে ?

বড়াই। কেন! তোমার বাড়ীতে স্থান হইবে না কি?

বিদ্যক। পরনারী মাতৃসম জ্ঞান করিতে হয়। স্ত্রীলোকের
পরিচয় জিজ্ঞাদা করিয়া লজ্ঞা দেওয়া ভাল নহে।
(গোপিকা প্রতি চাহিয়া) আমি একট কথা বলি;
আমার প্রভুবড় নৃত্যুণীত ভাল বাদেন, অতএব আজ্ব এই স্থানেই তোমরা নৃত্যাণি কর। যদি সভ্তু করিতে পার তাহা হইলে যথেই অর্থ পাইবে।

(গোপিকা বেশে গদাধরের নৃত্য।)

গদাধরের নৃত্য দর্শন এবং স্থমধ্ব গীত শ্রবণ করিয়া দর্শক বুল্ল বিমোহিত হইলো। গদাধর ক্ষণ্ডণ গান করিতে করিতে স্থাং বিহ্নল হইয়া জ্রন্দন করিতে লাগিলেন; দর্শক বুল্ল তাঁহার বিচিত্র ভাব দর্শন করিয়া কেহই অঞ্চ সংবরণ করিতে পারি-লেন না।

তদনস্তর গৌরাঙ্গ আদ্যাশক্তি বেশে বড়াই বেশধারী নিত্যানদ্দ সমভিব্যাহারে অভিনয় ক্ষেত্রে আগমন করিলেন। বড়াই রপধারী নিত্যানদ্দ প্রেমর্যে ডগমগ হইয়া আগে আগে চলিতেছিলেন, তৎপশ্চাতে মহাপ্রভু ভুবনমোহিনীর বেশে ধীরে পদবিক্ষেপ করিতেছিলেন। তাঁহার অলোকসামান্ত রূপ দর্শন করিয়া সকলেই মোহ প্রাপ্ত ইইলেন। বাঁহারা প্রভুর চির সঞ্চী তাঁহারাও তাঁহাকে চিনিতে পারিলেন না। সকলে বলিতে লাগিলেন, এই দেবী কি সিক্ষুস্তা কমলা ? না জনকনদিনী সীতা ? কিখা মৃষ্টিমতী বুদাবন লক্ষী ? অথবা মহেশ

মোহিনী পার্বতী ? আমরা এই প্রকার অপরূপ রূপ মন্ত্র্য লোকে কথন দুর্শন করি নাই।

মহাযোগেখর ভগবান্ শঙ্কর পার্ক্তী সমীপে থাকিয়াও যে মোহিনীমূর্ত্তি দর্শনে মোহিত হইয়াছিলেন, কেবল মাত্র গৌরাঙ্গের কণা দৃষ্টিতেই ভক্তগণ তাঁহার ঐ ত্রিলোকমোহিনী অপরপ মূর্ত্তি দেখিয়া চিত্ত হৈয়্য সম্পাদনে সমর্থ হইলেন। ভগবানের কপা কটাকে দর্শকরন্দ তাঁহার আদ্যাশক্তি রূপ দর্শন করিয়া মাতৃ-ভাবে বিহবল হইলেন।

''আদ্যাশক্তি বেশে নাচে প্রভু গৌরসিংহ।
ক্ষথে দেখে তার যত চরণের ভৃঙ্গ ॥
কম্প স্বেদ পূলক অঞ্জর অস্ত নাই।
মূর্ত্তিমতী ভক্তি হৈলা চৈতন্ত গোসাঞি॥
নাচেন ঠাকুর ধরি নিত্যানন্দ হাত।
সে কটাক্ষ স্বভাব বলিতে শক্তি কাত॥
সন্মুখে দেউটি ধরে পণ্ডিত শ্রীমান।
চতুদ্দিকে হরিদাস কররে সাবধান॥
হেনই সময়ে নিত্যানন্দ হলধর।
পড়িলা মূচ্ছিত হঞা পৃথিবী উপর॥"
শ্রীটেঃ ভাঃ—

গৌরাঙ্গ প্রেমে মুঝ হইয়া নিত্যানল আর থাকিতে পারি-লেন না, তাঁহার বেদাতীত অনস্ত শক্তির পরিচয় পাইয়ৢ। প্রেমানলে মুচ্ছিত হইলেন। তাঁহার বড়াই বুড়ীর সাজ কোথায় ছিল্ল ভিল্ল হইয়া গেল, স্থবর্ণ পর্বত তুলা দিবা দেহ ধূলায় গড়া-গড়ি যাইতে লাগিল। ভক্তগণ উচ্চৈঃখ্রে কাঁদিতে লাগিলেন; প্রভূ মহালন্ধী রূপে সিংহাসনে উপবেশন করিয়া সকলকে বলি-লেন ''তোমরা আমার স্তব পাঠ কর।''

ভক্তগণ প্রভুর জগদজননী আবেশ ব্ঝিতে পারিয়া বিহিত বিধানে তাঁহাকে স্তুতি করিতে লাগিলেন। সকলে করযোডে কহিলেন, "মাতঃ জগদমে। তুমি আমাদিগের প্রতি প্রসন্ন হও। হে দেবি ! আমরা তোমার সন্তান, তুমি আমাদিগের প্রতি কুপা কটাক্ষ কর। মা। ত্রন্ধা বিষ্ণু এবং শহরও তোমার অপার মাগ্রা সম্যক অবগত নহেন, অতএব আমরা তোমার সন্তান হইয়া কি রূপে তোমার অসীম মহিমা বর্ণন করিতে সমর্থ হইব ? তুমি আমাদিগের প্রতি প্রদন্ন হও। হে আদ্যাশক্তি মহামায়ে ! হে ত্রলা, বিষ্ণু শিবারাধ্যা মহাযোগেশবি ! তুমি আমাদিগের প্রতি প্রদন্ন হও। হে দেবি মহালিলা। হে বৈকুঠেশ্বি! হে বুলাবনধাম লক্ষ্যি হে মহাদেবি চণ্ডিকে! হে জগদ্ধাতি ! হে নারায়ণ-বিমোহিনি ! হে বারাহি ! হে নার-দিংহি। হে দেবি রুক্মিণি। তুমি আমাদিগের প্রতি একবার কুপাকটাক্ষ কর। মা! এই সচরাচর বিশ্ব তোমার মায়ায় মোহিত হইয়া রহিয়াছে, অতএব তোমার দাস আমরা কি রূপে তোমার অনন্ত মহিমার স্তব করিতে সমর্থ হইব ? তুমি রূপা করিয়া আমাদিগকে মায়া মুক্ত কর। জননি! তোমার পাদ-প্রের শীতল ছায়া প্রাপ্ত না হইলে আমাদের উত্তপ্ত হৃদয় কোন প্রকারে শান্তি লাভ করিতে পারিবে না। হে রুঞ্ভক্তি-अनात्रिनि । (इ क्र्य मत्नात्माहिनि । (इ निजानन्यमात्रिनि । হে নিত্যানন্দ্রপিণি! তুনি আমাদিগের প্রতি প্রসন্ন হও।" এইরূপ স্থতিবাক্যে প্রীত হইয়া গৌরস্কর নিজ ভক্ত

গণের প্রতি ত্রিলোকে অবিদিত কুপা প্রকাশ করিতে মনন করিলেন। স্বর্গ মর্ত্তা পাতাল ত্রিভ্বনে কেই কথন যেরূপ ভগবং কুপা প্রাপ্ত হরেন নাই, ব্রহ্মা এবং শিবাদি দেবতাও যাহা কথন অভভব করেন নাই, গৌরাঙ্গ তাঁহার ভক্তগণের প্রতি এবন্ধির চির অবিদিত করুণা প্রকাশ করিলেন। তিনি সকলকে পুত্র ভাব প্রদান করিয়া স্বয়ং মাতৃ মেহে পরিপ্লুত হুইয়া জগজ্জননী রূপে প্রত্যেক ভক্তকে ক্রোড়ে লইয়া অমৃত প্রতি অনপান করাইলেন। ভক্তগণ উচ্চৈংস্বরে ক্রন্দন করিয়া প্রেমানন্দে ধূলায় গড়াগড়ি দিতে আরম্ভ করিলেন।

চৌদিকে দেখিয়া সব বৈষ্ণব রোদন।
অন্থ্যাহ করিলেন শ্রীশটা নন্দন॥
মাতা পুত্রে থেন হয় স্নেহ অন্থরাগ।
এই মত সবারে দিলেন পুত্র ভাব॥
মাতৃভাবে বিশ্বস্তর সবারে ধরিয়া।
ন্তন পান করারেন পরম স্লিগ্ধ হইয়া॥
কমলা পার্ব্বতী দয়া মহা নারায়ণী।
আপনে হইলা প্রভু জগত জননী॥
সত্য করিলেন প্রভু আপনার গীতা।
আমি পিতা পিতামহ আমি ধাতা মাতা॥
আনন্দে বৈষ্ণব সব করে ন্তন পান।
কোটি কোটি জন্ম যারা মহা ভাগ্যবান॥
ন্তন পানে সবার বিরহ গেল দ্র।
প্রেমর্সে সবে মন্ত হইলা প্রতুর॥

মহারাজ রাজেখর প্রভূ বিখস্তর। এই রঙ্গ করিলেন নদীয়া ভিতর ॥'' শ্রীচৈঃ ভাঃ—
চতুর্দশ পরিচ্ছেদ সমাপ্ত।

## পঞ্চশ পরিচ্ছেদ।

গৌরাঙ্গ ভক্তগণ লইয়া কীর্জনানন্দে সর্বাদা বিভোব হইয়া থাকেন; তাঁহার রুপায় সকলেই অপার প্রেম সমুদ্রে ভাসমান, কেবল অবৈত প্রভুর প্রাণে স্কুখ নাই। এক দিবস অবৈত নির্জনে হরিদাসকে বলিলেন, 'প্রভুর কিরূপ অভায় আচরণ দেখ ? সকলকেই রুপা করিয়া পদধূলি দেন, কেবল আমার প্রতি অভারপ ব্যবহার করেন। তিনি বলপ্র্বাক আমার পাদ ম্পর্শ করেন, উহাতে আমার মহা অপরাধ হইয়া থাকে। আমি তাঁহার অভায় আচরণ আর সহ্ম করিতে পারি না। তিনি কি-আমাকে ভ্রু মুনি পাইয়াছেন, যে কথায় কথায় আমার পায়ের ধ্লা লইবেন ? ভ্রুমুনির ভায় সম্মান লইয়া অপরাধী হইতে আমার কিছুমাত্র বাসনা নাই। ভ্রুমুনির ভায় আমার শত শত শিয় আছে। প্রভুর শরীরে আমি এরপ ক্রোধ জন্মাইয়া দিব যে তিনি আমাকে সর্বা সম্মান গান্তি দিতে বাধ্য হয়েন্। প্রভু প্রেমভক্তি বিতরণ করিতে আাদিয়াছেন, কিন্তু আমি তাহা

না মানিয়া কেবল জ্ঞান শ্রেষ্ঠ বলিয়া প্রচার করিব; তাহা হইলেই তাঁহার দাকণ ক্রোধ জন্মিবে এবং উপযুক্ত শান্তি প্রদান করিয়া সর্বসমক্ষে আমাকে ধর্ব করিবেন।"

এই স্থির করিয়া অবৈত আচার্য্য হরিদাসকে সঙ্গে লইয়া শান্তিপুর গমন করিলেন, এবং ঘোগবাশিষ্ঠ পাঠ করিয়া জ্ঞান ব্যাথাা করিতে আরস্ত করিলেন। সকলকে বলিতে লাগিলেন বে, ''জ্ঞানই মুক্তি লাভের অব্যবহিত করেণ; জ্ঞান বিনা জীবের মোক্ষ হইতে পারে না। জ্ঞান দ্বারা অজ্ঞান অন্ধকার নাশ পাইলে ভগবানের স্বরূপ তত্ত্ব জানিতে পারা যায়। অন্ধব্যক্তি যেমন কিছুই দেখিতে পার না, সেইরূপ জ্ঞানহীন মন্থ্যা ভগবং-তত্ত্ব অবগত হইতে সক্ষম হয় না। ভক্তি দর্পণ স্বরূপ এবং জ্ঞান চক্ষ্ স্বরূপ; অতএব জ্ঞান রূপ চক্ষ্ না থাকিলে ভক্তিদর্পণে প্রয়োজন কি 
থূ আমি সর্ব্ধশাস্ত্র পাঠ করিয়া এই এই সিন্ধান্ত করিয়াছি বে, জ্ঞানই সর্ব্বোভিন, জ্ঞানব্যতীত মন্থ্যাজ্ঞানে কিছু মাত্র ফলোদয় হয় না। বশিষ্ঠাদি শ্ববিগণ একবাক্যে জ্ঞানেরই শ্রেষ্ঠিত্ব স্বীকার করিয়াছিলেন।"

অবৈতের জ্ঞানব্যাধ্যা শ্রবণ করিয়া হরিদাস মনে মনে হাসেন, আর বলেন, "আর অধিক দিন তোমাকে ঐরপ জ্ঞান ব্যাধ্যা করিতে হইবে না, অতি শীঘ্রই তোমার মনোবাঞ্চা পূর্ণ হইবে।"

ভক্তবাঞ্কিরতক গৌরাস অবৈতের সঙ্কর বৃথিতে পারিয়া তাঁহার অভীষ্ট পূর্ণ করিতে মনন করিলেন। এক দিবস নিত্যা-নন্দের সহিত নগর ভ্রমণ করিতে করিতে প্রভুবলিলেন "নিত্যা-নন্দ! চল এক বার শাস্তিপুর অবৈত ভবনে যাই।" এই বলিয়া ছই জনে শাস্তিপুর অভিমুখে গমন করিলেন। কিয়দূর গমন করিয়া দেখিলেন, গঙ্গাতীরে দিব্য একথানি ঘর রহিয়াছে; নিত্যানলকে জিজ্ঞাসা করিলেন, "এই ঘর কাহার জান? এই গ্রামের নাম কি ?" নিত্যানল অমুসদ্ধান লইয়া বলিলেন, "এই গ্রামের নাম ললিতপুর এবং ঐ ঘর খানি এক জন সম্যাসীর।" সম্যাসীর নাম শুনিয়া গৌরাঙ্গ বলিলেন ''চল এক বার তাঁহাকে দর্শন করিয়া আসি।''

উভয়ে সন্ন্যাদীর সমীপে উপস্থিত হইয়া তাঁহাকে প্রণাম . করিলেন। স্ল্যাসী, চুই জন অপরূপ যুবা পুরুষ দর্শনে পর্ম সমূষ্ট হইয়া তাঁহাদিগকে আতিথ্য গ্রহণ করিতে অমুরোধ করিলেন। স্ন্যাসীর আকিঞ্চনে তাঁহারা তথায় বিশ্রাম করিতে বাধ্য হইলেন। কিছুক্ষণ বিশ্রামান্তে তাঁহারা গঙ্গায় যাইয়া অবগাহন করিলেন, অনন্তর সন্নাসি-প্রদত্ত বিবিধ ফল মূল কৃষ্ণসাৎ করিয়া প্রসাদ পাইতে বসিলেন। সন্ন্যাসী বামাচারী, মদ্যের আস্থাদন বিলক্ষণ অবগত ছিলেন, মদ্যপানে সাধকের আনন্দ বুদ্ধি হয়, ইহা তাঁহার দৃঢ় সংস্কার ছিল। নিত্যানন্দ ও গৌরাঙ্গকে মহানন্দে প্রসাদ পাইতে দেখিয়া জিল্ঞাসা করিলেন, ''কিছু আনন্দ আনিয়া দিব কি ?'' নিত্যানল স্বয়ং অবধৃত, সকলি তাঁহার জানা ছিল, সন্ন্যাসীকে বলিলেন, "অদ্য আমার বড় সৌভাগ্য দেখিতেছি।" গৌরাঙ্গ জিজ্ঞাসা করিলেন, "আনন্দ কি দ্রব্য ?" নিত্যানন বলিলেন ''বোধ হইতেছে মদা।" গৌরাঞ্গ মদিরার নাম শুনিবামাত্র বিষ্ণু স্মরণ করিয়া তথনই আচমন করিলেন, আর এক দণ্ডও তথায় রহিলেন না, নিত্যানন্দ সমভিব্যাহারে গঙ্গায় যাইয়া ঝাঁপ দিলেন। প্রভুদ্বের অলৌকিক চরিত,—

ললিতপুর হইতে গঙ্গাবক্ষে সন্তরণ দিয়া অধৈত আচার্য্যের বাটী অভিমুখে যাইতে লাগিলেন।

"ছুই প্রভূ চঞ্চল গঙ্গায় ঝাঁপ দিয়া।
চলিলা আচার্য্য গৃহে গঙ্গায় ভাসিয়া॥
বৈল ও মদ্যুপে প্রভূ অন্তথ্যহ করে।
নিন্দুক বেদান্তি যদি তথাপি সংহারে॥
সন্মানী হইয়া মদ্য পীয়ে স্ত্রীসঙ্গ আচরে;
তথাপি ঠাকুর গেলা তাহার মন্দিরে॥
বাক্যাবাক্য কৈলা প্রভূ শিথাইল ধর্ম।
বিশ্রাম করিয়া কৈল ভোজনের কর্মা॥
না হয় এজন্মে ভাল হৈব আর জন্মে।
সবে নিন্দুকেরে নাহি বাদে ভাল মর্মো॥"

অবৈত আচার্য্য ভক্তিযোগে প্রভুর আগমন জানিতে গারিয়া আনন্দে মগ্নহইয়া ছলিয়া ছলিয়া জ্ঞান ব্যাব্যা করিতে আরম্ভ করিবলন! ইতিমধ্যে গৌরাস্ব ক্রোধচিতে ক্রকুটি করিয়া নিত্যানন্দের সহিত উপনীত হইলেন। তাঁহাদিগকে দেখিবামাত্র হরিলাস সাইাস্বে প্রণাম করিলেন, অইছতপুত্র অচ্যুতানন্দ সহরে যাইয়া প্রভুর পদপূলি মন্তকে গ্রহণ করিলেন, এবং অইছত পত্নী সীতা দেবা মান্সে প্রণাম করিলেন। প্রভু প্রগোরাক্ষ কাহার প্রতি লক্ষ্য না করিয়া ক্রোধভরে অইছতকে জিল্পাসা করিলেন, "জ্ঞান এবং ভক্তি এই ছয়ের কাহাকে তুমি প্রেষ্ঠ বিলিয়া মান ?" অইছত বলিলেন, "সর্ক্রণান্তে দেখিতে পাই, জ্ঞানই প্রেষ্ঠ।"

প্রভ্র থার বাহু জ্ঞান রহিল না, জোধে প্রজ্ঞানত হইরা থাবৈতকে গৃহ হইতে ভূমিতে পাড়িয়া প্রহার করিতে থারস্ত করিলেন। আবৈতপত্নী প্রভুকে উগ্র মূর্ত্তি ধারণ করিয়া ঐরপ প্রহার করিতে দেখিয়া ভীতচিতে বলিলেন, "আপনি কাহার কথা শুনিয়া এই বৃদ্ধ আদাণের প্রাণ দণ্ড করিতেছেন ? যদি ভাল মন্দ কিছু ঘটনা হয় তাহা হইলে আপনার বিপদ হইবে।" নিত;ানন্দ হাসিতে লাগিলেন, হরিদাস ভয়ে রুঞ্জ শারণ করিতে লাগিলেন। প্রভু কাহার কথা গ্রাহ্ম করিলেন না; আপন ইচ্ছাছুরুপ শান্তি দিয়া নিরন্ত হইলেন।

শান্তি পাই অছৈত প্রমানক ময়।
হাতে তালি দিয়া নাচে করিয়া বিনর ৮
বেন অপরাধ কৈরু তেন শান্তি প্টেরু।
ভালই করিলা প্রভু অন্নে এড়াইরু॥
এখন সে ঠাকুরাল বৃদ্ধিরু তোমার।
দোব অন্থরপ শান্তি করিলে আমার॥
ইহাতে সে প্রভু ভৃত্যে চিত্তে বল পায়।
বলিয়া আনক্ষে নাচে শান্তিপুর রায়॥
আনক্ষে অছৈত নাচে সকল অঙ্গনে।
ক্রকুটি করিয়া বুলে প্রভুর চরণে॥
কোথা গেল এবে মোর তোমার দে স্ততি।
কোথা গেল এবে মোর তোমার এবে ডাঙ্গাতি॥
হর্জাসা না হঙ মুঞ্জি যারে কদ্ধিবে।
যার অবশেষ অন্ধ সম্বর্ধাঙ্গ লেপিবে॥

ভৃপ্ত মূনি না হঙ মূক্তি বার পদধূলি। বক্ষে দিয়া প্রীবৎস হইবা কুতুহলী॥ মোর নাম অবৈত তোমার গুদ্ধ দাস। অনো জন্মে তোমার উদ্ভিত্তে মোর আশ॥''

শ্রীচঃ ভা:--

তদনস্তর অবৈত আচার্য্য করবোড়ে কহিলেন, "ভগবন! আমার সম্চিত শান্তি দিলে, একণে রূপা করিয়া একবার আমার মন্তকে পদার্পণ কর, তাহা হইলেই আমার অভীপ্ত পূর্ণ হয়। আমি আর কিছুই চাহি না, কেবল মাত্র তোমার ঐ অভয় চরণ যুগলই আমার সর্ব্বস্থ হউক।" এই বলিয়া অবৈত করতে করিতে প্রভুর পাদ মূলে পতিত হইলেন।

গৌর স্থল্বের হৃদয় কাঁদিল, তিনি অবৈতকে ক্রোড়ে লইয়া
নয়ন জলে তাঁহার সর্কাঙ্গ প্লাবিত করিলেন। নিত্যানন্দ, হরিদাস, সীতাদেবী প্রভৃতি ঘাহার। তথায় উপস্থিত ছিলেন, সকলেই
রোদন করিতে লাগিলেন; অবৈত ভবন রোদন ধ্বনিতে পরিপূর্ণ হইল।

কিছুক্ষণ পরে সকলে হির হইলে গৌরাঙ্গ অইন্বতকে সম্বোধন করিয়া বলিলেন, ''আমি অদ্য এই সত্য করিতেছি যে, যদি কেই এক কণের জন্ম আমার আশ্রয় গ্রহণ করে, আমি তাহাকে কুপা করিব। তোমার আশ্রত পশু, পক্ষী, কীট, পতঙ্গও আমার অতি প্রিয় হইবে। তোমার আশ্রয় গ্রহণ করিয়া যদি কেই শত শত অপরাধ করে, তাহা হইলেও আমি তাহার প্রতি প্রান্ন হইব।"

প্রভুদত্ত বর প্রাপ্ত হইয়া অদৈতাচার্য্য কাঁদিতে কাঁদিতে কর্যোড়ে বলিলেন, 'ভেগবন্ ! আমিও তোমার সমক্ষে এই সত্য করিতেছি, যে তোমাকে ভঙ্কি না করে, সে ব্যক্তি আমার পুত্র ছইলেও আমি তাহাকে পরিত্যাগ করিব, এবং তোমার পাদপল্মে ৰাহার ভক্তি থাকিবে, সে চণ্ডাল হইলেও আমি তাহাকে প্রাণ অপেকা প্রিয় জ্ঞান করিব। তোমাকে অমান্ত করিলে কোন রূপে কাহার নিস্তার নাই। কাণীরাজ পুত্র স্থদক্ষিণ শিব-আরাধনা করিয়া বর প্রাপ্ত হইয়াছিল, কিন্তু তোমার বিক্দা-চরণ করিতে যাইয়া নাশ প্রাপ্ত হয়। রাজা সত্রাজিং আরোধনা করিয়া সূর্য্য সাক্ষাৎকার লাভ করিয়াছিলেন, পরে তোমার আছে। লভ্যন করিয়াজীবন পরিতাগে করে। বলরামের শিষার পাইয়া চুর্য্যোধন গ্লাযুদ্ধে অদিতীয় হইয়াছিল, কিন্তু,তামার অপ্রিয় হইয়া সবংশে বিনাশ হয়। হিরণ্যকশিপু ত্রন্ধার বরে বলশালী হইয়া ত্রিজগতে কাহাকেও গ্রাহ্য করিত না, পরিশেষে তোমার অপ্রিয় আচরণ করিয়া সংহার প্রাপ্ত হয়। দশস্তম রাবণ আপন মস্তক বলিদানে কঠোর তপস্তা করিয়া হরপার্ক-তীকে বশীভত করিয়াছিল, কিন্তু তোমার বিক্লদাচরণ করিয়া স্বংশে বিনাশ হয়। সহস্র বাজ বাণ রাজা তপস্থা বলে শিব ছুর্গাকে সন্তুই করিয়া আপন আলয়ে রাথিয়াছিল, কিন্তু ভোমার অপ্রাচরণ করিয়া তাহার জীবন সংশয় হইয়াছিল, কেবল মহাদেবের প্রার্থনা ক্রমে অসংখ্য বাছ বিহীন হট্য়াজীবন মাত্র প্রাপ্ত হয়। দর্ব কারণের কারণ স্বরূপ তোমাকে না ধরিলে কথন কেহ নিঙ্গতি লাভে সমর্থ হইবে না।''

অবৈত আচার্য্যের এইরূপ স্কৃতি বাক্য শ্রবণ করিয়া গৌরাঙ্গ

বলিলেন, 'তোমরা সকলে পুনরার আমার এই সত্য প্রতিজ্ঞা মনোযোগ পূর্বক শুন, 'যে কেছ আমার তজন করিবে আমি তাহার প্রতি কুপিত হইব'। আমার দাসের নিন্দা করিরা আমার স্তব করিলে উহা আমার অতিশয় অপ্রিয় হইবে। আমার ভক্তের নিকট যিনি অপরাধী হইবেন কোনরূপে তাহার এয়ঃলাভ হইবেনা।"

> ''মোর এই সতা ভন সবে মন দিয়া। যে আমারে পুজে মোর সেবকে লজিয়া।। সে অগম জনে মোরে পণ্ড থণ্ড করে। তার পূজা মোর গায়ে অগ্নি হেন পড়ে। আমার দাসের যে সকুৎ নিন্দা করে। মোর নাম কলতক সংহারে তাহারে॥ অন্ত ব্রহাও যত সব মোর দাস। এতেকে যে পর হিংসে সেই যায় নাশ। তুমিত আমার নিজ দেহ হৈতে বড়। তোমারে লজ্মিলে দৈবে না সহয়ে দঢ়॥ मन्नामी अयि अनिन्त निना करत । অধঃপাতে বায় সর্বা ধর্মা যুচে তারে॥ বাহু তুলি জগতেরে বলে গৌর ধাম। অনিন্দুক হই সবে বল কৃষ্ণ নাম ॥ व्यतिन्तुक इटेख (य मक् ९ कु ४ वर्ष । মত্য মৃত্য মুঞ্জি তারে উদ্ধারিব হেলে॥'' শ্ৰীচৈ: ভা:--

''তকে ভক্তি বিনা কৃষ্ণ ভক্ত মধ্যে নহে। স্বয়ং শ্রীমৃগে কৃষ্ণ অর্জ্জ্নেরে কহে॥" রঘৃভাগবতামৃতে অর্জ্জ্নং প্রতি শ্রীকৃষ্ণবাক্যং

''যে মে ভক্তজনাঃ পার্থ ন মে ভক্তাশ্চ তে জনাঃ। মস্তক্তানাঞ্চ যে ভক্তা স্তে মে ভক্ততমা মতাঃ॥

> ''কৃষ্ণ ভক্তি অঙ্গ মধ্যে বৈষ্ণব সেবন। প্রধানাঞ্গ হয় নাহি জানে মৃঢ় জন। বৈষ্ণব ছাড়িয়া মাত্র ক্ষণ্ণেরে ভঙ্গন। ভক্ত মধ্যে নহে সেই জানিহ নিশ্চয়। ক্লয়ে যদি নাহি ভক্তে বৈষ্ণব ভজ্গ। তথাপি শ্রেষ্ঠ সেই ক্লফা প্রিয় হয়।''

> > ভক্তমালঃ —

তথাহি লঘু ভাগবতামৃতে উত্তর থণ্ডে পঞ্চমাহুখ্ত পদ্মপুরাণে পার্বতীং প্রতি শিব বাক্যং।

"আরাধনানাং সর্বেবষাং বিষ্ণোরারাধনং পরং। তম্মাৎপরতরং দেবি তদীয়ানাং সমর্চ্চনং॥"

হে দেবি পার্কতি! সর্ব্ধ দেব দেবীর আরাধনা হইতে বিষ্ণু আরাধনা শ্রেষ্ঠ, এবং বিষ্ণু আরাধনা অপেক্ষা বিষ্ণুভক্তের আরাধনা সমধিক শ্রেষ্ঠ।

> ''অত এব বৈঞ্চব চরণে লও মতি। ইহা বিনে সেই ক্লঞ্চ পদে নহে রতি॥ লবণ বিহনে হেন বাঞ্জনের স্বাদ্। তেন মত ভক্ত বিনে ভক্তি পড়ে বাদ॥

ভত্ত ভত্ত ভাই বৈষ্ণৱ চরণ।

মদ মোহ ছাড়ি লহ একান্ত শরণ।

দক্তে তুণ করি মুঞি করি নিবেদন।

বৈষ্ণব গোসাঞি দেহ চরণ শরণ।" ভক্তমালঃ—
গোরাঞ্চ কএক দিবদ শান্তিপুরে বাস করিয়া, নিত্যানন্দ,
অবৈত এবং হরিদাস এই তিন জন সমভিবাহারে নববীপে
প্রত্যাগমন করিলেন। ভক্ত মগুলী প্রভুর আগমন সংবাদ
পাইবা মাত্র তাঁহার নিকট উপস্থিত হইয়া চরণ বন্দনা করিলেন।
ভক্তগণ এতদিন কুল মনে দিন যাপন করিতেছিলেন, এক্ষণে
প্রাণ স্ক্রিপ্রভুকে পাইয়া পুর্বের ভাষ প্রকুল চিত্তে কীর্ত্তন ব্য

ম্যু হইলেন।

এক দিবস মহাপ্রভু নিত্যানন্দ ও গদাধরাদি পারিষদ্ সমভিবাহারে নগর ভ্রমণ করিতে করিতে মহেশ্বর বিশারদের জাঙ্গালে (নবদ্বীপের অন্তর্গত স্থান বিশেব, যথায় বাহ্মদেব সার্বভৌমের পিতা মহেশ্বর বিশারদ বাস করিতেন) উপস্থিত হইলেন। তথার দেবানন্দ পণ্ডিত নামে একজন অধ্যাপক বাস করিতেন। দেবানন্দ আপন বাটাতে বিসিয়া ভাগবত ব্যাখ্যা করিতেছিলেন, এমন সময় মহাপ্রভু সেই স্থান দিয়া যাইতে যাইতে উহা প্রবণ করিলেন। দেবানন্দ পণ্ডিত একজন জ্ঞানবান্ এবং স্থান্ত বাজি হইলেও তাঁহার ক্ষত ব্যাখ্যা প্রভুর মনোমত না হও্যায় তিনি বলিলেন, ''এই ব্যক্তি ভাগবতের মর্ম্ম কিছুমাত্র অবগত নহে, কেবল রখা আলোচনা করিতেছে কেন ? ভাগবত ক্ষের দেহ স্বরূপ, উহাতে চারি বেদের সার তম্ব নিহিত রহিয়াছে। ভিকিইন ব্যক্তির ভাগবত ব্যাখ্যা করিবার অধিকার নাই '',

''দৈবে প্রভু ভক্ত সঙ্গে সেই পথে যায়। যেখানে তাহার ব্যাখ্যা ভনিবারে পায়॥ সর্বভূত হৃদয় জানয়ে সর্বতন্ত্ব। না গুনুয়ে ব্যাখ্যা ভক্তিযোগের মহত ॥ কোপে বলে প্রভু বেটা কি অর্থ বাখানে। ভাগৰত অৰ্থ কোন জন্মেও না জানে ॥ এ বেটার ভাগবতে কোন অধিকার। গ্রন্থরে ভাগবত রুষ্ণ অবতার ॥ সব পুরুষার্থ ভব্তি ভাগবতে হয়। প্রেমরূপ ভাগবত চারিবেদে কয় ॥ চারিবেদ দ্ধি ভাগবত নবনীত। মথিলেন শুকে থাইলেন পরীক্ষিত। মোর প্রিয় ক্ষক সে জানেন ভাগবত। ভাগবত কহে মোর তত্ত্ব অভিমত॥ মুঞি, মোর দাস, আর গ্রন্থ ভাগবতে। যার ভেদ আছে তার নাশ ভাল মতে॥ ভাগবত তত্ত্ব প্ৰভু কহে ক্ৰোধাবেশে। শুনিয়া বৈষ্ণবগণ মহানদে ভাদে॥"

ত্রীচৈ: ভা:--

"অহং বেদ্মি শুকোবেত্তি ব্যাসোবেত্তি ন বেতিবা। ভক্ত্যা ভাগবতং গ্রাহ্ম ন বুদ্ধ্যা ন চ টীকয়া॥"

দেবানন্দ পণ্ডিতকে শাসনছলে ভাগবত মাহাত্মা বৰ্ণন করিয়া প্রভু পার্ষদগণের সহিত বাটা ফিরিয়া আসিলেন। নবদীপের পণ্ডিত সমাজ ব্যতীত অপর সকলেই মহাপ্রভুর অলৌকিক প্রভাব জানিতে পারিয়া একে একে তাঁহাকে দর্শন জন্ত আসিতে আরম্ভ করিলেন। প্রতাহই নগরবাসিগণ নানা-বিধ ধান্য দ্রব্য লইয়া তাঁহাকে দেখিতে আসিতেন।

গৌরাঙ্গ ননীয়াবাসিগণকে বিশেষ আগ্রহের সহিত তাঁহার সমীপে আগমন করিতে দেখিয়া, তাঁহাদিগের প্রতি প্রসন্ন হইয়া বলিলেন, "ভাই সকল! তোমাদিগকে কিছু হিতোপ-দেশ দিতেছি মনোযোগ পূর্বক প্রবণ কর। এখন হইতে তোমরা স্বাকার ক্ষণ্ডণ গান করিতে আরম্ভ কর। ক্ষণনাম বাতীত কলিজীবের আর কোন গতি নাই। অহরহ ক্ষণনাম লইবে এবং তাঁহার গুণগান করিবে। আমি সত্য করিয়া বলি তেছি, ভক্তি পূর্বক নাম লইলে আর তোমাদিগকে ভবয়প্রণা ভোগ করিতে হইবে না। কৃষ্ণ এবং কৃষ্ণ নাম, এই ছই এক বস্তু, কিছুমাত্র ভেদ নাই, এইরপ অভেদ জ্ঞানে নাম লইলে ৡষ্ণ তোমাদিগকে কৃপা করিবেন।"

''হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।' হরে রাম হরে রাম রাম রাম হরে হরে।''

এই ষোল নাম বৃত্তিশ অক্ষর মহামন্ত্র; আমি তোমাদিগকে বলিয়া দিলাম। তোমরা আলগু ত্যাগ করিয়া অহরহ এই মহামন্ত্র জপ কর, তাহা হইলেই তোমাদিগের সকল অভীপ্ত দিদ্ধ হইবে। এই নাম লইতে কোন প্রকার বিধি নিষেধ নাই; শয়নে, উপবেশনে, গমনে এবং ভোজনাদি সময়েও এই নাম লইতে পারা যায়।

''নাম চিন্তামণিঃ কৃষ্ণদৈততত রসবিগ্রহঃ। পূর্ণঃ শুদ্ধোনিত্য মুক্তোহভিন্নাত্মা নামনামিনোঃ॥'' ''কলিকালে নামরূপে কৃষ্ণ অবতার। নাম হৈতে হয় সর্ব্ধ জগৎ নিস্তার॥''

শ্রীচৈ: ভাঃ—

"এই 'হরে কৃষ্ণ' ইত্যাদি নামরূপ মহামন্ত্র জপ করিবে, এবং দশ পাঁচ জন এক্তর হইয়া বাটীর দ্বারে বৃদিয়া নাম সংকীর্ত্তন করিবে। যথা;—

''হরয়ে নম কৃষ্ণ যাদবায় নমঃ।
গোপাল গোবিন্দ রাম শ্রীমধুসূদন ॥''
''সংকীর্ত্তন কহিল এ তোমা সবাকারে।
স্ত্রী পুত্রে বাপে মেলি কর গিয়া ঘরে॥
প্রভু মুখে মন্ত্র পাই সবার উল্লাস।
দণ্ডবং করি সবে চলে নিজ বাস।'

জীচৈ: ভা:--

মহাপ্রভূর নিকট উপদেশ প্রাপ্ত হইরা নগংবাদিগণ আপন আপন বাদিতে মৃদশ্ব করতাল ও শৃত্ত বাজাইরা নাম সংকীর্ত্তন আরম্ভ করিল। এইরূপে ক্রমে ক্রমে নবদীপের ঘরে ঘরে হরিনাম সংকীর্ত্তন প্রচারিত হইলে, বিদেষিদিগের প্রাণ ফাটিয়। যাইতে লাগিল।

দৈবযোগে এক দিবস নবদীপের কাজি পথ দিয়া যাইতেছিলেন; মৃদক্ষ ও করতালের শক্ষ গুনিয়া জিজ্ঞাসা করিলেন.
"কে এইরপে গোলযোগ করিতেছে ?" সংকীর্তন বিদেষিগণ

অগ্রনর ইইরা বলিলেন, 'নিমাই পণ্ডিত আঞ্চার দেশ ছারথার করিল। আপনি জানিতে পারেন না, কিন্তু নিমাই পণ্ডিত
ও তাহার অস্থাত লোক সকল প্রত্যাহই এইরপ গোলমাল
করিয়া থাকে। আমরা নিবারণ করিলে উহারা গ্রাছ্ম করে না।
আমরা আশঙ্কাক্রমে এতদিন আপনাকে কোন কথা বলিতে
সাহস করি নাই, কিন্তু একলে নিমাই পণ্ডিত যেরপ বাড়াবাড়ী
আরম্ভ করিয়াছে, তাহাতে আপনি কোনরপ প্রতিকার না
করিলে আমাদিগের বাস করা ভার হইবে। উহারা রাত্রিতে
নিদ্রা যায় না, সারারাত্রি চীংকার শক্ষ করিয়া আমাদিগকেও
নিদ্রা যাইতে দেয় না। একদিন ছইদিন নহে, নিত্য ঐরপ
গোলযোগ করিলে অপরাপর গৃহস্থ সকল কিরুপে উহা সহ
করিবে প্'

কাজির আদেশে তাঁহার লোকেরা 'ধর ধর' বলিরা অগ্রসর হইলে নগরবাদী ভক্তগণ চারিদিকে পলায়ন করিলেন। কাজির লোকেরা থাঁহাকে থাঁহাকে ধরিতে পারিল, তাঁহাদিগকে শান্তি দিতে ছাড়িল না; মৃদঙ্গ ও করতাল প্রভৃতি যাহা দেখিতে পাইল, সমৃদয় ভাঙ্গিয়া ফেলিল। এইরূপ নানাবিধ অত্যাচার করিয়া অবশেষে কাজি ছকুম দিলেন, "এইবার আমি ক্ষমা করিলাম, কিন্তু পুনরায় এইরূপ অহায় কর্ম্ম করিলে অপরাধীদিগের জাতি নত্ত করিব।"

কাজির শাদনে নগরবাসী ভক্তগণ সংকীর্ত্তন রহিত করি লেন। মহাপ্রভু ভক্ত মুথে কাজির অত্যাচারের কথা শ্রবণ পূর্কাক ক্রোধে প্রজ্জালিত হইয়া বলিলেন, "কাজির এতবড় স্পর্দ্ধা যে, সে আমার প্রবর্ত্তি সংকীর্ত্তন বন্ধ করে? অন্য সমুদ্ধ নগরবাদীকে ক্রীরা আমি স্বন্ধ, সংকীর্ত্তন করিতে বাহির হইব,
লেধি কাজি আমার কি করে ? আমার এই আদেশ নগরে
প্রারিত কর। ক্রফ তাঁহার ভক্তগণকে কিরুপে রক্ষা করেন,
যাহারা ইহা দেখিতে ইচ্ছা হইবে, তিনি অদ্যকার সংকীর্তনে
যোগ দিবেন। আমি যখন সকলের অত্যে থাকিব, তখন কাহারও
কোন ভয়ের কারণ নাই; সকলেই অদ্য অপরাফ্লে এক
একটা দীপ হস্তে লইয়া সংকীর্ত্তন করিতে আদিবেন।"

মহাপ্রভু তাঁহার পার্ষদগণকে ডাকিয়া বলিলেন, "অদ্য যেরপ সংকীর্ত্তন করিতে হইবে, তাহা সকলে শ্রবণ কর। এক সম্প্রদায়ে অহৈত আচার্য্য নৃত্য করিবেন এবং অপর সকলে গান করিবেন। বিতীয় সম্প্রদায়ে হরিদাস নৃত্য করিবেন এবং অপর সকলে গান করিবেন। তৃতীয় সম্প্রনায়ে শ্রীবাস পণ্ডিত नुजा क्तिर्वन।" চতुर्थ मध्यमारम् উলেখ क्तिमा निजानस्मन দিকে চাহিলে, তিনি বলিলেন "প্রভ আমাকে ক্ষমা করুন। আমি তোমা ছাড়া হইয়া নৃত্য করিতে পারিব না। এক মুহুর্ত্তের জন্মও তোমাকে ছাডিয়া থাকিতে আমার উৎসাহ হয় না।'' নিত্যাৰদের প্রেমে মুগ্ধ হইরা প্রভূ তাঁহাকে আলিছন করিয়া বলিলেন, 'ভাল, তুমি আমার নিকটেই থাকিবে।' অনস্তর গদাধর, মুরারি, বক্রেশ্বর, জগদীশ, গোপীনাথ, গঙ্গাদাস, গোবিন্দানন, রামাই, চক্রশেখর, বাস্থদেব, প্রীগর্ভ, মুকুন, প্রীধর, জগদানন্দ, নন্দন আচার্য্য ও শুক্লাম্বর প্রভৃতি অসংখ্য পার্ষদ ও ভক্তগণকে বিভাগ ক্রমে নৃত্য করিতে উপদেশ করিলেন।

গোধ্ৰী সময় উপস্থিত হইলে লক্ষ লক্ষ লোক প্ৰভূর আদেশ

মত দীপ হত্তে লইয়া জাঁহার নিকট আগমক করিল। প্রভূ প্রকুল চিত্তে সকলকে যখাদোগ্য সন্তাবণাদি করিয়া সংকীর্ত্তন নিমিত্ত সম্প্রদার বিভাগ করিয়া দিলেন। তাঁহার চক্রবদন নিরীক্ষণ করিয়া নদীয়াবাদী সকলে শোক তাপ ভূলিয়া চারি-দিক হইতে হরিধ্বনি করিয়া উঠিলেন। লক্ষ লক্ষ লোক একত্রে হরিধ্বনি করিলে ঐ মঙ্গল ধ্বনিতে ত্রিভূবন পরিপূর্ণ হইল। অনস্তর গৌরাক্ষের আদেশে সকলে দীপ প্রজ্ঞানিত করিয়া অগ্রসর হুইলেন।

বাক্সকানা ঘাটে নগরিয়া ঘাটে গিয়া। গঙ্গার নগর দিয়া গেলা সিমলিয়া॥ লক্ষ কোটি মহা দীপ চতুদ্দিকে জলে। লক্ষ কোটি লোক চতুদ্দিকে ছরিবলে॥"

ত্রীটে: ভা:-

সংকীর্ত্তন রদে মগ্ন হইয়া কাহারও বাহু জ্ঞান নাই, গৌরাঙ্গ যে দিকে নাচিতে নাচিতে ঘাইতেন, সকলেই তাঁহার পশ্চাৎ পশ্চাৎ দেই দিকে ঘাইতেন। কাজিকে কুপা করিতে মনন করিয়া গৌরাঙ্গ কাজির বাড়ী অভিমুখে চলিলেন; ভক্তগণের কেবল গৌরাঙ্গের প্রতি লক্ষ্য ছিল, তাঁহারা প্রভুর অফুস্রণ করিলেন।

কাজি কীর্ত্তন ধ্বনি শ্রবণ করিয়া, তাঁহার ত্কুম অমাপ্ত করিয়া পুনরায় কে কীর্ত্তন করিতেছে, জানিবার জক্ত লোক প্রেরণ করিলেন। কাজির প্রেরিত লোক কিয়দূর অব্যাসর হইয়া দেখিল, লক্ষ লক্ষ লোক দীপ হত্তে তাহাদিগের অভিমুখেই আনিতেতে।

সকলের মুথে "মার কাজিকে, ধর কাজিকে বই",— আর অন্ত:কথা ছিল না; কাজির লোক ঐ কথা শুনিবামাত্র ভীত হইয়া ত্বার আদিয়া কাজিকে সাবধান করিয়া দিল।

গৌরাঙ্গের সহিত অসংখ্য লোক ছিল, সকলে কাজির বাটাতে আসিয়া নানাবিধ অত্যাচার আরম্ভ করিল। কেহ কেহ কাজির ফুলের বাগান ভাঙ্গিতে লাগিল, কেহ কেহ ঘর ছুমার ভাঙ্গিতে কারম্ভ করিল, কেহ কেহ হুয়ার করিয়া বলিতে লাগিল, "কই, আজ কাজি কোথায় প্লায়ন করিল? এথন একবার আমাদের কাছে আছক দেখি?" কেছু কেছ বলিল, "কাজি যেমন আমাদের মূদক ভাকিরাছে, আজ আমরা তাহার তদ্মরূপ শান্তি দিব। "অনস্তর গৌরাক সকলকে সাখনা ক্রিয়া কাজিকে আহ্বান জন্ম লোক প্রেরণ ক্রিলেন।

> ''তবে মহা প্রভু তার দারেতে বসিলা। ভব্য লোক পাঠাইয়া কাজী বোলাইলা ॥ দুর হইতে আইলা কাজী মাথা নোয়াইয়া। কাজীরে বসাইলা প্রভু সন্মান করিয়া ॥ প্রভু বলেন আমি তোমার আইলাম অভ্যাগত। আমা দেখি লুকাইলা এ ধর্ম কেমত। কাজী কহে তুমি আইদ কুদ্ধ হইয়া। তোমা শাস্ত করাইতে রহিত্ব লুকাইয়া॥ এবে তুমি শাস্ত হৈলে আদি মিলিলাম। ভাগ্য মোর তুমি হেন অতিথি পাইলাম॥ লাম সম্বন্ধে চক্রবর্তী হয় আমার চাচা। দেহ সম্বন্ধ হৈতে গ্রাম সম্বন্ধ সাঁচা॥ নীলাম্ব চক্রবর্তী হয় তোমার নানা। সে সম্বন্ধে হও তুমি আমার ভাগিনা॥ ভাগিনার ক্রোধ মামা অবশ্য সহয়। মাতৃলের অপরাধ ভাগিনানালয়॥''

> > ত্রীচৈ: চ:—

কাজির নম্রতা দেখিয়া মহাপ্রভূ যারপর নাই সম্ভূট হইয়া বলিলেন, 'মামা, ভোমার নগরে আমেরা এইরূপ বাদ্য কোলা হল করিয়া বেডাইতেছি, কিন্তু তোমার শাস্ত্র বিকন্ধ হইলেও তুমি কি জ্বল্ল আমাদিগকে নিবারণ করিতেছ না ?" কাজি বাললেন, "ভূমি একটু নিৰ্জ্জন স্থানে চল, আমি ভোমাকে সকল বুতান্ত বলিতেছি।" প্রভু বলিলেন, "এই সমুদয় আমার অন্তর্প ব্যক্তি অতএব তুমি নিঃস্কোচে সকলের সাক্ষাতে বলিতে পার। তথন কাজি বলিলেন, "আমি এক দিবস নগর ভ্রমণ করিতে গিয়াছিলাম, পথিমধ্যে কতকগুলি লোক মৃদন্ধ করতাল বাজাইয়া সংকীর্ত্তন করিতেছে, দেথিয়া আমার ক্রোধ জন্মিল; অনস্তর আমি হকুম দিলে, আমার लाक मकल याहेबा উहानिशतक मात धत कतिल धवः मुनक ভাঙ্গিয়া দিল। ঐ দিবস রাত্রিতে এক অতি ভয়ন্বর মূর্ত্তি আসিয়া আমার প্রতি তর্জন গর্জন কবিতে লাগিল। ঐরপ ভীষণ মৃত্তি আমি আর কখন দর্শন করি নাই। উহার মহুষ্যের ভায় কলেবর এবং দিংহের স্থায় বদন: আমার উপর লাফ দিয়া পড়িয়া আমার বক্ষছলে নথ বসাইয়া দিয়া অটু অটুহাত করত বলিল, 'তুই আমার সংকীর্ত্তন বন্ধ করিয়াছিদ, অতএব আজ তোকে সংহার করিব ' আমি অতিশয় ভীত হইয়া কাঁপিতে থাকিলে ঐ মূর্ত্তি আমাকে তিরস্থার করিয়া বলিল, আজ আমি তোকে ক্ষমা করিলাম, কিন্তু পুনরায় ঐরপ কার্য্য করিলে তোকে সবংশে নাশ করিব।' দেই অবধি তোমার হরি সংকী-র্ত্তনের ঠাকুরকে আমার ভয় হইয়াছে।"

ইতি মধ্যে আবার ক্ষেক্জ । লোক তোমার বিক্জে নালিস করিতে আসিয়াছিল। তাহা গ্লাবলিল, "তুমি সারা রাত্তি অনেক লোক সঙ্গে করিয়া হোলাইল কর, তাহাতে সকলের নিজা হয় না।" আমি তাহাদিগকে সান্থনা করিয়া বলিলাম, ''তোমরা আপেন আপেন বাটী যাও, আমি নিমাই পণ্ডিতকে নিষেধ করিয়া দিব, তিনি তোমাদিগকে আরে বিরক্ত করি-বেন না।"

তদনন্তর কাজি গৌরাঙ্গকে সংখাধন করিয়া বলিলেন,
"লাকে তোমাকে গৌরহরি বলিয়া ভাকে অতএব আমিও
ভোমাকে ঐ নামে ভাকিতে ইচ্ছা করি। আমি শুনিয়াছি যে
হিন্দ্দিপের নারায়ণ ঠাকুর দকল দেবতার শ্রেষ্ঠ; তোমাকে
সেই নারায়ণ বলিয়া আমার অভ্নান হর।"

'হিন্দুর ঈশর বড় ঘেই নারায়ণ।

সেই তুমি হও হেন লয় মোর মন ॥

এত শুনি মহাপ্রতু হাসিয়া হাসিয়া।

কহিতে লাগিলা প্রতু কাজিরে ছুইয়া॥

তোমার মূথে ক্ষ্ণনাম এ বড় বিচিত্র।
পাপ কর গেল হৈলা পরম পবিত্র॥

হরি ক্ষ্ণ নারায়ণ লৈলে তিন নাম।

বড় ভাগ্যবান্ তুমি বড় প্ণ্যবান্॥

এত শুনি কাজীর ছই চক্ষে পড়ে পানি।

প্রভুর চরণ ছুই বলে প্রেয়বালী॥

তোমার প্রসাদে মোর ঘ্চিল কুমতি।

এইরপ কর যে তোমাতে রছ ভক্তি॥

প্রভুকর এক দান মাগিয়ে তোমায়।

সংকীর্জন বাদ থৈছে নহে নদীয়ায়॥

কাজী কহে মোর বংশে মত উপজিবে।
তাহাকে তালক দিব কীর্তন না বাধিবে॥
ভানি প্রভূ হরি বলি উঠিলা আপনি।
উঠিল বৈষ্ণব সব করি হরি ধ্বনি॥"

बिरेहः हः -

পঞ্চদশ পরিচ্ছেদ সমাপ্ত। দিতীয় খণ্ড সমাপ্ত।





## তৃতীয় খণ্ড।

## প্রথম পরিচ্ছেদ।

ত্রীগোরাঙ্গ কাজিকে উদ্ধার করিয়া নবদীপে শাস্তি স্থাপন করিলে ভক্তগণের আনন্দের সীমা রহিল না। এ পর্যান্ত কাজির ভরে কেইই প্রাণ খুলিয়া সংকীর্ত্তন করিতে সাহস করেন নাই, এক্ষণে কীর্ত্তন বিদ্নম্বন্ধপ সেই কাজি ও তাঁহার অন্তর বৃন্দ গৌরাঞ্চের পদাশ্রম গ্রহণ করিলে, ভক্তগণ মনের সাধ মিটাইয়া সংকীর্ত্তন আরম্ভ করিলেন। একবার কাজির শাসনে সংকীর্ত্তন সংকীর্ণবিস্থা প্রাপ্ত ইইয়াছিল, পুনরায় নবোভ্যমে নগরবাসী ভক্তগণের ঘরে ঘরে কীর্ত্তন আরম্ভ ইইলে বিদ্বেঘী দিগের দারুল হিংসা জন্মিল; উহারা অন্ত কোন উপায় না দেথিয়া সর্কস্থানে সংকীর্ত্তন প্রবর্ত্তক গৌরাঞ্চের নিন্দা করিয়া বেডাইতে লাগিল।

এক দিবদ গৌরাক গোপীভাবে মুগ্ধ হইয়া ব্রজ গোপীদের

নাম লইয়া বিলাপ করিতেছিলেন, এমন সময় এক জন টোলের ছাত্র (১) আসিয়া বলিল, "পণ্ডিত! তুমি গোপী গোপী বলিয়া কাঁদিতেছ কেন ? গোপী বলিয়া কাঁদিলে কোন ফল লাভ হইবে না; যদি কাঁদিতে হয় তবে ক্লঞ্চ বলিয়া কাঁদ।" গৌরাঙ্গের তথন বাহু সংজ্ঞা ছিল না, তিনি ঐ পড়ুয়ার প্রতি কুপিত হইয়া এক গাছি লাঠা হস্তে করিয়া তাহার দিকে ধাবিত হইলেন। পড়ুয়া প্রহার ভয়ে ভীত হইয়া ক্রতবেগে পলায়ন করিল, এদিকে ভক্তবৃদ্ধ যাইয়া প্রভুকে শাস্ত করিলেন।

নিমাই পণ্ডিত একজন পড়ুয়াকে মারিতে গিয়াছিলেন, এই কথা নগরে প্রচারিত হইলে পণ্ডিত মণ্ডলী মহা জল্পনা আরম্ভ করিলেন। একজন বলিলেন, ''নিমাই পণ্ডিতের মাথা থারাপ হইয়া গিয়াছে,'' কেহ বলিলেন, ''পাচ জনে থোসামোদ করিয়া উহাকে নই করিল," অপর একজন বলিলেন, "তাহা নহে, নিমাই পণ্ডিতের বড় অহকার হইয়াছে, তাই প্রতি কথায় লোককে মার ধর করিতে যান্। আমাদের শরীরে কি সামর্থা নাই ? আমরা কি প্রামের কেহ নহি ? পুনরায় যদি নিমাই পণ্ডিত কাহাকেও মারিতে যান, তাহা হইলে আমরা সকলে মিলিয়া তাঁহাকে উত্তমক্রপ শিক্ষা দিব।"

গৌরাঙ্গ লোকমুখে এই সকল কথা শ্রবণ করিয়া যারপর নাই হঃথিত হইলেন; অনস্তর নিত্যানন্দকে নিভৃতে ডাকিয়া বলিলেন, 'শ্রীপাদ, একটি গোপনীয় কথা তোমাকে বলিতেছি

<sup>(</sup>১) ইনিই পরে কালী মুর্ভির পূজা প্রবর্ভিত করিয়া আগমবাগীশ নামে এনিছ হইয়াছিলেন।

শ্রবণ কর। আমি অনেক চিন্তা করিয়া দেখিলাম যে, আমাকে সন্ন্যাস গ্রহণ করিতে হইবে। আমি যদি গৃহে থাকি, তাহা হইলে পাতকী উদ্ধার হইবে না। আমাকে সামান্ত আশ্রমী জ্ঞান করিয়া নিন্দা করত লোকে অক্ষয় নরক প্রাপ্ত হইতেছে। আমি সন্মান গ্রহণ করিলে আমার প্রতি কাহার আর বিছেষ ভাব থাকিবে না, তথন সকলেই আমার উপদেশ গ্রহণ করিবে।

''ইথে কিছু ছঃথ তৃমি না ভাবিহ মনে। বিধি দেহ তৃমি মোরে সন্নাস কারণে ॥ যেরপ করাহ তৃমি সেই হইব আমি। এতেকে বিধান দেহ অবতার জানি॥ জগত উদ্ধার যদি চাহ করিবারে। ইহাতে নিষেধ নাহি করিবে আমারে॥ ইথে তৃমি ছঃখ না ভাবিহ কোন ক্ষণ। তুমি ত জানহ অবতারের কারণ॥''

শ্ৰীচৈঃ ভা:---

প্রভূ একাস্থই গৃহত্যাপ করিবেন, জানিতে পারিয়া নিত্যানন্দ বিষাদ সাগরে নিমগ্ন হইলেন। কিছুক্ষণ কোন উত্তর দিতে পারিলেন না; শচী দেবীর ভাবনাই, তাঁহার হৃদয় উদ্বেলিত করিল। অনস্তর দীর্ঘ নিঃখাস পরিত্যাগ করিয়া বলিলেন, "প্রভা, আমি আর ভোমাকে কি বিধান দিব, তুমি স্থেছাময় প্রভূ, যাহাতে ভোমার প্রীতি হয় তুমি তাহাই অবগ্র করিবে; আমাদিগের কট্ট হইবে বলিয়া কি করিব ? ভোমার যাহা ইছো, তাহাই বিধি, তুমি স্কবিধি নিধেধের অতীত।''

মহাপ্রভু প্রফুলচিতে নিত্যানন্দকে আলিঙ্গন করিয়া গদাধর

ও মুকুল দভের সহিত সাক্ষাৎ করিতে চলিলেন। গদাধর প্রভুকে দেখিবামাত্র প্রণামান্তে বলিলেন, 'ঠাকুর, আজ তোমাকে কেমন এক রকম দেখিতেছি কেন ? তোমার অদ্যকার ভাব দেখিয়া আমার মনে এক প্রকার অনির্ব্তনীয় শক্ষা জন্মিতেছে। তোমার সংবাদ সমুদ্য মঙ্গল ত ?'

গৌরাঙ্গ তাঁহার মনের কথা ব্যক্ত করিতেই আসিয়াছিলেন, এক্ষণে গদাধর কর্ত্তক পৃষ্ট হইয়া বলিলেন, "আমি আর গৃহে বাদ করিব না, শীঘ্ট দল্লাদ গ্রহণ করিব ।" গ্লাধর ঐ কথা শুনিবামাত্র মৃত্তিত হইয়া ভূমিতে পতিত হইলেন। তৎপরে সংজ্ঞা লাভ করিয়া ধীরে ধীরে বলিলেন, "প্রভো, তোমার ইচ্ছার বিরুদ্ধে কোন কথা কহিতে আমি সাহস করি না কিন্তু তুমি গৃহত্যাগ করিলে অ:ইর (শচীদেবীর) কি দুশা হইবে, একবার ভাবিয়া দেখ দেখি ? আর আমরাই বা তোমাকে না দেখিয়া কি করিয়া জীবন ধারণ করিব ৫ অতএব জীবন বিরহে দেহের অন্তিত্ব কিরূপে থাকিতে পারে ৭ আমরা তোমার চক্ষে দেখি, তোমার মুখে আহার করি এবং তোমার চক্রবদন নিরী-ক্ষণ করিয়া পথ চলিয়া থাকি, এক্ষণে জীবনের জীবনস্বরূপ তোমাকে না দেখিলে কিরূপে প্রাণ ধারণ করিব। আমরা তোমাকে বই আর কাহাকেও জানি না, ভূমিই আমাদিগের সর্বাধ ধন: যদি নিতান্তই সন্নাস গ্রহণ করিতে হয়, তাহা হইলে व्याद अ कि इतिन व्याभातिशतक लहेशा की ईनाति कत, शत তোমার যাহা ইচ্ছা হয়, করিও।"

> ''শ্রীশিথার অহর্দ্ধান শুনি গদাধর। বক্সপাত হৈল যেন শিরের উপর॥

অস্তরে হু: খিত হুই বলে গদাধর। যতেক অন্তুত প্রভূ তোমার উত্তর। শিখা হত্ত ঘুচাইলে সে ক্লফ পাই। গৃহস্থে তোমার মতে বৈষ্ণব কি নাই 🛭 মাথা মুড়াইলে প্রভু কিবা কর্ম হয়। ভোমার যে মত এ বেদের মত নয়। অনাথিনী মায়েরে বা কেমতে ছাড়িবে। প্রথমেই জননী বধের ভাগী হবে ॥ তুমি গেলে সর্বাথা জীবন নাহি তান। সবে অবশিষ্ট আছে তুমি তাঁর প্রাণ॥ ঘরেতে থাকিলে কি ঈশবে প্রীত নয়। গৃহত্তে সে সবার প্রীতের স্থলি হয়। তথাপিও মাথা মুড়াইলে স্বাস্থ্য পাও। যে তোমার ইচ্ছা তাই করে চলে যাও। এই মত আগু বৈঞ্বের স্থানে স্থানে। শিখা স্ত্ৰ ঘুচাইৰ বলিলা আপনে ॥ সবেই শুনিয়া খ্রীশিখার অন্তর্জান। মৃচ্ছিত পড়য়ে কারু নাহি রহে জ্ঞান 🖟 ঐচৈ: ভা:---

গুল্ফত গৃত্বে কার নাথ রহে জ্ঞান ল আচে: জা:—
গদাধরের সহিত মুকুন্দের অত্যন্ত সৌহদা ছিল ; প্রভ্
তাঁহার নিকট হইতে গমন করিলে পর তিনি ছুটিয়া মুকুন্দের
নিকট ষাইয়া বলিলেন, যথা:—

"প্রানের মুক্লছে, আজি শুনিত্ব আচম্বিত। কহিতে পরাণ যার, মুখে নাহি বাহিরার, শ্রীগোরাঙ্গ ছাড়িবে নবদীপ। ইহাত না জানি মোরা, সকালে মিলিছু গোরা, অবনত মাথে আছি বসি।

নিঝরে নয়ন ঝরে, বুক বাছি ধারা পড়ে, মলিন হইয়াছে মুথ শশী ॥

দেখিয়া তথন প্রাণ, সদা করে আনচান,

স্থাইতে নাহি অবসর।

ক্ষণেক সম্বিত হ**ইল,** তবে মুঞি নিবেদিল,

ভনিয়া দিলেন উত্তর।

আমিত বিবশ হইয়া, তারে কিছু না কহিয়া, ধাইয়া আইকু তব পাশ।

এইতো কহিতু আমি, যে কহিতে পার তুমি, মোর নাহি জীবনের আশ।

শুনিয়া মুকুল কাঁলে, হিয়া থির নাহি বালে, গদাধরের বদন হেরিয়া।

গোবিন্দ ঘোষ কয়, ইহা যেন নাহি হয়,

তবে মুঞি বাইব মরিয়া॥"

গৌরাক্ষের সন্ন্যাস গ্রহণ সংবাদ ভক্তগণ মধ্যে প্রচারিত হইলে সকলেই বিষাদে আহার নিজা ত্যাগ করিয়া বিলাপ করিতে লাগিলেন। ভক্তবৎসল প্রভু তথন তাঁহাদিগকে বিবিধ সান্ধনা বাক্যে প্রবোধ দিয়া বলিলেন, তোমরা শোক পরিত্যাগ কর। আমি সর্বাদাই তোমাদের নিকটে আছি, এক মুহুর্ত্তের জন্মও আমি তোমাদিগের সক্ষছাড়া হইয়া থাকি না। তোমরা সকলে আমার প্রিয় পার্ষদ, প্রতি যুগেই তোমরা আমার সহিত মন্ত্রালীলা করিয়া থাক। এইবারও যুগধর্ম স্থাপন করিয়া কলির

ছকল জীব উদ্ধার জন্ত তোমরা আমার সহিত আগমন করি রছে। তোমরা কেহই সামান্ত মহুষ্য নহ, সকলেই আমার নিতা সিদ্ধ পার্যন। এই কলিযুগে আমি আরও ছইবার আগনন করিয়া কীন্তন প্রচার করিব, তোমরা সকলে তাহাতেও আমার স্কী হইবে।"

''প্রভুবলে তোমরা চিন্তহ কি কারণ। তুমি সব যথা তথা আমি সর্বাক্ষণ ॥ তোমর। বা ভাব আমি সল্লাস করিয়া। চলিবাঙ আমি তোমা সবারে ছাডিয়া॥ সর্বাথা তোমরা ইহা না ভাবিহ মনে। তোমা স্বা না ছাডিব কোন ক্ষণে॥ সর্বাল তোমরা সকলে মোর সঙ্গ। এই জনা হেন না জানিবা জনা জনা ॥ এই জন্ম তুমি সব ষেন আমা সঙ্গে। নিরবধি আছ সংকীর্ত্তনম্বথ রঙ্গে॥ যুগে যুগে অনেক আমার অবতার। সে সকলে সঙ্গী সবে হয়েছ আমার ॥ এই মত আরো আছে গুই অবতার। কীর্ত্তন আনন্দরপ হইবে আমার॥ তাহাতেও তুমি সব এই মত রঙ্গে। কীর্ত্তন করিবা মহা স্থথে আমা সঙ্গে॥ লোক শিক্ষা নিমিত্ত দে আমার সন্ন্যাস। এতেকে তোমরা সব চিন্তাকর নাশ।"

এটেঃ ভা:—

গৌরাক ভক্তগণকে সান্ধনা পূর্ব্বক বাটী যাইয়া শচী দেবীকে বলিলেন "মা! যদি তুমি আমার প্রতি প্রসন্ন হও, তাহা হইলে তোমাকে একটি কথা বলি।" মেহের স্বভাবে মায়ের প্রাণে সর্ব্বদাই পুত্রের নিমিত্ত আশকা হইয়া থাকে। গৌরাক্ষের কথার শচী দেবী বিন্মিত হইয়া বলিলেন "নিমাই! তোমাকে আজ এত চিস্তিত দেখিতেছি কেন ? হাঁহারা তোমাকে প্রাণের অধিক ভাল বাসেন, সেই অবৈত আচার্য্য, নিত্যানন্দ এবং গদাধর প্রভৃতির সংবাদ ভাল ত? নদীয়া বাসী পণ্ডিতগণ সর্ব্বদা তোমার বিহেষ করিয়া থাকে, অতএব তাঁহাদিগের কাহার সহিত তোমার কলহ হয় নাই ত ? নিমাই! তোমাকে প্রত্যহ যেরূপ প্রভুল্ল দেখিতে পাই, অদ্যু সেরূপ দেখিতেছি নাকেন প্র

গৌরাঙ্গ মন্তক অবনত করিয়া বলিলেন "মা, আমি সন্ন্যাস গ্রহণ করিব, এইরূপ সঙ্কল করিয়াছি। নিত্যানল প্রভৃতি আমাকে অভ্যতি দিরাছেন, একণে তৃমি প্রসন হইলেই আমার অভীও সিদ্ধ হয়।" নিমাই গৃহত্যাগ করিয়া সন্ন্যাসী হইবেন, এই কথা ভানিবা মাত্র শচী দেবীর মন্তক ঘূর্ণিত হইল, তিনি মৃদ্ধিত হইয়া ভূমিতে পতিত হইলেন।

জননীকে মৃচ্ছিত দেখিয়া গৌরাক ত্বায় এইত প্রাণ তাঁহার চৈতন্ত সম্পাদন করিলেন। তদনস্তর মধুর বাক্যে সাস্থনা করিয়া বলিলেন "মা, ভোমার নিকট আদ্য অতি গোপ-নীয় তত্ব প্রকাশ করিতেছি, মনোযোগ পূর্বক শ্রবণ কর।"

"এই সচরাচর বিশ্ব যে পরম পুরুষের ইচ্ছা মাত্রে উৎপন্ন হই-রাছে, আমাকেই সেই সর্বনিমন্তা পরম দেব বলিয়া জানিবে।

এই ব্ৰহ্মাণ্ড আমা হইতেই উৎপন্ন হইয়াছে, আমাতেই স্থিতি প্রাপ্ত হইতেছে এবং আমার ইচ্ছা মাত্রেই লয় প্রাপ্ত হইবে। ৰক্ষাদি দেবতা দকল আমা হইতেই উৎপন্ন হইয়াছেন এবং আমারই নিয়োগ ক্রমে আপন আপন অধিকারে থাকিয়া স্ট্যাদি কার্য্য করিতেছেন, কিন্তু আমার ইচ্ছা ব্যতীত কেহই আমাকে জানিতে সক্ষম নহেন। আমার অপর মূর্ত্তি নারায়ণ, এই বিশ্ব পালন করিয়া থাকেন। ভূমগুলে যথন অধর্মের প্রাতৃত্যি হ'ইয়া ধর্মের হানি হয়, তখন আমি নিজ পার্যদগণের সহিত অবতীৰ্ণ হইয়া সাধুদিগের গতি স্বরূপ হই এইরূপে যুগ ধর্ম স্থাপন জন্ত আমি প্রতি যুগেই অবতীর্ণ হইয়া থাকি। পূর্ব্ব-কালে এক সময়ে তুমি আমাকে পুত্ররূপে পাইবার জন্ত কঠোর তপস্থা করিয়াছিলে; আমি তোমার তপস্থার প্রীত হইয়া এই বর দিয়াছিলাম যে আমি যথন যুগধর্ম প্রবর্তন জন্ম পৃথিবীতে অবতীর্ণ হইব, তথন তুমিই আমাকে গর্ভে ধারণ করিবে। সেই প্র্যান্ত যুগে যুগে তুমি আমার জননী হইয়াছিলে এবং এইবারও আমি তোমার পুত্ররূপে অবতীর্ণ হইয়াছি। এই কলিগুলে আমি আরও গুইবার আগমন করিব এবং তুমিই আমার জননী হইবে।"

"আর ছই জন্ম এই সংকী র্নারস্তে।

হইব তোমার পুত্র আমি অবিলয়ে ॥

এই মত তুমি আমার মাতা জন্ম জন্মে।

তোমার আমার কভ্ তাগি নহে মর্ম্মে ॥

অমারার এই সব কহিলাম কথা।

আার তুমি মনোহংখ না কর স্ক্থা। " গ্রীচৈ: ভা:

গৌরাক্স এইরূপে সকলকে প্রবোধ দিয়া নিভৃতে নিত্যাননকে বলিলেন প্রীপাদ! আমি এই উত্তরায়ণ সংক্রান্তি দিবসে নিশ্চয়ই সন্ন্যাস গ্রহণ করিব। ভূমি এই কথা আমার জননী, গানাধর, মুকুল এবং চক্রশেখর আচার্য্য ব্যতীত অপর কাহাকেও বলিবে না। কাটোয়া প্রামে প্রীকেশব ভারতী অবস্থিতি করিতেছেন, আমি স্থির করিয়াছি, তিনিই আমাকে সন্ন্যাস্দিবেন।"

শুভাশুভ কোন ঘটনাই কাল প্রতীক্ষা করে না, একদিন ছই দিন করিয়া ঐ সর্ব্বনাশক ছুর্দিন আদিয়া উপস্থিত হইল। সয়াদ গ্রহণের পূর্ব্বরাত্রে প্রভূতোজন করিয়া আপন শয়ন গৃহে যাইয়া শয়ন করিলেন। দেহ হইতে প্রাণ বহির্গত হইবার সময় দেহের বেরূপ অবস্থা হয়, ঐ রাত্রিতে শচীদেবীর ও ঠিক তত্রপ অবস্থা হয়য়াছিল। প্রাণাধিক প্রিয়পুত্র জন্মের মত তাঁহাকে পরিভাগে করিয়া যাইবেন, স্কুতরাং মর্মভেদী যাতনায় মৃতপ্রায় হইয়া শচীদেবী বাটীর ছারদেশে পড়িয়া রহিলেন।

রাত্রি চারি দণ্ড অবশিষ্ট থাকিতে গৌরাঙ্গ শ্যা পরিত্যাগ করিয়া বাহিরে আসিয়া দেখেন, জননী অচেতনাবস্থায় তথায় পতিত রহিয়াছেন। এইবার গৌরাঙ্গের প্রাণ কাঁদিল, তিনি ধীরে ধীরে তাঁহাকে তুলিয়া বসাইলেন। অনস্তর আপনি জন-নীর পার্শ্বে বিষয়া তাঁহার কর ধারণপূর্বক অতি করুণস্বরে বলিলেন "মা, আমি অনস্ত কালেও তোমার ঝণ পরিশোধ করিতে পারিব না।"

> "শুন মাতা ঈখরের অধীন সংসার। স্বতন্ত্র হইতে শক্তি নাহিক কাহার॥

সংযোগ বিয়োগ যত করে সেই নাথ। তান ইচ্ছা বুঝিবারে শক্তি আছে কাত॥ দশ দিনান্তরে বা কি এখনেই আমি। চলিবাঙ কোন চিস্তা না করিহ তুমি॥ ব্যবহার প্রমার্থ যতেক তোমার। সকল আমাতে লাগে সব মোর ভার॥ বুকে হাত দিয়া প্রভু বলে বার বার। তোমার দকল ভার আমার আমার ॥ যত কিছ বলে প্রভু শচী সব ভনে। উত্তর না করে কান্দে অঝোর নয়নে॥ পৃথিবী স্বরূপা হৈলা শচী জগনাতা। কে বৃথিবে ক্ষের অচিন্তা লীলা কথা। জননীর পদধলি লই প্রভু শিরে। প্রদক্ষিণ করি তবে চলিলা সতবে ॥ চলিলেন বৈকুণ্ঠ নায়ক গৃহ হইতে। সন্নাস করিয়া সব জীব উদ্ধারিতে ॥"

শ্ৰীচৈঃ ভা:—

গৌরাঙ্গ কবে গৃহত্যাগ করিবেন, তাহা ভক্তগণের মধ্যে অনেকেই জানিতেন না, তাঁহারা প্রাতঃকালে গঙ্গায়ান করিয়া প্রভুকে প্রণাম করিতে আদিয়া দেখেন, আই বহিদ্বারে অচেতনাবস্থায় পতিতা রহিয়াছেন। ভক্তদিগের প্রাণ চম্কিয়া উঠিল, তাঁহারা কাঁপিতে কাঁপিতে আইকে উঠাইয়া বাটীর অভ্যন্তরে লইয়া গিয়া তাঁহার নিকট সম্দয় অবগত হইলেন। চারি দিক হইতে ক্রেলন ধ্বনি উঠিল, ভক্ত পরিবার যিনি যথায়

ছিলেন, অবিলয়ে শচী ভবনে আসিয়া উপস্থিত হইলেন। পূর্বে বাঁহারা গৌরাঙ্গের দেষ করিতেন, এক্ষণে তাঁহার গৃহত্যাগ সংবাদ পাইয়া তাঁহারাও তঃথ প্রকাশ করিতে লাগিলেন। স্ত্রীগণ বিষ্ণুপ্রিয়া দেবী এবং শচী দেবীকে নানাবিধ প্রবাধ বাক্যে সান্থনা করিতে লাগিলেন, কিন্তু কে কাহাকে প্রবোধ দিবে, গৌর বিরহে সকলেই কাঁদিয়া আকুল হইলেন। নদীয়া-বাদী আবাল বৃদ্ধ বনিতা সকলেই ক্রন্দন করিতে থাকিলে, বোধ হইল যেন, নদীয়ালক্ষী মূর্ত্তিমতী হইয়া গৌর বিচ্ছেদে কাঁদিতেছেন।

প্রথম পরিচ্ছেদ সমাপ্ত।

## দ্বিতীয় পরিক্ছেদ।

গৌরাক শ্যা পরিত্যাগ পূর্বক বাহিরে আসিয়া আইকে সাজনা পূর্বক প্রজান করিলে, বিষ্ণু-প্রিয়া দেবী নিজা ভক্তে কি করিলেন, তাহা ঠাকুর লোচন দাস বর্ণন করিয়াছেন যথা:—

> "এথা বিষ্ণু-প্রেরা, চমকি উঠিরা, পালকে ব্লার হাত। প্রেভুনা দেখিরা, উঠিল কাঁদিরা, শিরে মারে ক্রাঘাত॥

মুই অভাগিনী, সকল রজনী,
ভাগিল প্রভুরে লইয়া ॥
প্রেমেতে বাঁধিয়া, মোরে নিদ্রা দিয়া,
প্রভু গেল পলাইয়া ॥
কাঞ্চন নগর, গেলা বিশ্বস্তর,
ভীব উদ্ধারিবার তরে।

এ দাস লোচন, দগধহে মন,
শচী না পাইল দেখিবারে।''

ভক্তগণ গলামান করিয়া প্রভুকে প্রণাম করিতে আদিলে যেরূপ ঘটনা হইয়াছিল, তাহা শ্রীবাস্থ ঘেষ বর্ণন করিয়াছেন। যথা:—

সকল মহাস্ত মেলি, সকালে দিনান করি, আইল গৌরাঙ্গ দেখিবারে। গৌরাঙ্গ গিয়াছে ছাড়ি, বিফু-প্রিয়া আছে পড়ি,

শচী কাঁদে বাহির ছয়ারে।।
শচী কছে শুন মোর নিতাই গুণমণি।

কেবা আসি দিল মন্ত্ৰ, কে শিখাইলে কোন তন্ত্ৰ,

किवा रहेन किছूरे ना खानि।

গৃহ মাঝে শুয়ে ছিত্ন, ভাল মন্দ না জানিত্ব কিবা করি গেলরে ছাডিয়া।

কিবা নিঠুরাই কৈল, পাঁথারে ভাসায়ে গেল রহিব কাহার মুখ চাঞা 🗗

বাস্থদেব ঘোষ ভাষা, শচীর এমন দশা,

মরা হেন রহিল পড়িয়া।

শিরে করাঘাত মারি,

नेभान (प्रथाय ठाति,

গোরা গেল নদীয়া ছাড়িয়া।।

গোরাঙ্গ গৃহত্যাগ করিয়া কাঞ্চন নগরে (কাটোয়া) উপত্বিত হইলে. নিতানিন্দ এবং চক্রশেধর আচার্য্য প্রভৃতি সময়মতে
তাঁহার সহিত মিলিত হইলেন। কেশব ভারতী ইতিপূর্ব্বে
একবার নবন্ধীপে গিয়াছিলেন, সেই সময় গৌরাঙ্গ তাঁহার নিকট
সম্যাদ গ্রহণের প্রস্তাব করেন; স্কৃতরাং ভারতীকে এবার
আর কিছু জানাইতে হইল না, তিনি গৌরাঙ্গকে দেখিবামাত্রেই
তাঁহার অভিপ্রায় ব্বিলেন। অনস্তর গৌরাঙ্গ ভারতীকে
প্রধান করিয়া সকলের সহিত উপবেশন করিলেন।

"কাঞ্চন নগরে এক বৃক্ষ মনোহর।

স্বরধুনী তীরে ছায়া শীতল স্থলর॥

তার তলে বদিলেন গৌরাঙ্গ স্থলর।

কাঞ্চনের কাস্তি জিনি দীপ্তি কলেবর॥

নগরের লোক ধায় যুবক যুবতী।

সতী ছাড়ে নিজ পতি ষপ ছাড়ে ষতি॥

কেহ বলে এ নাগর মেই দেশে ছিল।

সে দেশে প্রুষ নারী কেমনে বাঁচিল॥

কেহ বলে নিজ নারীর গলে পদ দিয়া।

এমেছেন জননীর পরাণ বধিয়া॥

হেন কালে কেশব ভারতী মহামতি।

দেখিয়া তাঁইারে প্রভু করিল প্রণতি॥

রক্ষানা কর গোসাঞি দেহ ভক্তিবর।

বাস্থাবে ঘাষ কহে মুণ্ডে পড়িল বজর॥"

ভারতীকে প্রদান করিয়া গৌরাঙ্গ চক্রশেশর আচার্য্যের প্রতি সমুদ্র আয়োজনের ভার অর্পণ করিলেন। আচার্য্য রত্ন প্রভুর মেসো, শচী দেবীর ভিগিনী-পতি, তিনি ভাবিলেন আমা কর্তৃক এই কার্য্য হইলে আমি বাটী ঘাইয়া বিষ্ণু-প্রিয়া বধ্মাতাকে কি বলিয়া মুখ দেখাইব ? আর শচী দেবীকেই বা কি বলিব ? কিন্তু গৌরাঞ্চের আদেশ লজ্মন করিতে কাহারই স্যুমর্থ্য ছিল না, স্কতরাং আচার্য্য-রত্ন অগত্যা তাঁহাকে নিয়োগানুগারে কার্য্য করিতে উদ্যোগী হইলেন।

গৌরাক ১৪০৭ শকের ফান্ত্রী পূর্ণিমা তিথিতে অবতীর্ণ হইয়া ২৪ বৎসর নবছীপে লীলা করেন, এবং ১৪০১ শকের মাঘ মাদে সন্ন্যাস প্রহণ করেন। তিনি কেশব ভারতীর নিকট আগমন করিলে কাটোয়া-বাসী নর নারী তাঁহার অলৌকিক রূপ-লাবণ্যে মোহিত হইয়া কথোপকথন করিতে লাগিলেন, "আহা, কেশব ভারতী কোন্ প্রাণে এমন সোণার বরণ যুবা পুরুহকে সন্মাস দিবেন ? আমাদিগের ইচ্ছা হইতেছে যে, এখনই ইহাঁকে ইহাঁর পিতা মাতার নিকট লইয়া যাই। বোধ হয় ইহাঁর পিতা বর্ত্তমান নাই, তাহা হইলে তিনি কখনই চুপ করিয়া থাকিতে গারিতেন না, এতক্ষণ এখানে ছুটিয়া আসিতেন।"

সন্থানের সমৃদ্র আয়োজন শেব হইলে গৌরাজের মন্তক
ম্ওন করিবার জন্ত নাপিতকে আহ্বাল করা হইল। নাপিত
প্রভ্র ভ্রনমোহন রূপে মোহিত হইয়া তাঁহার মন্তক স্পর্শে
সাহদ করিল না। অনন্তর গৌরাল ঋধুর বাক্যে পুনঃ পুনঃ
অহরোধ করিলে, নাপিত কাঁদিতে কাঁদিতে বলিল "ঠাকুর!
তোমাকে সামান্ত মহুষ্য বলিয়া বোধ হইতেছে না; যে হস্ত

দারা তোমার মন্তক স্পর্শ করিব, সেই হস্ত দারা অপর কাহার পাদস্পর্শ করিলে আমার অনস্ত নরক হইবে, অতএব আমি তোমার মস্তক মুগুন করিতে পারিব না।" তথন গৌরাঙ্গ সেই মধু নাপিতকে বলিলেন, "তুমি অবিলম্বে ক্ষোরকার্য্য সমাধা কর, তোমাকে আর কধন ঐ কার্য্য করিতে হইবে না। আমি আশীর্কাদ করিতেছি, তোমার বংশে কথন অয়ক্ট থাকিবে না।"

ক্ষোর কার্য্য সমাধা হইরা গেলে, গোরাঙ্গ গঙ্গাস্থান করিয়। ভারতীর নিকট উপস্থিত হইরা বলিলেন, "কোন মহাজন স্বপ্নে আমাকে একটি মন্ত্র বলিয়া দিয়াছেন, আপনি উহা প্রবণ করুন।" এই বলিয়া অগ্রে ভারতীর কর্ণে সয়্ল্যাস্থ্যন্ত্র প্রদান করিলেন।

"প্রভু কহে স্বপ্নে মোরে কোন মহাজন।
কর্ণে সন্ন্যাসের মন্ত্র করিল কথন ॥
ব্ব দেখি তাহা তুমি হর কিবা নহে।
এত বলি প্রভু তার কর্ণে মন্ত্র কহে॥
ছলে প্রভু কুণা করি তারে শিষ্য কৈল।
ভারতীর চিত্তে মহা বিশ্বর জ্মিল।
ভারতী বলেন এই মহামন্ত্র বর।
ক্ষেত্রের প্রাসাদে কি তোমার অ্বগোচর।।
প্রভুর আ্রান্তার তবে কেশব ভারতী।
মনে মনে ঌিস্তিতে লাগিল মহামতি॥
চতুর্দিকে হরিনাম স্থমঙ্গল ধ্বনি।
সন্ন্যাস করিলা বৈকুঠের চুড়ামণি॥

পরিলেন অরুণ বসন মনোহর। তাহাতে হইলা কোটি কন্দর্প স্থন্দর॥'' খ্রীচঃ ভাঃ—

"মুড়াইয়া চাঁচর চুলে, স্লান করি গঙ্গাজলে, বলে দেহ অঞ্গ বসনঃ

গৌরাঙ্গের বচন, শুনিয়া ভক্তগণ, উচ্চে: পরে কবছে বোদন॥

অকণ ছই থানি কালি, ভারতী দিলেন আমনি, আরু দিল একটি কৌপিণ।

মন্তকে পরশ করি, পরিলেন গৌরহরি, আপনাকে মানে অতি দীন।

তোমরা বান্ধব মোর, এই আশীর্কাদ কর, নিজকর দিয়া মোর মাথে।

कतिलाभ मन्नाम, नाइ (यन छेपराम,

ব্ৰজে যেন পাই ব্ৰন্থ ॥

এত বলি গৌররায়, উর্দ্ধ করি ধায়,
দিক বিদিক নাহি মনে।

ভক্ত জনা পাছেপাছে, লোটায়ে লোটায়ে কান্দে, বাস্থ ঘোষ হাকান্দ কান্দনে ॥"

কেশব ভারতী গৌরাঙ্গকে সন্ন্যাস প্রদান করিয়া তাঁহার কি নাম রাখিবেন, চিস্তা করিতে লাগিব্রলন। অনস্তর দেবী বাগাদিনী ভারতী ভিহ্নায় অধিষ্ঠান পূর্বক 'প্রীকৃষ্ণ চৈত্ত্ত' এই ত্রিভ্বন বিজয়ী জগনাঙ্গল নাম ব্যক্ত করিলেন। গৌরাঙ্গ সন্ন্যাস গ্রহণ করিয়া গুরুকে প্রণাম পূর্ব্বক তাঁহার অহমতি লইয়া বুলাবন অভিমুখে ছুটিলেন।

প্রভুর বাহুজ্ঞান নাই, মুথে কেবল এই শ্লোকটি বলিতেছেন, আরু যদৃহহাগমন করিতেছেন 1

"এতাং সমাস্থায় পরাত্মনিষ্ঠা মুপাসিতাং পূর্বত নৈর্মহন্তিঃ। অহন্তরিধ্যামি দুরন্তপারং, তমামুকুন্দাংগ্রিনিষেবহৈয় ॥" শুমুছাঃ ১১ স্থঃ ২০ অঃ ৫০ শ্লোকঃ।

প্রভু দিক্বিদিক্ জ্ঞান শূন্য হইয়া চলিতেছেন, তাঁহার
পশ্চাতে নিত্যানন্দ, আচার্য্যরত্ব এবং মুকুল এই তিন জন
কাঁদিতে ২ যাইতেছেন। প্রভু প্রথমে বৃদ্ধাবন অভিমুথে পশ্চিম
দিকে যাইতেছিলেন, কিয়দ্বুর গমন করিয়া পূর্বমুথে ফিরিলেন।
তাঁহাকে অদেশভিমুথে ফিরিতে দেখিয়া নিত্যানন্দ আচার্য্য
রত্বকে বলিলেন, ''আপনি অবিলম্পে নদীয়ায় গমন করুন; তথা
হইতে আইকে এবং ভক্ত বৃদ্ধকে সমভিব্যাহারে লইয়া শান্তিপুর
অবৈত আচার্য্যের গৃহে যাইবেন, আমি যে কোন প্রকারে হউক
প্রভুকে তথায় লইয়া যাইতেছি।''

আচার্য্যরত্ব নবদ্বীপে প্রত্যাগমন করিলে ভক্তগণে তাঁহার
নিকট প্রভ্র সন্নাস গ্রহণ সংবাদ অবগত হইয়া হাহাকার
করিয়া উঠিলেন : প্রসমন্ত্রের ছইটি পদ নিমে দেওয়া হইল, উহা
পাঠ করিলে সকলে বৃদ্ধিতে পারিবেন যে, গৌরাঙ্গ সন্নাস গ্রহণ
করিলে ভক্তগণের হৃদ্ধু কিন্তুপ ব্যথিত হইয়াছিল।

"কিলাগিয়া দণ্ডধরে, অরুণ বসন পরে, কিলাগিয়া মুড়াইল কেশ। कि नाशिया मूथहाँ एक, बाधा बाधा विन काँ एक. কি লাগিয়া ছাডিল নিজ দেশ।। শ্রীবাদের উচ্চরায়, পাষাণ মিলায়ে যায়, গদাধর না জীয়ে পরাণে। বহিছে তপত ধারা, যেন মন্দাকিনী পারা, মুরারির এ ছই নয়নে। সকল মহান্ত ঘরে, বিধাতা বুঝাইয়া ফিরে, তবু স্থির নাহি হয় কেহ। জলস্ত অনল হেন, রমণী ছাডিল কেন. কি লাগি ত্যজিল তার লেহ। কিকব ছঃথের কথা, কহিতে মরমে ব্যথা, না দেখি বিদরে মোর হিয়া। দিবা নিশি নাহি জানি, বিরহে আকুল প্রাণি, বাস্থ ঘোষ পডে মুরছিয়া॥" হেদেরে নদীয়া বাসী কার মথ চাও। বাত প্রারিয়া গোরা চাঁদেরে ফিরাও। তো সবারে কে আর করিবে নিজ কোরে। কে চাহিয়া দিবে প্রেম দেখিয়ে কাভরে॥ কি শেল হিয়ায় হায় কি শেল হিয়ায়। নয়ন পুতলি নবদীপ ছাডি যায়॥

নয়ন পুতলি নবদ্বীপ ছাড়ি যায়।
আর না যাইব মোরা গৌরাঙ্গের পাশ।
আর না করিব মোরা কীর্ত্তন বিলাদ।
কাঁদয়ে ভকতগণ বুক বিদারিয়া।
পাষাণ গোবিদ বোষ না যায় মরিয়া।

প্রভ্র সন্ত্রাস গ্রহণ সংবাদ পাইয়া বিষ্ণুপ্রিয়া দেবী গৃহ মধ্যে বিলাপ করিতে লাগিলেন; তিনি স্থির করিলেন, "এইবার আমি পথের কাঙ্গালিনী হইলাম, আমার সমুদয় জীবনের স্থথ চির-কালের জন্ম জুরাইল।"

"কান্দে দেবী বিষ্ণুপ্রিয়া, নিজ অঙ্গ আছাড়িয়া, লোটায়ে লোটায়ে ক্ষিতি তলে। ওহে নাথ কি করিলে. পাথারে ভাসায়ে গেলে, একা মুই এ ভূবনমণ্ডলে। এ ঘর জননী ছাড়ি, মুই অনাথিনী এড়ি, कांत्र (वाटन कतिरन मनारम । (तर्म छनि त्रधुनाथ, जानकी लहेशा नाथ, তবে সে করিল বনবাস। পূরবে নন্দের বালা, যবে মধুপুরে গেলা, এডিয়া সকল গোপীগণে। উদ্ধবেরে পাঠাইয়া, নিজ তত্ত্ব কানাইয়া, রাখিলেন তা স্বারে প্রাণে॥ **हाँ मुथ ना (मिथिव, आंत श्रम ना (मिविव,** না করিব সে স্থ বিলাস। এ দেহ গঙ্গায় দিব, তোমার অরণ নিব, বাসুর জীবনে নাহি আশ ॥''

বিষ্ণু প্রিয়া দেবী যথন জানিতে পারিলেন কাটোয়ায় যাইয়া প্রভুকেশব ভারতীর নিকট সন্ন্যাস গ্রহণ করিয়াছেন, তথন বিলাপ করিয়া কি বলিতেছেন, তৎসগদ্ধে শ্রীবাস্থ ঘোষের একটি পদ আছে। যথা:— "এ নৰ যৌবন কালে, মুড়াইরা চাঁচর চুলে,
না জানি সাধিল কোন্ সিজি।

কি ছার পুরাণ দে, পশুবং পণ্ডিত যে,
গৌরাল সন্মাস দিল বিধি॥

অক্র আছিল ভাল, রাজ বোলে লয়ে গেল,
রাধিল সে মধুরা নগরী।

নিতি লোক জাইসে যায়, তাহাতে সম্বাদ পায়,
ভারতী করিল দেশান্তরী॥

এত বলি বিফুপ্রিয়া, মরমে বেদনা পায়া,
ধরনীরে মাগয়ে বিদার।

বাহুদেব ঘোষ কয়, মো সমান পামর নয়,
তবু ছিয়া বিদ্বের আমার॥"

গৌরাঙ্গ গৃহ ত্যাগ করিলে তাঁহার শত শত ভক্ত প্রতাহ আইকে সান্ধনা করিতে যাইতেন। এ দিকে মালিনী দেবী অন্থায়া ভক্ত মহিলাদিগকে সঙ্গে লইয়া সর্ব্বদাই বিষ্ণুপ্রিয়া দেবী এবং আইকে শুশ্রুষা করিতে আরম্ভ করিলেন। অনেক ভক্ত পরিবার রাত্রিতেও প্রভূর গৃহে বাস করিতেন। বিষ্ণু-প্রিয়া দেবী ও আই এক দণ্ডের জন্মও সঙ্গ ছাড়া থাকিতেন না বটে, কিন্তু যেরূপ প্রজ্ঞালিত আগ্লি কোন বাধা বিল্ল মানেনা, সেইরূপ অতিভীষণ গৌর বিরহানল ভক্তগণের বিবিধ সান্ধনাবাত্য এবং সঙ্গর ব্যবহারে প্রশমিত না হইয়া জীবনের সহিত্ব তাহাদিগের সর্ব্বাঞ্চল করিতে লাগিল। ঐ সময়ের একটি পদ, যথা:—

"যে দিন হইতে গোরা ছাড়িল নদীয়া। তদবধি আহার ছাড়িল বিঞ্প্রিরা॥
দিবা নিশি পিয়ে গোরা নাম হুধাধনি। কভু শচীর অবশেষে রাথরে পরাণী॥
বদন তুলিয়া কার মুথ নাহি দেখে। ছই এক সহচরী কভু কাছে থাকে॥
হেন মতে নিবসয়ে প্রভুর ঘরণী।
গোরাক বিরহে কান্দে দিবস রজনী॥
প্রবোধ করিলে কেহ কহে তারে কথা।
প্রেম দাস হৃদয়ে রহিয়া গেল ব্যথা॥"

প্রভূপ শিচম দিক ত্যাগ করিয়া পূর্বাদিকে চলিতেছেন, পথে কতকগুলি রাথাল বালক তাঁহাকে দেখিয়া 'হরি বোল হরি বোল' বলতে লাগিল। বালকদিগের মূথে 'হরি বোল' শুনিয়া প্রভূত অমনই তাহাদিগের নিকটে বাইলেন, তংগরে তাহাদিগের মতকে প্রীহস্ত অর্পণ করিয়া বলিলেন, "ভাই সকল, তোমনা আমাকে হরি নাম শুনাইয়া কৃতার্থ করিলে।'' এই অবকাশে নিত্যানক প্রভূত তাহাদিগকে শিথাইয়া রাখিলেন যে, "প্রভূতোমাদিগকে বুকাবনের পথ জিজ্জাসা করিলে, তোমরা তাঁহাকে গঙ্গাতীরে যাইবার পথ দেখাইয়া দিবে।''

"তবে প্রভূ পুছিলেন শুন শিশুগণ। কহ দেখি কোন্ পথে যাব বুলাবন॥ শিশু সব গঙ্গাতীর পথ দেখাইল। সেই পথে আবেশে প্রভূ গমন করিল ॥"

এটে: তা:--

নিত্যানন্দ বালক দিগকৈ শিক্ষা দিয়া আপনি সেই পথে অগ্রসর হইলেন, অনস্তর গৌরাঙ্গ তথায় আগমন করিয়া জিজ্ঞাস। করিলেন, "প্রীপাদ, তুমি কোথায় যাইবে ?" নিত্যানন্দ বলিলেন, "তোমার সঙ্গে মুন্দাবন যাইব।" তথন প্রভু কহিলেন, "কুনাবন আর কত দ্বে আছে, বলিতে পার ?" নিত্যানন্দ ভাগীরথীকে দেখাইয়া বলিলেন, "ঐ দেখ! প্রীষ্মুনা দেখা যাইতেছে।" প্রভু গঙ্গাতীরে আসিয়া গঙ্গাকে যমুনা বোধে তব করিতে লাগিলেন।

''চিদানন্দভানোঃ সদানন্দস্নোঃ, পরপ্রেমপাত্রী দ্রবৎত্রহ্মগাত্রী। অহানাং লবিত্রী জগৎক্ষেম ধাত্রী, পবিত্রী ক্রিয়াম্মো বপুর্মিত্রপুত্রী॥'' ( চৈত্ত্যচক্রোদয় নাটকে ৫ অং, সপ্তমান্ধ্রত প্রপুরাণং )

প্রভূষমূনা ন্তব পাঠ করিয়া স্লান করিলেন। ইতি মধ্যে অবৈত আচার্য্য নৌকাষোগে তথায় আগমন করিয়া তাঁহাকে প্রণাম করিয়। বলিলেন, "প্রভা, আপনি স্লান করিয়াছেন, কিছে দিতীয় কৌপীন বহির্বাস নাই দেখিয়া এই আমি আপনার জন্ম কিল লইয়া আসিলাম, পরিধান ককন।"

অহৈত আচাধাকে দেখিয়া প্রভু বিস্মিত হইয়া জিজাফা করিলেন, "তুমি কিরপে জানিলে যে, আমি হৃদাবনে আসি-য়াছি ?"

> ''তুমিত আচাৰ্য্য গোসাঞি এথা কেনে আইলা, আমি বুন্দাৰনে তুমি কেমতে জানিলা॥'' শ্ৰীচৈঃ চ:—

অধৈত আচার্য্য বনিলেন, "প্রতো, তুমি যথায় অবস্থিতি করিবে সেই স্থানই বৃদাবন; অদ্য আমার শুভাদৃষ্ঠ ক্রমে তুমি গঙ্গাতীরে আগমন করিয়াছ, এ যমুনা নহে।" তথন মহাপ্রভূব্ বিলেন, যে নিত্যানন্দই তাঁহাকে ছলনা করিয়া এই স্থানে আনমন করিয়াছেন।

"প্রভূ কহে নিত্যানন আমারে বঞ্চিলা। গঙ্গাকে আনিয়া মোরে যম্না কহিলা॥ আচার্য্য কহে মিথ্যা নহে শ্রীপাদ বচন। যম্নাতে স্থান তৃষি করিলা এখন॥ গঙ্গান্ন যম্না বহে হঞা এক ধার। পশ্চিমে যম্না বহে পূর্ব্বে গঙ্গাধার॥ পশ্চিম ধারে গঙ্গা বহে তাহে কৈলে স্থান। আচ কৌপীন ছাড়ি উক্কর পরিধান॥"

শ্ৰীচে: ভা:—

প্রভূকে পীন বহির্কাস পরিধান করিলে, অবৈত আচার্য্য বলিলেন, "অন্য চারি দিবস তুমি উপবাসী আছ, অতএব কুপা করিয়া আমার বাড়ীতে চল, অদ্য তথায় ভিক্ষা করিবে।" এই বলিয়া সকলে প্রভূকে অগ্রে করিয়া নৌকারোহণ করিলেন।

বিতীয় পরিচেছ দ সমাপ্ত।

## তৃতীয় পরিচ্ছেদ।

অধৈত আচার্য্য বাটী আদিয়া দেখিলেন, সীতা দেবী সম্নয়
প্রস্তুত্ত করিয়া রাখিয়াছেন। গৌরাঙ্গ তাঁহার অতি প্রিয় ভক্
হরিদাস এবং মুকুল্দকে আচার্য্য গৃহে উপস্থিত দেখিয়া প্রীত চিত্তে তাঁহাদিগকে আলিঙ্গন করিলেন। তদনস্তর ভোজনের সময় হইয়াছে দেখিয়া অধৈত আচার্য্য, নিত্যানন্দ এবং মহা-প্রভুকে বাটার অভ্যন্তরে লইয়া গেলেন।

"আচার্য্য কছে বৈদ দোঁহে পিঞ্টার উপরে।

এত বলি হাতে ধরি বদাইল ছহাঁরে॥

প্রভু কহে দল্লাদীর ভক্ষা নহে উপকরণ।
ইহা থাইলে কৈছে হবে ইন্দ্রিয় বারণ॥
আচার্য্য কহে ছাড় তুমি আপনার চুরি।
আমি জানি তোমার সন্ন্যাদের ভারিভুরি॥
ভোজন করহ ছাড় বচন চাতুরী।
প্রভু কহে এত অন্ন থাইতে না পারি॥
আচার্য্য বলে অকপটে করহ আহার।
যদি থাইতে না পার রহিবেক আর॥
প্রভু বলে এত অন্ন নারিব থাইতে।
সন্ন্যাদীর ধর্ম নহে উদ্ভিষ্ট রাখিতে॥
আচার্য্য বলে নীলাচলে খাও চৌয়ান বার।
একবারে অন্ন খাও শত শত ভার॥

তিন তিন জনার ভক্ষ্য পিগু ভোমার এক গ্রাস।
তার লেখার এই অন্ন নহে পঞ্জাস।
নোর ভাগ্যে মোর ঘরে তোমার আগমন।
ছাড়হ চাতুরী প্রভু করহ ভোজন।
এত বলি জল দিশ হুই গোসাঞ্জির হাতে।
হাসিয়া লাগিল ছুইে ভোজন করিতে।
শীচিঃ চঃ—

ভোজন সমাপন করিয়া মহাপ্রভু বাহিরে আসিয়া বসিলোন; ক্রমে এক জন ছুইজন করিয়া শান্তিপুর বাদী দকলে ভাহার দর্শনার্থ আগমন করিতে আরম্ভ করিল। অপরাক্তে অবৈত আচার্য্যের বাটী লোকারণ্য হইয়া গেল, বাটাতে স্থান নাহওয়ায় অনেক লোক গৌরাঙ্গের ভুবন মেহেন রূপ দর্শনাভিনামে পথে দাঁড়াইয়া রহিল! সন্ধা অতীত হইল, তথাপি লোকের ভিড় কমিল না দেখিয়া অবৈত আচার্য্য কীর্ত্তন আরম্ভ কবিলেন! আচার্য্যের আদেশনতে মুকুক্ত এই পদটি গাইতে লাগিলেন, বথাঃ—

"কি কহিব রে সথি আজ আনন ওর।

চির দিনে মাধব মন্দিরে মোর॥ জ ॥''

মুকুনের মধুর গীত শ্রবণ করিয়া মহাপ্রভু অধৈগ্য হইলে,
মুকুন অপর একটি পদ আরম্ভ করিলেন, যথা—

''হাহা প্রাণ প্রিয় সথি কিনা হৈল মোরে। কান্তু প্রেম বিষে মোর তন্তু মন জ্বরে। জ্ব। রাত্রি দিন পোড়ে মন সোরাস্থ্য না পাঞি। যাহাঁ গেলে কান্তু পাঙ তাহা উড়ি যাঞি॥' "বোল বোল বলে প্রভু আনন্দ বিহবল।
বুঝন না যায় ভাব তরঙ্গ প্রবল ॥
নিত্যানন্দ সঙ্গে বুলে প্রভুকে ধরিয়া।
আচার্য্য হরিদাস বুলে পাছেত নাচিয়া॥
এইমত প্রহরেক নাচে প্রভু রঙ্গে।
কভু হর্ষ কভু বিষাদ ভাবের তরঙ্গে॥
পঞ্চনিন উপবাসে করিয়া ভোজন।
উদ্ধু নৃত্যেতে প্রভুর হৈল পরিশ্রমা॥
তব্ত না জানে শ্রম প্রেমারিই হঙা।
নিত্যানন্দ মহাপ্রভুকে রাখিল ধরিয়া॥
আচার্য্য গোসাই তবে রাখিল কীর্জন।
নানা সেবা করি প্রভুকে করান শ্রন সং

খ্রীচৈ: চঃ---

প্রদিন প্রাতঃকালে চক্রশেথর আচার্য্য শচীদেবীকে দোলা-রোহণ করাইয়া নবলীপের ভক্তগণ সমভিব্যাহারে অবৈত ভবনে আগমন করিলেন। মহাপ্রভু জননীকে দেখিবামাত্র সাষ্টাঞ্চে প্রণাম করিয়া তাঁহার পদধূলি মন্তকে লইলে, শচী দেবী তাঁহাকে ক্রোড়ে করিয়া নয়ন নীরে অভিষক্ত করিতে লাগিলেন।

প্রভ্ জননীকে ক্রন্দন করিতে দেখিয় মধুর সন্তাষণে কহি-লেন, "মা, তুমি কি নিমিত্ত কাঁদিতেছ ? আমি পুর্বের বেমন তোমার ছিলাম, একণে তেমনি তোমারই আছি। আমার এই দেহে যত দিন জীবন থাকিবে, তত দিন আমি তোমার সেই নিমাইই থাকিব, তবে তুমি কি হঃধে কাঁদিতেছ ? আমি সন্মানী হইয়াছি বটে, কিন্তু আমার সহস্র সহস্র শিষ্য স্বর্জা তোমার সেবা করিবে, তোমাকে কখন কোন বিষয়ের জন্য কষ্ট পাইতে হইবে না। একণে কামি আর গৃহে বাইতে পারিব না, কিন্তু তুমি সর্বাদাই আমার সংবাদ পাইবে এবং সময়ান্ত্র-সারে আমার দর্শন পাইবে।''

গোরাস্থ এইরূপে জননীকে পরিতৃষ্ট করিয়া প্রাণসম ভক্তদিগের সহিত মিলিত হইলেন। ভক্তগণ জীবন সর্কায় প্রভৃকে
পাইয়া আনন্দে বাহ তুলিয়া নৃত্য করিতে লাগিলেন; অনন্তর
প্রভু একে একে প্রত্যেক ভক্তকে আলিঙ্গন করিয়া তাঁহাদিগের
কুশন জিজ্ঞাসা করিলেন।

অবৈত আচার্য্যের আগ্রহে মহাপ্রভূ তাঁহার বাটাতে দশ
দিবদ বাদ করিয়া ভক্তবৃন্দ লইয়া কীর্ত্তনাদি করিলেন। তৎপরে
দকলে এক মত হইয়া শচীদেবীর দম্মতিক্রমে তাঁহাকে নীলাচলে বাদ করিতে অন্তরোধ করিলে, তিনি ঐ প্রস্থাবে দম্মত
হলেন। প্রভূর নীলাচলে অবস্থান অবধারিত হইল বটে,
কিন্তু ভক্তগণ যে হৃদয়দর্শবিশ্ব ধনকে এক দণ্ড না দেখিলে
প্রলম্ম জ্ঞান করেন, তাঁহার স্থান্ধকাল বিচ্ছেদ কি প্রকারে
দ্বাহ্য করিবেন, এই চিন্তা তাঁহাদিগের হৃদয় ব্যথিত করিল।

প্রভু সকলকে সাস্থন। করিয়া বলিলেন, "তোমরা প্রতিবংসর আমাকে দেখিতে বাইবে, ইহা বাতীত তোমাদের ইচ্ছা হইলে আমিও মধ্যে মধ্যে গঙ্গালান উপলক্ষে এখানে আসিব। আহৈত আচার্য্য প্রতিবংসর তোমাদিগকে সমভিব্যাহারে লইয়া নীলাচল ঘাইবেন। ক্ষণে তোমরা আমাকে হুট চিত্তে বিদায় দাও, আমি আর অধিক দিন এখানে থাকিব না।" তদনস্তর প্রভু জননীর অন্থমতি লইয়া তাঁহাকে প্রণাম ও

প্রদক্ষিণ করতঃ, নিত্যানক জগদানক পণ্ডিত, দামোদর পণ্ডিত এবং মুকুল দত্ত এই চারি জন মাত্র সঙ্গে লইয়া নীলাচল অভিমুখে যাতা করিলেন।

> "নিরপেক্ষ হঙা প্রভু শীদ্র চলিলা। কান্দিতে কান্দিতে আচার্য্য পশ্চাৎ চলিলা॥ কতদ্র গিন্ধা প্রভু করি বোড় হাত। আচার্য্য প্রবোধি কিছু কহে মিষ্ট বাং॥ জননী প্রবোধ কর ভক্ত সমাধান। ভূমি ব্যথ হটলে কার না রহিবে প্রাণ॥ এতবলি প্রভু তাঁরে করি আলিঙ্গন। নিবর্ত্ত করিয়া কৈল স্বচ্ছন গমন॥"

> > শ্রীকৈ: চঃ--

মহাপ্রভূ নীলাচল চল্লের শ্রীমুথ দর্শন জন্ম বাকুল চিত্ত হইরা ছত্রভোগ পথে গমন করিলেন। ঐ সময় বাকালার যবন অধিপতির সহিত কটকের রাজার বিবাদ চলিতেছিল, এই কারণে নীলাচলের পথ বড় নিরাপদ ছিল না; কিন্তু কোন প্রকার বিদ্বই নবদীপ চল্লের গতি রোধ করিতে সমর্থ ইইল না। শ্রীগৌরাক্ষ নিত্যানন্দ প্রভৃতি চারি জন ভক্ত সম্ভিব্যাহারে নিরাপদে রেম্ণার পেঁছিলেন। তথার ক্ষীর চোরা গোপীনাথের বিষয়ক্র ভক্তবাংসলোর কথা মুরণ হওরার প্রভু আনন্দে বিহ্বল হইরা শ্রীবিগ্রহ সম্মুথে নৃত্য করিতে লাগিলেন।

গোপীনাথের পাণ্ডাদকল প্রভ্র অলোকিক মধুর ভাবে মৃগ্ধ হইয়া তাঁহাকে ভক্তরন্দের সহিত অভিশর ষত্ন পূর্বাক অভ্যর্থনা করিলে প্রভূ দেই:রাত্রি তথার অবস্থিতি করিতে বাধ্য হইলেন। প্রত্যাহ সন্ধার সমন্ধ গোশীনাথের অমৃত কেলি' নামে ক্ষীর ভোগ হুট্যা থাকে; সেই অপূর্ব প্রানাদের উল্লেখ করিয়া প্রাভূ ভক্ত দিগকে কহিলেন, "গোশীনাথের যে জ্লন্ত ক্ষীর চোরা নাম হুট্যাছে সেই অপূর্ব কথা শ্রবণ কর।''

"একদা তিলোক পূজ্য শ্রীমাণবেক্স পুরী এই স্থানে আগমন করিয়াছিলেন। সন্ধ্যার সময় গোপীনাথের ক্ষীর ভোগ দেথিয়া পুরী মনে মনে ভাবিলেন এই ক্ষীরের আসাদন জানিতে পারিলে আমি বৃন্ধাবনে ধাইয়া গোপালের জন্য এইরূপ ভোগের ক্ষীর ব্যবস্থা করি। বৃন্ধাবনে গোপালের সেবা মাধ্বেক্স পুরী কর্ত্বক স্থাপিত হয়, স্কৃতরাং সেবা সমাধানের ভার তাঁহারই হস্তে অপিত ছিল।

অ্যাচিত বৃত্তি মাধবেক্সপুরীর ক্ষীর আসাদনের ইচ্ছা হইলেও তিনি কাহার নিকটে উহা ব্যক্ত করিলেন না। ক্ষীর ভোগ হইয়া গেলে প্যারতি আরম্ভ হইল; মাধবেক্স আরতি দর্শন করিয়া প্রেমার্স্র চিত্তে গোপীনাথ চরণে প্রণাম করিয়া মন্দিরের বাহিরে গ্রমান করিলেন।

ভক্তবংসল গোপীনাথ ভক্তের বাসনা পূর্ণ করিবার জন্য পূজ্রীদিগকে মোহিত করিয়া এক কটরা অমৃত কেলি ক্ষীর আপন পীতধড়ার অঞ্চলে নুকাইয়া রাখিলেন। তদনস্তর পূজারী নিদ্রিত হইলে, তাঁহাকে স্বপ্নে আদেশ করিলেন, ''এক কটরা ক্ষীর আমি ধড়ার অঞ্চলে রাখিয়াছি, উহা লইয়া এখনই মাধ্বেক্র পূরীকে প্রদান কর। মাধ্বেক্র পুরী গ্রামের হাটচালায় বসিয়া কীর্ত্তন করিতেহেন, ভূমি তথার যাইয়া ভাঁহাকে ঐ ক্ষীর দিয়া আইস।'' "নিজ কতা করি পূজারী করিল শয়ন।
স্বলে ঠাকুর আদি বলিলা বচন ॥
উঠহ পূজারী কর দার বিমোচন।
ক্ষীর এক রাথিয়াছি সন্ন্যাসী কারণ ॥
ধড়ার অঞ্চলে চাকা ক্ষীর এক হয়।
তোমরা না জানিলা তাহা আমার মায়ায় ॥
মাধব পুরী সন্মাসী আছে হাটেতে বদিয়া॥
তাহাকেত এই ক্ষীর শীদ্র দেহ লঞা॥" ঐটচে: চঃ—

মহাপ্রভু বলিলেন, "পরম দয়াল গোপীনাথ ভক্তাগ্রগণ্য মাধবেক্স পুরীর জন্ম ক্রীর চুরি করিয়া ছিলেন বলিয়া সর্বলোকে উহাঁকে তদবধি ক্ষীর চোরা গোপীনাথ'' বলিয়া থাকে। প্রভুর কথা দাঙ্গ হইলে পূজারী বার কটরা ক্ষীর প্রদাদ আনিয়া তাঁহাকে প্রদান করিল। প্রভু তাঁহাদিগের জন্ম পাঁচ কটর। মাত্র রাথিয়া অপর সাত কটরা প্রজারীকে প্রত্যর্পণ করিলেন। গৌরাঙ্গ ভক্তগণের সহিত সেই রাত্রি গোপীনাথের মন্দিরে কীজনানন্দে অতিবাহিত করিয়া প্রদিন প্রাতঃকালে মঙ্গল আরতি দর্শন করিয়াতথাহইতে যাত্রা করিলেন। রেমুণা ও কটক এই উভয় স্থানের মধ্যস্থলে যাজপুর গ্রামে শ্রীবরাহ বিগ্রহ আছেন; মহাপ্রভু তথায় একরাত্রি যাপন করিয়া তৎপরে কটকে উপস্থিত হইলেন। তথার শ্রীসাক্ষী গোপাল দর্শন করিয়া প্রভ যারপর নাই আনন্দিত হইলেন। নিত্যানন্দ ইতিপুর্বে যথন তীর্থ পর্যাটন করেন, দেই সময় গোপালের বুতান্ত সমুদয় অবগত হইয়াছিলেন, এক্ষণে মহাপ্রভু কর্ত্তক পৃষ্ট হওয়ায় সেই সকল কথা বলিতে আরক্ত করিলেন।

নিত্যানল বলিলেন, "একদা ছই জ্বন ব্রাহ্মণ এক সঙ্গে তীর্থ দর্শনে বহির্গত হয়েন। তাঁহারা উভয়ে নানা তীর্থ ভ্রমণ করিয়া অবশেবে বৃল্ধাবনে উপস্থিত হইলেন। ছই ব্রাহ্মণের মধ্যে একজন বৃদ্ধ, অন্ত ব্যক্তি যুবা পুরুষ। যুবক ব্রাহ্মণ বৃদ্ধের বিস্তর দেবা ওক্রমা করিয়াছিলেন, এই জন্ত বৃদ্ধ এক দিবদ গোপালের মলিরে যুবা ব্রাহ্মণকে বলিলেন যে, 'আমি গোপালকে সাক্ষী রাথিয়া এই সত্য প্রতিক্তা করিতেছি বে, 'ভূমি তীর্থ পর্যাটন কালে আমার ব্যৱপ গুক্রমা করিলে, আমি কৃতজ্ঞতা স্বরূপ তোমার সহিত আমার কন্তার বিবাহ দিব। আমারা উভয়ে বাটা পৌছিলে এই শুক্ত কর্ম্ম সম্পন্ন হইবে।'

তদনস্কর উভয়ে বাটী পে ছিলে বড়বিপ্র তাঁহার পুত্রদিগের
নিকট উক্ত বিবাহের প্রস্তাব করিলেন। ছোট বিপ্রের
কৌলীস্থ মর্যাদা ছিল না বলিয়া বড় বিপ্রের পুত্রেরা বিবাহে
সন্মতি দিল না। বড় বিপ্র গোপালের সন্মুথে প্রতিজ্ঞা বদ্ধ
ইইয়াছিলেন, এক্ষণে উক্ত সত্য রক্ষা করিতে না পারিলে তিনি
অপরাধী ইইবেন, এই আশস্কা করিয়া ছোট বিপ্র গ্রামবাসী
কতিপয় ব্যক্তিকে মধাস্থ মানিয়া তাঁহাদিগের সাক্ষাতে বড়
বিপ্রের পুত্রনিগকে বলিলেন, 'তোমাদের পিতা রন্দাবনে
গোপালের সন্মুথে প্রতিজ্ঞা করিয়াছেন বে,আমাকে তাঁহার কন্তা
সম্প্রদান করিবেন। বড় বিপ্রের পুত্রেরা পিতাকে মধ্যস্থ সমীপে
''আমি প্রতিজ্ঞা করিয়াছি, এই কথা ঠিক স্মরণ হয় না'' এইরূপ
বলিতে শিধাইয়া দিলে, বদ্ধ প্রক্রপই বলিলেন।

হোট বিপ্র যথন ব্ঝিলেন, বড় বিপ্রকে প্রতিজ্ঞা ভঙ্গ অপরাধ হইতে রক্ষা করিবার অপর কোন উপায় নাই, তথন বলিলেন ''যদি গোপাল আসিয়া দর্জ সমক্ষে সাক্ষী দেন যে বড় বিপ্র তাঁহার সমূথে প্রতিজ্ঞা করিয়াছেন, তাহা হইলে তোমাদের আরু কোন সন্দেহ থাকিবে কি?''

ছোট বিপ্রের এইরূপ কথার সকলে কৌতূহলাকান্ত হইরা বলিলেন, 'বিদি গোপাল এধানে আসিয়া সাক্ষ্য দেন, তাহা হইলে বড় বিপ্র অবশ্য তোমাকে কল্পা সম্প্রদান করিবেন।'

''তবে সেই ছোট বিপ্র গেলা বৃন্দাবন।

দশুবৎ করি কহে সব বিবরণ॥

বহ্নগা দেব তুমি বড় দয়াময়।

ছই বিপ্রের ধর্ম রাথ হইয়া সদয়॥

কক্সা পাব মোর মনে ইহা নাহি স্থধ।

বাহ্মপের প্রতিজ্ঞা বায় এই বড় ছংখ॥

এত জানি তুমি সাক্ষা দেহ দয়ময়।

জানি সাক্ষা নাহি দেই তার পাপ হয়॥

রক্ষ কহে বিপ্র তুমি বাহ স্বতবন।

সভা করি মোরে তুমি করহ স্বরণ॥

জাবির্ভাব হঞা আমি তাহা সাক্ষা দিব।

তবে তুই বিপ্রের সত্য প্রতিজ্ঞা রাখিব॥"

ত্রীচৈঃ চঃ —

নিত্যানন্দ বলিলেন, "ভক্তবংশল গোপাল ছোট বিপ্লের প্রার্থনায় সাক্ষ্য দিয়াছিলেন বলিরা, উহাঁর নাম সাক্ষী গোপাল হইয়াছে।"

মহাপ্রভু ভক্তগণের সহিত সেই রাত্তি গোপালের মন্দিরে অবস্থিতি করিয়া পর দিন প্রাতঃকালে তথা হইতে গমন করি- লেন। কমল পুরে উপস্থিত হইরা মহাপ্রভু ভার্গ নদীতে স্থান দান পূর্বাক নিত্যানন্দের নিকট দণ্ড রাখিয়া কপোতেশ্বর দর্শন করিতে গমন করিলেন। নিত্যানন্দ প্রভু, মহাপ্রভুর অজ্ঞাত-সারে তাঁহার দণ্ড ভাঙ্গিয়া নদীতে ভাসাইয়া দিলেন। কপোতেশ্বর মহাদেব দশন করিয়া মহাপ্রভু যথন ফিরিয়া আসিলেন, তথন দণ্ডের কথা ভূলিয়া গিয়াছিলেন, তদনস্কর আঠার নালার নিকটবর্ত্তী হইয়া তিনি নিত্যানন্দের নিকট দণ্ড চাহিলেন।

নিত্যানল কহিলেন, "দৈববশতঃ দণ্ড গাছি ভাঙ্গিয়া গিয়াছে, ইহাতে আমি ভোমার নিকট অপরাধী হইয়াছি অতএব তোমার বেরূপ ইজা, আমাকে সেই মত দণ্ড দাও।" মহাপ্রজু ঈবৎ ক্রোধ প্রকাশ করিয়া বলিলেন, "তোমরা আমার যেরূপ হিতৈষী, তাহা বুঝিতে পারিয়াছি। আমি সর্কাশ্ব পরিত্যাগ করিয়াছি, এক গাছি দণ্ড মাত্র দখল ছিল, তাহাও তোমরা রাখিতে দিলে না? ভাল, হয় তোমরা অপ্রে যাও, না হয়, আমি অপ্রে যাই আমি তোমাদের সহিত একত্রে আর যাইব না।"

> "মুকুন দত্ত কহে প্রভু তুমি যাই আগে। আমি সব পাছে যাব না যাব তোমার সঙ্গে। এত শুনি প্রভু আগে চলিলা শীজগতি। বুঝিতে না পারে কেং ছই প্রভুর মতি॥ ইংহাঁ কেনে দণ্ড ভাঙ্গে তিহোঁ কেনে ভাগার। ভাগাইরা কোধে তিহোঁ এহোত দোষার।"

> > শ্রীচেঃ ভা:—

মহাপ্রভূ সঙ্গীদিগকে পরিত্যাগ করিয়া একাকী জ্বগলাথ দুর্শনে গ্যন করিলেন। মন্দিরে প্রবেশ করিয়া প্রীমূর্ট্টি দুর্শন করিবামাত্র প্রভু ভাবাবেশে জগরাথকে আলিঙ্গন করিতে উদ্যত হইরা মৃদ্ধিত হইলেন। বাহাশৃষ্ক হইরা অনেক ক্ষণ পড়িয়া থাকিলে জগরাথের পড়িছা প্রভুকে সচেতন করিতে উপক্রম করিল। দৈববোগে সেই সময় বাস্থদেব সার্রভৌম তথায় উপস্থিত হইয়া প্রভুকে তদবস্থ নিরীক্ষণ পূর্বক আপন লোক দারা বাটী লইয়া গেলেন। গৌরাস্কের ভুবনমোহন রূপ এবং অলোকিক প্রেম বিকার দর্শন করিয়া সার্বভৌম বিশ্বিত হইয়া তাঁহাকে অতি বত্ব পূর্বক পবিত্র শ্যোপরি রক্ষা করিলেন।

তৃতীয় পরিচ্ছেদ সমাপ্ত।

## চতুর্থ পরিচ্ছেদ।

নিত্যানন্দ প্রভৃতি মহাপ্রভৃত্ত অনেক পশ্চাতে ছিলেন, তাঁহারা খ্রীমন্দিরে উপস্থিত হইয়া সর্বাত্রে মহাপ্রভৃত্ত অমুসদ্ধানে ব্যস্ত হইলেন। তাঁহাকে খ্রীমন্দিরে দেখিতে না পাওয়ায় সক-লেই চিস্তিত হইয়া সংবাদ লইতেছেন, এমন সময়ে বাস্তদেব সার্বভৌমের ভয়ীপতি গোপীনাথ আচার্য্য তথায় আগমনকরিলে মুকুক্দ দত্ত তাঁহাকে চিনিতে পারিলেন।

"নদীয়া নিবাদী বিশারদের জামাতা। মহাপ্রভুর ভক্ত তেঁহোঁ প্রভুর তত্ত্বজ্ঞাতা॥ মুকুন্দ সহিত পূর্বে আছে পরিচয়। মুকুন্দ দেখিয়া তার হইল বিশ্বয়।"

শ্রীচৈ: চঃ—

গোপীনাথাচার্য্য মুকুলকে দেখিয়া কুশল জিজ্ঞাসা করিলে, মুকুল তাঁহাদিগের নীলাচল আগমন বৃত্তাস্ত সবিশেষ বর্ণন করিয়া বলিলেন, "আমি মনে মনে তোমাকে দেখিতে ইচ্ছা করিতেছিলাম, দৈবযোগে তাহাই ঘটনা হওয়ায় যে, কি পর্যাস্ত আনন্দিত হইয়াছি, তাহা বলিতে পারি না। আমরা লোকমুখে শুনিলাম যে মহাপ্রভু শ্রীমন্দিরে প্রবেশ করিয়া আবিষ্ট হইলে সাক্ষভৌম তাঁহাকে নিজ বাটাতে লইয়া গিয়াছেন। তাঁহাকে অরোনা দেখিয়া আমরা জগরাগ দর্শন করিতে পারিব না, অত্রব তুমি আমাদিগকে সাক্ষভৌমের বাড়ীতে লইয়া চল।"

মুকৃক ও নিত্যানক প্রভৃতি গোপীনাথাচার্য্যের সহিত গমন করিয়। প্রভৃতে দর্শন করিলেন। তথনও প্রভৃত্ব বাহ্ন জ্ঞান না হওয়ায় সার্কভৌম তাঁহাদিগকে নিজ পুত্র চলনেখরের সহিত জগলাথ দর্শনে পাঠাইয়া দিলেন। ভক্তগণ নীলাচল চক্তকে দর্শন করিয়া প্রত্যাগমন করিলেন, কিন্তু তথনও প্রভৃ আবিষ্ট রহিয়াছেন, দেখিয়া তাহারা উচ্চৈঃস্বরে কীত্রন আরম্ভ করিলেন। কীত্রন ধ্বনি শ্রবণগোচর হইলে প্রভৃত্তমে ক্রমে চেতনা প্রাপ্ত হইলেন।

''উচ্চকরি করে সবে নাম সংকীর্ত্তন। ভৃতীয় প্রহরে হৈল প্রভুর চেতন॥ হুলার করিরা উঠে হরি হরি বলি। আনন্দে দার্ক্সভৌম তাঁর লৈল পদধ্লী॥"

बीरेहः हः—

মহাপ্রভ্ ভক্তগণকে দেখিয়া সকলের কুশল জিজ্ঞানা করিলেন; অনন্তর সাক্তোমের আগ্রহে ভক্তগণের সহিত প্রভ্ সেই দিবস তথার প্রসাদার ভিক্ষা করিলেন। ভোজন সমাপ্ত হইলে সার্ক্রটোম গোপীনাথ আচার্যাকে মহাপ্রভ্ এবং তাঁহার সঙ্গিগণের পরিচয় জিজ্ঞানা করিলেন। গোপীনাথ আচার্যা মহাপ্রভ্কে নির্দেশ করিয়া বলিলেন, 'হিন নবদীপ বাদী ৬ জগরাথ মিশ্রের প্রভ্ প্রাশ্রমে ইহার বিশ্বন্তর নাম ছিল, এক্ষণে ইহার গুরু প্রিক্রেটতন্য নাম রাথিয়াছেন। অপর চারিজন ক্রুটতেন্যের অন্তর্গ ভক্ত এবং স্পী।

> "গোপীনাথ আচার্যোরে কহে সার্ক্রোম। গোসাঞির জানিতে চাহি কাঁহা পৃর্কাশ্রম ॥ গোপীনাথ আচার্যা কহে নবদ্বীপে দ্বর। জগরাথ নাম, পদবী মিশ্রপুরন্দর॥ বিশন্তর নাম ইহার তাঁর ইহো পুত্র। নীলাম্বর চক্রবতীর হয়েন দৌহিত্র॥"

> > € 25° 5° --

সার্ব্বভৌম কহিলেন, 'নীলাম্বর চক্রবর্ত্তী আমার পিতা বিশারদের সমাধ্যায়ী এবং জগরাথ মিশ্র নবদ্বীপের মধ্যে এক-জন বহুমানাম্পদ ব্যক্তি, ছিলেন, শুনিয়াছি। নবদ্বীপের সম্বন্ধে বিশ্বস্তুর আমার প্রমণুজা ব্যক্তি, তাহাতে সন্দেহ নাই।' অনতর মহা প্রত্কে সংখাধন করিয়া বলিলেন, "তোমার আগন মনে আমার বাড়ী পাবএ হইল। তুমি একে নবদীপবাসী আমার অত্তরক্ষ ব্যক্তি, তাহাতে সন্ন্যাসী হওয়ার সম্বিক পূজ্য হইয়াছ। তোমার দশনে অন্য আমি কুতার্থ হহলাম।"

মহাপ্রভূ বিনয়বচনে বলিলেন, "আপনি আমাকেও রূপ কথা বলিবেন না। আপনি সর্বপ্রকারেই আমার পূজনীয়, আমি আপনার অবীন। আপনি বেদাস্তাচার্য্য, সহস্র সহস্র সম্যাপীর গুরু; আমাকে শিব্যনধ্যে গণ্য করিয়। যাহাতে আমার ভাল হয়, সেই মত উপদেশ প্রদান করিবেন।" এই রূপ আলাপ পারচয় সাল হইলে সাব্রভৌম তাহার মাতৃস্বসার গৃহে তাহার বাস। নিদ্ধারিত করিয়। দিলেন।

এক দিবস মুকুল দত্ত ও গোপীনাথ আচার্য্য সার্কভোমের নিকট গমন করিলে, তিনি মহাপ্রভু সম্বন্ধে বিবিধ প্রশ্ন জ্ঞাসাকরিতে লাগিলেন। সাকভোম বলিলেন, 'বিশ্বস্তর দেখিতে বেরূপ রূপবান, ভইার তক্রপ গুণও আছে, কিন্তু সন্ন্যাস গ্রহণ করিল। এতি অভার কার্য্য করিয়াছেন। এইরূপ যুবা পুরুষ করিপে সন্ন্যাস বন্ধ রক্ষা করিবেন ? আমি ইহাঁকে বেদাস্ত শুনাহতে ইক্ষা করিতেছি। বেদান্ত শ্রবণ কার্য্য ইহাঁর মন নিমাল এবং জ্ঞানোদ্য হইলে তথন অবগ্রহ অবৈত্যার্গে প্রবেশ করিতে বাসনা হতবে।"

মৃকুন্দ সাক্ষতোমের এই ৯প কথা শ্রবণ করিয়া বিমর্ঘ হইলেন; তদনপ্তর গোপীনাথ আচার্য্য কহিলেন, "ওহে ভট্টাচার্য্য, ভূমি ভারতবর্ষ মধ্যে অবিতার পণ্ডিত, তাহাতে সন্দেহ নাই, কিন্তু গোরাস্কের তত্ত্বি কিছুই বুরিতে পার নাই। গৌরাস্বকে সর্ব্ধকারণের কারণ স্বরূপ পূর্ণৈছগ্রশালী ঞীভগবান্ বলিয়া জানিবে। তোমার কোন দোষ নাই, কারণ শাস্ত্রে বলিয়াছেন, যে, বিজ্ঞাদি দারা ঈশ্বর তত্ত্ব জানিতে পারা যায় না; কেবল ভগবং রূপাই তাঁহাকে জানিবার একমাত্র উপায়। অনুমান ও প্রমাণাদি দারা ঈশ্বর তত্ত্ব অবগত হইতে চেটাকরা কেবল বৃথা শ্রম এবং কালকেপ মাত্র।"

তথাপি তে দেব পদাস্থুজ্বয়ং, প্রসাদলেশানুগৃহীতএবহি। স্বানাতিতত্ত্বং ভগবন্ধহিম্নোনচান্ত একোহপি চিরংবিচিম্বন॥

শ্রীমন্তা: ২০ম স্ক, ১৪ অ, ২৮ শ্লোকঃ—
''অফুমান প্রমাণ নহে\ক্ষর তত্ত্ব জ্ঞানে।
কুপা বিনা ঈশরেরে কেহ নাহি জানে॥
ক্ষররের কুপা লেশ হয়ত যাহারে।
সেইত ঈশর তত্ত্বানিবারে পারে॥'

শ্রীচেঃ ভাঃ---

তথন সার্কভৌম কহিলেন, "আমি তোমাদিগের সহিত ই গৈগেন্তী করিতেছিলাম মাত্র অতএব তোমরা আমার প্রতি অদন্তই হইও না। বিশেষতঃ আমি অশাস্ত্রীর কোন কথা বলি-নাই, কলিমুগে গৌরাঙ্গ অবতারের কোন প্রদেশই দেখিতে পাওয়া যায় না। বিশ্বস্তরকে একজন মহা ভাগবত ভিন্ন আমি আর কিছুই বলিতে পারি না।"

গোপীনাথ আচার্য। পুনর্কার বলিলেন, "ওহে ভট্টাচার্যা, তোমার মন অতি তর্কনিষ্ঠ, সেই জন্ম তুমি শাস্ত্র প্রনাণ নেথিয়াও দেখ না। প্রীভাগবতাদি শাস্ত্র কি বলিতেছেন, দেখ। যথাঃ— ''কৃষ্ণবর্গৎ দ্বিষাকৃঞ্ছ সাক্ষোপাঙ্গান্ত্র পার্যদং। যজ্ঞৈঃ সংকীর্ত্তনপ্রায়ৈর্যজ্ঞন্তি হি স্থনেধসঃ॥" শ্রীমন্তাঃ ১০ম স্ক, ৫ম জ, ৩০ শ্লোকঃ—

''স্বৰ্ণবৰ্ণো হেমাজো বরাঙ্গশচন্দনাঙ্গদী। সন্ম্যাসকুৎ সমঃ শান্তো নিষ্ঠা শান্তিপরায়ণঃ॥'' মহাভারত দানধ্যে নবতি শ্লোকঃ –

ভট্টাচার্য্য তোমাকে আর অধিক প্রমাণ বাক্য কি দেশাইব; আমি ব্ঝিতে পারিতেছি যে, তোমার পতি বথন গৌরাঙ্গের রূপা হইবে, তথন তুমি তাঁহাকে জানিতে পারিবে, নতুবা সহস্র শাস্ত্র প্রমাণেও তোমার মন ভিজিবে না "

এক দিবদ মহাপ্রভু সার্ক্রেভামের সহিত জগরাথ দর্শন করিরা তাঁহার বাটাতে গমন করিলে দার্ক্রেভাম বলিলেন, "তুমি কিছু বেদান্ত শ্রবণ কর, ইহাই আমার বাদনা।" মহাপ্রভু বলিলেন, "আপনি আমার পক্ষে যাহা ভাল বলিরা বিবেচনা করিবেন, তাহা আমারও অভিমত হটবে। আপনি গুরু, আমি শিষ্য, মতএব আপনি বাহা অভ্মতি করিবেন আমি, অবিচারে তাহা সম্পন্ন করিব

ভট্টাচার্য্য বেদান্ত ব্যাখ্যা করিতে আরম্ভ করিলে, মহাপ্রভু স্থিরভাবে উহা প্রথণ করিতে লাগিলেন ৷ জনান্বরে সাতদিন বেদান্ত প্রথণ করিয়া কোন প্রকার প্রশ্ন অথবা প্রতিবাদ না করিলে, সার্ব্বতৌন কহিলেন, "ওহে ক্রুটেতভা! অভ সপ্ত দিবস হইল, তুমি বেদান্ত প্রথণ করিতেছ, কিন্তু এই দীর্ঘ কালের মধ্যে একটি প্রশ্নান্ত করিলেনা, ইহার কারণ কি ?" মহাপ্রভূ বলিলেন, "হত্তের অর্থ আমি উত্তম ক্লপ ব্ঝিতে পারিতেছি; কিন্তু আপনার কৃত ব্যাখ্যা প্রবণ করিয়া আমার মন বিকল হইতেছে। আমি আপনার শিষ্য তুল্য. স্কুতরাং আপনি যে ব্যাখ্যা করিতেছেন, তাহার প্রতিবাদ করা আমার কর্ত্তব্য নহে, এইজন্ত প্রশ্নাদি করিতেছি না।"

ব্যাসক্ত্রের মুখ্য।র্থ পরিত্যাগ করিয়া আপনি গৌণার্থ ব্যাখ্যা করিতেছেন, অতএব উহা প্রবণবোগ্য নহে। বেদ বলেন, শীভগবান সর্কৈশ্ব্যাপূর্ণ সচিদানন্দ বিগ্রহ, কিন্তু মায়াবাদী ভাষ্যকার ক্লিত ভাষ্য দারা ব্যাসক্ত্রকে আছে। দিত করিয়াছেন।

> "শ্বতঃ প্রমাণ বেদ দত্য যেই কছে। লক্ষণা করিতে প্রতঃ প্রামাণ্য হানি হয়ে॥ ব্যাদের স্থ্রের অর্থ স্থ্যের কিরণ। শ্বকলিত ভাষ্য মেঘে করে আচ্ছাদন॥"

> > শ্রীচে: চঃ--

বেদ বলেন, ভগবান স্থাতিস্থল এবং স্কাতিস্কা। যে সমুদ্য শ্রুতি প্রকাকে নির্কিশেষ বলিয়াছেন, তাহার কারণ কেবল প্রক্ষের প্রাকৃত ভাব নিষেধ করিয়া চিন্নমন্ত স্থাপন করা মাত্র। যথা হয়শীর্ষেঃ—

''যা যা শ্রুতির্জ্পন্তি নির্বিবশেষং, সা সাভিধত্তে সবিশেষমেব ৷ বিচারবোঁগে সতি হন্ত তাসাং; প্রায়োবুলীয়ঃ সবিশেষমেব ॥'' এই সচরাচর বিশ্ব বন্ধ হন্ধ হন্ধত ক্ষু হন্ধাছে, তাঁহা কর্তৃক স্থিতি প্রাপ্ত হইতেছে এবং তাঁহাতেই লীন হইবে। অপাদান, করণ এবং অধিকরণ এই তিনটি কারক ব্রন্ধের সবিশেষ চিহ্ন, ইহাই ফ্রান্ডিলংপর্যা। "অপানিপাদো জবনো গ্রহীতা" ইত্যাদি ফ্রান্ডিবাক্যে ব্রন্ধের প্রাকৃত হস্ত পদ নাই, তিনি অপ্রাকৃত হস্ত পদাদি সমন্বিত, ইহাই প্রতিপাদন করিতেছেন। মায়াবাদিগণ ব্রন্ধকে নিত্য নিরাকার বলিয়া থাকেন, কিন্তু উপনিষদ তাঁহাকে নিত্য ষ্টেশ্ব্যাপূর্ণ আনন্দমর বিগ্রহ্ববনে।

''ব্ৰহ্মশব্দে কহে পূৰ্ণ স্বয়ং ভগবান। স্বয়ং ভগবান কৃষ্ণু শান্তের প্ৰমাণ॥" শুনিহঃ চ:—

শ্রীমন্তাঃ ১•ম স্বন্ধে, ১৪অ, ৩১ শ্লোকঃ— ''অহোন্তাগ্যমহোন্তাগ্যং নন্দগোপব্রজোকসাং। যদ্মিত্রং পরমানন্দং পূর্ণৎ ব্রহ্ম সনাতনং॥''

অদিতীয় পণ্ডিত দার্কভোম ভট্টাচার্য্য আপনার অদীম পাণ্ডিত। অনুসারে বিত্তা করিয়াও স্বমত স্থাপন করিতে সমর্থ হইলেন না। তথন মহাপ্রভু বলিলেন, "আপনি মৃদ্ধ হইবেন না; শঙ্করাচার্য্য অদৈত বাদ স্থাপন জন্ম করিত ভাষ্য দারা বাদে হত্ত আছোদন করিয়াছেন বলিয়া আপনারা বেদাস্তের প্রকৃত তাৎপর্য্য অবগত হইতে সমর্থ হয়েন নাই। এ বিষয়ে শঙ্করাচার্য্যেরও কোন দোষ দৃষ্ট হয় না, কারণ তিনি ভগবানের আদেশ অনুসারে স্কৃক্ষ সাধন করিয়াছিলেন। যথাঃ—

পন্মপ্রাণে উত্তর থণ্ডে সহস্র নাম কথনে ৬১জ, ৩১ শ্লোকঃ—
"স্বাগমৈঃ কল্লিতত্ত্বক্ত জনান্ মিলুমুখান্ কুরু।
মাঞ্চ গোপয় যেনস্তাৎ স্বস্থিরেষোত্তরোত্তরা ॥"
তবৈর উত্তর থণ্ডে ২৫ জ, ৭ম শ্লোকঃ—
"মায়াবাদমসচ্ছান্ত্রং প্রাচ্ছন্নং বৌদ্ধমূচ্যতে।
ময়ৈব বিহিতং দেবি কলো ব্রাক্ষণমূর্ত্তিনা ॥"

মহাপ্রভূ বলিলেন, 'ভগবানে ভক্তিই পরম পুক্ষার্থ স্বরূপ হয়। আত্মারাম মুনিগণও ভগবানের ভঙ্কন করিয়া থাকেন। যথা:—

শ্রীমন্তাঃ ১ম ক্লেন, ৭ম অ, ১০ম প্লোকে শৌনকাদীন্ প্রতি স্তবাকাং—

"আত্মারামশ্চ মুনয়োনির্ফ্ ভা অপ্যুক্তক্রমে।
কুর্বস্তাহৈতুকীং ভক্তিমিথং ভূত গুণো হরিঃ॥"
সার্মভৌম ঐ শ্লোক গুনিয়া মহাপ্রভূকে উহার অর্থ করিতে
বলিলে,প্রভূ বলিলেন, "আপনি মগ্রে উহার অর্থ করুন, পশ্চাতে
আমি যাহা জানি বলিব।" সার্মভৌম অসীম পাণ্ডিত্য প্রতিভায় ঐ শ্লোকের নয় প্রকার অর্থ করিলেন। মহাপ্রভূ তংপরে আঠার প্রকার অর্থ করিয়া বলিলেন, "ভগবান, তাহার শক্তি এবং গুণ এই তিনের প্রভাব মানব বৃদ্ধির অতীত। যত প্রকার সাধ্য সাধন আছে সকলের উপরেই ঐ তিনের আতি-শ্যা দেখিতে পাওয়া যায়। গুকদেব এবং সনকাদি মুনিগণ উহার প্রমাণ স্বরূপ; কোন প্রকার উদ্দেশ্য না থাকিলেও উহঁরো কেবল ভগবানের অচিস্ত্য শক্তি এবং গুণের বশবর্তী হইয়া তাঁহাকে ভজনা করিয়া থাকেন।

মহাপ্রভুর শ্রীমুথে শ্লোক ব্যাথা শ্রবণ করিয়। সার্কভৌম বিশ্বিত হইলেন, তাঁহার আর বাক্যক্তি হইল না। প্রভুতথন ভট্টাচার্য্যকে রুণা করিতে মনন করিয়া নিজ রূপ প্রকাশ করিলেন।

"নিজ রপ প্রভৃ তারে করাইল দর্শন।
চতুর্জ রপ প্রভৃ হইলা তথন।
দেখাইল তারে আগে চতুর্জ রপ।
পাছে শ্রাম বংশী মুথ স্বকীয় স্বরূপ।
দেখি সার্কভৌম দওবং করি পড়ি।
পুনঃ উঠি স্কৃতি করে হুই কর যুড়ি॥"
শ্রীচৈঃ চঃ—

''বৈরাণ্যবিদ্যানিজভক্তিযোগ শিক্ষার্থ নেকঃ পুরুষঃ পুরাণ। শ্রীকৃষ্ণচৈতন্যশরীরধারী কুপাস্থুবি র্যন্তমহং প্রপদ্যে॥ কালারফীং ভক্তিযোগং নিজং যঃ, প্রাত্নকর্ত্ত্বরুত্ত পদারবিদ্দে, গাঢ়ং গাঢ়ং লীয়তাং চিত্তভুঙ্গঃ।'' এই হই শ্লোক ভক্তকণ্ঠ মণিহার। সার্ব্বভৌমের কীর্ত্তি ঘোষে ঢকা বাদ্যাকার॥" শ্রীনিঃ চঃ—

নার্কভৌম মহাপ্রভুর পাদপলে বিক্রীত হইলেন, আর তাঁহার কিছুমাত স্বাধীনতা রহিল না। মহাপ্রভুকি বস্তু তিনি প্রত্যক্ষ দর্শন করিয়া এক বারে দিশেহারা হইয়া কেবল অগাধ অনস্ত গৌরাল-প্রেম-সিক্ক্তে ভাসিতে লাগিলেন।

"দার্কভৌম হইলা প্রভুর ভক্ত একজন।
মহাপ্রভুর দেবা বিনা নাহি শ্বস্ত মন॥
প্রীকৃষ্ণ চৈতক্ত শচীস্থত গুণধাম।
এই ধ্যান এই জপ লয় এই নাম॥"
শ্রীচেঃ চঃ—

সার্বভৌনের বৈষ্ণবতা দেখিয়া গোপীনাথাচার্য্য আনন্দে
নৃত্য করিতে লাগিলেন; অপর সকল ব্যক্তি মহাপ্রভুকে সাক্ষাং ব্রজেক্রনন্দন জ্ঞান করিয়া আস্তরিক ভক্তি
সহকারে তাঁহার শরণ লইলেন। সার্বভৌম একজন বিশিষ্ট
ব্যক্তি, তিনি মহাপ্রভুকে জ্রীকৃষ্ণ স্বরূপে বিশ্বাস করায় সাধারণ
লোকের আর কোন প্রকার বিচার করিবার আবশ্যকতা হইল
না; সকলে অবিচারে গৌরাঙ্গচরণে আত্মসমর্পণ করিলেন।
স্পর্শমণি লোহকে স্পর্শ হারা স্থবর্ণ করিলে যেমন তাহার গুণ
পরিপ্তানে অন্মান বা যুক্তির প্রয়োজন হয় না, অহিতীয় পণ্ডিত
বাহ্মদেব সার্ব্রভৌম মহাপ্রভুর ভক্ত হইলে, তাঁহার পদাশ্রয়
গ্রহণ করিতে আর কাহারই বিচারের প্রয়োজন হইল না।

"এই মহাপ্রভুর লীলা সার্বভৌম মিলন ॥ ইহা যেই শ্রদ্ধা করি করয়ে শ্রবণ। জ্ঞান কর্মপাশ হৈতে হয় বিমোচন ॥ শ্ৰদায় চৈত্ৰ লীলা গুনে যেই জন। অচিরে মিলয়ে তারে চৈতক্ত চরণ ॥" ब्रीटेहः हः--

"ধনাং তং নৌমি চৈতন্যং বাস্তদেবং দয়ান্দ্রধীঃ নফকুন্ঠং রূপপুষ্টং ভক্তিতৃষ্টং চকার যঃ॥"

চতুর্থ পরিচ্ছেদ সমাপ্ত।

## পঞ্চম পরিচ্ছেদ।

মহাপ্রভু১৪০১ শকে মাঘ মাদের শুক্লপক্ষে সন্ন্যাস গ্রহণ करत्न, ज्थलरत नीनाहरन जानिया काञ्चन ७ टिख इहे मान ্বাস করেন। ১৪০২ শকের প্রারম্ভে তিনি দক্ষিণ দেশ ভ্রমণ ক্রিতে মনন ক্রিয়া ভক্তগণের নিক্ট আপন অভিপ্রায় প্রকাশ করিলেন। ভক্তবুন্দ এই ভাবী প্রভু বিচ্ছেদ মনে করিয়া বিকল হইলে, তিনি বলিলেন, "আমার অগ্রজ বিশ্বরূপ সন্নাদী হইয়া দক্ষিণে গিয়াছিলেন, অতএব আমি একবার একাকী তাঁহার অনুসন্ধান না করিয়া কোনরূপে স্থির থাকিতে পারিতেছি না।" স্ক্তি প্রভু বিশ্বরূপের অনুস্কান ছল করিয়া দক্ষিণ দেশ উদ্ধার করিতে উদ্যোগী হইলে, নিত্যানক বলিলেন, "প্রভ্, যদি ত্মি একান্তই দক্ষিণ ভ্রমণ করিতে বাদনা করিয়া থাক, তাহা হইলে আমাকে সমভিব্যাহারে লও। আমি দক্ষিণের তীর্থপথ দম্দয় অবগত আছি; অতএব আমাকে সঙ্গে লইলে তোমার কোন প্রকার কট হইবে না।" প্রভ্ বলিলেন, "আমি নর্ভক এবং ত্মি হত্তধার, ত্মি ঘেরপে নাচাও আমি দেই মত নাচিয়া থাকি। আমি সন্ত্রাস করিয়া বৃন্দাবনে চলিলাম, ত্মি পণ ভ্লাইয়া আমাকে অবৈত ভবনে লইয়া গেলে। নীলাচলে আদিতে পথে আমার দণ্ড গাছটি ভাকিয়া নিজের অভিপার দিক্ক করিলে। এবার আমি একাকী প্র্টিন করিব, কাহাকেও সঙ্গে লইব না।"

একাকী গমনে মহাপ্রভুর দৃঢ় সঙ্কর দেখিয়া নিত্যানন্দ কহিলেন, 'বিদি নিতান্তই একাকী ভ্রমণ করিতে অভিলাষ হইয়া থাকে, আমার অফুরোধে এই ক্ঞ্লাস নামে বিপ্রকে সমভিব্যাহারে লও। তোমার ছই হস্ত সর্বদা নাম জপে আবদ্ধ থাকে, অভএব কৌপীন বহির্বাস এবং জলপাত্র লইয়া যাইবার জন্য একজন লোকের বিশেষ প্রয়োজন।' প্রভু নিত্যানন্দের অলুরোধক্রমে অগত্যা কৃঞ্দাস বিপ্রকে সঙ্গে লইতে সত্মত হইলেন। অনস্তর সার্বভৌম বলিলেন, 'প্রভু, আমার একটি অলুরোধ আছে; গোলাবরী তীরবর্তী বিদ্যানগর গ্রামে রামানন্দ রায় নামক একজন প্রেমিক বৈশ্বব আছেন, কুপা করিয়া তাহার সহিত সাক্ষাং করিবেন। আমি তাঁহার প্রকৃত মর্ম্ম ব্রিতে না পারিয়া পূর্ব্বে একবার পরিহাস করিয়াছিলাম, কিন্তু এখন ব্রিতেছি যে, তাঁহার সমান রসিক ভক্ত জগতে আর

নাই। রামানন্দ রায় রাজমন্ত্রী, অতএব বিষয়ী জ্ঞানে তাঁহাকে উপেকা করিবেন না।"

অধীকার করি প্রভু তাঁহার বচন।
তাঁরে বিদায় দিতে তাঁরে কৈল আলিঙ্গন ॥
ঘরে রুঞ্চ ভজি মোরে করিছ আশীর্কাদে।
নীলাচলে আদি যেন তোমার প্রদাদে॥
এত বলি মহাপ্রভু করিলা গমন।
মূচ্ছিত হইয়া তাঁহা পড়িলা সার্কভোম॥
তাঁরে উপেক্ষিয়া কৈল শীদ্র গমন।
কে ব্ঝিতে পারে মহাপ্রভুর চিত্ত মন॥
মহাত্মভাবের চিত্তের স্বভাব এই হয়।
পূপাসম কোমল কঠিন বজ্রমায়॥
ত্রীটেঃ চঃ—

ভবভূতি কৃত বীরচরিতস্যোত্তর চরিতে তৃতীয়াকে ২৩ শ্লোকঃ।

'বেজাদপি কঠোরাণি মৃদ্নি কুস্থমাদপি। লোকোত্তরাণাং চেতাংসি কোহি বিজ্ঞাতুমীশ্বরঃ॥'' নিত্যানন্দ প্রভু এবং গোপীনাধাচার্য্য প্রভৃতি আলালনাধ

পর্যান্ত মহাপ্রভুর সম্ভিব্যাহারে আদিলে, তথা হইতে মহাপ্রভু তাঁহাদিগকে মধুর বাক্যে দাল্লনা করিয়া বিদায় দিলেন।

> "মন্ত সিংহ প্রায় প্রভুকরিলাগমন। প্রেমাবেশে যায় করি নাম সংকীর্ত্তন॥'' প্রীকৃষ্ণ চৈতভ্যস্য বাক্যং।

कक़ किंकां कक़ां कक़ां कक़ां कक़ां कक़ां कक़ां रहा। कक़ां कक़ां कक़ां कक़ां कक़ां कक़ां कक़ां रहा। ক্ষণ ! পাহিনাং॥ বামবাৰৰ ! বামবাৰৰ ! বামবাৰৰ ! বক্ষমাং। ক্ষণকেশৰ ! ক্ষণকেশৰ ! ক্ষণকেশৰ ! পাহিমাং॥"

এই শ্লোক পাঠ করিয়া মহাপ্রভু ভ্রমণ করিতে লাগিলেন। পথে যাহাকে দেখেন, ভাহাকেই বলেন ভাই, "হরি হরি বল"; স্নস্তর তাহাকে আলিঙ্গন দানে বিদায় দিলে সে ব্যক্তি হরেরজ্ঞ বলিয়া উন্মন্তর্পার নৃত্য করিতে থাকে। অপর যে কেহ ঐ ব ক্তিকে স্পর্শ করে তাহারও ঐরপ দশা ঘটে। এই এক অতাদৃত উপারে হরিনাম প্রচার করিয়া মহাপ্রভু দক্ষিণদেশ ভ্রমণ করিতে লাগিলেন। তিনি বে স্থান দিয়া গমন করিলেন, তাহার চতুর্দ্দিকে অতি দ্রবর্তী স্থান প্রান্তও নাম স্রোতে ভানিয়া গেল।

"এই মত কৈলা যাবং গেলা সেতৃবদ্ধে।
সর্কদেশ বৈহুব হৈল প্রভুর সহদ্ধে।
নবহীপে বেই শক্তি না কৈলা প্রকাশে।
সে শক্তি প্রকাশি নিস্তারিল দক্ষিণ দেশে।
প্রভুকে যে ভজে তারে তার কুপা হয়।
সেই সে এ সব লীলা সতা করি লয়।
অলৌকিক লীলায় যার না হয় বিশ্বাস।
ইহলোক পরলোক তার হয় নাশ।"

মহাপ্রভূক্র তীর্থে উপনীত হইলে তথায় এক বৈদিক আহ্মণ বিশেষ ভক্তির সহিত তাঁহার সেবা করিলেন। এক রাত্রি

£5: 5:--

তাঁহার বারীতে বাদ করিয়া পর দিবদ প্রাত:কালে তথা হইতে গমন করিবেন, এমন সময় বাস্থদেব নামক একজন কুঠব্যাধিপ্রস্ত ব্রহ্মণ আদিয়া তাঁহার কুপা প্রার্থনা করিল। কুপামর প্রভু ব্রহ্মণকে কাতর দেখিয়া তাহাকে আলিঙ্গন :করিলেন। অপরাধী ব্রহ্মণ মহাপ্রভুর শ্রীঅঙ্গ স্পর্শ পাইবা মাত্র দিব্য দেহ ধারণ করিয়া অপরিসীম আনন্দের সহিত তাঁহার শ্রীচরণধূলি মন্তকে ধরিল। তৎপরে পূলকাশ্রু বিস্ক্রেন করিয়া কর্যোড়ে তাঁহাকে স্তব করিতে লাগিল।

"কাহং দরিদ্রঃ পাপীয়ান্ রু কৃষ্ণঃ শ্রীনিকেতনঃ। ব্রহ্মবন্ধুরিতি স্মাহং বাহুভ্যাং পরিরম্ভিতঃ॥ শ্রীমন্তাঃ > • য়, ৮১য়, ১৫ শ্লোক:—

বহ স্ততি করি কহে শুন দয়৸য়।
জীবে এই শুণ নাহি তোমাতে এই হয়॥
মোরে দেখি মোর গজে পলায় পামর।
হেন মোরে স্পর্শ তুমি স্বতন্ত্র ঈশ্বর॥
কিন্তু আছিলাম ভাল অধম হইয়া।
এবে অহয়ার মোর জায়িবে আসিয়া॥
প্রভু কহে কভু তোমার না হবে অভিমান।
নিরস্তর কহ তুমি রুষ্ণ রুষ্ণ নাম॥"
ভীচৈঃ চঃ—

মহাপ্রভূ গমনোদ্যত হইলে বৈদিক ব্রহ্মণ বলিলেন, "প্রভো আমি তোমাকে ছাড়িয়া থাকিতে পারিব না, আমাকে তোমার সঙ্গে ঘাইতে অমুমতি কর।" প্রভু তাঁহাকে প্রবোধ দিয়া বলিলেন, ''আমি আনেশ করিতেছি, ভূমি গৃহে থাকিয়া রুঞ্চ ভজন কর, তোমার চিত্ত কখনও বিষয়ারুট হইবে না।''

তদনন্তর প্রভ্ ক্ষণাসকে সংশ লইয়া তথা হইতে প্রস্থান করিলেন। ক্রমে ক্রমে বহু তীর্থ দর্শন করিয়া প্রভ্ জিয়ড় নৃসিংহ ক্রেজে উপস্থিত হইলেন। তথায় প্রীনৃসিংহ দেবকে দণ্ডবং করিয়া প্রেমাবশে নৃত্যাদি করিলেন। তৎপরে অপরাপর অনেক তীর্থ পর্যাটন করিয়া গোদাবরী তীরে উপনীত হইলেন। প্রভ্ গোদাবরীর পরপারে যাইয়া য়ানাদি সমাপন প্রকি তীরে বিসিয়া হরিনাম কীর্ত্তন করিতেছেন, ইতিমধ্যে কোন সম্লান্ত ব্যক্তি দোলারোহণে স্লান করিতে আগমন করিলেন। তাঁহার সঙ্গে অনেক লোক আসিয়াছিল, প্রভ্ তাহাদিগকে জিল্পানা করায় অবগত হইলেন যে, ইনিই রামানন্দ রায়।

রামানক সানাদি সমাপন করিয়া প্রত্যাগমন কালে দেখিলেন, অনতিদ্রে একজন অপূর্ক কান্তিবিশিষ্ট সন্নাসী বিসিয়া রহিয়াছেন। প্রভুকে দেখিয়া রাম রায়ের বিশ্বর জায়িল, অনস্তর তাঁহার নিকটে ঘাইয়া সাষ্টাঙ্গে প্রণাম করিলেন। মহাপ্রভু রামানককে গাঢ় আলিক্ষন করিয়া বলিলেন, "আমি সার্কভোমের নিকট তোমার মহত্বের কথা প্রবণ করিয়া অদ্য তোমারই দর্শন মানসে এই স্থানে আসিয়াছি, কিন্তু বিনা যত্রে তোমার সাক্ষাং পাইয়া যারপর নাই আনক লাভ করিলাম।" রামানক বিনীত ভাবে কহিলেন, "ভগবন্, আমি অতি অধম শ্রু; আপনি যে বেদ বিধি পরিত্যাগ পূর্কক আমাকে স্পর্শ করিলেন, ইহাতেই আমি ব্রিলাম, আপনি কথন সামান্য

ব্যক্তি নহেন। আপনার বাহ লকণে আপনাকে সাকাৎ ঈশর বলিয়া অনুমান .হইতেছে। অদ্য আপনার অঙ্গ স্পর্শ পাইয়া আমার মনুষ্য জন্ম সার্থক হইল।

> ''মহাস্ত স্বভাব এই তারিতে পামর। নিজকার্য্য নাহি তবু যান তার ঘর॥"

জীমভা: ১•স্ক, ৮জ, ২ শ্লোক:—
''মহদ্বিচলনংনুণাং গৃহীণাং দানচেতসাং।
নিঃশ্রেয়সায় ভগবন্ধান্তথা কল্পতে কচিৎ।''

রামানন্দের সহিত মহাপ্রভুর কথাবাস্তা হইতেছে, ইতিমধ্যে একজন রাহ্মণ আদিয়া প্রভুকে নিমন্ত্রণ করিলেন। প্রভু ঐ রাহ্মণের বৈষ্ণব লহ্মণ দেখিয়া নিমন্ত্রণ স্থীকার করিলেন। অনন্তর রামরায়কে বলিলেন, 'আমি উপস্থিত মতে এই রাহ্মণের বাড়ী ভিক্ষা করিতে চলিলাম, কিছু সন্ধার সময় যেন অবশ্র অবশ্র তোমার সাক্ষাং পাই। তোমার মুথে কৃষ্ণ কথা প্রবণ করিতে আনার একাস্ত বাদনা আছে।"

"রার কহে আইলা যদি পামর শোধিতে।
দর্শন মাত্রে শুদ্ধ নহে মোর ছুই চিত্তে॥
দিন পাচ সাত রহি করহ মার্জ্জন।
তবে শুদ্ধ হয় মোর এই ছুই মন॥
যদ্যপি বিচ্ছেদ দোহার সহন না যায়।
তথাপি দণ্ডবং করি চলিলা রাম রায়॥"
ত্রীটেঃ চঃ---

মহাপ্রভু ভোজনাত্তে ঐ আন্দণের বাড়ীতেই বিশ্রাম

করিলেন। অনস্তর সন্ধার সময় রামানন্দ একজন মাত ভৃত্য সঙ্গে লইয়া তথার আগমন করিলেন। রামানন্দ প্রভৃতে দপ্তবং করিয়া উপবেশন করিলে উভয়ে কৃষ্ণ কথা আরস্ত করিলেন।

প্রভূ। ওহে রায়, তোমার মুখে সাধ্য সাধন তত্ত্ব প্রবণ করিতে ইচছাকরি।

রা। তগবন, আপনি সকলই বিদিত আছেন, তথাপি রূপা করিয়া যথন এই দাসাফুদাদকে জিজ্ঞাসা করিতেছেন, তথন ইহা ছারা এই অনুমান হইতেছে যে, এই অধমকে কৃতার্থ করাই আপনার মুখ্য উদ্দেশ্য। যাহা হউক আমার যথাসাধ্য, সেই মত: প্রকাশ করিতেছি, রূপা করিয়া দোষ পরিহার করিবেন। শাস্ত্র দুটে জানা যায় যে, স্থধ্য পালন পূর্কক বিষ্ণু আরাধনা করাই পুরুষের কর্ত্র্যা। যথাঃ—

বিষ্ণুপুরাণে ভৃতীয়াংশে অষ্টমাধ্যায়ে অষ্টম শ্লোকঃ—

'বৈণিশ্রমাচারবতা পুরুষেণ পরঃ পুমান্।

বিষ্ণুরারাধ্যতে পস্থা নাক্যস্ততোষকারণং॥"

প্রভূ। "এহ বাহ আগে কহ আরে।" রা। সর্ক কর্ম শ্রীক্ষেও অর্পণ অপেকা শ্রেষ্ঠ আর কিছুই নাই। যথাঃ—

গ্রীমন্তগবদগীতা ৯ব্ম, ২৭ শ্লোকঃ—
"বহু করোষি যদশাসি বব্দুহোষি দদাসি বহু।
যত্তপস্যসি কৌন্তেয় তহু কুরুল মদর্পণং॥"

প্রভৃ! ''এহো বাহ্য আগে কহ আরে।'' রা: স্বধর্ম পরিত্যাগ করাই বিশিষ্ট ভাব।

যথাং—শ্রীমন্তাঃ ১১ স্ক, ১১ স্বা, ০২ শ্লোকঃ—
''আজ্ঞায়ৈবং গুণান্ দোষান্ময়াদিফীানপি স্বকান্।
ধর্মান্ সংত্যজ্য যঃ সর্বান্ মাংভজ্ঞে স চ সত্তমঃ॥''

শ্রীমন্তাবদ্গীতা ১৮ অ, ৬৭ শ্লোক: — সর্ববিধর্মান্ পরিত্যক্ত্য মামেকং শরণং ব্রজ। অহং বাং সর্ববিপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মাশুচঃ॥"

প্রভূ। ''এহো বাহু আগে কহ আর।'' রা জান মিশা ভক্তিই শ্রেষ্ঠ।

ভগবলগীতা ১৮ অ, ৫৪ শ্লোক:—
"ব্ৰহ্মভূতঃ প্ৰসন্ধাত্মান শোচতি ন কাঞ্জেতি।
সমঃ সৰ্কেষ্ ভূতেষ্ মন্তক্তিং লভতে প্রাং॥"
প্রভূ। "এহো বাহু আগে কহু আর।"
রা: জ্ঞান শুক্ত ভক্তি সকল হইতে মুখ্য ভাব।

শ্রীমন্তা: ১০ স্ক, ১৪ অ, ৩ শ্লোক:—
শ্রীভগবন্ত: প্রতি ব্রন্ধবদন:।
শিজ্ঞানে প্রয়াস মুদপাস্য নমস্ত এব,
জীবন্তি সম্মুখরিতা: ভবদীয়বার্তা:।
স্থানস্থিতা: শ্রুতিগতা: তনুবাঙ্গুনোভি
র্থে প্রায়শোহজিতজিতোহপাসি তৈ স্থিলোকাা:॥

প্রভূ। "এহো হয় আগে কহ আর।"

রা। দর্মশাস্ত্রে ভগবডজি এবং প্রেমের উৎকর্ম ভাপন করিয়াছেন, অতএব প্রেম ভক্তি অপেকা শ্রেষ্ঠ আর কিছুই নাই।

প্রভূ। "এহো হয় আগে কছ আর।" রা। "দাস্ত প্রেম সর্কা সাধ্য সার।"

শ্রীমন্তা: ৯স্ক, ৫ম, ১১প্রোকে অম্বরীয়ং প্রতি হুর্কাসসো বচনং ;—

"যন্ত্রাম শ্রুতিমাত্তেণ পুমান্ ভবতি নির্দ্ধলঃ।

তদ্য তীর্থপদঃ কিংবা দাসানামবশিষ্যতে॥"

প্রভূ। ''এহা হয় কিছু আগে আর।''
রা। সংগুপ্রেম সকল অপেকা শ্রেষ্ঠ।
প্রভূ। ''এহাত্তম আগে কহ আর।''
রা। বাংসল্য প্রেম উহা অপেকা শ্রেষ্ঠ।
প্রভূ। ''এহাত্তম আগে কহ আর।
রা। কাস্তাভাবময় প্রেম অপেকা শ্রেষ্ঠ আর কিছু নাই।

শ্রীমন্তাঃ ১০ হ্ব, ৪৭ অ, ৫৪ শ্লোকঃ গোপীঃ প্রতি উদ্ধবনাক্যং।

''নায়ং শ্রিয়োহঙ্গ উনিতান্তরতেঃ প্রসাদঃ,
স্বর্বোষিতাং নলিনগদ্ধকাণং কুতোন্যাঃ।
রাসোৎসবেহস্য ভুজদশুগৃহীতক্ত
লক্ষাশিষাং য উদগাদ্ধস্থান্দ্রীণাং॥''

শ্রীমন্তা: ১০ স্ক, ৩২, অ, ২ লোকে পরীক্ষিতং প্রতি শুকবাকাং।
''তাসামাবিরভূচ্ছোরিঃ স্মানমুখাসুজঃ।
পাতাদ্বরধরঃ স্রাধী সাক্ষামামাথমামাথঃ॥'

রামানন্দ কহিলেন ক্ষণ্ণ প্রাপ্তির বছবিধ উপায় আছে বটে, কিন্তু সর্বপ্রকার সাধকই আপন আপন ভাবকে শ্রেষ্ঠ জ্ঞান করি-বেন, নচেং প্রীতির অভাবে প্রেমলাঘব হইবার সম্ভাবনা আছে। তটস্থলক্ষণ ছারা বিচার করিলে প্রেমের তারতম্য লক্ষিত হইয়া থাকে। ভগবানকে যিনি যে ভাবে ভজন করিয়া থাকেন, সর্বভাব গ্রাহী ভগবান্ দেই ভাবে তাঁহার মনোবাঞ্চা পূর্ণ করেন।

গীতা ৪ অ, ১১ শ্লোক:— 'যে যথা মাং প্রপদ্যন্তে তাং স্তথিব ভজাম্যহং। মম বত্মনুবর্ত্তন্ত ননুষ্যাঃ পার্থ সর্বশঃ॥"

রামানন্দের প্রমুখাং ভল্গন তবু প্রবণ করিয়া মহাপ্রভু প্রীত-চিত্তে কহিলেন, ''রায়, ইহা হইতে আরও কিছু যদি জান, তাহা হইলে আমাকে শুনাও " রামানন্দ বলিলেন, "প্রভো, যাহা তোমার নিকট ব্যক্ত করিলাম, উহা ব্যতীত আমার বৃদ্ধি আর অপ্রসর হয় না। মধুর প্রেম হইতে শ্রেষ্ঠ আর কিছুই নাই, ভগবান সর্ব্যকার মধুর ভাবেই বশীভূত হইয়া থাকেন।''

> "আকাশাদি গুণ বেন পর পরভূতে। ছই তিন গণনে বাড়ে পঞ্চ পৃথিবীতে॥ পরিপূর্ণ রুঞ্চ প্রাপ্তি এই প্রেম হৈতে। এই প্রেমের বশ রুঞ্চ কহে ভাগবতে॥"

এটে: চ:--

শ্ৰীমন্তা: ১০ স্ক, ৮২ স্কা, ৩২ শ্লোকে গোপীঃ প্ৰতি শ্ৰীকৃষ্ণবাক্যং।

'ময়িভব্তিৰ্হিভূতানামমৃতত্বায় কল্পতে।

দিষ্ট্যা যদাপীন্মংসেহো ভবতীনাং মদাপনঃ॥

"প্রভু কহে এই হন্ন আগে কহ আর।
রায় কহে ইহা বই বৃদ্ধি গতি নাহি আর ॥
যেবা প্রেম বিলাস বিবর্ত এক হন্ন।
তাহা শুনি তোমার স্থুখ হন্ন কিনা হন্ন॥
এত বলি আপন ক্রত গীত এক গাইল।
প্রেমে প্রভু স্বহন্তে তার মুখ আছোদিল॥"
ত্রীচঃ চঃ—

গীত।

'পিছিলহি রাগ নয়ন ভঙ্গ ভেল।
অফুদিন বাচ্ল অবধি না গেল॥
না সো রমণ না হাম রমণী।
ছহঁ মন মনোভব পেশল জানি॥
এ স্থি সে স্ব প্রেম কাহিনী।
কাহঠামে কহবি বিছুরল জানি॥
না থোজলুঁ দ্তী না থোজলুঁ আন।
ছহঁকো মিলনে মধ্যেতে পাঁচবাণ॥
অবশোহ বিরাগ তুহ ভেলি দ্তী।
স্পুক্থ প্রেমক গ্রছন বীতি॥"

এইরূপ রুষ্ণ কথা প্রসঙ্গে সেই রাত্রি অতিবাহিত করিয়া রামানন্দ প্রভুকে প্রণাম পূর্বাক নিজ কার্য্যে গেলেন, তৎপরে সন্ধার সময় পুনরার আগমন করিয়া ইউগোঞ্জী করিতে আরম্ভ করিলেন।

প্রভূ। ওহে রায়! আমার কতকগুলি প্রশ্নের উত্তর কর। রা। আমি ভাল মল কিছুই জানি না; তুমি যেমন বলা-ইতেছ, আমি তেমনি বলিতেছি।

প্রভূ। কোন্বিলা স্কাপেকা শ্রেষ্ঠ।

রা। ''কুফ ভক্তি বিনাবিদ্যানাহি আর।''

প্রভ। ''কীর্ত্তিগণ মধ্যে জীবের কোন্বড় কীর্ত্তি।''

রা। ''ক্লফ ভক্ত বলিয়া ঘাঁহার হয় খ্যাতি।'

প্রভু। ''সম্পত্তির মধ্যে জীবের কোন্ সম্পত্তিগণি।''

রা। "রাধারুঞ প্রেম যার সেই বড়ধনী।"

প্রসূ। ''ছঃখ মধ্যে কোন্ছঃখ হয় গুরুতর।''

রা। "ক্ষেডভক বিরহ বিনাছঃখ নাহি দেখি পর।"

প্রভু৷ "মুক্ত মধ্যে কোন্জীব মুক্ত করি মানি।''

রা। "কৃঞ্পে প্রেম ধার সেই মৃক্ত শিরোমণি।"

প্রভ। "গান মধ্যে কোন্ গান জীবের নিজ ধর্ম।"

রা। ''রাধাক্তঞের প্রেম কেলি ষেই গীতের মর্মা।''

প্রভঃ ''শেরোমধ্যে কোন্ শেরোজীবের হয় সার 🖓

রা। "কৃষ্ণ ভক্ত সঙ্গ বিনা শ্রেয়ো নাহি আর।'

প্রভূ। ''কাহার স্বরণ জীব করে অফুক্ষণ।''

রা। ''কৃঞ্চনাম গুণলীলা প্রধান স্বরণ।''

প্রভু। "ধ্যের মধ্যে জীবের কর্ত্তব্য কোন্ ধ্যান।"

द्राः "दाधाकृष्ठ शनायुक शान अधान।"

প্রভু। ''দর্ব তাজি জীবের কর্ত্তব্য কাঁহা বাদ।"

রা। "প্রীর্দাবন ভূমি যাঁহা নিত্য লীলারাস।"
প্রভৃ । "প্রবণ মধ্যে জীবের কোন্ শ্রেষ্ঠ প্রবণ ।"
রা। "রাধাক্ষণ প্রেমলীলা কর্ণ রসায়ন।"
প্রভৃ। "উপাদ্যের মধ্যে কোন্ উপাদ্য প্রধান।"
প্রভৃ। "শুকি উপাদ্য যুগল রাধাক্ষণ নাম।"
প্রভৃ। "মুক্তি ভূকি বাঞ্ছে যেই, কাহাঁ ছহাঁর গতি।"
রা। "স্থাবর দেহ দেব দেহ বৈছে অবস্থিতি।"

''অরদজ্ঞ কাক চুবে জ্ঞান নিম্ব কলে। রদজ্ঞ কোকিল খার প্রেমান্ত্র নুল ॥ অভাগিয়া জ্ঞানী আস্বাদয়ে শুক্ জ্ঞান। কুষ্ণ প্রেমামূত পান করে ভাগাবান্।''

এই মত কথা প্রদক্ষে বাত্রি প্রভাত হইলে রাদানক্দ মহাপ্রভ্বেক প্রণাম করিয়ানিজ কার্য্যে গমন করিলেন। অনন্তর
সন্ধা হইলে পূর্ব্বের ন্যায় আগমন করিয়া ক্ষণ কথা কহিতে
আরম্ভ করিলেন। কিছুক্রণ কথাবার্ত্তা কহিয়া রামানক্দ বলিলেন, 'প্রভা, তোমাকে একটি কথা জিজ্ঞাসা করিব।
আমি পূর্ব্বের ন্যায় তোমাকে সন্ধাসী প্রায় দেখিতেছি না
কেন 
প্রামাকে প্রভাক্ষ ব্রজেক্রনক্দন প্রীকৃষ্ণ বলিয়া বোধ
হইতেছে। শ্রীকৃষ্ণের সমৃদ্র বিভৃতিই তোমাতে লক্ষিত হইভেছে। আরম্ভ দেখিতেছি যে, শ্রীব্রভায়নক্দিনী ভোমার সম্ব্রে
বর্ত্ত্যান থাকিয়া নিজ অঙ্ক কান্ত্রিতে ভোমার শ্রামতন্ত্র আর্ত
করিয়া রাথিয়াছেন।"

মহাপ্রভু কহিলেন, "শ্রীক্ষে তোমার গাড় অমুরাগ থাকায়

সর্বা তোমার রুষ্ণ ক্রিইইতেছে। প্রগাঢ় প্রেমের ঐরপ লক্ষণই বটে।"

> 'প্রেড় কহে ক্ষেত ভোষার গাঢ় প্রেম হয়। প্রেমার স্বভাব এই জানিহ নিশ্চয়॥ মহাভাগবত দেখে স্থাবর জঙ্গম। ভাঁহা ভাঁহা হয় ভার প্রীক্ষণ স্কুরণ॥ স্থাবর জঙ্গম দেখে না দেখে ভার মূর্তি। সর্বার হয় ভার ইইদেব স্কৃতি॥''

> > चिदेह: ह:--

শ্রীমন্তা: ১১স্ক, ২অ, ৪৩ শ্লোক—
''সর্ববস্তৃতেষু যঃ পশ্যেৎ ভগবন্তাবমাত্মনঃ।' ভূতানি ভগবত্যাত্মন্যেষ ভাগবতোত্তমঃ।''

মহাপ্রভুর এইরূপ তোক বাক্য শ্রবণ করিয়া রামানন্দ বলিলেন, "প্রভো, অতঃগর আর ছলনা করিও না। আমাকে ভোমার একান্ত দাস বলিরা গ্রহণ করিয়া নিজ পরিচয় প্রদান কর। আমাকে রুপা করিতে এখানে ভোমার শুভাগমন হই-য়াছে, ইহা তুমি স্বয়ং শ্রীমুখে ব্যক্ত করিয়াছ; এক্ষণে তাহা সম্পূর্ণ করিয়া নিজ মহিমা প্রকাশ কর।"

ভক্তাধীন ভগবান্ আর থাকিতে পারিলেন না, তাঁহার বিধাধরে একটি মধুর হাসির রেখা পড়িল; রামানন্দ দেখিলেন, শ্রীমতী বামে করিয়া গোপীজন বল্লভ ভ্বনমোহন রূপে তাঁহার স্মুধে শোভিতেছেন। "দেখি রামানল হৈলা আনেলে মুচ্ছিতে। ধরিতে নাপারে দেহ পড়িলা ভূমিতে॥ প্রভু তাঁরে হস্ত স্পর্শি করাইল চেতন। সন্ন্যানীর বেশ দেখি বিস্মৃত হৈল মন॥"

খ্রীটেঃ চঃ—

তদনস্তর মহাপ্রভু রামানন্দকে সম্বোধন করিয়া বলিলেন, "রায়, ভূমি যাহা দেখিলে, উহা কাহার নিকট প্রকাশ করিও না। লোকে শুনিতে পাইলে বাতুল বলিয়া উপহাস করিবে।"

'গুপ্তে রাখিহ কাহাঁ না করিহ প্রকাশ।
আনার বাতুল চেটা লোকে উপহাস।
আমি এক বাতুল তুমি দিতীর বাতুল।
আত এব তোনায় আমার হই সমতুল।
এইরূপ দশরাত্তি রামানক সঙ্গে।
সূথে সোভাইলা প্রভু ক্ষা কথা রঙ্গে।
ভীচেঃ চঃ—

রামানকের প্রেমে বণীভূত হইরা মহাপ্রভূদশ দিবস তথার অতিবাহিত করিলেন; অনস্তর বিদায় গ্রহণ কালে বলিয়া গেলেন বে, "আমি তীর্থ দশন করিয়া শীঘই নীলাচলে বাইব, অত্রব ভূমিও আর কাল বিলম্ব না করিয়া বিষয় সংস্থি পরি-তাাগ পূর্কক তথার বাইসা আমার সহিত সাক্ষাং করিবে।'

পঞ্চম পরিচ্ছেদ সমাপ্ত।

## ষষ্ঠ পরিচ্ছেদ।

বিদ্যানগর ত্যাগ করিয়া প্রভু এই শ্লোক পাঠ করিয়া গমন করিতে লাগিলেন। যথা;—

> ''রাম রাঘব রাম রাঘব রাম রাঘব পাহিমাং। কৃষ্ণ কেশব কৃষ্ণ কেশব কৃষ্ণ কেশব রক্ষমাং॥"

পূর্বের ভার প্রভুবে পথে বাইতে লাগিলেন, তাহার নিকটবর্তী গ্রামবাদী দকলে হরিনামায়ত পানে উন্মন্ত প্রায় হইতে লাগিল। এইরপে প্রায় দমগ্র দক্ষিণ দেশবাদী রুঞ্চনাম আশ্রয় করিল। যিনি একবার প্রভুকে দেখিলেন, তিনিই রুঞ্জপ্রেম বিহলে হইলেন, জাবার তাঁহাকে যিনি দেখিলেন বা স্পর্শ করিলেন, তাঁহারও প্ররপ দশা ঘটিল; এইরপে সংক্রামক রোগের ভার দম্দর্য দক্ষিণদেশে রুঞ্চনাম প্রচারিত হইরা প্রভিল।

বহুতীর্থ দর্শন করিয়া এবং বিবিধ মতাবলখী লোক সকলকে ক্ষণনাম প্রদান করিয়া প্রভু প্রীরঙ্গক্ষেত্র উপনীত হইলেন। তথায় প্রীরঙ্গনাথ চরণে দণ্ডবৎ করিয়া প্রভু নাম কীর্ত্তন করিতেছেন, এমন সময়ে বেঙ্কটভট্ট নামে জনৈক বৈষ্ণৱ তাঁহাকে নিমন্ত্রণ করিয়া বাটী লইয়া গোলেন। এই সময় চাতুর্মান্ত কাল আসিয়া উপস্থিত হওয়ায় বেঙ্কটভট্ট করপুটে কহিলেন, ঠাকুর, আপনাকে এই চারি মাস আমার বাড়ীতে থাকিতে হইবে। আমি আপনার দাসামুদাস, অতএব দাসের প্রার্থনা পূর্ণ করিয়া চিরকুতার্থ করুক। প্রীগোপাল ভট্ট গোস্বামী, যাঁহার

নাম ভারতে চিরশ্বরণীয় হইয়া রহিয়াছে, তিনি এই বেছট ভট্টের পুত্র। মহাপ্রভূবেছট ভট্টের আন্তরিক ভক্তি ও আগ্রহা-তিশয়ে বাধিত হইয়া চাতৃশাস্য কাল তাঁহার বাড়ীতেই অতি-বাহিত করিলেন।

শ্রীরঙ্গ ক্ষেত্রে একজন ব্রাহ্মণ নিতা গীতা পাঠ করিতেন। ব্রান্ধণের তাদৃশ পাণ্ডিত্য ছিল না, স্থতরাং অনেক অণ্ডদ্ধ পাঠও হইত: কিন্তু তাঁহার এই একটা অলোকিক ভাব ছিল যে, যতক্ষণ পাঠ করিতেন, ততক্ষণ অবিরামে ক্রন্দন করিতেন। অঙ্দ্ধ পাঠ সত্ত্বেও ব্রাহ্মণকে অবিরত কাঁদিতে দেখিয়া অনেক লোক তাঁহাকৈ উপহাদ করিতেন। এক দিবদ মহাপ্রভ ঐ বাদ্দাকে গীতা পাঠকালে কাঁদিতে দেখিয়া জিজ্ঞাদা কবিলেন. ''মহাশয়, গীতার কোন শোকের ভাব গ্রহণ করিয়া আপনি রোদন করেন ?'' আহ্মণ প্রভুর স্থমিষ্ট বাক্যে পরিভুষ্ট হইয়া নির্জ্জনে বলিলেন, ''ঠাকুর, আপনাকে সকল কথাই বলা ঘাইতে পারে, অতএব আমার রোদন কারণ বলিতেছি শ্রণ ক্রন। আমি গীতা পাঠকালে দেখিতে পাই যে, শ্রীভগবান ভামতন্ত্টায় ত্রিভ্বন উদ্ভাষিত করিয়া অর্জুনের রথের অশবজ্জ বাবণ পূর্বক তাঁহাকে উপদেশ প্রদান করিতেছেন। আমি ভগবানের ঐ ভুবনমোহন রূপ দেখিয়া অঞ সম্বরণ করিতে না পারায় রোদন করিয়া থাকি।"

''প্রভু কহে গীতা পাঠে তোমারই অধিকার।
তুমি সে জানহ এই গীতার অর্থ গার॥
এত বলি সেই বিপ্রে কৈল আলিঙ্গন।
প্রভু পদে ধ্রি বিপ্র করেন রোদন॥'' গ্রীটেঃ চঃ—

চাতুর্মাদা কাল অতীত হইলে মহাপ্রভু ভটের নিকট বিদায় লইয়া পুনরায় তার্থ ভ্রমণে প্রবৃত্ত হইলেন। নানা স্থান দর্শন করিয়া প্রভু মহেক্র শৈলে উপনীত হইলেন: তথায়া পরভরাম বন্দনা করিয়া তৎপরে দেতৃবন্ধে ঘাইলেন। তথা হইতে পাণ্ডদেশ এবং অভাত অনেক স্থান ল্রমণ করিয়া মলার দেশে উপনীত হইলেন। তংপরে পয়োঞ্চি এবং শন্ধরাচার্য্যের শিংহারি মঠ দর্শন করিয়া মৎদ্য তীর্থে গমন করিলেন। তদনস্তর ফল্প তীর্থ, পঞ্চাঞ্চরা তীর্থ, দ্বৈপায়নী তীর্থ প্রভৃতি দর্শন করিয়া পাঞ্পুরে উপনীত হইলেন। তথায় মাধবেক্ত পুরীর শিষ্য শ্রীর পুরীর সহিত মহাপ্রভুর সাক্ষাং হইল। উভয়ে পরম্পরের পরিচয় প্রাপ্ত হইয়া পরম আনন্দিত হই-লেন; অনন্তর শীরঙ্গপুরী ঐ স্থানে বিধরপের অপ্রকটের কথা বিস্তারিত করিয়া বলিলেন। মহাপ্রভু কয়েক দিবস প্রিক্লপুরীর সহিত একত্রে বাস করিলেন, অনন্তর তাহার অনুমতি লইয়া তথা হইতে বহিৰ্গত হইলেন। তংপরে নানা তীর্থ দর্শন করিয়া দণ্ডকারণ্যে উপস্থিত হইলেন। প্রভু তথার সপ্ত প্রাচীন তাল বুক্ষ দেখিয়া আলিম্বন করিবামাত্র বুক্তলি অদ্শ হইয়া গেল।

'পপ্ততাল দেখি প্রাভূ আলিক্ষন কৈল।
সশরীরে সপ্ততাল অন্তর্জান হৈল ॥
শৃক্তত্বল দেখি লোকের হৈল চমৎকার।
লোকে কহে এ সন্ন্যাসী রাম অবতার ॥
সশরীরে তাল গেল শ্রীবৈকুণ্ঠ ধাম।
প্রিছে শক্তি কার হয় বিনা এক রাম ॥'' শ্রীচৈঃ চঃ—

তদনন্তর পশ্পা সরোবর এবং পঞ্চবটী দর্শন করিয়া প্রভ্ কুশাবর্ত্তে গমন করিলেন। তৎপরে সপ্ত গোদাবরী এবং মন্তান্ত তীর্থস্থান দর্শন করিয়া পুনরায় বিদ্যানগরে উপনীত হইলেন। তথায় রামানন্দের সহিত সাক্ষাৎ করিয়া আলালনাথে গমন করিলেন। প্রভ্র গমন কালে রামানন্দ বলিয়া দিলেন যে, "আপনি নীলাচলে পঁছছিলে তাহার দশ বার দিন পরেই আমি তথায় গমন করিব।" প্রভ্ আলালনাথে পঁছছিয়া ক্ষণ দাস বিপ্রকে নীলাচলে প্রেরণ করিলেন। নিত্যানন্দ প্রভৃতি মহাপ্রভ্র আলাল নাথে অবস্থিতির সংবাদ পাইবা মাত্র তথার যাইয়া সাক্ষাৎ করিলেন। মহাপ্রভ্ ভক্ত বুলকে আলিঙ্গন করিয়া সকলের কুশল জিজ্ঞাসা করিলেন; অনস্তর তাঁহাদিগকে সমিতবাাহারে লইয়া হরিধবনি করিতে করিতে নীলাচলে প্রত্যাগমন করিলেন।

"প্রভু লঞা সর্কভৌম নিজ ঘরে গেলা।
মোর ঘরে ভিক্ষা বলি নিমন্ত্রণ কৈলা।
দিবা মহাপ্রসাদ অনেক আনাইলা।
গীঠা পানা আদি জগনাথ যে থাইলা।
মধ্যাক্ষ করিলা প্রভু নিজগণ লঞা।
সার্ক্রভৌম ঘরে ভিক্ষা করিলা আসিয়া।
ভিক্ষা করাইয়া তাঁরে করাইল শয়ন।
আপনে সার্ক্রভৌম করে পাদ সম্বাহন ।
প্রভু তারে পাঠাইল ভোজন করিতে।
সেই রাত্রি তার ঘরে বহিলা তার প্রীতে॥

সার্কভৌম সঙ্গে আর লঞা নিজগণ।
তীর্থ যাত্রা কথা কহি কৈল লাগরণ॥
প্রভু কহে এত তীর্থ কৈল প্র্যাটন।
তোমা সম বৈষ্ণ্যব না দেখি একজন॥
এক রামানল রায় বহু স্থুখ দিল।
ভট্ট কহে এই লাগি মিলিতে কহিল॥
তীর্থ যাত্রা কথা এই কৈল সমাপন।
সংক্রেপে কহিল বিস্তার না ধায় বর্ণন॥
অনস্ত চৈতন্য লীলা কহিতে না জানি।
লোভে লজ্জা থাঞা তার করি টানাটানি ॥
প্রভুর তীর্থ যাত্রা কথা গুনে যেই জন।
চৈতন্য চরণে পায় গাঢ় প্রেম ধন॥'

খ্রীচৈ: চ:—

রাজা প্রতাপক্ত সার্কভোমের নিকট মহাপ্রভুর কথা শ্রবণ করিয়া একবার তাঁহাকে দর্শন করিতে অভিলাষী হইলেন। সার্কভোম বলিলেন, ''প্রভু বিষয়ীর সহিত আলাপ করেন না, অতএব আপনার সহিত তাঁহার সাক্ষাৎ হওয়ার কোন উপায় দেখিতেছিনা। যাহা হউক, আপনি একবারে হতাশ হইবেন না, মহাপ্রভু কিছুদিন এই স্থানে বাস করিলে যাহাতে আপনি তাঁহাকে দেখিতে পায়েন, আমি তাহার চেটা দেখিব '" শিথি মাহাতি প্রভৃতি নীলাচলবাসী ভক্তবৃদ্দ মহাপ্রভুকে দেখিবার জন্ম বাগ্র হইয়া সার্কভৌমের নিকট আসিয়া বলিলেন, ''আপনি যদি কুপা করিয়া প্রভ্কে দেখান তাহাইইলেই আমাদিগের আশা পুর্ব হয়; নতুবা অপর কোন উপায় নাই।'' সার্কভৌম সকলকে

আখাস দিয়া বলিলেন, আগামী কল্য কালী মিশ্রের বাটীতে প্রভুগমন করিবেন, অতএব তোমরা তথার উপস্থিত থাকিবে, আমি প্রভুর সহিত ভোমাদিগের সকলের পরিচর করিয়া দিব।"

পরদিন মহাপ্রভু সার্কভৌম ভট্টাচার্য্যের সহিত জগলাথ দর্শন করিয়া কাশীমিশ্রের বাটী গমন করিলেন। কাশীমিশ্র মহাপ্রভুকে আগমন করিতে দেখিয়া আত্মীয় স্বজনের সহিত ভাঁহার ঐচিরণোপান্তে পতিত হইলেন, এবং সর্কতোভাবে আ্মুমর্পণ করিয়া বলিলেন, "ভগবন্, এই বাড়ী আপনারই, অত এব আপনি যতদিন নীলাচলে থাকিবেন, ততদিন এই বাড়ীতেই বাস করন। আমাদিগকে আপনার একান্ত আজ্ঞাধীন দাস জানিয়া পদক্ষলে ভান দান করিবেন।"

'কাশীমিশ্র আসি পড়িল প্রভুর চরণে। গৃহ সহিত আয়া তাঁরে কৈল নিবেদনে॥ প্রভু চতুর্ভুজ মৃত্তি তাঁরে দেখাইল। আয়ুসাৎ করি তারে আলিঙ্গন কৈল॥"

শ্রীচৈ: চঃ--

তদনস্তর মহাপ্রভূ চতুর্দিক নিত্যানন্দাদি পার্যদগণে বেটিত ছইয়া উপবেশন করিলে, সার্বভৌম ভট্টাচার্য্য ক্রমে নীলাচল বাসী ভক্ত বৃদ্ধের পরিচয় দিতে আরম্ভ করিলেন।

> 'জগরাথ সেবক এই নাম জনার্দন। অনবসর করে প্রভুর শ্রীত্মঙ্গ সেবন॥ কৃষ্ণ দাদ নাম এই স্থবণ বেতা ধারী। শিথি মাহাতি নাম এই লিথনাধিকারী॥

প্রহায় মিশ্র ইহঁ বৈষ্ণব প্রধান। জগলাথের মহা শোয়ার ইহঁদাস নাম ॥ মুরারি মাহাতি ইহ শিথি মাহাতির ভাই। তোমার চরণ বিনা আর গতি নাই॥ চন্দনেশ্বর সিংহেশ্বর মুরারি ত্রাহ্মণ। বিষ্ণু দাদ ইহঁ ধাায়ে তোমার চরণ॥ প্রহর রাজ মহাপাত ইহঁ মহামতি। প্রমানন্দ মহাপাত ইহার সংহতি॥ এসব বৈষ্ণব এই ক্ষেত্রের ভূষণ। একান্ত ভাবে চিন্তে সবে তোমার চরণ॥ তবে দবে ভূমে পড়ি দগুবৎ হঞা। সবা আলিঙ্গিল প্রভু প্রসাদ করিয়া॥ তেন কালে আইলা তথা ভবানন্বায়। চারি পুত্র সঙ্গে পড়ে মহাপ্রভূর পায়॥ সার্বভৌম কহে এই রায় ভবানল। ইহার প্রথম পুত্রায় রামানক। তবে মহা প্রভূ তারে কৈল আলিঙ্গন। স্তৃতি করি কহে রামানন বিবরণ॥ রামানক হেন রভু যাহার তনয়। তাহার মহিমা লোকে কহন না হয়॥ দাক্ষাৎ পাণ্ড, তুমি তোমার পত্নী কুন্তী। পঞ্চ পাণ্ডব তোমার পঞ্চ পুত্র মহামতি॥ রায় কহে আমি শুদ্র বিষয়ী অধম। তবে তুমি স্পর্শ এই ঈশ্বর লক্ষণ॥

নিজ গৃহ বৃত্তি ভূত্য পঞ্চপুত্ৰ সনে।

আত্ম দমর্পিল আমি তোমার চরণে ॥" শ্রীচৈ: চ:— এইরপে নীলাচলবাদী ভক্তগণের সহিত মহাপ্রভুর মিলন হইলে তিনি সকলকে আদর পূর্বাক সন্তাষণ করিয়া সেই দিনের জন্ম বিদার দিলেন। পর দিবস নিত্যানন প্রভু মহাপ্রভুর আদেশ লইয়া তাঁহার দক্ষিণ ভ্রমণ সঙ্গী কুঞ্দাস বিপ্রকে গৌড়ে প্রেরণ করিলেন। ক্রঞ্চনাস গৌড় দেশে পঁছ-ছিয়াস্কাতোন্বখাপে শচী দেবীর নিকট যাইয়া মহাপ্রভুর কুশল সমাচার প্রদান করিলেন। নবদীপবাসী ভক্তরুক ক্লফলাদের আগমন সংবাদ পাইবামাত্র তাঁহার সমীপস্থ হইয়ামহাপ্রভুর শারীরিক কুশল এবং দক্ষিণ ভ্রমণ বিবরণ জিজ্ঞানা করিতে আরম্ভ করিলেন, কুফানাদের মূথে প্রভুর সমাচার অবগত হইয়া ভক্তরনের তৃথি হইল না, তাঁহায়া ক্ষুদাসকে সঙ্গে করিয়া শাস্তিপুরে অহৈত প্রভুর বাড়ী গমন করিলেন। আচার্য্য প্রভু এবং হরিদাস ঠাকুর কৃষ্ণদাস মুখে মহাপ্রভুর কুশল স্মাচার অবগত হইয়া আনন্দে নৃত্য করিতে লাগিলেন। অনন্তর ভক্তগণ সকলে একমত হইয়া আচার্যা প্রভুকে বলিলেন, "প্রভো, আমরা মহাপ্রভুকে দেখি-বার জন্ত ব্যাকুল হইয়াছি অতএব আপনি কুপা করিয়া তাহার উপায় স্থির করুন। অবৈতাচার্যা ভক্ত সকলকে মহাপ্রভু দর্শন জন্ম একান্ত উংস্ক দেখিয়া তাঁহাদিগকে আখাস দান পূৰ্বক নীলাচল গমনের আয়োজন করিতে আদেশ করিলেন।

ষ্ঠ পরিচেচদ সমাপ্ত।

## সপ্তম পরিচ্ছেদ।

মহাপ্রভু নীলাচলে কাশীমিশ্রের ভবনে বাস করিতেন, একদিবদ স্বরূপ দামোদর আসিয়া তাঁহার চরণ বন্দনা করি-লেন। দামোদর নবলীপে মহাপ্রভুর একজন অতি অন্তর্জ ভক্ত ছিলেন, শুদ্ধ ভক্ত নহে, মাতৃস্বসূ-পুত্র-ভ্রাতা এবং বাল্য কালের পরম বন্ধু; এই জন্মই মহাপ্রভু সন্ধ্যাস গ্রহণ করিলে. মন্মাহত হইয়া দামোদর কাশী যাইয়া সন্ধানী হয়েন।

> ''আর দিনে আইলা স্বরূপ দামোদর। প্রভর অত্যন্ত মর্ম্ম রসের সাগর। পুরুষোত্তম আচার্য্য তার নাম পুর্বাশ্রমে। নবদ্বীপে ছিলা তিহঁ প্রভুর চরণে ॥ প্রভর সন্নাস দেখি উন্নত হইয়া। সন্ত্রাস গ্রহণ কৈল বারাণসী গিয়া ॥ চৈত্তানন গুরু তার আজাদিলেন তাঁহারে। বেদান্ত পড়িয়া পড়াও সমস্ত লোকেরে। পরম বিরক্ত তেই পরম পণ্ডিত। কায়মনে আগ্রিয়াছে শ্রীক্লফ্ট চরিত।। নিশ্চিম্তে ক্লফ ভজিব এইত কারণে। উন্মাদে কবিল তিই সন্নাস গ্রহণে ॥ সন্নাস করিলা শিখা সূত্র ভাগিরপ। যোগপট্টনাদিল নাম হৈল স্বরূপ ॥"

শ্বরূপ দানোদরকে পাইয়া মহাপ্রভুর জানদের সীমা রহিল
না; তাঁহাকে দৃঢ় প্রেমালিক্সন দান করিয়া কুশল জিজাসা
করিলেন। দামোদর কহিলেন, "প্রভো, আমার অপরাধ ক্ষমা
কর; আমি অতি মূচ নতুবা এত দিন তোমার পাদপন্ম হইতে
অন্তরে থাকিব কেন? তুমি পরম দয়াল সেই জন্ম কুপা করিয়া
প্রনার আমাকে প্রীচরণ স্মীপে দইয়া আসিলে। তৎপরে
দামোদর নিত্যানক প্রভুর চরণধ্লা মন্তকে ধারণ করিয়া
জগদানক প্রভৃতির সহিত যথাবোগ্য আলিক্সনাদি করিলেন।

স্বৰূপ দামোদর মিলনের ক্ষেক দিবদ পরে ঈশ্বর পুরীর ভূতা গোবিন্দ, নীলাচলে আগমন করিল। গোবিন্দ মহাপ্রভুকে প্রণাম করিয়া বলিল, "প্রভো, পুরী গোস্থামীর সিদ্ধি প্রাপ্তি হইয়াছে। সিদ্ধি প্রাপ্তিকালে পুরী গোস্থামী আমার প্রতি আদেশ ক্রেন বে, 'তুমি প্রীকৃঞ্জ চৈত্ত সমীপে যাইয়া তাঁহার সেবা করিবে'; আমি তদমুসারে আপনার নিকট আগমন করিলাম"।

গোবিদের কথাবদানে সার্কভৌম মহাপ্রভুকে জিজ্ঞাদা করিলেন প্রভো, প্রীপোস্থামী শুদ্র দেবক রাথিয়া ছিলেন কেন ?

> "প্রভু কহে ঈখর হয় পরম অতন্ত্র। ঈখরের রুপা নহে বেদ পরতন্ত্র॥ ঈখরের রুপার জাতিকুল নাহি মানে। বিছরের ঘরে রুঞ্চ করিল ভোজনে॥ স্নেহ সেবাপেক্ষা মাত্র শ্রীকৃষ্ণ রুপায়। স্নেহ বশ হঞা করে অতন্ত্র আচার॥

মর্য্যাদা হৈতে কোটা স্থা স্বেহ আচরণে। প্রমানন্দ হয় যার নাম এবণে॥ এত বলি গোবিন্দেরে কৈল আলিঙ্গন। গোবিন্দ করিল স্বার চরণ বন্দন॥"

ঐারৈঃ চ:—

মহাপ্রভূ গোবিক্লকে আলিঙ্গন করিয়া সার্ক্সভৌমকে বলিলেন, "ভট্টাচার্য্য, গোবিক আমার গুরুদেবের ভূত্য, অতএব
আমার সন্মানের যোগা; আমি কি প্রকারে উহাঁকে আমার
সেবায় নিযুক্ত করিতে পারি ?" সার্ক্সভৌম কহিলেন, "গুরুর
আজ্ঞাই সর্ক্রোপরি বলবান; আপনি পুরী গোস্থামীর আদেশাহ্নারে গোবিক্লকে নিজ সেবার নিযুক্ত করিতে পারেন;
ইহাতে কোন অপরাধ হইবে না।"

''তবে মহাপ্রভূ তারে কৈল অঙ্গীকার। আপন শ্রীঅঙ্গ দেবার দিল অধিকার॥"

একদিবস মৃক্ল দত্ত প্রভুর নিকট যাইয়া বলিলেন, "প্রভা, ব্রহ্মানল ভারতী আপনাকে দর্শন করিতে আদিরাছেন, যন্তপি অহমতি করেন তাহা হইলে তাঁহাকে লইয়া আদি।" মহাপ্রভু বলিলেন, ''তিনি আমার গুরু অতএব আমিই তাঁহার নিকট গমন করিতেছি।'' মহাপ্রভু ভক্তগণ সমভিব্যাহারে ব্রহ্মানল ভারতীর নিকট উপস্থিত হইয়া দেখিলেন, যে ভারতী বাাঘ চর্ম্ম পরিধান করিয়া বিদিয়া আছেন। ভারতীর ঐকপ বেশ মহাপ্রভ্র অন্থনোদিত না হওয়ার ছলনা করিয়া বলিলেন, ''কই ভারতী গোস্বামী কোগায় ?'' মুকুল বলিলেন, ''ঐ যে আপনার সম্মুখেই রহিয়াছেন।'' প্রভু বলিলেন, ''তুমি কাহাকে

ভারতী গোস্বামী বলিতেছ ? তিনি কথনই চর্ম্মান্বর পরিধান করিবেন না।''

"শুনি ত্রন্ধানন্দ করে হৃদরে বিচারে।
মোর চন্দ্রাম্বর এই নাভার ইহারে॥
ভাল কহে চন্দ্রাম্বর দস্তলাগি পরি।
চন্দ্রাম্বর পরিধানে সংসার না তরি॥
আজি হৈতে না পরিব এই চন্দ্রাম্বর।
প্রভ বহির্বাস আনাইল জানিয়া অস্তর॥"

छीरेतः हः-

ব্রন্ধানন্দ বহির্বাস পরিধান করিলে মহাপ্রভু হাইয়া তাঁহার চরণ বন্দনা করিলেন। ইনিই মহাপ্রভুর সন্ন্যাসপ্তক কাটোয়ার কেশব ভারতী। ভারতী কহিলেন "প্রীক্ষটেতেন্ত, কেবল লোক শিকার জন্ত তুমি গৌকিক আচার সকল পালন কর সত্য বটে, কিন্তু পুনরায় কথন আমাকে প্রণাম করিওনা। তোমার মহিমা আমি বিশেষ অবগত আছি।" আৰু আমার অতি গুভাদৃষ্ট, কারণ আমি অদ্য সচল এবং অচল ছই ব্রন্ধ এক স্থানে দশন করিলাম। জগন্নাথ অচল, তুমি সচল; জগন্নাথ ভামবর্ণ, তুমি গৌরবর্ণ। কলিয়্গে সচল এবং অচল এই ছই মৃর্তিতে তুমি জগৎ উদ্ধার করিতেছ। তুমি গৌরব্রপে জগৎ উদ্ধার বিবেই হার প্রমাণ মহাভারতে দেখিতে পাওয়া যায়। যথাঃ—

মহাভারতে দানধর্মে শতাধিকোন ১৪৯ অ, সহস্র নামি ১১ শ্লোক:—

"স্বর্গবর্গো হেমাঙ্গো বরাঙ্গণ্ডন্দনাঙ্গদী। সন্ম্যাসকুৎসমঃ শাস্তো নিষ্ঠা শাস্তি পরায়ণঃ ॥" 'ভট্টাচার্য্য কছে ভারতী দেখি তোমার জয়।
প্রভু কহে যেই কহ সেই সত্য হয়॥
গুরু শিষ্য ভায়ে শিষ্য সত্য পরাজয়।
ভারতী কহে এ নহে অয় হেতু হয়॥
ভক্ত ঠাঞি হার তুমি এ তোমার অভাব।
আার এক গুন তুমি আপন অভাব॥
আাজন্ম করিয় মুঞি নিরাকার ধান।
তোমা দেখি য়য় হৈলা মোর বিদ্যানা॥
রক্ষ নাম স্কুরে মুথে মনে নেত্রে য়য়।
তোমাকে তক্রপ দেখি হদয়ে সত্য়॥''

এক দিবস সার্পভৌম ভট্টাচার্য্য মহাপ্রভুকে বলিলেন, "প্রভা, যদ্যপি আপনি অসমতি করেন, তাহা হইলে রাজা প্রতাপ কদ্র একবার আপনার শ্রীপাদপদ্ম বন্দনা করিতে আগ্যান করেন। প্রতাপ কদ্র জগন্নাথের একান্তভক্ত, তাঁহার চিত্ত বিষয়ীর ন্যায় মলিন নহে।" মহাপ্রভুহন্ত হারা কর্ণ আছোদিত করিয়া বলিলেন, "ভট্টাচার্য্য প্র প্রকার কথা পুনরায় বলিলে আর আমাকে এখানে দেখিতে পাইবে না। আমি বিরক্ত সন্ন্যাসী; আমার পক্ষে রাজদর্শন ও স্ত্রীদর্শন বিষ ভক্ষণের ভুলা।"

এটেডতন্য চন্দ্রোদয় নাটকে এটেডতন্য দেব বাক্যং—

''নিক্ষিঞ্চনস্থ ভগবন্তজনোমুখস্থ, পারং পরং জিগমিষো ভ্রদাগরস্থ। সন্দর্শনং বিষয়িণা মথ যোষিতাঞ্চ, হা হস্ত হস্ত বিষভক্ষণতোহপ্যসাধু ॥''

প্রভুবলিলেন, 'প্রতাপ রুদ্র মহাভক্ত হইলেও আমি রাজ দর্শন করিতে ইছা করি না সজ্জীভূতা কাঠনারী দর্শন করি-রাও সময়ে সময়ে মানব চিত্তবিকারগ্রস্ত হইলা থাকে।

श्रीटेंडना (प्रवर्गकाः:-

"আকারাদপি ভেতব্যং স্ত্রীণাং বিষয়িণামপি। যথাহে মনসঃ ক্ষোভস্তথা তদ্যাকৃতেরপি॥"

ভক্তগণ ক্রমে ক্রমে চারিদিক হইতে নীলাচলে আগমন করিতে লাগিলেন। এক দিবস রায় রামানন্দ আসিয়া মহাপ্রভুর চরণোপাস্থে পতিত হইলে, প্রভু তথনই তাঁহাকে তুলিয়া গাঢ় আলিঙ্গন দান করিলেন। ভক্তগণ রামানন্দের প্রতি মহাপ্রভুর ক্ষেহ দেখিয়া বিশ্বিত হইয়া রহিলেন।

রামানল প্রভ্র কুশল জিজাসা করিয়া কহিলেন, "প্রভো, রাজা প্রতাপ কর আমার প্রতি বিশেষ অনুগ্রহ প্রকাশ করিয়া ছেন। আমি রাজকর্ম পরিত্যাগ করিয়া আপনার চরণসেবা করিব, এই কথা শ্রবণ করিবামাত্র রাজা আমাকে প্রশংসা করিয়া তথনই আমার প্রার্থনা গ্রাহ্ম করিলেন।"

> "আমি কহি আমা হৈতে না হয় বিষয়। চৈততা চরণে রহো যদি আজ্ঞা হয়। তোমার নাম শুনি রাজা আনন্দিত হৈল। আসন হৈতে উঠি মোরে আলিদন কৈল।

তোমার নাম শুনি হৈল মহা প্রেমাবেশ।
মোর হাতে ধরি কহে পীরিতি বিশেষ॥
তোমার যে বর্ত্তন তুমি খাও সে বর্ত্তন।
নিশ্তিস্ত হইরা ভজ চৈতক্ত চরণ॥
আমি ছার যোগ্য নহি তার দরশনে।
তাঁরে থেই ভজে তার সফল জীবনে॥
পরম কুপালু তিঁহ ব্রজেক্ত নন্দন।
কোন জ্বো মোরে অবর্ত্ত দিবেন দরশন॥

बीरेहः हः-

মহা প্রভ্রামানন্দের প্রতি রাজা প্রতাপরুজের সদন্ধ বাব-হারের কথা শ্রবণ করিয়া পরম প্রতি লাভ করিলেন। অনস্তর রামানন্দকে সম্বোধন করিয়া বলিলেন, "রায়, তুমি একজন প্রধান রুফ্চভক্ত, অতএব রাজা যথন তোমাকে স্নেহ করিয়া-ছেন, তথন অবশুই তিনি রুফ্চরুপা প্রাপ্ত হইবেন।"

তথাহি লঘু ভাগবতামূতে উত্তর খণ্ডে ভব্তামূতে সপ্তমান্ধ-ধৃতং আদিপুরাণে অর্জুনং প্রতি প্রাকৃষ্ণ বাক্যং;—

''যে মে ভক্তজনাঃ পার্থ ন মে ভক্তাশ্চ তে জনাঃ। মন্তক্তানাঞ্চ যে ভক্তা স্তে মে ভক্ততমা মতাঃ॥''

তথাহি লঘুভাগৰতামূতে উত্তর ৰঙে পঞ্চমাঙ্কায়ত পদ্মপুরাণে পার্কতীং প্রতি শিববাক্যং ;—

''আরাধনানাং সর্বেবষাং বিফোরারাধনং পরং। তম্মাৎ পরতরং দেবি তদীয়ানাং সমর্চনং॥'' মহেশ্বর পার্ব্ধ তীকে বলিতেছেন, হে দেবি ! সর্ব্ধদেবদেবীর আরাধনা হইতে শ্রীবিষ্ণুর আরাধনাই শ্রেষ্ঠ, এবং বিষ্ণুভক্তের উপাদনা, ভগবানের উপাদনা হইতে সমধিক শ্রেষ্ঠ।

মহাপ্রভু জিজ্ঞাদা করিলেন, "রায়, কেমন জগলাও দর্শন করিলে বল ? রামানল বলিলেন, "এথনও জগলাও দর্শন করি নাই, এইবার ঘাইয়া দর্শন করিব।" প্রভু বলিলেন এইয়প অভায় কর্ম কেন করিলে ? জগলাও দর্শন না করিয়া অথ্যে এথানে আদা ভাল হয় নাই।"

> "রায় কহে চরণ রথ জনর সারথি। যাহাঁ লঞা যায় তাহাঁ যার জীব রথী॥ আমি কি করিব মন ইহাঁ লঞা আইলা। জগরাথ দরশনে বিচার না কৈলা॥"

> > এইচ: চ: −

রামানন্দ মিলনের ক এক দিবদ পরেই সংবাদ আসিল বে, গৌড়ের ভক্তবৃন্দ নীলাচলে আসিতেছেন। রাজা প্রতাপ কজ্ ঐ সংবাদ পাইয়া সার্ক্ষভৌমকে বলিলেন, "ভট্টাচার্য্য, প্রভ্র গৌড়ের ভক্ত বুনের কিরূপ মিলন হয় আমাকে কোন উপায়ে দেখাইতে হইবে।" সার্ক্ষভৌম বলিলেন, "আমি সকলকে চিনি না অতএব গোপীনাথ আচার্য্যকে সঙ্গে লইয়া আমরা অট্টালিকার ছাদ হইতে দর্শন করিব।"

গোড়ের ভক্তগণ নীলাচলে উপনীত হইলে মহাপ্রভু স্বরূপ দামোদর এবং গোবিন্দ দারা প্রসাদী মালা পাঠাইয়া দিলেন। স্বরূপ দামোদর অগ্রসর হইয়া অধৈত প্রভুর গলায় অথ্রে মালা অপ্ণ ক্রিলেন, পশ্চাতে গোবিন্দু যাইয়া দিতীয় মালা দিলেন। অধৈত প্রভুর সমভিব্যাহারে প্রায় ছই শত ভক্ত গৌড় হইতে গমন করিয়াছিলেন, রাজা প্রতাপক্ত অট্টালিকার উপরি হইতে উাহাদিগের অলৌকিক বৈষ্ণবশ্রী দর্শন করিয়া বিশ্বিত হইলেন।

"রাজা কহে দেখি মোর হৈল চমংকার।
বৈষ্ণবের এছে তেজ দেখি নাহি আর॥
কোটি স্থ্য সম স্ব উজ্জল বরণ।
কভু নাহি দেখি এই মধুর কীর্ত্তন॥
ঐছে প্রেম ঐছে নৃত্য ঐছে হরিধ্বনি।
কাহাঁ নাহি দেখি ঐছে কাহাঁ নাহিশুনি॥
ভট্টাচার্য্য কহে এই মধুর বচন।
চৈতত্তার স্কৃষ্টি এই পেম সংকীর্ত্তন॥
অবত্রর চৈতন্য কৈল ধর্ম প্রচারণ।
কলিকালে ধর্ম ক্রম্ণ নাম সংকীর্ত্তন॥
সংকীর্ত্তন যজে তাঁরে করে আরাধন।
সেই ত স্থমেধা আর কলি হত জন॥"

ঐাচৈ: চঃ—

তথাহি শ্রীমন্তাগবতে একাদশস্করে পঞ্মাধ্যায়ে তিংশ শ্লোকে জনকং প্রতি করভাজনবাক্যং;—

"কৃষ্ণবর্ণং দ্বিষাকৃষ্ণং সাঙ্গোপাঙ্গান্ত্রপার্যদং। যভৈঃ সংকীর্ত্তনপ্রায়ৈর্যক্তন্তি হি স্থমেধসঃ॥"

রাজা প্রতাপরক কহিলেন, 'বিদি শাস্ত্র প্রমাণে জানা যাইতেছে বে, চৈতন্য দেব সাক্ষাং ব্রজেক্সনন্দন, তবে পণ্ডিত-বর্গ কি জন্য উহা স্বীকার করেন না ? সার্প্রভৌম ভট্টাচার্য্য কহিলেন, "মহারাজ, তগবানে বিখাস এবং ভক্তি ইহা ঈশ্বর ক্লো ব্যতীত লাভ হয় না। পাণ্ডিত্য, ভক্তিবিখাদের কারণ নহে। অভিতীয় পণ্ডিত ব্যক্তি ভগবানকে প্রত্যক্ষ দর্শন করি-লেও তাঁহার ক্লো দৃষ্টি ব্যতীত উক্ত ভগবদ্দন কথনই স্থিক হইবে না।

তথাহি আমিত্তাগবতে > ক্ষন্ধে ১৪ অধ্যারে ২৯ শ্লোকে আফিঞং প্রতি ব্রহ্মবাক্যং :—

> ''তথাপি তে দেব পদাস্থ্জন্বয় প্রসাদলেশানুগৃহীত এবহি। জানাতি তত্ত্বং ভগবন্মহিম্নো, নচান্য একোপি চিরং বিচিন্ন্॥'

গৌড়ের ভক্তগণ সর্বাগ্রে মহাপ্রভুকে দর্শন করিলে রাজা প্রতাপক্ষদ্র সার্বভৌমকে বলিলেন, ''ভট্টাচার্যা, ভক্তগণ অগ্রে জগরাথ দর্শন না করিয়া প্রভুকে দেখিতে যাইতেছেন কেন ? আবার দেখিতেছি ভবানন্দের পুদ্র বাণীনাথ এবং অপর ক্ষেক-জন যথেষ্ট পরিমাণে প্রসাদ লইয়া যাইতেছে, ইহারই বা কারণ কি? তীর্থে আসিলে অগ্রে ক্ষোরাদি করিয়া উপবাস করিতে হয়; কিন্তু ইহারা ঐ প্রাচীন বিধি পালন করিবেন না কেন ?''

> "ভট্ট কছে ভূমি কহ সেই বিধি ধর্ম। এই রাগ মার্গে আছে হুল্ম ধর্ম মর্ম। ঈশ্বরের পরোক্ষ আজ্ঞা কোর উপোষণ। প্রভূব সাক্ষাৎ আজ্ঞা প্রসাদ ভোজন।

তাহা উপবাদ যাহা নাহি মহাপ্রদাদ।
প্রভু আজ্ঞা প্রদাদ ত্যাগে হয় অপরাধ॥
বিশেষে মহাপ্রভু করে আপনে পরিবেশন।
এতলাভ ছাড়ি কেনে করিবে উপোষণ॥
পূর্ব্বে প্রভু মোরে প্রদাদ অয় আনি দিল।
প্রাতে শ্যায় বিদি আমি দেই অয় থাইল॥
যারে কুপা করি করে হৃদয়ে প্রেরণ।
কৃষ্ণাশ্র য় ছাড়ে বেদ লোক ধর্ম॥"'

®हें ह:-

তথাহি শ্রীমন্তাগবতে ১৪শ স্বদ্ধে, ২৯ জ, ৪৫ ক্লোকে প্রাচীন বর্হিষং প্রতি নারদ বাক্যং ;—

''যদা যস্যানুগৃহাতি ভগবানাত্মভাবিতঃ। স জহাতি মতিং লোকে বেদে চ পরিনিষ্ঠিতাং॥''

ভক্তগণ মহাপ্রভুর সমীপস্থ হইলে তিনি সর্বাত্তে আচার্য্য প্রভুকে আলিঙ্গন করিয়া কুশল জিজাসা করিলেন, তৎপরে অপর সকলকে আলিঙ্গন করিলেন, কেবল মুরারি গুপ্ত এবং হরিদাস ঠাকুরকে দেখিতে পাইলেন না।

'মুরারি না দেখিয়া প্রভুকরে অবেষণ।
মূরারি লইতে ধাঞা আইলা বছজন।
তুণ ছুই গুদ্ধ মুরারি দশনে ধরিয়া।
মহাপ্রভুর আগে গেলা দৈনাধীন হঞা॥"

মুরারিকে দেখিবামাত্র মহাপ্রভূ আসন পরিত্যাগ করিয়া আলিঙ্গন ক্রিতে ধাইলে, মুরারি বলিলেন, প্রভো! ''আমাকে ল্পর্শ করিবেন না, আমি আপনার আলিঙ্গনের যোগ্য পাত্র
নহি।'' মহাপ্রভুর তত্ত্ব মুরারি গুপ্ত নবদ্বীপেই বিলক্ষণরূপে
অবগত হইমাছিলেন, স্থতরাং তাঁহার লোকিক আচারে মুরারি
ভূলিলেন না। মহাপ্রভু মুরারির দৈন্য দেখিয়া প্রীভচিত্তে
তাঁহাকে বলপূর্ক্ষ গাঢ় আলিঙ্গন দান করিলেন। ভূজনেস্কর
হরিদাসকে আনিবার জন্য লোক যাইলে, তিনি বলিয়া পাঠাহলেন যে, 'প্রক্রী অতি নীচজাতি, মন্দিরসমীপে যাইবার
আমার অধিকার নাই, সেই জন্য আমি এই স্থানে অপেক্ষা করিতেছি। কাইপ্রভু যদি কুপা করিয়া প্রীমন্দির হইতে দূরবর্ত্তী
তাঁনি স্থলে আমার জন্য একটি স্থান নির্দেশ করিয়া দেন, তাহা
হইলে আমি তথার পভিয়া থাকি।''

"হরিদাদ কহে আমি নীচ জাতি ছার। মন্দির নিকট ধাইতে মোর নাহি অধিকার॥ নিভ্তে টোটামধ্যে স্থান যদি পাঙ। তাহা পতি রহো একলে কাল গোয়াঙ॥"

মহাপ্রভূ হরিদাদের কথা শুনিয়া বড়ই ছৃঃথিত হইলেন। অনস্তর ভক্তগদকে সমুদ্রে য়ান করিতে আদেশ দিয়া স্বয়ং হরি-দাস মিলনে গমন করিলেন।

> "মহাপ্রভু আইলা তবে হরিদাস মিলনে। হরিদাস করে প্রেম নাম সঙ্কীর্ত্তনে।। প্রভু দেখি পড়ে পার দণ্ডবৎ হঞা। প্রভু আলিঙ্গন কৈল তারে উঠাইরা॥ ছই জনে প্রেমাবেশে করেন ক্রন্ধনে। প্রভু গুণে ভৃত্য বিকল প্রভু ভৃত্য গুণে।" শ্রীচৈঃ চঃ

তদনস্তর মহাপ্রভূ হরিদাসকে সঙ্গে লইরা পুশোভানে গমন করিলেন। তথার একথানি বর ছিল, প্রভূ হরিদাসকে বলিলেন, "তুমি এই নিভূত স্থানে থাকিয়া নাম কীর্ত্তন কর, আমি নিত্য আসিয়া তোমাকে দেখিয়া বাইব। তোমাকে অন্ত কোথাও বাইতে হইবে না, আমি প্রত্যহ তোমার জন্ম প্রসাদ পাঠাইরা দিব।'' ভক্তবাঞ্ছা কল্লতক প্রম দ্যাল প্রভূ ভক্তপ্রেষ্ঠ হরিদাসের বাসনা পূর্ব করিয়া আপন আশ্রমে গম্মকরিলেন।

ভক্তরুল সমুদ্রে স্থান করিয়া মহাপ্রভুর নিকট আগমন করিলে তিনি স্বহস্তে পরিবেশন করিয়া সকলকে পর্যাপ্ত মহা প্রাণা ভোজন করাইলেন। একে জগনাথের মহাপ্রাণা ভাহাতে মহাপ্রভু পরিবেশক, ভক্তগণ প্রত্যেকে হুই জনের যোগ্য প্রশান ভোজন করিয়া কেলিলেন। ভোজনাস্তে মহাপ্রভু সহস্তে প্রত্যেক ভক্তকে মাল্য চলন প্রদান করিয়া সন্ধ্যা পর্যন্ত বিশ্রাম করিতে অন্তমতি দিলেন। প্রভুর আদেশ পাইয়া ভক্তগণ আপন আপন বাসায় গমন করিয়া বিশ্রাম করিলেন; অনন্তর সন্ধ্যার সময় মহাপ্রভু সকলকে সমভিব্যাহারে লইয়া জগনাথের শ্রীমন্দির বেড়িয়া সংকীর্ভন আরম্ভ করিলেন।

> "তবে প্রভু জগনাথের মন্দির বেড়িরা। প্রদক্ষিণ করি বুলেন নর্ত্তন করিয়া॥ আগো পাছে গান করে চারি সম্প্রদার। আছাড়ের কালে ধরে নিত্যানন্দ রায়॥ অঞ্চ পুলক কম্প স্বেদ গন্তীর হুহুার। প্রেমের বিকার দেখি লোকে চমৎকার॥

পিচকারি ধারা জিনি অঞ্চনরনে।
চারিদিগের লোক সব করয়ে সিনানে॥
বেড়া নৃত্য মহাপ্রভু করি কতক্ষণ।
মন্দিরের পাছে রহি করয়ে কীর্ত্তন ॥
চারিদিকে নাচে সম্প্রদার উচ্চৈঃস্বরে গার।
মধ্যে তাওব নৃত্য করে গোর রার॥
বহক্ষণ নৃত্য করি প্রভু স্থির হৈলা।
চারি মহাস্তেরে তবে নাচিতে আজ্ঞা দিলা॥
এক সম্প্রদার নাচে নিত্যানন্দ রার।
অবৈত আচার্য্য নাচে আর সম্প্রদার॥
আর সম্প্রদার নাচে পণ্ডিত বক্রেপর।
আবাস নাচে আর সম্প্রদার ভিতর॥
মধ্যে রহি মহাপ্রভু করেন দর্শন।
ভাইা এক ঐশ্ব্য হইল প্রকটন॥
"

बीरेहः हः-

মহাপ্রভূমধাস্থলে রহিলেন, চারি সম্প্রদায় তাঁহাকে বেটন করিয়া নৃত্য সন্ধীর্তন করিতে আরম্ভ করিলেন। প্রভূ চারি সম্প্রদারের নৃত্য এককালে নিরীক্ষণ করিতে মনন করিয়া এক ভক্ত মনোরঞ্জন ঐথর্য্য প্রকাশ করিলেন। নিত্যানন্দাদি চারি জন চারি সম্প্রদারের অত্যে থাকিয়া নৃত্য করিতে ছিলেন, তাঁহারা নৃত্য কালে প্রত্যেকেই দেখিতে পাইলেন যে, মহাপ্রভুর দৃষ্টি তাঁহারই প্রতি রহিয়াছে। উহাঁরা নৃত্য করিতে করিতে যিনি বধন প্রভূর নিকটে আগিলেন, প্রভূ তাঁহাকে বাহু বেটন করিয়া দৃঢ় আলিজন দান করিলেন। এইরপে বহক্ষণ কীর্ত্তন ও নৃত্য করিয়া সকলে শ্রাস্ত হইলে, প্রভূ কীর্ত্তন সমাপন করিতে আদেশ দিলেন।

> "এইত কহিল প্রভূর কীর্ত্তন বিলাস। বেবা ইহা গুনে হয় চৈততের দাস।" সপ্তম পরিছেদ সমাপ্ত।

## অফীম পরিচ্ছেদ।

ভূষিত চাতক যেরপ উর্জ্ঞীব হইয়া কাতরস্বরে নীরদের নিকট জল প্রার্থনা করিয়া থাকে, গৌড়ের ভক্তর্কও তজপ গৌরকশনলালসায় ব্যাকুল হইয়া ছিলেন, এক্ষণে গৌর কাদ-িয়নীর স্থশীতল প্রেম-বারি-ধারা পান করিয়া আপনারা শীতল হইলেন। আকাশে সময় সময় সোণার বর্ণ মেঘ দেখিতে পাওয়া যায়, পাঠক অবশু উহা লক্ষ্য করিয়া থাকিবেন; কিন্তু উক্ত মেঘে জল হয় না, যদিও কথন হয়, তাহাও ছই চারি ফোটা মাত্র। গৌরাক্ষররপ কণককাদম্বিনী নিরস্তর জলভরে চল চলায়মান, ইহা হইতে অবিরত প্রেমামৃত ধারার বর্ষণ হয়য় থাকে!

মহাজন ক্বত একটি পদ :—

''আইলেন গৌৱচন্দ্ৰ, কাদম্বিনী হয়ে।
ভাসাইলেন গৌড় দেশ প্ৰেম-বগা দিয়ে॥

দে মেঘের নিত্যানক পবন সহায়।

যথা নাহি প্রেমবৃষ্টি তথা লয়ে যায় ॥

হড় হড় গর্জন তাহে জী অবৈত চক্র ।

দে মেবে চপলা থেলে গৌরভ কুবুক ॥

নিকপম মেব সেহ কণকের কাঁতি।

মালতীর মালা তাহে বলাকার পাঁতি॥

কঞ্চলাস কবিরাজ সে প্রেমের ভাঙারী।

বেথেছে গৌরাক্ষ প্রেম স্বর্ণ কুন্ত ভরি॥

ভাগালল গৌড় দেশ প্রেমবন্তা দিয়ে।
কাঁদে হুঃথী কৃঞ্চলাস বিকুনা পাইয়ে॥"

নীলাচলে প্রাণের অধিক প্রিয় প্রভুকে পাইয়া ভক্তগণ সংকীর্তনানন্দে দিন অতিবাহিত করিতে লাগিলেন, এদিকে ক্রমে ক্রমে রথ যাতার কাল আদিয়া উপস্থিত হইল। এই সময় মহাপ্রভু একটা অপূর্ব্ধ লীলা প্রকাশ করিলেন। তিনি ভক্তগণকে আহ্বান করিয়া বলিলেন যে, ''রথ-যাতার পূর্ব্বে আমি তোমাদিগকে লইয়া একবার জগলাথের শ্রীমন্দির মার্জন করিতে বাদনা করি।'' ভক্তগণ প্রভুর আদেশ পাইবামাত্র সম্দয় আঘোজন করিলেন, অনস্তর তাঁহাকে অত্যে করিয়া শ্রীমন্দিরে গমন করিলেন।

"আর দিন প্রভাতে প্রভূ লঞা নিজগণ। জীহন্তে স্বার অঙ্গে লেপিলা চন্দন॥ জীহন্তে দিল স্বারে এক এক মার্জনী। স্বর্গণ লঞা প্রভূ চলিলা আপনি॥ গুণিচা মন্দিরে গেলা করিতে মার্জন। প্রথমে মার্জনী লঞা করিল শোধন। ভিতর মন্দির উপর সকল মার্জিল। সিংহাসন মাজি পুনঃ স্থাপন করিল॥ ছোট বড় মন্দির কৈল মার্জন শোধন। পাছে তৈছে শোধিল শ্রীজগমোহন ॥ চারিদিকে শত ভক্ত সংমার্জনী করে। আপনি শোধেন প্রভ শিথান সবারে॥" இர்: Б:--

শ্রীমনিবের অভান্তর ও বাহির সমুদর স্থান ধৌত করা হইলে, মহাপ্রভু ভক্তগণ লইয়া সংকীর্ত্তন আরম্ভ করিলেন। প্রভর গভীর হস্কার এবং উদ্ধন্ত নতো ব্রহ্মাণ্ড কম্পিত হইতে লাগিল। এইরূপে বহুক্ষণ নৃত্য করিয়া প্রভু নিরস্ত হইলেন। অনুভার অবৈভাচার্যোর পুলু গোপাল প্রভার আদেশে নৃত্য আরম্ভ করিলেন। গোপাল নৃতা করিতে করিতে প্রেমাবেশে মার্চ্চা প্রাপ্ত হইলে, কেহই তাঁহাকে চেতন করিতে সমর্থ হইলেন না। পুলকে শ্ববং নিশ্চেষ্ট দেখিয়া অহৈতের অন্তরে আশহা উপন্থিত হইল, তিনি গোপালকে ক্রোড়ে লইয়া কাঁনিতে লাগিলেন।

> "অনেক করিল তবুনা হয় চেতন। আচাৰ্য্য কান্দেন কা. ন্দ সব ভক্তগণ।। তবে মহাপ্রভু তায় বুকে হাত দিল। উঠহ গোপাল বলে উচ্চৈঃশ্বর কৈল।।

শুনিতেই গোপালের হইল চেতন। হরি বলি নৃত্য করে সর্বভক্তগণ। "

তদনস্তর মহাপ্রভু সংকীর্ত্তন সমাপন করিয়া ভক্তগণ সমভি-ব্যাহারে সমুদ্র সানে গমন করিলেন। ভক্তগণ স্থানান্তে শুক্ বসন পরিধান করিলে, সকলকে সঙ্গে লইয়া প্রভু উদ্যানে গমন করিলেন।

মহাপ্রভূ ইতিপূর্বে বাণীনাথকে আদেশ করিয়া রাথিয়া ছিলেন, একণে ভক্তগণ উন্থানে সমবেত হইরাছেন, জানিতে পারিয়া, বাণীনাথ প্রায় পাঁচ শত লোকের আহারোপ্যোগী মহাপ্রদাদ লইরা তথায় উপ্থিত হইলেন। যথেষ্ট পরিমাণ মহাপ্রদাদ দশনে মহাপ্রভূ সানক্ষে স্থরপদামোদর এবং জগদানক্ষ প্রভূতি সাত জনের প্রতি আদেশ করিলেন যে, "তোমরা ভক্তগণকে পরিতোবপূর্বক ভোজন করাও।"

তদন স্তর প্রভু 'হরিদাস,—হরিদাস' বলিয়া ডাকিতে লাগি-লেন। হরিদাস ঠাকুর ঐ উদ্যানের এক প্রান্তেই উপস্থিত ছিলেন, প্রভু তাঁহাকে আহ্বান করিতেছেন বলিয়া কর্মোড়ে কহিলেন, ''প্রভো, আপনি ভক্তগণের সহিত প্রসাদ অঙ্গীকার করুন; আমি এই সঙ্গে প্রসাদ পাইতে বসিবার যোগ্য নহি। সর্ব্ব পশ্চাং, গোবিন্দ আমাকে বহিদ্ব'ারে প্রসাদ আনিয়া দিবেন।'' হরিদাসের প্রকৃতি টলিবার নহে। মহাপ্রভু তাঁহাকে আর কিছু বলিলেন না।

ভক্তগণ ভোজনে বৃদিয়া ঘন ঘন হরি ধ্বনি করিতে আরম্ভ ক্রিলেন। সার্ক্ডোম ভট্টাহার্য্য মহাপ্রভুর বাম পার্ম্বে উপবেশন করিয়াছিলেন, প্রভু বাছিয়া বাছিয়া উত্তম দ্রব্যাদি তাঁহার পাতে দেওয়াইতে লাগিলেন।

> ''সার্বভৌমে দেয়ান প্রভু প্রসাদ উত্তম। মেছ করি বার বার করান ভোজন। গোপীনাথাচার্য্য উত্তম মহাপ্রসাদ আনি। সার্বভৌমে দেন প্রসাদ প্রভু আজ্ঞা মানি॥ কাহাঁ ভট্টাচার্য্যের পূর্ব্ব জড় ব্যবহার। কাহাঁ এই প্রমান্দ কর্ছ বিচার॥ সাৰ্বভৌম কহে আমি তাক্তি কুবুদ্ধি। তোমার প্রসাদে মোর এ সম্পদ সিদ্ধি॥ মহাপ্রভু বিনা কেহ নাহি দয়াময়। কাকেরে গরুড় করে ঐছে কোন্হয়। তার্কি শুগাল সঙ্গে ভেউ ভেউ করি। সেই মুথে ইবে দলা কহি কৃষ্ণ হরি॥ কাহাঁ বহিন্দু থ তাক্তি কি শিষাগণ সঙ্গে। কাহাঁ এই সঙ্গ স্থা সমুদ্ তরঙ্গে ॥ প্রভু কহে পূর্বে দিদ্ধ কৃষ্ণে তোমার প্রীতি। তোমা সঙ্গে আমা স্বার হৈল ক্ষে মতি॥ ভক্ত মহিমা বাড়াইতে ভক্তে স্থুপ দিতে। মহা প্ৰভু বিনা অন্ত নাহি ত্ৰিজগতে ।"

> > बैरिहः हः--

অংহত আচার্য্য এবং নিত্যানল প্রভু, ইহারাও মহাপ্রভুর নিকটে ভোজন করিতে বিষয়ছিলেন। আচার্য্য প্রভু নিত্যা-নলকে লক্ষ্য করিয়া বলিলেন, "প্রভু হইতে আমাদের ুঁজাতি ধর্ম সকলি গেল । প্রভু নিজে সন্থাসী, অবধুতের সহিত একত্রে ভোজন করিতে উহাঁর কোন আপত্তি নাই; কিন্তু আমরা আশ্রমী, আমাদিগকে কি বলিয়া একটা অজ্ঞাতকুলশীল সন্ন্যামীর সহিত এক পংক্তিতে ভোজন করিতে অনুমতি করিলেন ৭''

নিত্যানক প্রভ্ বলিলেন, "যাহার নাম অট্রত, তাহার আবার জাতি বিচার কি ? যাহার কিছুমাত্র ভেদভেদ নাই,সকল একাকার, তাহার আবার জাতি কুল ভয় কি জন্য ? যে ব্যক্তির ভেদজান নাই, তাহার সহিত একপংক্তিতে ভোজন করা যে কতদূর ন্যায়দক্ষত, তাহা আর আমি কি বলিব ?"

রিদিক চূড়ামণি প্রভ্রয় বিতওা করিতে করিতে ভোজন সমাপন করিলেন, অনস্তর মহাপ্রভ্র আদেশ পাইয়া সকলে ভোজন শেষে হরিধবনি দিয়া উঠিলেন।

> ''গুণ্ডিচা গৃহ মাৰ্জ্জন সংক্ষেপে কহিল। যাহা দেখি শুনি পাপীর কৃষ্ণ ভক্তি হৈল॥''

রথ যাত্রার দিবস মহাপ্রভু প্রত্যুবে স্নানাদি সমাপন করিয়া
ভক্তগণ সঙ্গে অগ্রসর হইলেন। চহুর্দ্ধিকে বিবিধ বাদ্য কোলাহলে পূর্ণ হইয়াছে, পথে দারুণ লোক সংঘটু, মহাপ্রভু প্রফুল্ল
চিত্তে গোবিন্দ অরণ করিয়া রথ সমীপে গমন করিলেন। স্থবর্ণ
মণ্ডিত রথোপরি জগমোহন শোভা পাইতেছেন, দেখিয়া প্রভু
মহানন্দে হরিধ্বনি করিতে লাগিলেন।

''হক্ষ খেত বালু পথে পুলিনের সম। ছই দিকে টোটা সব যেন বৃন্দাবন॥ রথে চড়ি জগরাথ করিলা গমন।
ছই পার্থে দেখি চলে আনন্দিত মন।
গৌড় সব রথ টানে করিয়া আনন্দ।
ক্ষণে শীঘ্র চলে রথ ক্ষণে চলে মন্দ।
ক্ষণে হির হঞা রহে টানিলে না চলে।
ক্ষার ইছোয় চলে না চলে কার বলে॥

@ ts: 5:-

জগনাথের ত্রিলোকমোহন হৃদ্যাকর্ষক অপরূপ খাম রূপ নিরীক্ষণ করিয়া মহাপ্রভু আনন্দে বিভোর হইলেন। তদনস্তর ভক্তগণকে আহ্বান করিয়া বলিলেন, "তোমরা সম্প্রদায় বিভাগ ক্রমে নীলাচল চক্রের সম্বাথে সংকীর্ত্তন কর।' প্রভুর আদেশ মত নিত্যানন্দ, অদৈত, হরিদাস এবং বক্রেশ্বর এই চারিদন, চারি সম্প্রদায়ের অগ্রে থাকিয়া নৃত্য করিতে লাগিলেন। প্রতি-সম্প্রদায়ে ছইটি করিয়া মুদঙ্গ বাজিতে লাগিল, এবং ছয় জন গায়ন সংকীর্ত্তন করিতে আরম্ভ করিলেন। গায়নদিগের মধ্যে স্বরূপ দামোদর প্রথম সম্প্রদায়ে, শ্রীবাস দ্বিতীয় সম্প্রদায়ে, মুকুন্দ তৃতীয় সম্প্রদায়ে এবং গোবিন্দ ঘোষ চতুর্থ সম্প্রদায়ে সর্ব্ধ প্রধান হইলেন। এতদাতীত কুলীনগ্রামবাসী ভক্তগণ এক সম্প্রদায় হইলেন, তথায় রামানল এখং সতারাজখান নর্ত্তক হইলেন। শান্তিপুরের একটি সম্প্রদায় হইল, তথায় আচার্য্য পুত্র অচ্যতানন্দ নর্ত্তক হইলেন, এবং খণ্ডের সম্প্রদায়ে নরহরি ঠাকুর ও রঘুনন্দন নৃত্য করিতে লাগিলেন। এই সাত সম্প্রদায়ে সাকল্যে চৌদ্ট মুদক্ষ বাজিতে লাগিল।

"পাত সম্প্রদায় বাজে চৌদ মাদল।

যার ধ্বনি শুনি হৈল বৈষ্ণব পাগল।

বৈষ্ণবের ঘটামেঘে হইল বাদল।

কীর্জনানন্দ সব বর্ষে নেত্র জল।

ত্রিভূবন ভরি উঠে কীর্জনের ধ্বনি।

অন্য বাদ্যাদির ধ্বনি কিছুই না শুনি।

সাত ঠাঞি বুলে প্রভূ হরি হরি বলি।

জয় জগরাথ বলে হস্ত যুগ তুলি।

আর এক শক্তি প্রভূ করিল প্রকাশ।

এক কালে সাত ঠাঞি করিল বিলাদ।

সবে কহে প্রভূ আছেন নোর সম্প্রদায়।

অন্য ঠাঞি নাহি যান আমারে দ্যায়।

কেহ লক্ষিতে নারে প্রভূর অচিন্তা শক্তি।

অন্তরঙ্গ ভক্ত জানে যার শুদ্ধ ভক্তি।" গ্রীটেঃ চঃ—

ভক্তগণ বছক্ষণ কীর্ত্তনাদি করিয়া ক্লাম্ভ ইইলে, মহাপ্রভ্ স্বরং নৃত্য করিতে মনন করিয়া ঐ সাত সম্প্রদায় একত্র করিলেন। অনস্তর জগন্মোহনের চক্রবদন নিরীক্ষণ করিয়া করণেড়ে স্তৃতি করিতে লাগিলেন।

পদ্যাবল্লাং ১০৮ অঙ্ক্ষ্ত মুকুলদেব বাক্যং।—

''জয়তি জয়তি দেবো দেবকীনন্দনোহদৌ,
জয়তি জয়তি কৃষ্ণো বৃঞ্চিবংশপ্রদীপঃ।
জয়তি জয়তি মেঘশ্যামলঃ কোমলাঙ্গো,
জয়তি জয়তি পৃথীভারনাশো মুকুলঃ॥

শ্রীমন্তা: ১০ স্ক, ৯০ স্ক, ২৪ শ্লোকঃ—
"জয়তি জননিবাদো দেবকী জন্মবাদো
যত্ত্বরপরিষৎ স্থৈদেশিভিরস্যন্ত্রধর্ম্মং।
স্থিরচরর্জিনন্তঃ স্থামিতশ্রীমুখেন,
ব্রজপুরবনিতানাং বর্দ্ধয়ন্ কামদেবং।"

পদ্যাবল্লাং ৬৩% ধৃত শ্রীসার্কভৌনোক শ্লোক:—
"নাহং বিপ্রো নচ নরপতির্নাপি বৈশ্যো ন শৃদ্রো,
নাহং বর্ণী নচ গৃহপতি নেবিনস্থো যতিবা।
কিন্তু প্রোদ্যলিখিলপ্রমানন্দপূর্ণায়তাকে
র্গোপীতর্ত্ত্ত্ত্ত্বপ্রক্ষলয়োদ্যিদাসাকুদাসঃ॥"

"এত পড়ি পুনরপি করিল প্রণাম। যোড় হাতে ভক্তগণ বন্দে ভগবান ॥" বিষুপুরাণ ১ম অং ১৯অ, ৪৮ শ্লোকঃ— "নমো ব্রহ্মণ্যদেবায় গোব্রাহ্মণহিতায় চ।

জগদ্ধিতায় ক্ষায় গোবিন্দায় নমে৷ নমঃ ॥"

স্তব পাঠান্তে প্রণাম করিরা মহাপ্রভুন্ত্য আরম্ভ করিলেন।
স্বরূপ দামোদর এবং মুকুল প্রভৃতি দশজন গায়ন সংকীর্ত্তন করিতে লাগিলেন। প্রভুক্ত প্রেমে বিহবল হইয়া ভ্রুরার সহ-কারে এরূপ উদ্ভ নৃত্য করিতে আরম্ভ করিলেন যে, তাঁহার পদভরে পৃথিবী কম্পিত হইতে লাগিল। প্রভুর ঐরপ উদ্ভ নৃত্য কেহ কথন নয়ন গোচর করেন নাই।

রথযাত্রা উপলক্ষে লক্ষ লেকে সমবেত হইয়াছিল, সকলে

প্রভুর নৃত্য এবং অলোকিক প্রেম বিকার দর্শন করিয়া এক বারে বিশ্বিত হইলেন। প্রভু বিহ্নল চিত্তে ভূমিতে গড়াগড়ি দিতে থাকিলে, বোধ হইল যেন, একটি প্রকাণ্ড স্থবর্গ পর্বত স্থান চুত হইয়া ধরাতলে লুট্টিত হইতেছে। প্রভুকে ক্ষণে ক্ষণে ভূমিতে পতিত হইতে দেখিয়া নিত্যানন্দ বাছ প্রসারণ পূর্বক তাঁহার পার্শে পার্শে ঘুরিতে লাগিলেন। অপর ভক্তনগণ পরস্পর পরস্পরের হন্তধারণ করিয়া মণ্ডলাকারে প্রভুকে বেষ্টন করিয়া রহিলেন।

রাজা প্রতাপক্ষ হরিচন্দন নামে জনৈক সভাসদের স্কর্মে হস্ত রাথিয়া মহাপ্রভূর নৃত্য দেখিতে ছিলেন, এমন সময়ে প্রীবাস পণ্ডিত আবিষ্ট ভাবে ঠিক রাজার সম্মুথে আসিয়া দাঁড়াইলেন। হারচন্দন প্রীবাসকে হস্ত হারা স্পর্শ করিয়া রাজার সম্মুথ হইতে অন্তরে যাইতে বলিলেন। প্রীবাসের চিত্ত মহাপ্রভূর প্রতি আবিষ্ট ছিল, স্ত্রাং হরিচন্দনের ইন্ধিত লক্ষ্য করিতে পারিলেননা। হরিচন্দন প্নরায় প্রীবাসকে স্পর্শ করিবামাত্র, জ্ঞাবাস বিরক্ত ভাবে তাঁহাকে একটি চপেটাবাত করিয়া পূর্ব্বথ মহাপ্রস্থ নৃত্য দেখিতে লাগিলেন।

''নৃত্যাবেশে শ্রীনিবাস কিছুই না জানে। বার বার ঠেলে তেইো ক্রোধ হৈল মনে॥ চাপড় মারিয়া তারে কৈল নিবারণ। চাপড় থাঞা কুদ্ধ হৈলা হরিচন্দন॥ কুদ্ধ হঞা তারে কিছু চাহে বলিবারে। আপনি প্রতাপক্ষক্র নিবারিশ তারে॥ ভাগ্যবান্ তুমি ইহার হস্ত স্পর্শ পাইলা। আমার ভাগ্যে নাহি, তুমি কুতার্থ হইলা॥'' জীটেঃ চঃ—

জগন্নাথের রথ ক্রমে ক্রমে বলগণ্ডি সমীপে উপনীত হইল। ক্রি তানে জগন্মোহন অত্যে নানাবিধ ভোগ অর্পণ করিবার প্রথা আছে। রাজা, রাজমহিবী, রাজক্র্মাচারিগণ, নীলাচলবাদী লোক সকল, এবং যত যাত্রী জগন্নাথ দশনে গমন করেন, সকলকেই বলগণ্ডি সমীপে জগন্নাথ উদ্দেশে ভোগ অর্পণ করিতে হয়!

'রোজা রাজমহিষী বৃদ্দ পাত্র মিত্রগণ।
নীলাচল বাসী যত ছোট বড় জন॥
নানা দেশের যাত্রিক দেশী যত জন।
নিজ নিজ ভোগ তাহাঁ করে সমর্পণ॥
আগে পাছে তুই পাখেঁ উদ্যানের বনে।
যেই বাহা পার লাগায় নাহিক নিরমে॥

थोरेठः हः-

মহাপ্রভু রথাপে নৃত্য করিতে করিতে আসিতেছিলেন, এক্ষণে রথ প্ররাণ স্থাতি হইলে তিনি বিশ্রাম করিবার জন্ম উন্যান মধ্যে প্রবেশ করিলেন। ভক্তগণও প্রভুর পশ্চাৎ পশ্চাৎ উন্যান মধ্যে বাইয়া এক একটি বৃক্ষতলে শ্রম করিলেন। পুস্প কানন মধ্যে একথানি ঘর ছিল, মহাপ্রভু শ্রমাপনোদন উদ্দেশে তথায় শয়ন করিয়া আছেন, এমন সম্রে রাজা প্রতাপ রুদ্র বৈঞ্চব বেশে তথায় গমন করিয়া প্রভুর পাদসম্বাহন করিতে আরম্ভ করিলেন। মহাপ্রভু নয়ন মুক্তিত করিয়া ভাবাবেশে

ছিলেন, রাজা পাদ সম্বাহন ক্রিতে ক্রিতে রাস্লীলার শ্লোক পাঠ ক্রিতে লাগিলেন।

প্রীমন্বা: ১০ম স্ব, ৩১ অ, ১০ প্রোক:—

''তব কথামূতং তপ্তজীবনং,
কবিভিরীড়িতং কল্মবাপহং।
প্রবানসলং শ্রীমদাততং,
ভূবি গৃহস্তি যে ভূরিদাজনাঃ॥''

এই শ্লোক শুনিতে শুনিতে মহাপ্রভুর অন্তরে উল্লাস জন্মিল, অনন্তর গাত্রোখান করিয়া রাজাকে দৃঢ় আলিঙ্গন করিলেন।

> "ভ্রিদা ভ্রিদা বলি করে আলিঙ্গন। ইহা নাহি জানে ইহঁ হয় কোন্ জন॥ পূর্ব্ব সেবা দেখি তারে ক্লপা উপজিল। অনুসর্কান বিনা কুপা প্রসাদ করিল॥ এই দেখ চৈতন্তের কুপা মহাবল। তার অনুস্কান বিনা করায় সফল॥ প্রভু বলে কে ভূমি করিলা নোর হিত। আচ্ছিতে আদি পিয়াও কঞ্জালাম্ত॥ রাজা কহে আদি তোমার দাদের দাদ। ভূতোর ভূতা কর এই মোর আশ॥ তবে মহাপ্রভূ তারে ঐশ্ব্যা দেখাইল। কারে না কহিবে এই নিষেধ করিল॥"

> > बैरिहः हः—

জগরাথ বলগণ্ডি স্থানে ভোগ দর্শন করিলে, রাজা পুনরায়

রথ চালাইতে অনুমতি করিলেন। সর্বাগ্রে যাত্রিগণ রথের কাছি ধরিয়া টানিতে আরস্ত করিল, কিন্তু তাহাতে রথ চলিল না। তৎপরে রাজার আদেশে মল্লগণ যাইয়া রথ টানিতে আরস্ত করিল, কিন্তু তাহারাও কৃতকার্য্য হইল না। মল্লগণ প্রাণপণে চেষ্টা করিয়াও রথ চালাইতে না পারায়, চারিদিকে হাহাকার রব পড়িয়া গেল। রাজা প্রতাপ কদ্র বিশেষ চিস্তিত হইয়া রথ টানিবার জন্ম মত হত্তী নিযুক্ত করিলেন। হত্তী সকল অঙ্কুশাঘাতে কাতর হইয়া চীংকার শক্র করিতে লাগিল, কোন প্রকারেই রথ চালিত করিতে সমর্থ ইইল না। তদনত্তর মহাপ্রভু হস্তিসকলকে অপক্ত করিতে আদেশ করিয়া, আপনার অনুগত ভক্তবৃন্দকে রথরজ্জু ধারণে অনুমতি করিলেন, এবং স্বয়ং রথের পশ্চাতে ঘাইয়া মন্তক হারা রথ স্পর্শ করিয়া রহিলেন।

"ভক্তগণ কাছি হাতে করি মাত্র ধায়।
আাপনে চলিল রথ টানিতে না পার।
আাননে করমে লোক জয় জয় ধ্বনি।
জয় জগন্ধাথ বহি আর নাহি শুনি।
নিমিবেতে গেল রথ শুভিচার দার।
চৈতন্ত প্রতাপ দেখি লোক চমংকার।
জয় গৌরচক্ত জয় শ্রীকৃষ্ণ চৈতন্ত।
এইমত কোলাহল লোকে করে ধন্ত।
প্রত্যাপ কৃদ্র পাত্র মিত্র সঙ্গে।
প্রত্যা মহিমা দেখি প্রেমে ফুলে অক্তে।

পাপু বিজয় তবে করে সেবক গণে।
জগরাথ বদিলা গিয়া নিজ সিংহাসনে ॥
স্বভ্রা বলরাম নিজ সিংহাসনে আইলা।
জগরাথের মান ভোগ হইতে লাগিলা॥"

ত্রীচৈঃ চঃ—

রথযাত্রা শেষ হইয়া গেলে গৌডের ভক্তগণ কার্ত্তিক মাসের উত্থান ছাদশী পর্যান্ত নীলাচলে বাদ করিলেন। অনন্তর এক দিবস মহাপ্রভু নিত্যানন্দ প্রভুকে লইয়া নিভূতে কি পরামর্শ করিয়া ভক্তগণকে দেশে গমন করিতে অনুমতি করিলেন। সকলকে বলিয়া দিলেন যে, "প্রতি বংসর রথযাত্রার সময় নীলাচলে আসিবে।" অবৈতাচার্য্যকে বলিলেন, "আমি আদেশ করিতেছি, তুমি গৃহে যাইয়া আচণ্ডালে রুঞ্ভক্তি দান করিবে।" নিত্যানলকে বলিলেন, "ভুমি গৌড়ে ঘাইয়া অবিচারে হরি নাম বিতরণ করিবে। আমি মুহুর্তের জন্মও তোমার সঙ্গ ছাড়া নহি, তোমার নৃত্যকালে আমি অলক্ষিতে থাকিয়া নৃত্য দর্শন করিব।" শ্রীবাদ পণ্ডিতকে আলিঙ্গন করিয়া বলিলেন, 'ভোমার বাটীতে সংকীর্ত্তন সময়ে আমি প্রতাহ গমন করিয়া নৃত্য করিব, তুমি বাতীত অপর কেহ আমাকে দেখিতে পাইবে না।" তদনন্তর মহাপ্রভু শ্রীবাদ হত্তে শচীদেবীর জন্ম বস্ত্র এবং মহাপ্রসাদ অর্পণ করিয়া বলিলেন, ''জননীর পাদপলে আমার প্রণাম জানাইয়া বলিবে যে. তাঁহারই কুপায় আমি নীলাচলে বাস করিতেছি, তিনি যেন আমার সমুদ্র অপরাধ কমা করিয়া সর্বদা প্রসন্ন থাকেন।"

মহাপ্রভু শ্রীবাদ পণ্ডিতকে আরও বলিলেন যে, "তুমি

জননীকে সাম্বনা করিয়া বলিবে, আমি নিতাই তাঁহার চরণ দর্শন করিতে যাইয়া থাকি, তিনি ভাবাবেশে উহা সত্য বলিয়া বোধ করেন না। এক দিবস জননী বিবিধ প্রকার অল वाञ्जन शांक कतिया नाताय छेएमर्ग जर्भग शृद्धक, जाभारक স্মরণ করিয়া ক্রন্দন করিতে থাকিলে, আমি তথায় গমন করিয়া সমুদ্য দ্রব্য ভক্ষণ করিলাম। জননী শুভা পাত দেখিয়া অফুমান করিলেন, বিগ্রহ গোপাল ঐ সমুদ্য অর ব্যঞ্জন ভোজন করিয়াছেন।"

> ''এই মত যবে করেন উত্তম রন্ধন। মোরে থাওয়াইতে করেন উৎকর্গায় বোদন ॥ তাঁর প্রেমে আনি আমায় করার ভোজনে। অন্তরে স্থুৰ মানে তিঁহ বাহে নাহি মানে ॥ এই বিজয়া দশমীতে হৈল এই রীতি। তাঁহাকে পুছিয়া তাঁর করাইহ প্রীতি।"

डीरेहः हः--

কুলীনগ্রামবাদী গুণরাজ খান কৃত শ্রীকৃষ্ণ বিজয় নামক গ্রন্থে এক স্থানে লিখিত ছিল ''নন্দনন্দন কুঞ মোর প্রাণনাথ ;" আন্তে কথা উল্লেখ করিয়া উক্ত গ্রামবাসী সতারাজ খান প্রভৃতিকে বলিলেন, "এীক্ষে তোমাদিগের যেরপ প্রীতি, তাহাতে তোমাদিগের নিকট আমি বিক্রীত রহিলাম জানিবে। শ্রীক্ষে যাহার প্রীতি আছে, তাহাকে অদেয় আমার किइहे नाहे।"

> ''গুণরাজ খান কৈল 'ঐক্র বিজয়'। ''তাহাঁ এক বাক্য তাঁর আছে প্রেমময়॥

নন্দের নন্দন কৃষ্ণ মোর প্রাণনাথ। এই বাক্যে বিকাইমু তার বংশের হাত॥ তোমার কি কথা তোমার গ্রামের কুরুর। সেহ মোর প্রিয় অস্ত জন বহু দূর॥"

बिदिहः हः-

. তদনন্তর সতারাজ খান কর্যোড়ে কহিলেন, "প্রভো, আমি গৃহত্ব, স্কৃতরাং সর্কানাই বিষয় সংসর্গে থাকিতে হয়; আমার পক্ষে শ্রেয়া কি. রুপা করিয়া তাহার উপদেশ প্রদান করুন।"

মহাপ্রভূ বলিলেন, "গৃহত্বাশ্রমীর পক্ষে যাহা মঙ্গলপ্রদ, তাহা বলিতেছি, মনোঘোগ পূর্বক শ্রবণ কর। গৃহস্থ বাক্তি প্রতিপূর্বক ক্ষঞ্ঞ এবং বৈঞ্চব দেবা করিবে, এবং নিরন্তর হরিনাম কীর্ত্তন করিবে। শ্রীকৃষ্ণ, তাহার বিগ্রহ, এবং ভক্ত এই তিনে কিছুমাত্র প্রভেদ নাই। অতএব ক্ষঞ্চের সহিত অভেদ জ্ঞান করিয়া তাঁহার ভক্ত এবং বিগ্রহের সেবা করিলে অচিবেই ক্ষেত্রর কুপা লাভ করিতে পারা যায়। ক্ষঞ্চের নামও তাঁহা হৈতে অভেদ; ভগবানের অনস্ত শক্তি তাঁহার নামে অর্পিত আছে। অতএব প্রতিপূর্বক নিরন্তর নাম কীর্ত্তন করিলে, স্ক্রিদা ভগবং সঙ্গই হইরা থাকে। নিরন্তর ভগবানের সহিত বিহার করা বেরূপ স্ক্রেষ্ঠ সাধ্য, নিরন্তর তাঁহার নাম কীর্ত্তন করাও সেইবরপ স্ক্রেষ্ঠ সাধন।"

হরিভক্তি বিলাদন্য ১১শ বিলাদে ২৬৯ অঙ্কণ্ণত বিষ্ণুধর্মোত্তর বচনং ;— ''নামচিস্তামণিঃ কৃষ্ণকৈত ভারসবিগ্রহঃ।
পূর্ণঃ শুদ্ধোনিত যুক্তে হিভিন্নাত্মা নামনামিনোঃ॥''
সভারাজ থান কহিলেন, ''প্রভা, আপনার কুপায় অদ্য
মন্থ্য জন্ম সফল জ্ঞান করিলাম। আপনি বৈষ্ণব সেবা করিতে
বলিলেন, কিন্তু কিরপে বৈষ্ণব নির্ণয় করিব, তৎসম্বন্ধে উপদেশ প্রদান করুন।''

"প্রভু কহে বার মুখে শুনি একবার।

কৃষ্ণ নাম সেই পূজ্য শ্রেষ্ঠ সবাকার॥

এক কৃষ্ণ নামে করে সর্ব্ব পাপক্ষর।

নববিধ ভক্তিপূর্ণ নাম হৈতে হয়॥

দীক্ষা পুর-চর্ব্যা বিধি অপেক্ষা না করে।
জিহ্বা স্পর্শে আচ্প্তালে সবারে উদ্ধারে॥

আনুষ্ধেক ফল করে সংসারের ক্ষর।

চিত্ত আকর্ষিয়া করে কুষ্ণে প্রেমানর॥"

শ্রীটেঃ চ:—

পদ্যবিল্লাং ১৮ অবধৃত এখির স্বামিকত শ্লোকঃ—
"আকৃষ্টিঃ কৃতচেতসাং স্থমনদামুচ্চাটনং চাংহদা,
মাচণ্ডাল মমুকলোকঃ স্থলভোবশ্যশ্চ ভক্তিপ্রিয়ঃ।
নো দীক্ষাং নচ সংক্রিয়াং নচ পুরশ্চর্য্যাং মনাগীক্ষতে,
মন্ত্রোহয়ং রসনাম্পুণেব ফলতি প্রাকৃষ্ণনামাত্মকঃ॥"

মহাপ্রভু ক্রমে ক্রমে খণ্ডবাসী ভক্তগণ এবং অপর সকলকে বিবিধ সাস্থনা বাক্যে প্রবোধ দিয়া, আলিঙ্গন পূর্ব্বক বিদায় দিলেন। কেবল গদাধর পণ্ডিত, হরিদাস ঠাকুর, প্রমানন্দপুরী, স্বরূপ দামোদর এবং জগদানক প্রভৃতি দশক্ষন প্রভূর নিকটে রহিলেন।

এক দিবস সার্বভৌম ভট্টাচার্য্য মহাপ্রভুকে নিমন্ত্রণ করিয়া নানাবিধ থান্য সামগ্রী আয়োজন করিলেন। প্রভু সানাস্তে ভট্টাচার্য্যের বাড়ী গমন করিলে ভট্টাচার্য্য স্বয়ং তাঁহার পদ প্রকালন করিয়া দিয়া দিবাাসনে উপবেশন করাইলেন। মহা-প্রভুভোজন করিতেছেন, এমন সময়ে সার্কভোমের অমোঘ নামে জামাতা তথায় উপস্থিত হইয়া বলিল, "একজন ব্যক্তি দশ বার জনের যোগ্য এই সমুদয় অন্ন ব্যঞ্জন কিরুপে ভোজন করিবে ?" প্রভু অমোঘের কথা গুনিয়া হাস্ত করিতে লাগি-লেন, কিন্তু ভট্টাচার্য্যের হৃদয়ে ঐরপ কর্কশ কথা সহু হইল না। সার্বভৌম জামাতাকে তির্ম্বার করিয়া তথনই বাটা হইতে বাহির করিয়া দিলেন, এবং আত্মনিকা করিয়া মহা-প্রভুর নিকট ক্ষমা প্রার্থনা করিলেন। মহাপ্রভুহাস্য করিয়া বলিলেন, "ভট্টাচার্য্য, তুমি অমোবের কথা শুনিয়া কি জন্ত আপনাকে নিন্দা করিতেছ। তুমি কোনরূপে নিন্দার যোগ্য নহ। অমোঘ বালক, তাহার কথায় আমার কিছুমাত হঃথ অমুভব হয় নাই ৷''

ভোজন সমাপন করিয়া প্রভু আশ্রমে গমন করিলেন, কিন্তু
সার্ক্ষভৌম দন্ত্রীক উপবাস করিয়া রহিলেন। সার্ক্ষভৌম ও
তাঁহার পত্নী উভরে প্রতিজ্ঞা করিলেন যে, আর কথন আমোঘের মুথ দর্শন করিবেন না। কভাকে আহ্বান করিয়া বলিলেন, "তোমার স্বামী মহাপ্রভুকে নিন্দা করিয়া পতিত হইয়াছে, অতএব তাহাকে পরিত্যাগ কর। স্বামী পতিত হইলে

তাঁহাকে পরিত্যাগ করা যায়, শাস্ত্রে এইরূপ বিধি আছে। যথা;---

শ্বতি বচনং :---

"পতিঞ্চ পতিতং ত্যক্ষেৎ।"

অনোব, ভট্টাচার্য্যের বাটী হইতে পলায়ন করিয়া অন্তত্ত্ব ঘাইয়া রহিল। পর দিবদ প্রাতঃকালে অনোঘ বিস্তৃতিকা রোগা-ক্রান্ত হইলে, সার্ব্যভৌম ভট্টাচার্য্য ঐ সংবাদ প্রবণ করিয়া বলিলেন, ''এইবার দৈব আমার সহায় হইয়া অনুকূল কার্য্য করিয়াছেন। ভগবানের নিকট অপরাধী হইলে, ভাহার ফল অবিলম্বে পাওয়াই কর্ত্ব্য। অনোঘ মৃত্যুর দ্বারাই মহৎ অপ-রাধের প্রায়ন্টিভ করুক।"

শ্রীসন্তাঃ ১০ম স্ক, ৪র্থ অ, ৩১ শ্লোকে পরীক্ষিতং প্রতি শুক্বাক্যংঃ—

''আয়ুঃ শ্রিয়ং যশোধর্ম্মং লোকানাশিষ এবচ। হন্তি শ্রেয়াংসি সর্বাণি পুংসো মহদতিক্রমঃ॥''

মহং ব্যক্তির অব্যাননায় লোকের আয়ু, মঙ্গল, যশ, ধর্মাদি সকলই বিনঔ হইয়া যায়।

গোপীনাথাচার্য্য মহাপ্রভূকে দর্শন করিতে যাইয়া কহিলেন, 'পার্ন্ধভৌমের জামাতা অমোঘ বিহুচিকা পীড়াক্রাস্ত্ হইয়াছে, বোধ হয় আর অল্লকণ পরেই তাহার মৃত্যু ঘটিবে।' সার্ন্ধভৌমের কঞা বিধবা হইবে, ইহা পরম দয়াল প্রভূর প্রাণে সহিল না তিনি তংক্ষণাং অমোঘ সমীপে গমন করি-লেন। অমোঘ শীত্রই ইহলোক পরিতাগ করিবে, আর বিলম্ব নাই দেখিয়া, মহাপ্রভূ তাহার বক্ষ:স্থলে প্রীহস্ত অর্পণ করিয়া বলিলেন, "অনোঘ, তুমি সার্বভোমের আত্মীর, অতএব কোন প্রকার হৃষ্টত তোমাতে থাকিবার যোগ্য নহে। সার্বভোমের পরম পবিত্র সঙ্গে তোমার সমুদর কলুয় নষ্ট হইয়াছে। সাধু-সঙ্গ পাইলে জীবের যাবতীয় অধর্ম নাশ হইয়া থাকে, আর ভাহাকে কৃত কর্মের ফলভোগ করিতে হয় না। আমি আদেশ করিতেছি, তুমি অবিলম্বে রোগ মুক্ত হইয় কুঞ্চনাম লও।"

> "গুনি রূপাময় প্রভু আইলা ধাইয়া। অমোঘেরে কহে তার বকে হস্ত দিয়া॥ সহজে নির্মাল এই ব্রাহ্মণ হৃদয়। ক্সঞ্জেরে বসিতে এই যোগা স্থান হয়। মাৎস্থা চ্ঞাল কেনে ইহাঁ ব্দাইলে। পরম পবিত্র স্থান অপবিত্র কৈলে॥ সাৰ্কভৌম সঙ্গ তোমার কল্ম কৈল ক্ষয়। কল্মৰ ঘচিলে জীব ক্ষণনাম লয়॥ উঠহ অমোঘ তুমি লও কুঞ্চনাম। অচিরে তোমারে রূপা করিবে ভগবান। শুনি কৃষ্ণ কৃষ্ণ বলি অমোঘ উঠিলা। প্রেমোনাদে মত্ত হঞা নাচিতে লাগিলা॥ কম্প-অঞ পুলক স্তন্ত স্থেদ স্থাভাগ। প্রভু হাদে দেখি তার প্রেমের তরঙ্গ। প্রভুর চরণ ধরি করেন বিনয়। অপরাধ ক্ষম মোরে প্রভু দ্য়াময়॥ এই ছার মুখে তোমার করিত্ব নিন্দনে। এত বলি আপন গালে চড়ায় আপনে॥

চড়াইতে চড়াইতে গাল ফুলাইল।
হাতে ধরি গোপীনাথাচার্য্য নিষেধিল।
প্রভু আখাসন করে স্পর্নি তার গাত্র।
সার্ক্তোম সম্বন্ধে তুমি মোর স্নেহপাত্র।
সার্ক্তোম গৃহে দাস দাসী যে কুকুর।
সেহ মোর প্রিয় অস্ত জন বহু দূর।" প্রীটেঃ চঃ—

অনস্তর মহাপ্রভু সার্কভোমের বাটী গমন করিয়া বলিলেন, "ভটাচার্যা, গত কলা তোমরা উপবাদ করিয়াছ, শুনিয়া আমি বারপর নাই ছংখিত হইয়াছি। আমি এই তোমার বটোতে বদিয়া রহিলাম, তোমরা সান করিয়া ভোজন করিলে, তবে আমি বাদায় বাইব।"

সার্কভৌম কহিলেন, ''প্রভো, অমোঘ বেরপ ওরুতর অপরাধ করিয়াছে, তাহাতে মৃত্যু ব্যতীত তাহার অপর কোন প্রায়-চিত্ত দেখিতে পাই না। আপনি তাহাকে পুনর্জীবিত করিয়া ভাল করেন নাই।''

প্রভূ বলিলেন, ''ভট্টাচার্য্য, অমোঘ তোমার পুত্রভূল্য, অতএব তাহার অপরাধ ক্ষমা করা অবশু কর্ত্তর। পিতা কথন পুত্রের অপরাধ গ্রহণ করেন না। যাহা হউক অমোঘ একণে বৈষ্ণব হইরাছে, অতএব তাহার প্রতি তুমি প্রসন্ন হও।''

> ''একা করি এই লীলা শুনে যেই জন। অচিরাতে পার সেই চৈতক্ত চরণ॥'' অইম পরিচেচদ সমাধা।

## নবম পরিচ্ছেদ।

কিছুদিন পরে মহাপ্রভু বৃন্দাবন যাইতে মনন করিলেন। রাজা প্রতাপক্ষ এই সংবাদ শ্রবণ করিয়া, রামানন্দ এবং দার্কভৌমকে বলিলেন, ''ভোমরা যে কোন উপায়ে প্রভুকে আর কিছুদিন এখানে রাখিয়া দাও। প্রভু নীলাচল ত্যাগ করিয়া গমন করিলে, আমার রাজ্য এবং এখিয়া কিছুতেই স্থ্থ বোধ হইবে না।''

রামানল এবং সার্কভোমের প্রার্থনার প্রভু সে যাত্রা রুলাবন যাইতে পাথিলেন না। ক্রমে তৃতীয় বর্ষে পুনরায় রথযাত্রার সময় উপস্থিত হইলে, গোড়ের ভক্তগণ প্রভুবননানসে নীলাচলে আগমন করিলেন। ভক্তগণ পূর্কবিৎ প্রভুর সহিত রথ যাত্রা দর্শন করিলেন, অনস্তর চাতুর্যান্ত কাল অতীত হইলে, প্রভুর অনুষতি ক্রমে পুনরায় গোড়ে প্রত্যাগমন করিলেন। বিদায় দান কালে মহাপ্রভু নিত্যানলকে বলিয়া দিলেন যে, আগামী বংসর হইতে গৌড় ত্যাগ করিয়া তোমার এথানে আশা হইবে না। গোড়ের সমুদয় ভার তোমার প্রতি অর্পিত আছে, অতএব দে স্থান ছাড়িয়া আসা কর্ত্বর নহে।

''প্রতিবর্ষে নীলাচলে তুমি;না আসিবা। গৌড়ে রহি মোর ইচ্ছা সফল করিবা॥ তাহা সিদ্ধি করে হেন অন্য না দেখিয়ে। আমার চন্ধর কর্ম তোমা হৈতে হয়ে॥ নিত্যানক কৰে আমি দেহ তুমি প্রাণ।
দেহ প্রাণ ভিন্ন নহে এইত প্রমাণ॥
অচিস্ত্য শক্তো কর তুমি তাহার ঘটন।
বে করাহ সেই করি নাহিক নিয়ম॥
তাঁরে বিদার দিল প্রভু করি আলিঙ্গন।
এইনতে বিদার দিল সর্ব্ধ ভক্তগণ॥"

প্রীচৈ: চ:--

কুলীন প্রামবাসী সত্যরাজ খান বিদায় গ্রহণকালে পূর্ববং প্রভাৱ চরণ ধারণ করিয়া বলিলেন, "প্রভো সংসারে আবদ্ধ থাকায় আমি সর্ব্ব বিষয়েই হীন হইরাছি। দেখুন আমি কিরপ মন্দভাগা ব্যক্তি যে, আপনার দেবগুর্গত অভয় চরণ সেং। পরিত্যাগ করিয়া গৃহে আবদ্ধ ইইতে যাইতেছি। যাহাইউক আপনার আদেশই সর্ব্বোপরি বলবনে; আপনি যথন অস্মতি করিতেছেন, তথন গৃহে থাকিয়া ধর্মবাজন করাই আমাদিগের পক্ষে কর্ত্ব্য কর্মা ইইতেছে।

মহা প্রভু বলিলেন, "আমি ভোমাদিগকে যেরূপ উপদেশ প্রদান করিয়াছি, ভোমরা গৃহে থাকিয়া দেই মত কার্য্য কর, অচিরে প্রেয়ঃ লাভে সমর্থ হইবে।"

"প্রভু কহে বৈষ্ণব সেবা নাম সংকীর্ত্তন।
ছই কর শীগ্র পাবে শ্রীক্ষণ চরণ॥
ভিটোঁ কহে কে বৈষ্ণব কি ভার লক্ষণ।
ভবে হাসি কহে প্রভু জানি ভার মন॥
কৃষ্ণনাম নিরন্তর বাহার বদনে।
সে বৈষ্ণব শ্রেষ্ঠ ভজ ভাহার চরণে॥

বর্ষান্তরে পুন: তারা ক্রছে প্রশ্ন কৈল। বৈষ্ণবের তারতম্য প্রভূ শিথাইল। যাহার দর্শনে মুথে আইদে কৃষ্ণনাম। তাহারে জানিহ তুমি বৈষ্ণব প্রধান॥''

শ্রীচঃ চঃ--

গৌড়ের ভক্তগণ প্রভ্র নিকটে বিদার লইয়া সকলেই দেশে
ফিরিয়া গেলেন, কেবল পুগুরীক বিদ্যানিধি নীলাচলে রহিলেন।
মহাপ্রভু স্বরূপাদি ভক্তগণ সহিত পাঁচবৎসর নীলাচলে অবস্থিতি
ক্রিলেন, অনস্তর রামানন্দ এবং সার্ক্সভোমের সম্মতি ক্রমে
গৌড় হইয়া বুলাবন ঘাইতে মনন ক্রিলেন।

রামানক এবং দার্কভৌম প্রভ্র অভিপার মত সমৃদ্র আরো। জন করিয়া নিলে, বিজয়া দশমীর দিবস প্রভাতে প্রভু ভক্তগণ সম্ভিব্যাহারে জগরাথ দশ্ন করিতে শুভ যাতা করিলেন।

মহাপ্রভু কটকে পঁলছিলে, রাঙ্গা প্রতাপ রুক্ত আদিয়া তাঁহার চরণ বন্দনা করিলেন। রাজার আন্তরিক ভব্তি এবং সরল ব্যবহারে যারপর নাই প্রীত হইয়া প্রভু তাঁহাকে গাঢ় আলিগন দান করিয়া চির কৃতার্থ করিলেন।

এত দিনের পর রাজা প্রতাপ রুদ্রের অভিলাষ পূর্ণ হইল দেখিরা ভক্তৃগণ উঠৈচঃম্বরে হরিংবনি করিয়া উঠিলেন। প্রতাপ রুদ্র মহাপ্রভুর চরণোপাস্তে পতিত হইয়া প্রেমাঞ্জ বিসর্জন করিতে লাগিলেন।

> ''তার ভক্তি দেখি প্রভূর ভূষ্ট হৈল মন। উঠি মহাপ্রভূ তারে কৈল আলিঙ্গন॥

পুন: স্তুতি করি রাজা কররে প্রণাম।
প্রভু কপা অশ্রুতে তার দেহ হৈল সান॥
প্রস্তু করি রামানন্দ রাজা বসাইলা।
কার মন: বাক্যে প্রভু তাবে কুপা কৈলা॥
এছে তাহারে কুপা কৈল গৌর রায়॥
প্রতাপ কুদু সংত্রাতা নাম হৈল যায়॥"

बिरेहः हः -

গদাধর পণ্ডিত নীলাচলে থাকিয়া গোপীনাথ খ্রীবিগ্রহের সেবা করেন, ইহাই মহাপ্রভুর ইচ্ছা; কিন্তু গদাধর, প্রভুর সঙ্গচাত হইয়া নীলাচলে থাকিতে অসমত হওয়ায় উভরে প্রেম কলহ হয়। মহাপ্রভু নীলাচল হইতে আসিবার সময় পণ্ডিত গোস্বামীকে সমভিব্যাহারে আনেন নাই, তিনি একাকীই কটক প্রয়ন্ত আগমন করিয়াছিলেন, তৎপরে মহাপ্রভু উ:হাকে আপনার নিকটে আনম্বন করেন।

কটক পরিতাগকালে মহাপ্রভুগদাধরকে বলিলেন, "পণ্ডিত, আমার আদেশ পুনঃ পুনঃ অবহেলা করিও না। বুলাবনের পথে নানাবিধ কট আছে, এতহাতীত ঘবন ভূপতিগণের অত্যাচারে পথ সকল নিরাপদ নহে; আমি অহুরোধ করিতেছি, ভূমি নীলাচলে ঘাইয়া গোপীনাথের সেবা কর।" অনন্তর তাঁহার হস্ত ধারণ করিয়া বলিলেন, "গদাধর, ভূমি পুনরায় যদি আমার কথার প্রতিবাদ কর, তাহা হইলে আমার শপথ রহিল॥"

"এতবলি মহাপ্রভু নৌকাতে চড়িলা। মৃদ্ধিত হইয়া তথা পণ্ডিত পড়িলা। পণ্ডিতে লঞা যাইতে সার্বভোমে আজ্ঞা দিলা।
ভট্টাচার্য্য কহে উঠ ক্রছে প্রভুর লীলা।
ভূমি জান রুষ্ণ নিজ প্রতিজ্ঞা ছাড়িলা।
ভক্ত রূপাবশে ভীল্লের প্রতিজ্ঞা রাখিলা।
এই মত প্রভু তোমার বিচ্ছেদ সহিয়া।
তোমার প্রতিজ্ঞা রক্ষা কৈল যত্ন করিয়া।
এই মত কহি তারে প্রবোধ করিলা।
ছই জনে শোকাকুল নীলাচলে আইলা।

জীচৈ: চ:--

মহাপ্রভুনৌকাঘোগে চিত্রোৎপলা নদী পার হইয়া ভক্তগণ সমভিব্যাহারে গমন করিতে লাগিলেন। রাজা প্রতাপ কর রামানল রাষের সহিত মঙ্গ রাজ এবং হরিচলন নামে গুই জন কর্মচারীকে মহাপ্রভুর সেবা করণোকেশে পাঠাইয়া দিলেন।

যাজপুরে পঁছছির। প্রভ্ রাজপাত্র ছইজনকে বিদায় দিয়া রামানলকে বলিলেন, 'রার, তুমি আর অধিক দূর গমন করিও না।" রামানল ঐ কথা শুনিয়া বলিলেন, 'প্রভা, তোমার সঙ্গ ত্যাগ করিতে আমার উৎসাহ হয় না। এই দেহের তুমিই জীবন; জীবন ব্যতীত কিরপে দেহের অভিড মন্তবে? আমাকে আরও কিছু দূর বাইতে অভুমতি কর।" তদনস্তর রেমুণায় উপস্থিত হইয়া প্রভ্ রামানলকে সাস্থনা করিয়া বিদায় দিলেন।

"এই মত বলি প্রভূ রেমুণা আইলা। তথা হৈতে রামানন্দ রায়ে বিদায় দিলা। ভূমিতে পড়িলা রায় নাহিক চেতন।
রায় কোলে করি প্রভু করয়ে ক্রন্দন চ
রায়ের বিদায় কথা না যায় সহন।
কহিতে না পারি এই তাহার বর্ণন॥
তবে ওটু দেশ সীমা প্রভু চলি আইলা।
তথা রাজ অধিকারী প্রভুরে মিলিলা॥

ब्रीटेडः हः—

ক্র সময়ে হিন্দু এবং মুদলমান ভূপতিগণের মধ্যে অত্যস্ত বিবাদ চলিতেছিল। মস্ত্রেখর এবং রূপনারায়ণ তীরবর্ত্তী পিছলদা গ্রাম পর্যাস্ত যাবতীয় ভূতাগ যবনাধিকার ভূক ছিল। যবনাধিকারে হিন্দুর গমনাগমন, তৎকালে বড়ই বিপদসঙ্গ ছিল বলিয়া, উভি্যার দীমান্ত কর্মাচারীর প্রার্থনায় মহাপ্রভু কএক নিবস ঐ স্থানে অবস্থিতি করিতে বাধিত হইলেন।

উড়িষ্যা এবং বাঙ্গালার সীমা প্রদেশে অবস্থান কালে, যবন কর্মাচারীর এক জন গুপ্ত অন্তব্য মহাপ্রভুর অলৌকিক লক্ষণ সম্দন্ন দর্শন করিয়া আপন প্রভূ সমাপে যাইয়া বর্ণন করিল। যবন কর্মাচারী উহা শ্রবণ পূর্বক প্রভূকে দর্শন মানসে অত্যস্ত ব্যাকৃল হইয়া আপন বিশাসকে (অধীন হিন্দু কর্মাচারীকে) উড়িষ্যা সীমান্ত কর্মাচারীর নিকটে প্রেরণ করিলেন।

উভরে কথোপকথনের পর উড়িষ্যা সীমান্ত কর্মচারী বলি-লেন, ''যদি তোমার কর্জৃপক্ষ আমার সহিত সদ্ধি স্থাপন করেন, এবং ছই চারি জন সঙ্গী মাত্র লইয়া নিরক্ত হইয়া আগমন করেন, তাহা হইলে আমার অধিকারে তাঁহাকে আদিতে দিতে পারি। "বিখাদ যাইয়া তারে দকল কহিল। হিন্দুবেশ ধরি দেই যবন আইল।। দূরে হৈতে প্রভু দেখে ভূমেতে পড়িয়া। দণ্ডবৎ করে অঞ্ পুলকিত হৈয়া। মহাপাত্র আনিল তারে করিয়া দ্মান।

বোড় হাতে প্রভু আগে লয় ক্লঞ্জনাম।" প্রীচৈ: চঃ—

যবন কর্মচারীকে ক্লপা করিয়া মহাপ্রভু নৌকাষোগে
গৌড় দেশে উপনীত হইলেন। প্রীপাট থড়দহের নিকটবর্ত্তী
পানিহাটী গ্রামে উপস্থিত ইংলে রাঘব পণ্ডিত প্রভুকে আপন
আলয়ে লইয়া গেলেন। রাঘব পণ্ডিত মহাপ্রভুর একজন প্রধান
ভক্তন। প্রভুর নীলাচলে অবস্থান কালে রাঘবপণ্ডিত প্রতি
বৎসর রথ যাত্রা উপলক্ষে বিবিধ দ্রব্য উপহার লইয়া তথায়
গমন করিতেন।

মহাপ্রভুরাঘব ভবনে এক দিন মাত্র বাস করিয়া কুমারহটো (বর্ত্তমান হালিসহর প্রাম) শ্রীবাস পণ্ডিতের বাড়ীতে গমন করিলেন। মহাপ্রভু সন্ধ্যাস প্রহণ করিলে পর, শ্রীবাস পণ্ডিত নবন্ধীপ হইতে কুমারহটো আদিয়া বাস করিয়াছিলেন। ভক্ত প্রধান শ্রীবাসের সহিত সাক্ষাং করিয়া মহাপ্রভু কাঁচভাপাড়ায় শিবানন্দের আলয়ে গমন করিলেন। তৎপরে প্র প্রামে বাস্তদেব দভের বারী হইয়া শাস্থিপুর অবৈতাচার্যোর ভবনে যাইলেন। তৎপরে প্রভু শাস্তিপুর হইতে নবন্ধীপের পশ্চিম পারে বিভানগর প্রামে বিভাবাচম্পতির গৃহে গমন করিলেন। তথা হইতে কুলিয়া প্রামে মাধ্ব দাসের বাটাতে যাইয়া সাত দিবস অবস্থান করিলেন।

মহাপ্রভু কুলিয়া গ্রামে আগমন করিয়াছেন, ঙনিরা চারিদিক হইতে লোক সকল আদিতে আরম্ভ করিল।

> "সবে গন্ধা মধ্যে নদীয়ায় কুলিয়ায়। শুনি মাত্র সর্বব লোকে মহানন্দে ধায়। বাচম্পতি গ্রামেতে যতেক লোক ছিল। তার কোটি কোটি গুণে দকল বাঙিল। कृ निशांत आकर्षण ना याग्र कथन। কেবল বৰ্ণিতে শক্তি সহস্ৰ বদন।। লক্ষ লক্ষ লোক বা আইল কোথা হৈতে। না জানি কতেক পার হয় কত মতে। কত বা ডুবয়ে নৌকা গন্ধার ভিতরে। তথাপি সবেই তরে জনেক না মরে॥ নৌকা ডুবিলেই মাত্র গলা হয় স্থল। হেন চৈতত্ত্বের অনুগ্রহ ইচ্ছাবল ॥ যে প্রভুর নাম গুণ সকুং যে গায়। সংগার সাগর তরে বংস-পদ প্রায়॥ হেন প্ৰভূ সাক্ষাতে দেখিতে যে আইসে। তারা গঙ্গা তরিবেক বিচিত্র তা কিসে॥ লক্ষ লক্ষ লোক ভাসে জাহ্নবীর জলে। সবে পার হয়েন পরম কুতৃহলে। গঙ্গায় হইয়। পার আপনা আপনি। কোলাকুলি করিয়া করেন হরিধ্বনি। থেয়ারির কত বাহইল উপার্জ্জন। কত হাট বাজার বসায় কত জন।

চতুর্দিকে যার যেই ইছো সেই কিনে। হেন নাহি জানি ইহা করে কোন্ জনে॥ ক্ষণেকের মধ্যে গ্রাম নগর প্রান্তর। পরিপূর্ণ হৈল স্থল নাহি অবসর॥"

শ্রীচঃ ভা:--

এই রপে মহাপ্রভূ সাত দিবস কুলিয়ায় বাস করিয়া পাপী তাপী জন সকলকে উদ্ধার করিলেন। প্রভূ এই স্থানে দেবানন্দ পণ্ডিতের অপরাধ ভঞ্জন করিয়াছিলেন বলিয়া ইহার নাম অপরাধ ভঞ্জনের পাট হইয়াছে।

ক্লিয়া হইতে মহাপ্রভু গঙ্গার ধারে ধারে রামকেলি প্রামে উপনীত হইলেন। গৌড় রাজধানীর নিকটে গঙ্গাতীরে রাম-কেলি প্রাম অবস্থিত। মহাপ্রভু ভক্তগণ সম্ভিব্যাহারে তথার কয়েক দিবস বাস করিলেন। গৌড়েখরের মন্ত্রী রূপ ও সনাতন এই স্থানে আসিয়া মহাপ্রভুর সহিত সাক্ষাৎ করিলেন।

সনাতন এবং রূপ গৌড় বাদসাহের সভায় দবির থাস এবং সাকর মল্লিক নামে অভিহিত হইতেন। তাঁহারা বাদ-সাহের নিকট এরূপ প্রতিপত্তি লাভ করিয়াছিলেন যে, বাদসাহ হুসেন সাহা তাঁহাদিগের প্রামর্শ ব্যতীত কোন কর্ম করিতেন না।

রূপ এবং সনাতন দত্তে তৃণ গুদ্ধ ধারণ করিয়া মহাপ্রভুর নিকটে উপনীত হইয়া করবোড়ে কহিলেন, "প্রভো, আমরা, আপনার রুপা প্রার্থনায় উপস্থিত হইলাম, অতএব আমাদিগকে উদ্ধার করিয়া পতিত পাবন নামের পরিচয় দান করুন। আমরা ওনিয়াছি, আপনি জ্গাই মাধাইকে উদ্ধার করিয়াছেন, কিন্তু তাঁহারা আমাদিগের অপেকা সর্বাংশেই শ্রেষ্ঠ। জগাই
মাধাই নবদীপবাসী ব্রাহ্মণ, ফুতরাং তাঁহারা যে আপনার
কুপা লাভ করিবেন ইহাতে আর আশুর্যা কি ? প্রভা, আমাদিগের অপেকা নিক্কট অপর কেহই নাই। আমরা গো-ব্রাহ্মণদেবী
মেচ্ছের দাস। মেচ্ছের সঙ্গে বাস করিয়া আমরা বিশেষ রূপে
পতিত হইরাছি; অতএব আমাদিগকে উদ্ধার করিলে, জগাই
মাধাই উদ্ধার অপেকা মহৎ কর্মা করা হইবে।

"আমা উদ্ধারিয়া যদি রাথ নিজ বল।
পতিত পাবন নাম তবে দে সফল॥
"শুনি মহাপ্রতু কহে শুন দবির থাস।
তুমি তুই ভাই মোর পুরাতন দাম॥
আজি হৈতে তুহাঁর নাম রূপ সনাতন।
দৈন্ত ছাড় তোমার দৈন্তে ফাটে মোর মন॥
দৈন্ত পত্রী লিখি মোরে পাঠালে বার বার।
সেই পত্রী দ্বারা ছানি তোমার ব্যবহার॥
তোমার কদর আমি জানি পত্র হারে।
তোমার কদর আমি জানি পত্র হারে।
তোমা শিকাইতে শ্লোক কহিল বারে বারে ॥"
ত্রীটেঃ চঃ—

শ্রীকৃষ্ণ চৈতত্যোক্ত শ্লোকঃ—
''পরব্যসনিনী নারী ব্যগ্রাপি গৃহকর্ম্মস্থ তমেবাস্থাদয়তান্তর্নবসঙ্গ রসায়নং॥''

মহাপ্রভু সনাতন এবং রূপকে আলিঙ্গন করিয়া বলিলেন "তোমানিগের জ্বস্তুই আমি এই স্থানে আগমন করিয়াছি আমি° আশীর্মাদ করিতেছি তোমরা অচিরাং রুফ্-রুপা লাভ করিবে।"

সনাতন এবং রূপ মহাপ্রভুর কূপা প্রাপ্ত হইরা যারপর নাই প্রীত হইলেন। অনস্তর নিত্যানল এবং হরিদাস প্রভৃতি প্রভু পার্ষলগণের চরণ ধূলা মন্তকে ধারণ করিয়া সকলের নিকট বিনয় বাক্যে বিদায় প্রার্থনা করিলেন।

সনাতন মহাপ্রভুর নিকট বিদায় গ্রহণ কালে কর্যোড়ে কহিলেন, 'প্রভো. এই দাসের একটি নিবেদন শ্রবণ কর্জন। আপনার সমভিন্যাহারে অসংখ্য লোক চলিতেছে; অতএব এক অধিক লোক সঙ্গে লইয়া তীর্থ গমন, আমার বিবেচনায় তাদুশ নিরাপদ এবং স্থাজনক বলিয়া বোধ হয় না।'

রাজনত্রী সনাতনের বাক্যে মহাপ্রভূ পরিভূ**ই** হইয়া সে বাজা মথুরা দর্শনে গমন করিলেন না। কানাইয়ের নাটশালা পর্যন্ত যাইয়া তথা হইতে শান্তিপ্রে প্রত্যাবর্তন করিলেন।

মহাপ্রভূর শান্তিপুর আগমন বার্ত্ত শ্রবণ করিয়া রঘুনাথ
দাস পিতা মাতার অনুমতি গ্রহণ করিয়া প্রভূ দর্শনে গমন
করিলেন। রঘুনাথের মনোরতি এবং তীত্র বৈরাগ্যের বিষয়
মহাপ্রভূ বিশেষ রূপে অবগত ছিলেন; তথাপি লোক শিক্ষার
জন্ম তাহাকে সাল্ল। করিয়া বলিলেন, "রঘুনাথ, আমার
উপদেশ শ্রবণ কর, বাতুলের ভাষে চঞ্চল হইও না। লোকে
জন্মে জন্ম আপন অভীপ্ত সিদ্ধ করিতে সমর্থ হইয়া থাকে;
ইজ্রা মাত্রেই বাসনা পূর্ণ হয় না। গৃহে ষাইয়া অনাসক চিত্তে
বিষয় ভোগে কর, মক্টবৈরাগা আশ্রম করিয়া অনর্থক লোক
জানাজানি করিবার প্রয়েজন নাই।

"অন্তর নিষ্ঠা কর বাহে লোক বাৰ্ছার। অচিরাতে কৃষ্ণ তোমায় করিবে≑ উদ্ধার॥"

মহাপ্রভু কএক দিবদ শান্তিপুরে অব্ছিতি করিয়া স্বীয় জননী এবং ভক্তবুলকে আননিত করিলে তদনস্তর শচীদেবীর চরণবন্দনা করিয়া ভক্তবুলকে বলিকে "আমি একণে
নীলাচল গমন করিব, পরে তথা হইতে কুল্বন ঘাইবার ইছে।
আছে। এই বংসর তোমরা আর নীলাচলে কমন করিও না।
এইরপে সকলকে মিট বাক্যে সাস্থনা করিল প্রভু নীলাচলোদেশে যাত্রা করিলেন।

नवम পরিচ্ছেদ সমাপ্ত।

## দশম পরিচ্ছেদ।

প্রভূ নীলাচলে পঁছছিলে সার্ক্তেম রামানক্ষ এবং গদাধরকে দন্তাবি জ্ঞান আদিয়া মিলিত হইলেন। মহাপ্রভূ গদাধরকে দন্তাবি করিয়া বলিলেন, 'পণ্ডিত, তোমাকে লাক্ষে না লওয়ায় আমার রক্ষাবন দর্শন বটে নাই। আমি রক্ষাবন গমনোক্ষেশ রামকেলি গ্রামে উপনীত হইলে রাজ্যয়ী সনাতন আমার সঙ্গেবত লোকের সমাগম দেখিরা আমাকে বৃক্তাবন যাইতে নিষেধ করিলেন। রূপ এবং স্নাতন ছই লাতা ভক্তপ্রেষ্ঠ; তাঁহা-দিগের প্রতি আমি অতিশয় সম্ভ্রত হইয়াছি। তাঁহারা আচিরাং রক্ষাপ্রস্থাপ্র হইবেন।"

গ্লাধর কহিলেন, "প্রভো, সমুখে বর্গাকাল উপস্থিত; আপনি এই চারি মাস নীলাচলে বাস করুন, তৎপরে শরদা-গমে যেরূপ ইচ্ছা হর, করিবেন। তাঁহার প্রার্থনায় সম্মত হুইয়া মহাপ্রভু বর্গা চারি মাস নীলাচলে বাস করিলেন।

বর্ধা অতীত হইলে মহাপ্রভু এক দিবস সার্বভোম এবং রামানদকে বলিলেন, "আমি এইবার একাকী বুলাবন দর্শনে গমন করিব, তোমরা আমাকে অলুমতি প্রদান কর। আমি সম্পূর্ণরূপে তোমাদিগের অধীন, অভএব যাহাতে আমার অভিলাব পূর্ণ হয়, সেইরূপ উপদেশ প্রদান করা তোমাদিগের কর্ম্বব।"

স্বরূপ নামোদর কহিলেন, "প্রভো, তোমার স্থংখই আমাদিগের স্থং, এতদ্বাতীত স্বতম্ত্র স্থংস্থা আমাদিগের নাই। তোমার যাহাতে স্থামুভব হয়, তাহা করাই আমাদিগের কর্ত্তব্য, কিন্তু তুমি একাকী বুন্দাবন গমনে বাসনং করিলেও আমি একজন মাত্র বান্ধাকে সঙ্গে-শাইতে অন্থ্রোধ করিতেছি।"

ভক্তের অধীন প্রভূ দামোদরের প্রার্থনা মতে কেবল বলভদ্র ভট্টাচার্য্য নামে জনৈক বাহ্মণকে সঙ্গে লইয়া রাত্রি শেষে গোপনে বৃন্ধাবন যাত্রা করিলেন।

> ''প্রাতঃকাদে ভক্তগণ প্রভুনা দেখিয়া। অবেষণ করি ফিরে ব্যাকুল হইয়া॥ স্বরূপ গোসাঞি সবায় কৈল নিবারণ। নির্ত্ত হই রহে সবে জানি প্রভূর মন॥

প্রসিদ্ধ পথ ছাড়ি প্রভু উপপথে চলিলা।

কটক ডাহিনে করি বনে প্রবেশিলা॥"

এটিঃ: চঃ—

মহাপ্রভুর বনপথে বৃদাবন গমন, একটি অলোকিক বৃত্তান্ত।
প্রভুর কুপায় তাঁহার এই অপূর্ব লীলায় বাঁহাদিগের বিশাস
আছে, তাঁহারাই ইহার মাধুর্য আস্থাদনে সমর্থ হইয়া থাকেন।

ছোটনাগপুর অঞ্চলের জনেক স্থলে জাদাপি মহুষোর গমনাগমনের অযোগ্য নিবিড় জঙ্গল বিশ্বমান আছে। চারি শত
বংসর পূর্ব্বে ঐ সকল স্থান যে আরও ভয়ানক ছিল, তাহাতে
আর সন্দেহ নাই। মহাপ্রভু খাপদস্থল ঐ নিবিড় অরণ্যের
মধ্য দিয়া একজন মাত্র লোক সমভিব্যাহারে গমন করিতে
লাগিলেন।

''নিৰ্জ্জন বনে চলে প্ৰভু কৃষ্ণ নাম লঞা। হস্তী ব্যাঘ্ৰ পথ ছাড়ে প্ৰভুকে দেখিয়া॥''

নিবিড বন মধ্য দিয়া প্রভু গমন করিতে লাগিলেন। হস্তী ব্যাত্ম প্রভৃতি আরণ্য জস্তু সকল প্রভৃতে দেখিবামাত্র তাঁহার সম্পৃথ হইতে এক পার্শ্বে ঘাইতে লাগিল। বলভদ্র ভট্টাচার্য্য প্রভৃত্ব মহিমা দর্শনে বিশ্বিত হইয়া তাঁহার পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলেন।

এক দিবস একটি ব্যাঘ্র শয়ন করিয়াছিল, প্রভূ ভাবাবেশে গমন করিতে করিতে চরণ দারা তাহাকে স্পর্শ করিলেন।

> "প্ৰভূ কহে কহ কৃষ্ণ ব্যাঘ্ৰ উঠিল। কৃষ্ণ কৃষ্ণ কৃষ্টি ব্যাঘ্ৰ নাচিতে লাগিল।"

স্কয় এক দিবস প্রভু নদীতে স্থান করিতেছিলেন, এমন সমরে কতকগুলি হস্তী জলপান করিবার জন্ম তথার আগমন করিল। প্রভু 'ক্ষা ক্ষা কহ'' বলিয়া তাহাদিগের গাতে জল নিক্ষেপ করিতে লাগিলেন। হস্তী নকল প্রভুর শ্রীহন্ত নিক্ষিপ্ত জলবিল্ স্পর্শমাতে ক্ষা কৃষ্ণ কৃষ্ণ বলিয়া প্রেমে নৃত্য করিতে আরম্ভ করিল।

মহাপ্রভুর অলোকিক বৃদ্ধানন গমন লীলা কবিরাজ গোস্বামী বিস্তৃত রূপে বর্ণন করিরাছেন, এই পুত্তকে উহার আভাস মাত্র দেওয়া গেল।

মহাপ্রভু অনেক ছর্গম স্থান অতিক্রম করিয়া পরিশেষে কাশী ধামে উপনীত হইলেন। পূর্ব্বে মহাপ্রভুর আদেশে তপন মিশ্র কাশী বাদ করিয়াছিলেন। মহাপ্রভু মণিকণিকার ঘাটে স্নান করিতে ছিলেন, দৈবযোগে তপন মিশ্র তাহাকে দেখিতে পাইয়া সমাদর পূর্ব্বক আপন বাটীতে লইয়া গেলেন। প্রাণের অধিক প্রিয় প্রভুকে পাইয়া তপন মিশ্রের আনন্দের সীমা রহিল না, মনের সাধে তাঁহার দেবা করিতে প্রস্তুভ হইলেন।

ত্পন মিশ্রের রঘুনাথ নামে একটি পুত ছিল। রঘুনাথ ইতিপুর্নে পিতার প্রমুগাৎ মহাপ্রভুর কথা শ্রবণ করিয়াছিলেন, একণে তাঁহাকে আপন আবাসে প্রাপ্ত হইয়া আয় সমর্পণ পূর্বক প্রভুর পরিচ্ফা করিতে লাগিলেন। এই রঘুনাথ মহাপ্রভুর কপা পাত্র হইয়া 'রঘুনাথ ভট্টগোস্বামী' নামে ভারতে বিদিত ইইয়ছেন।

স্থক্তিশালী তপন মিশ্র সপরিবারে আস্তরিক ভক্তির সৃহিত স্বোভুক্রিয়া মহাপ্রকে বাধ্য ক্রিলেন। ভক্তাধীন প্রভুণ্ড তাঁহাদিগের প্রেমের বশীভূত হইয়া তথার বাদ করিতে লাগিলেন।

মহারাষ্ট্রীয় ব্রাহ্মণগণ অভাবতঃই ধর্মপিপাস্থ। কাশীবাসী
মহারাষ্ট্রীয় ব্রাহ্মণগণ মহাপ্রভুর অলোকিক লক্ষণ সমুদ্র দর্শন
করিয়া মহাপুরুষ জ্ঞানে নিতাই তাঁহাকে দর্শন করিতে আসিতেন। কাশীর প্রসিদ্ধ বেদাস্তাচার্য্য প্রকাশানন্দ সরস্বতী
আপন সভায় বসিয়া বেদাস্ত ব্যাধ্যা করিতেছিলেন, এমন সমরে
একজন মহারাষ্ট্রীয় ব্রাহ্মণ বাইয়া মহাপ্রভুর কথা উত্থাপন করিলেন।

রাহ্মণ বলিলেন, ''নীলাচল হইতে প্রীক্ষটেচতক্ত নামে জানৈক সন্নাসী কানীধামে আগমন করিয়াছেন। সন্নাসীর আলোকিক রূপলাবণ্য এবং দেবতা সদৃশ লক্ষণ সমুদ্য দর্শন করিয়া সকলেই মোহিত হইতেছেন। সন্নাসীর প্রেমময় মূর্জি বিনি একবার দর্শন করিতেছেন, তাঁহাকেই প্রেমানক্ষে ক্ষণনাম কীর্ত্তন করিতে দেখিয়া আমরা বিশ্বিত হইয়াছি।

প্রকাশানল হাস্ত করিরা বলিলেন, ''আমি শুনিয়াছি ধে, গোড়ে কেশব ভারতীর শিষ্য ক্লণ্ডতৈত নামে একজন লোক প্রতারক ভাবক আছে। ঐ ব্যক্তি মোহিনী বিত্যা বলে গ্রামনাদী লোক সকলকে বশীভূত করিয়া থাকে। শুনিলাম ঐ মারাবী সন্থাসী না কি সার্জভোম ভট্টাচার্য্যকেও আপন বশে আনম্বন করিয়াছে। যাহা হউক, এই কাশীধামে তাহার 'ভাবুকালী' বিকাইবে না। তোমরা সকলে বেদান্ত শ্রবণ কর, তাহার নিকটে আর গমন করিও না।''

উক্ত ব্রহ্মণের গৌরাঙ্গ দর্শনে সমুদয় অণ্ডত নাশ হইয়াছিল,

স্কুরাং প্রকাশানক সরস্থতীর ঐরপ নিকিত বাকা শ্রবণ করিয়া রুফ স্মরণ পূর্বকি সভা ত্যাগ করিয়া প্রভূ সনিধানে গমন করিবেন।

বাকণ মহাপ্রভ্ সমীপে উপস্থিত হইয়া বলিলেন, "প্রভা, আমি অন্য প্রকাশানল সরস্থতীর সভায় ঘাইয়া আপনার কথা উথাপন করিলে, প্রকাশনল অবজ্ঞা পূর্বক আপনার নাম উচ্চারণ করিবার চেটা করিল; কিন্তু তিনবার চেটা করিয়াও তৈতে অ্যতীত, ক্ষঃ-চৈত্র নাম তাহার মুথে আসিল না, ইহার কারণ কি ?"

মহাপ্রভূ বলিলেন, "মায়াবাদিগণ ভগবানের সজিদানন্দ বিগ্রহ না মানিয়া অপরাধী হইয়াছে; এই কারণে তাহাদিগের মূথে ক্ষলাম আইদে না। আমি "ভাবকালি" বেচিতে কাশী-পুরে আদিলাম, একণে দেখিতেছি, এখানে গ্রাহক নাই। যাহা হউক, স্বল্ল-মূল্য পাইলেও এই স্থানে বিক্রয় করিয়া যাইতে পারি।"

''এত বলি সেই বিপ্রে আত্মসাৎ করি। প্রাতে উঠি মথুরা চলিলা গৌর হরি॥''

প্ররাগ তীর্থে উপনীত হইয়। প্রভুতথার তিন দিবস বাস করিলেন। পুর্বে দক্ষিণ দেশ ভ্রমণ কালে প্রভু যেরূপ ক্লফ নাম দিরা লোক নিস্তার করিয়াছিলেন, মথুরা গমন কালেও দেইরূপে নাম বিতরণ করিতে লাগিলেন। প্রভু যে স্থান দিয়া গমন করিতে লাগিলেন, তাহার চতুপার্যবর্তী লোক সকল কৃষ্ণপ্রেমে উন্মন্ত প্রায় হইয়া নৃত্য করিতে থাকিল। "মথুরা চলিতে পথে যথা রহি যায়। কুষ্ণ নাম প্রেম দিয়া লোকেরে নাচায় ॥"

প্রভুমথুরায় উপনীত হইয়া বিশ্রাম তীর্থে স্নান করিলেন। মথুরাবাসী লোক সকল তাঁহার মধুর ভাব দর্শন করিয়া বিশ্বিত হইয়া বলিতে লাগিল, ''এইরূপ অপরূপ সন্ন্যাসীত কথন দেথি নাই। ইহাঁর দর্শনে সকল লোকের শ্রীকৃষ্ণ ক্র্ ভি হইতেছে।"

> 'যাহার দর্শনে লোকে প্রেমে মত হঞা। হাসে কান্দে নাচে গায় ক্বঞ্চ নাম লঞা॥ দর্কথা নিশ্চিত ইহোঁ কৃষ্ণ অবতার। মথুরা আইলা লোকের করিতে নিস্তার ॥" शिरेत: F:--

মগুরায় আগমন করিয়া একজন সনোড়িয়া ত্রাহ্মণের সহিত প্রভুর পরিচয় হইল। ঐ বাহ্নণ প্রভুকে দর্শন পূর্বক প্রেমো-শত হইয়া নৃত্য করিতে থাকিলে, প্রভু তাঁহাকে আলিম্বন দান করিয়াপরিচয় জিজ্ঞাসা করিলেন।

> ''বিপ্র কহে এপাদ এমাধবেক্র পুরী। ভ্রমিতে ভ্রমিতে আইলা মথুরা নগরী॥ কুপা করি তিহোঁ মোর নিলয়ে আইলা। মোরে শিষা করি মোর হাতে ভিকা কৈলা।

ৰী ৈচঃ চঃ—

মহাপ্রভু উক্ত ব্রান্সণের পরিচয় প্রাপ্ত হইয়া তাঁহাকে প্রণাম পুর্বাক বলিলেন, "আপনার সঙ্গলাভ করিয়া আমি অদ্যধ্য হুইলাম। শ্রীপাদ মাধবেক্ত পুরীর সহিত আপনার সম্পর্ক चाह्य, देश श्रामि वालनात्क नर्मन कतियारे. जानिए शादियाः ছিলাম,। মাধবেক্তের সম্বন্ধ ব্যতীত এরপ কৃষ্ণপ্রেম অপর কোথাও সম্ববে না।"

মহাপ্রভূ দনোড়িয়া বিপ্রকে প্রণাম করিলে, রাহ্মণ ভীত চিত্তে তাঁহার চরণে পতিত হইয়া বলিলেন, "আপনি এ কি করিলেন'? আমি গৃহস্ত; আপনি সন্ন্যামী হইয়া কি জন্ত আমাকে প্রণাম করিলেন?' তথন মহাপ্রভূ তাঁহাকে বিনয় বচনে বলি-লেন, "আপনি আমার গুরু, আমি আপনার শিষা।"

নহাপ্রভুর এবংবিধ বাকা শ্রবণ করিয়া সনোড়িয়া বিপ্রের বিশ্বর জ্বিলে, বলভদ ভট্টার্চার্য প্রভুর পরিচয় প্রদান করিয়া তাঁহাকে পরিতৃপ্ত করিলেন। তদনস্তর আহ্মণ প্রভুকে আপন আলয়ে লইয়া গিয়া সাতিশয় য়য় সহকারে তাঁহার পরিচয়া। করিতে লাগিলেন।

ব্রান্ধণের সেবার পরিতৃষ্ট হইয়া মহাপ্রভু হাস্য করিয়া বলি-লেন, ''আমি আপনার গৃহে ভিক্ষা করিতে ইচ্ছা করি। যথন শ্রীপাদ মাধবেক্ত আপনার গৃহে অর ভিক্ষা করিয়াছেন, তথন আমার উহাতে কোন বাধা নাই।

> ''যদ্ যদাচরতি শ্রেষ্ঠস্ততদেবেতরো জনঃ। স যৎ প্রমাণং কুরুতে লোকস্তদনুবর্ত্তে॥'' গীতাঃ—

সনোড়িয়া বিপ্র (স্থবর্ণবিণিকের ব্রাহ্মণ) বলিলেন, "আপনি সাক্ষাং ঈশ্বর, লোকিক বিধিনিষেধ আপনার যোগ্য নহে, কিন্তু সাধারণ লোকে তাহানা ব্রিয়া আপনার নিন্দা করিবে, উহা আমি সহিতে পারিব না। আপনার সমভি-ব্যাহারী ভট্টাহার্য্য সর্পাক কর্মন।"

"প্রভু কহে শ্রুতি স্থৃতি ষত ঋষিগণ।

সব এক মত নহে ভিন্ন ভিন্ন ধর্ম ॥

ধর্ম স্থাপন হেতু সাধু ব্যবহার।

পুরী-গোসাঞির আচরণ সেই ধর্মসার॥"

শ্রীচঃ চঃ—

একাদশীতত্ত্বধৃত-ব্যাস-বচনং।—

"তকোহপ্রতিষ্ঠঃ শ্রুতয়ো বিভিন্না,
নাসাব্যির্যস্য মতং ন ভিন্নং।
ধর্ম্মস্য তত্ত্বং নিহিতং গুহায়াং,
মহাজনো যেন গতঃ স পত্তাঃ॥"

মহাপ্রভৃ ভিকা সমাপন করিয়া বিশ্রাম করিলে মথুরাবাদী লোক স্কল তাঁহাকে দর্শন করিতে আগমন করিল। প্রভৃ গৃহের বাহিরে বাইয়া বলিলেন, "ভাই স্কল, তোমরাস্কলে হরি হরি বল।" প্রভুর শ্রীমুধ হইতে হরি নাম শ্রবণ করিয়া মধুপুর বাদিগণ প্রেমোনাত হইয়ান্তা করিতে আরম্ভ করিল।

> ''বাত তুলি বোলে প্রভু বোল ছরিধ্বনি। প্রেমে মত্ত নাচে লোক করি ছরিধ্বনি॥"

তদনস্তর মহাপ্রভ্, সনোড়িয়। বিপ্র এবং বলভদ্র ভট্টাচার্য্যকে সঙ্গে লইয়া বন ভ্রমণে বহির্গত হইলেন। প্রভ্ মধুবন, তালবন, কুমুদবন, বহুলাবন প্রভৃতি বন সকল ক্রমে ক্রমে দর্শন করিতে লাগিলেন। ঐ সমুদয় স্থানে প্রভ্র যেরূপ ভাবাবেশ হইয়াছিল, তাহা নিতাসিদ্ধ ভক্ত শীকবিরাজ গোসামী চরিতামৃত গ্রম্থের বর্ণন করিয়াহেন। প্রভুর বৃদ্ধাবন ভ্রমণ বর্ণন করা মনুষ্যের

সাধ্যাদ্মন্ত নহে, উহা ব্ৰজ্বাসীরই যোগ্য কর্ম্ম এবং ব্রজের লোকই ঐ রস আখাদনে সমর্থ। এই পুস্তকে উহার আভাস মাত্র দেওয়া গেল।

বুদাবনের পশু, পক্ষী, বৃক্ষ, লতা প্রভৃতি, বছদিন পরে আপনাদিগের প্রাণ প্রভৃত্বে প্রাপ্ত ইইয়া স্বস্থ মনোভাব বাজ্ক করিয়া তাঁহাকে অভিনদন করিতে লাগিল। গাভী সকল প্রভৃত্বে দেখিয়া তাঁহার নিকটে আসিতে লাগিল, কেহ কেহ প্রভৃত্ব প্রীঅঙ্গ লেহন করিতে আরম্ভ করিল। হরিণ সকল প্রভৃত্ব পশ্চাং পশ্চাং চলিতে লাগিল, কেহবা তাঁহার অঙ্গ লেহন করিতে লাগিল। তুক, পিক এবং ভৃঙ্গকুল প্রভৃত্ব দর্শনে আকুল হইয়া স্থমধুর স্বরে রুক্ষগুণ গান করিতে লাগিল। শিথিগণ প্রভৃত্ব অত্যে নৃত্য করিতে থাকিল। বৃক্ষ এবং লতা সকল অবনত হইয়া প্রভৃত্ব প্রীঅঙ্গের স্পর্শ স্থিপ অঞ্ভব করিতে লাগিল। পরম স্থহংবর বহুদিন পরে মিলিত হইলে যেরূপ আনন্দ অফুভব করেন, মহাপ্রভৃত্বে প্রাপ্ত হইয়া বৃদ্ধাবনের স্থাবর জঙ্গম প্রভৃতি ভজ্প প্রফুল চিত্ত হইল।

''তা সবার প্রীতি দেখি প্রভূ ভাবাবেশে। সবা সনে ক্রীড়া করে হঞা তার বশে॥''

সনোড়িয়া বিপ্র এবং বলতন্ত ভট্টাচার্য্য মহাপ্রভুর প্রেমা-বেশ দর্শন করিয়া বিশ্বিত হইলেন, এবং বৃন্ধাবনের সহিত প্রভুর অতি গৃঢ় সম্বন্ধের পরিচয় প্রাপ্ত হইয়া আপনা দিগকে চির্কৃতার্য জ্ঞান করিলেন।

> ''বুলাবনে হৈল যত প্রেমের বিকার। কোট গ্রন্থে অনস্ত লিখে তাহার বিস্তার॥

তবু লিথিবারে নারে তার এক কণ।
উদ্দেশ করিতে করি দিক দরশন ॥
জগৎ ভাগিল চৈতন্ত লীলার পাথারে।
যার যত শক্তি তত পাথারে সাঁতারে॥"
জীটিঃ চঃ—

মহাপ্রভু বৃদ্ধাবন দর্শন করিয়া পুনরায় প্রয়াগ তীর্থে গমন
পূর্ব্বক তথায় দশ দিবদ বাস করিলেন। গৌরাঙ্গের এই অপূর্ব্ব
লীলা বর্ণন করিয়া শ্রীকবিরাজ গোস্থামী কি বলিয়াছেন দেখুন।
"অলোকিক লীলা প্রভুর অলোকিক রীতি।
ভূনিলেও ভাগাহীনের না হয় প্রতীতি ॥
আদ্যোপাস্ত চৈত্রন্য লীলা অলোকিক জান।
শ্রদ্ধা করি শুন ইহা সত্য করি মান॥
যেই তর্ক করে ইহা সেই ম্থ্রাজ।
আপনার মুণ্ডে সে আপনি পাড়ে বাজ॥
চৈত্ত্য চরিত্র এই অমৃতের সিল্ব।
জগং আনন্দে ভাগায় যার এক বিলু॥''

बीहिः हः--

দশম পরিচ্ছেদ সমাপ্ত।

## একাদশ পরিচ্ছেদ।

রূপ এবং দনাতন মহাপ্রভুর রূপা লাভ করিয়া কিরপে বিষয় কার্য্য পরিত্যাগ করিবেন, তাহার উপায় উদ্ভাবন করিতে লাগিলেন। মহাপ্রভু শান্তিপুর হইতে নীলাচলে প্রত্যাগমন কুরিলে রূপ গোস্বামী তথায় তুই জন লোক প্রেরণ করিলেন। উহাদিগকে বলিয়া দিলেন, যে, "প্রভু নীলাচল হইতে বৃন্দাবন গমন করিলে তোমরা আফিয়া আমাকে সংবাদ প্রদান করিবেন"

গৌড়েশ্ব কোন প্রকার সন্দেহ না করেন, এইরপে সনা-তনকে তাঁহার নিকটে রাখিয়া রূপ গোস্বামী কনিষ্ঠ বলভের সহিত বাটী আগমন করিলেন। কিছু দিন পরে প্রেরিত লোক-দ্বম আসিয়া প্রভুর বুন্দাবন গমন সংবাদ প্রদান করিল। রূপ গোস্বামী আর কাল বিলম্ব করিলেন না, পত্রদারা সনাতনকে প্রভুর স্মাচার অবগত করাইয়া বল্লভের সহিত বুন্দাবন যাত্রা করিলেন।

এক দিবদ প্রয়াগ তীর্থে মহাপ্রভু বিন্দু মাধব দর্শন করিতে যাইলে, একজন পূর্ব পরিচিত দাক্ষিণাত্য রাহ্মণের সহিত জাঁহার সাক্ষাং হইল। উক্ত রাহ্মণ প্রভুকে নিমন্ত্রণ করিয়া আপন আলয়ে লইয়া গেলেন। রাহ্মণের বাড়ীতে উপস্থিত হইয়া প্রভু বিশ্রাম করিতেছেন, ইত্যবদরে রূপ গোস্থামী এবং বল্লভ তথায় উপনীত হইলেন।

রূপ গোস্বামী প্রয়াগে পঁছছিয়া বিলুমাধব দর্শন করিতে যাইতেছিলেন; দৈবযোগে তথায় প্রভুকে দেখিতে পাইলেন। প্রভুর চতুর্দিকে অসংখ্য লোক বেষ্টন বরিয়া থাকায়, রূপ গোস্বামী তৎকালে তাঁহার সহিত সাক্ষাৎ করেন নাই, এক্ষণে নিৰ্জ্জন দেখিয়া তৎসমীপে উপস্থিত হইলেন।

রূপ এবং বল্লভ ছই গুছে তুণ দশনে ধারণ করিয়া প্রভুর চরণোপান্তে পতিত হইলে প্রভু তাঁহাদিগকে করে ধরিয়া উত্তো-লন করিলেন। অনন্তর প্রেমার্জিচিত্তে উভয়কে আলিঙ্গন করিয়া বলিলেন, "রূপ, ক্ষের কুপা দর্শন কর। ভক্তবংসল ব্রজেন্দ্র-নন্দন তোমাদিগকে বিষয় কুপ হইতে উদ্ধার করিলেন।''

এীহরিভক্তি বিলাদদ্য ১০ম বিলাদে ৯১ অঙ্ক ধৃত ইতিহাস সমুচ্চয়োক্ত ভগবদ্বাক্যং।

"ন মে ভক্তশ্চতুর্বেদী মন্তক্তঃ শ্বপচঃ প্রিয়ঃ। তবৈম্ব দেয়ং ততোগ্রাহাং স চ পূজ্যে। যথাহ্যহং।"

''এই শ্লোক পড়ি ছহাঁরে **কৈল আলিঙ্গন**। রুপাতে গুহার মাথায় ধরিল চরণ॥ প্রভু রূপা পাঞা হুহেঁ হুই হাত যুড়ি। দীন হঞা স্তৃতি করে বিনয় আচরি ॥"

@ 5: 5:-

শ্ৰীরূপ গোস্বামিবাকাং। ''নমো মহাবদান্যায় কৃষ্ণপ্রেমপ্রদায় তে। কুষ্ণায় কুষ্ণচৈতন্যনাম্নে গৌরত্বিষে নমঃ।"

তদনস্তর মহাপ্রভু তাঁহাদিগকে আপনার নিকটে বসাইয়া সনাত্রের সমাচার জিজ্ঞাসা করিলেন। রূপ গোস্থামী বলি-লেন. 'প্রভো, আপনার কুপা বাতীত তাঁহার উদ্ধারের অপর

কোন উপায় দেখিতে পাই না। আমি তাঁহাকে রাজ-সমীপে রাখিয়া পলায়ন করিয়াছি। তুই জনে একত্রে কথাত্যাগ করিলে গৌড়েধরের ক্রোধ জন্মিবে এই কারণে আমি অগ্রে আদিয়াছি।

> ''প্রভূ কহে দনাতনের হইয়াছে মোচন। অচিরাতে আমা দহ হইবে মিলন॥''

মহাপ্রভ্, রূপ এবং বল্লভের সহিত কএক দিবস প্রয়াগে কাস করিলেন, তৎপরে আব্দী গ্রাম হইতে বল্লভভটু আফিয়াভ কণগণহ প্রভুকে আপন আলায়ে লইয়া গেডেন। ভটুগৃহে অবস্থানকালে পরম বৈঞ্ব রঘুপতি উপাধ্যায়ের সহিত প্রভুর মিলন হইল।

রঘুপতি উপাধ্যার প্রভৃকে প্রণাম করিলে, "ক্ষেও মতি রস্থ" বলিয়া প্রভৃত হোকে আশীর্দাদ করিলেন। রঘুপতিকে প্রেমিক বৈক্ষব জানিয়া প্রভৃকহিলেন, "উপাধ্যায়, আমাকে কিছু প্রীক্ষত অভ্যাত।"

উপাধ্যায় কৃত শ্লোক:—

''শ্রুতিমপরে স্মৃতিমপরে ভারতমন্যে ভজস্ত ভবভীতাঃ। অহমিহনন্দং বন্দে যদ্যালিন্দে পরং ব্রহ্ম॥'' প্রভৃ। তৎপরে কহ। উপাধায়।

কম্প্রতি কগয়িতুমীশে সম্প্রতিকো বা প্রতীতিমায়াতু। গোপতি তনয়াকুঞ্জে গোপবধূচী বিটং ব্রহ্ম॥

প্রভৃ। কোন্রপ দর্রশ্রেষ্ঠ ? উপাধারে । শ্যামরূপেই জগৎ মোহিত হইয়াথাকে । প্রভৃ। শ্যাম রূপের শ্রেষ্ঠ বাসস্থান কোথায় ? উপাধ্যায়। পুরী সকলের মধ্যে মধুপুরীই শ্রেষ্ঠ।

প্রভাগ বাল্য, পৌগও এবং কৈশোর ইহার মধ্যে কোন্টি শ্রেষ্ঠ ?

উপাধ্যায়। কৃষ্ণের কৈশোর বয়দই দাধক মনোরঞ্জক। প্রভূ। রদগণ মধ্যে কোন্রদ সর্কশ্রেষ্ঠ ?

উপাধ্যায়। আন্যে রসই সকল রসের সারভূত।

'প্ৰভু কহে ভাল তত্ত্ব শিক্ষাইলা মোরে। এত বলি শ্লোক পড়ে গদ গদ স্বরে ⊩"

পদ্যাবন্ন্যাং ৭০ অঙ্কগ্নত মাধ্বেক্স পুরীকৃত শ্লোকং— "শ্যামমেব পরং রূপং পুরীং মধুপুরী বরা। বয়ঃ কৈশোরকং ধ্যেয় মাদ্য এব প্রোরসঃ।"

মহাপ্রভ্ বল্লভ ভটের গৃহ হইতে পুনরায় প্রয়াগে গানন করিলেন এবং রূপ গোস্বামীকে শিক্ষা দান করিয়া রুকাবনে প্রেরণ করিলেন। রূপশিক্ষা বৈষ্ণুব জগতে পরম আদরের বস্তু, কিন্তু এই কুদু পুতকে উহার বিস্তৃত বর্ণন অসম্ভব বিবেচনায় সংক্ষেপে গুই চারিটি কথা মাত্র লিখিত হইল।

মহাপ্রভূ কহিলেন, "রূপ, পারাবার শূন্য ভক্তি রুস্সিদ্র বিস্তার বর্ণন নিতান্ত অসম্ভব; তথাপি তোমাকে আস্বাদন করাইতে কিঞ্ছিৎ বর্ণন করিতেছি শ্রবণ কর।"

এই অন ও ব্রলাওে অনস্ত কোটি জীব ক্রমে ক্রমে চৌরাশি বোনিতে ভ্রমণ করিরা থাকে। তির্যাক, জলচর এবং স্থলচর প্রাণিগণ মধ্যে মহ্বাই প্রেষ্ঠ। মহ্বায় মধ্যে ফ্লেছাদি অপেকা বেদনিষ্ঠ আক্ষণই শ্রেষ্ঠ। বেদাচারী মধ্যে ধর্ম্মনিরত ব্যক্তি শ্রেষ্ঠ। ধর্ম্মাচারী মধ্যে কর্ম্মনিষ্ঠ ব্যক্তি শ্রেষ্ঠ। কোটি কর্ম্মনিষ্ঠ হইতে এক জ্ঞানী শ্রেষ্ঠ। কোটি জ্ঞানী মধ্যে একজন মুক্তির অধিকারী। কোটি মুক্তপুক্রর মধ্যে একজন ক্ষ্মভক্ত তলভি। মনের নির্ত্তিকেই শাস্তি বলে। বাঁহাদিগের বাসনা কর্ম্মনাই, তাঁহারা শাস্তি লাভে সমর্থ হ্রেন না। ভূকি, মুক্তি এবং দিন্ধি কামীর বাসনা বর্ত্তমান থাকায় তাঁহারা সকলেই অশাস্ত। ক্ষমভক্ত নিকাম, অতএব একমাত্র তাঁহাকেই শাস্ত বলিতে হইবে।

''রুঞ্জক্ত নিধান অত এব শাস্ত। ভুক্তি মৃক্তি সিদ্ধিকামী সকলি অশাস্ত।" গ্রীমন্তা: ৬৯ রন্দে, ১৪শ অ, ৪র্থ শ্লোকে পরীকিদ্বাক্যং॥ "মুক্তানামপি সিদ্ধানাং নারায়ণপরায়ণঃ। স্বতুল্লভিঃ প্রশান্তান্তা কোটিষপি মহামুনে॥"

কোটিসংথ্য সিদ্ধনুক্ত মধ্যে একটি মাত্র নারায়ণ প্রায়ণ প্রশাঝা ব্যক্তিফুছলভি।

দৈববোগে কোন ভাগাবান্ জীব কৃষ্ণ কুপায় সদ্গুক্ত আশ্রয়
প্রাপ্ত হইয়া ভক্তিবীজ লাভ করিয়া থাকে। ঐ বীজ হইতে ভক্তিল ভা উছুতা এবং শ্রবণ কীর্ত্তন জল সেকে পরিবর্দ্ধিতা হইয়া
বন্ধাপ্ত ভেদ পূর্বক কৃষ্ণচরণ করুক্ত্বজ আরোহণ করে। ভদনকর উহা হইতে প্রেম ফল উংপন্ন হইয়া যখন পরিপক্ষ হয়,
তথন দেই ভাগাবান্ জীব স্থপক প্রেমফল রদ আস্থাদন করিয়া
ধর্ম অর্থাদি চারি পুক্ষার্থকে তৃণ তুলা জ্ঞান করে।"

''ঋদ্ধাসিদ্ধি ব্রজবিজয়িত। সত্যধর্মাসমাধি ব্রক্ষানন্দে। গুরুরপি চমৎকারয়ত্যেব তাবৎ। যাবৎ প্রেম্বাং মধুরিপুরশীকারসিদ্ধৌষধীনাং, গদ্ধো২প্যন্তঃকরণশরণিঃ পাস্তাং ন প্রয়াতি॥"

যে অবধি সাধকের জনয়ে মধুরিপু বণীকরণ বিষয়ক প্রেমরূপ সিদ্ধ ঔষধির গন্ধও না আইদে, সে পর্যান্ত তাঁহাকে ঋদ্ধি, সিদ্ধি, সত্য, সমাধি ত্রলানন্দাদি চমংকৃত করিতে সমর্থ ইইয়া থাকে :

ললিত মাধ্বঃ---

বিশ্বদা ভক্তি হইতে প্রেমের অঙ্কুর হইয়া থাকে অতএব শুদ্ধাভক্তির লক্ষণ বলিতেছি শ্রবণ কর।

''সর্বেবাপাধি বিনিম্মৃক্তিং তৎপরত্বেন নির্ম্মলং। হৃষীকেন হৃষীকেশ-সেবনং ভক্তিকূচ্যুতে॥''

ভক্তিরসামৃত সিন্ধু:—

''অন্য বাঞ্ছা অন্য পূজা ছাড়ি জ্ঞান কৰ্ম। আনুকুলো সংক্ৰেম্ম ক্ষানুশীলন। এই ওদ্ধভক্তি ইহা হৈতে প্ৰেম হয়। পঞ্চবাতে ভাগবতে এই লক্ষণ ক্ষা।

श्रीदेहः हः-

ভূক্তি অর্থাং ভোগৈথর্যা, এবং মুক্যাদি বাসনা পরিত্যাগ পূর্বক ভক্তি নিষ্ঠ হইয়া ভদ্ধন করিতে হইবে, নচেৎ প্রেমাং-পতি হয় না।

## ভক্তিরদামৃত দিশ্ব:--

''ভুক্তি মুক্তিস্পৃহা যাবৎ পিশাচী হৃদি বৰ্ত্ত । তাবস্তুক্তি স্থখস্যাত্ৰ কথমভ্যুদয়োভবেৎ ॥''

যে অবধি ভুক্তি-মৃক্তিরূপা পিশাচীর অধিকার থাকে, সে পর্যান্ত সদয়ে ভক্তি স্থাথের উদয় হয় না।

্ সাধন ভক্তি হইতে রতির উদর হয়, এবং রতি গাঢ় হইলে তাহাকৈ প্রেম বলা যার। রতি পঞ্চবিধ যথা;—শান্ত, দাসা, স্থা, বাংসল্য এবং মধুর। এই পঞ্চবিধ রতি হইতে শান্তাদি পঞ্চ প্রকার রস ভেদ হইয়া থাকে। ক্লঞ্চ রতির আরও ছইপ্রকার ভেদ আছে, যথা ঐখর্য জ্ঞান মিশ্রা এবং কেবলা রতি। জ্ঞানমিশ্রা রতিতে ভয় সজোচ আছে, কিন্তু কেবলা রতি সভল্প প্রকার।

শাস্ত ব্যক্তি রুফা রুপা ব্যতীত অপর কোন বাঞ্চিই করেন না, এই কারণে তাঁহাকে রুফাভক্ত বলা যায়। রুফা ভক্ত প্র্ এবং মাক্ষেকেও নেরক তুলা জ্ঞান করেন। যথা:;—

শ্রীভদ্তাঃ ৬৯৯, ১৭৯, ২৪ শ্লোকে দ্র্গাং প্রতি শিববাক্যং। ''নারায়ণপরাঃ সর্বেব ন কুতশ্চন বিভ্যতি। স্বর্গাপবর্গনরকেষপি তুল্যার্থদর্শিনঃ॥''

নারায়ণ পরায়ণ ব্যক্তি কোপাও ভীত হন না, কেননা তাঁহারা স্বর্গ ও নরককে তুলা বোধ করিয়া থাকেন। এইরপে ভক্তিত্ব উপদেশ করিয়া মহাপ্রভু রূপগোস্বামাকে শ্রীরুলাবনে প্রেরণ করিলেন এবং স্বয়ং পুনরায় কাশীধামে যাতা করিলেন।

মহাপ্রভূ ইতিপূর্ব্ধে যথন কাশী গমন করিয়াছিলেন, তথন তপন মিশ্রের স্থা চক্ত্রশেশর বৈদ্য তাহার বিস্তর সেবা করিয়াছিলেন। প্রভূ চক্তর্শেশরকে বিশেষ ক্রপা করিতেন। উক্ত চক্তর্শেশর স্থাবোগে মহাপ্রভূর কাশী আগমন অবগত হইরা নগরের বাহিরে যাইরা অপেক্ষা করিতেছিলেন, এমন সময়ে প্রভূ তথার উপস্থিত হইলেন। চক্তর্শেশর প্রিরতম প্রভূকে দর্শন করিয়া পুলকিত চিত্তে তাঁহার চরণ বন্দনা পূর্বক আপন আলয়ে লইরা গেলেন। মহাপ্রভূ চক্তর্শেশরের গৃহে অবস্থান করিতেছেন, ইতিমধ্যে সনাতন গোস্বামী কাশীধানে আগমন করিলেন।

রূপের পত্রে মহাপ্রভুর বৃদ্ধাবন গমন সংবাদ পাইয়া সনাতন
কি প্রকারে গৌড়েশ্বের হস্ত হইতে নিদ্ধৃতি পাইবেন, তাহার
উপার অস্বেদণ করিতেছিলেন। অনেক চিঞা করিয়া পরিশেষে
শারীরিক অস্বাস্থ্যের ছলনায় রাজকার্যা পরিত্যাগ করিয়া গৃহে
অবস্থিতি করিতে লাগিলেন। তাঁহাকে অমুপস্থিত দেখিয়া
এক দিবস গৌড়েশ্বর স্বয়ং তাঁহার বাটাতে আগমন করিলেন।
সনাতন পণ্ডিতবর্গ লইয়া ভক্তি শাস্ত্র বিচার করিতেছিলেন,
হঠাং বাদ্দাহকে আগমন করিতে দেখিয়া সকলে দণ্ডায়মান
হইয়া সমুচিত অভ্যর্থনা করিলেন।

বাদদাহ বলিলেন, "তোমার অস্বাস্থ্যের সংবাদ অবগত হইয়া আমি বৈদ্য পাঠাইয়াছিলাম। বৈদ্যের নিকট শুনিলাম, তোমার কোনরূপ পীড়া হয় নাই। তোমরা আমার সমুদ্য বিষয় কার্য্য ন ই করিতে মনন করিয়াছ। ভোমার ভাতা সাকর মল্লিক আমার অজ্ঞাতসারে কর্মত্যাগ করিয়াছে। তুমিও এরপ ইচছা করিতেছ।''

সনাতন বলিলেন, "আমা হইতে আর রাজকার্য্য সমাধা হইবে না, আপনি অপর লোক নিযুক্ত করুন।" সনাতনের এই কথায় কুদ্ধ হইয়া বাদসাহ তাঁহাকে কারারুদ্ধ করিলেন। দৈববোগে দেই সময় উড়িয়াধিপতির সহিত সংগ্রাম উপস্থিত হওয়ায় বাদসাহ তৎপ্রদেশে গমন করিলেন। সনাতন এই স্থেয়াগে কারাগার প্রহ্রীকে অর্থ দ্বারা বশীভূত করিয়া পলায়ন করিলেন।

সনাতন কানীধামে উপনীত হইয়া চক্রশেণরের বাটীর দারদেশে অপেকা করিতেছিলেন। সর্বান্তর্যামী প্রভু উহা জানিতে পারিয়া চক্রশেথরকে বলিলেন, ''তোমার বাটীর দার-দেশে একজন বৈঞ্চব বসিয়া আছেন, তাঁহাকে আমার নিকটে লইয়া আইস।'' চক্রশেথর সনাতনকে চিনিতে না পারিয়া প্রভু সমীপে আসিয়া বলিলেন, ''কোন বৈঞ্বকে দেখিতে পাইল:মনা, কেবল একজন দরবেশ ভিক্ষা প্রাথনায় অপেকা করিতেছে দেখিলাম।'' প্রভু হাস্য করিয়া বলিলেন, ''সেই দরবেশকেই লইয়া আইস।"

"প্রভূ তোমায় বোলায় আইস দরবেশ। শুনি আনন্দে সনাতন করিলা প্রবেশ॥ গোঁহারে অঙ্গনে দেখি প্রভূ ধাঞা আইলা। গোঁরে আলিঙ্গন করি প্রেমাবিষ্ট হৈলা॥ প্রভূপ্পর্লে প্রেমাবিষ্ট হৈলা সনাতন। মোরে না ছুইহ কহে গলগদ বচন॥ ছুই জনে গলাগলি রোদন অপার। দেখি চক্তশেধরের হৈল চমৎকার॥

औरेहः हः-

অনস্তর মহাপ্রভু সনাতনের হস্ত ধারণ পূর্বক আপনার পার্শ্বে বাইয়া বলিলেন, ''সনাতন অদ্য তোমাকে স্পর্শ করিয়া আমি পবিত্র হইলাম। তুমি নিজ ভক্তিবলে ব্রহ্মাণ্ড শোধন করিতে পার।''

### শ্ৰীমন্তাবগত।

'ভবদ্বিধা ভাগবতাস্তীর্থীভূতাঃ স্বয়ং প্রভো। তীর্থীকুর্বস্তি তীর্থানি স্বান্তস্থেন গদাভূতা॥'

প্রভুর আদেশে সনাতন ক্ষোরকর্ম সমাধা করিয়া মণিকর্ণিক।

ইইতে স্থান করিয়া আসিলে তপন মিশ্র তাঁহাকে নৃতন বদন
প্রদান করিলেন। সনাতন নৃতন বস্ব লইতে স্বস্থীকার করিষা

একথানি পুরাতন বস্ত্র লইয়া তন্ধারা কোপিন এবং বহিলাদ
উভয় প্রস্তুত করিলেন।

চক্রশেখরের বাটতে মহাপ্রভুর বাসা ছিল, কিন্তু তপন মিশ্রের প্রার্থনায় তিনি নিতা তথায় ভিক্ষা করিতেন। তপন নিশ্র প্রভুকে ভোজন করাইয়া স্নাতনকে প্রাসাদার প্রদান করিলেন।

স্নাতনের বৈরাগ্য দর্শন করিয়া প্রভূ অতিশন্ন প্রীত হই লেন; কিন্তু তাঁহার গাতে একথানি ভোট কম্বল দেখিয়া 'এখন ও বিষদের কিঞ্জিৎ অবশেষ আছে" এই ভাবিয়া তৎপ্রতি পুনঃ পুনঃ কটাক্ষ করিতে লাগিলেন।

"দনাতনের বৈরাগ্যে প্রভুর আনক অপার।
ভোটকম্বল পানে প্রভু চাহে বারেবার॥
দনাতন জানিল এই প্রভুরে না ভার।
ভোটতাগ করিবারে চিন্তিল উপার॥
এত চিন্তি গেলা গঙ্গায় মধাকে করিতে।
এক গৌড়রা দিয়াছে কান্তা ধূঞা শুকাইতে॥
ভাবে কহে ওরে ভাই কর উপকারে।
এই ভোট লঞা এই কাঁথা দেহ মোরে॥' প্রীচৈঃ চঃ—

সনাতন কথলের পরিবর্তে কাঁণা লইয়া প্রভু সন্নিধানে উপ-স্থিত হইলেন। মহাপ্রভু তাঁহাকে কাঁথাস্থকে আগমন করিতে দেখিয়া সহাস্যবদনে বলিলেন, "সনাতন, ক্লঞ্চ কেমন কুপালু দেশ ? ক্লঞ্বথন কুপা করিয়া তোমাকে বিষয় রোগ হইতে নিক্লতি দিয়াছেন, তথন রোগের অবশেষ রাণিবেন কেন? সবৈদ্য কথন পী গার শেষ রাগেন না। ক্লঞ্কুপায় এইবার ভোমার বিষয় বিষয় রোগ নিঃশেষ হইল।"

সনাতন বলিলেন, ''প্রভো, আমি কৃষ্ণ মাহায়্য কিছুই জানি না, তুমিই আমার রাণকর্জা। তোমার কুপাবলেই আমি বিষয় পাশ হইতে মঞ্জিভ করিয়াছি।''

> ''সনাতন কহে কৃষ্ণ আমি নাহি জানি। আমার উদ্ধার হেতুতোমা কৃপা মানি॥'' একাদশ পরিছেদ সমাপ্তা।

# দ্বাদশ পরিচ্ছেদ

মহাপ্রভু পূর্ব্বে বেরূপ শক্তি সঞ্চার করিয়া রামানল দারা ভঙ্গনতত্ব প্রকাশ করিয়াছিলেন, একণে সনাতনের প্রতি সেই প্রকার কুপা দৃষ্টি করিলে, সনাতন তাঁহার চরণে পতিত হইয়া কহিলেন, "প্রভো, আমি হিতাহিত কিছুই জানি না, অতএব কুপা করিয়া আমাকে সাধাসাধন তত্ব উপদেশ কুকুন।"

মহাপ্রভূবলিলেন, ''দনাতন, ক্লেডর কপায় তুমি সম্**দ**য় তর অবগত আছ, তথাপি আমি কিছু উপদেশ করিতেছি শ্রবণ কর।''

জীব ক্ষেত্র নিতা দাসস্থাপ। মায়াবশে স্থাপ বিশ্বত হইয়া জীব অবস্থা হইতে অবস্থাস্ত্র প্রাপ্ত হইয়া থাকে। সং-শাস্ত এবং সাধুর কুপাল জীব যথন ক্ষুণ্ডোলুথ হল, তথন মালা তাহাকে পরিত্যাগ করে।

ভগবদগীতা।

''দৈবীহোষা গুণময়ী মম মায়া ছুরতায়া। মামেব যে প্রপদ্যক্তে মায়ামেতাং তরস্তিতে॥

শ্রীমদ্ভগবদ্গীতায় শ্রীকৃঞ শ্রী ফর্জুন মহাশন্তকে কহিতেছেন,

—''আমার এই ত্রিগুণমন্ত্রী দৈবী মারা, ছরতায়া অর্থাং ছরতিক্রমণীরা। বে দকল ভক্ত অনন্ত শরণ হইয়া কেবল আমারই
আশ্রম লয়েন, তাঁহারাই এই মায়াকে অতিক্রম করিতে পারেন ''

ক্বফোনুথ জীব, ভক্তি পথ আশ্র করিলে কৃঞ্কুপা লাভ ক্রিতে সমর্থ হয়। ভক্তি কৃঞ্প্রাপ্তির অন্ত পছানাই।

### শ্ৰীমন্তাগৰত।

''ন সাধয়তিমাং যোগো ন সাংখ্যং ধর্ম্ম উদ্ধব। ন স্বাধ্যায়স্তপস্ত্যাগো যথা ভক্তির্ম মোর্জ্জিতা।

মংপ্রাপিকা ভক্তি ব্যতিরেকে যোগ, সাংখা, দর্শন, স্বাধ্যায়, তপজা ও ত্যাগ, ইহার কোনটীর দ্বারাই সাধক আমাকে পাইতে পারেন না।

সচিচদানক বিগ্রহ প্রীকৃষ্ণই সর্কৈখিয়া পূর্ণভগবান্। সাধকণণ সংস্কাভাবানুসারে তাঁহাকে ভিন্ন ভিন্ন নামে অভিহিত করিয়া গাকেন।

#### ব্ৰহ্ম সংহিতা।

''ঈশ্বরঃ প্রমঃ কৃষ্ণঃ সচ্চিদানন্দবিগ্রহঃ। অনাদিরাদি গোবিন্দঃ সর্ববকারণ কারণং॥''

#### শ্রীমদ্রাগবত।

''বদস্তি তত্তত্ত্বিদস্তত্ত্ং যজ্জ্ঞানমন্বয়ং। ব্ৰক্ষেতি প্ৰমাজেতি ভগবানিতি শক্সতে ॥''

'জ্ঞান, যোগ, ভক্তি তিন সাধনের বশে। ব্রহ্ম, আয়া, ভগবান্, ত্রিবিধ প্রকাশে॥''

শ্রীক্লক্ষের অঙ্গ কাস্তিই নির্ব্বিশেষ ব্রন্ধজ্যোতিঃ।
যথা ব্রহ্মসংহিতায়াং ৫ম অ, ৪৬ শ্লোকঃ—
"যস্তা প্রভা প্রভবতো জগদগুকোটি,
কোটিয়শেষবস্থধাদি বিভৃতিভিন্নং।

তবু কা নিকল মনস্ত মশেষভূতং, গোবিন্দ মাদিপুরুষং তমহং ভজামি॥"

যাঁহার অঙ্গপ্রভা হইতে কোট কোট ব্লাণ্ড, বহুধাদি বিভৃতির উৎপত্তি হইয়াছে, সেই নিক্ল, অশেষ, অনস্ত, একা স্বরূপ আদি পুরুষ গোবিন্দ দেবকে আমি ভজুনা করি।

ত্রীক্তকের অসংখ্য অবতারের নির্দেশ করা সাধ্যায়ত্ত নহে, তন্মধ্যে প্রথম ত্রিবিধ পুরুষ অবতারের বিবরণ শ্রবণ কর।

শ্রীমন্তাঃ ২য়ক, ৬ জ ম, ১০ শ্লোকে ধৃত আব্যোহৰতারঃ
পুক্র ইতাতা শ্রীপরকামিব্যাঝায়াং ধৃতং তথা লঘু
ভাগৰতাম্তে পূর্বিখণ্ডে অবতার প্রকরণে ৯মাক্ষধৃতং
বাহততত্ত্বং।

"বিষ্ণোস্ত ত্রীনি রূপানি পুরুষাখ্যান্যথো বিছঃ। একস্ত মহতঃ স্রেষ্ট্ দিতীয়স্ত শুসংস্থিতং। তৃতীয়ং সর্বস্থিত তানি জ্ঞাহা বিমুচ্যতে॥

ত্রীক্ষেত্র অনস্থ শকি, তন্মধ্যে ইচ্ছাশকি, ছানশকি এবং ক্রিয়াশকি, এই তিন শকি প্রধান। কিয়াশকিপ্রধান সংকর্ষণ বল্রাম,মায়া শকি দারা এই স্চর্চের একাণ্ড ফুটি করিয়াছেন।

ক্রিয়াশক্তিপ্রধান সংকর্ষণ কারণাদ্ধিতে শয়ন করিয়া থাকেন। এই কারণাদ্ধিশায়ী প্রথম পুক্ষ মহাবিষ্ণু বিরজার পরপারস্থিতা মায়া প্রকৃতিকে ঈক্ষণ করত ক্লোভিত করিয়া বীধ্যাধান করেন। এইরূপে প্রকৃতি-পুরুষ সংযোগ হেতু মহতত্ত্ব উৎপক্ল হইয়া ত্রিবিধ অহঙ্কারের স্ফটি করে। তৎপরে ভূত সকল স্ফ হইয়া এই বিশ্ব সংসার স্কলন করিয়া থাকে।

বিতীয় পুরুষ, গর্ভোদকশায়ী বা শেষশায়ী। ব্রহ্মা, বিষ্ণু এবং শিব, এই বিতীয় পুরুষের গুণাবতার। ইহারই অপর নাম হিরণাগর্ত্ত, পল্মনাভ এবং সহস্র শীর্ষ পুরুষ।

তৃতীয় পুক্ষ ক্ষীরোদকশানী। এই তৃতীয় পুক্ষ জগং ু পালন করিয়া থাকেন।

মংস্ত, কুর্ম, বরাহ, নৃসিংহ, বামন ইত্যাদি কুঞ্জের লীলাবতার।

ব্রহ্মা, বিষ্ণু এবং মহেশব এই তিন ক্লফের গুণাবতার।
মহাপ্রভূ বলিলেন, সনাতন ক্লফের লীলাবতার এবং
গুণাবতার প্রবণ করিলে, একণে যুগাবতারের বিষয় প্রথণ করে।
সত্য ত্রেতা দ্বাপর এবং কলি এই চারি যুগে ভগবান গুরু, রক্ত,
কুষ্ণ এবং পীত, ক্রনান্বরে এই চারি বর্ণধারণ করিয়া অবতীর্ণ
হয়েন। যথা;—

শ্রীমন্ত্রা, ১০মস্ক, ৮ম অ, ৯ম শ্রোকে নলং প্রতি গর্গবাক্যং।

''আসন্ বর্ণাস্ত্রয়োহ্যস্ত গৃহতোহনুযুগং তনৃঃ। শুক্লোরক্ত স্তথা পীত ইদানীং কৃষ্ণতাং গতঃ॥''

সতাব্দের ধর্ম ধানাদি। ত্রেতাবৃদের ধর্ম বাগ যজ্ঞাদি। দাপরের ধর্ম কৃষ্ণপরিচ্যাা, এবং কলির ধর্ম কৃষ্ণনাম সংকীতন। যথা;-- শ্রীমন্তা, ১২শস্ক, তর অ, ৩৪ শ্লোকে পরীক্ষিতং
প্রতি শুক বাকাং।

"কলেদে মিনিধে রাজনস্তিত্যেকো মহান্ গুণঃ।
কীর্ত্রনাদের কৃষ্ণস্ত মুক্তবন্ধঃ পরং ব্রক্তেৎ॥"

হরিভক্তি বিলাস্ত ১১শ বিলাদে ২৩৯ অন্ধ্রতো বিষ্ণুপ্রাণীয়

ষঠাংশত বিতীয়াধানীয় ১৭শ শ্লোকঃ—

"ধ্যায়ন্ কৃতে বজন্ বজৈন্ত্রেভায়াং ঘাপরেহর্চয়ন্।

ব্লাপ্রাতি তদাপ্রাতি কলে। সংকীর্ত্রেশ্বং॥"

সনাতন কহিলেন, "প্রভো, কলিযুগের ধর্ম ক্ষণনাম কীর্ত্তন, এবং ভগবান পীতবর্ণ ধারণ পূর্মক অবতীর্ণ হইরা উক্ত ধর্ম স্থাপন করিবেন, শাস্ত্র প্রমাণ দারা ইহাই জানা যাইতেছে। এক্ষণে কলিযুগের অবতার নির্ণয় করিয়া এই দাগামুদাসকে চিবক্তবর্থ ক্রন।"

নহাপ্রভূ বলিলেন, ''দনাতন, লক্ষণ ছারা ঋষিগণ অবতার নির্ণয় করিয়াছেন, অতএব ঋষি বাক্যান্ত্সারে কার্য্য করাই আমাদিগের পক্ষে যুক্তিসঙ্গত।

''সনাতন কহে যাতে ঈশ্বর লক্ষণ।
পীতবর্ণ কার্য্য প্রেম দান সংকীর্ত্তন॥
কলিকালে সেই কৃষ্ণাবতার নিশ্চয়।
স্থান্ত করিয়া কহ যাউক সংশয়॥
প্রভু কহে চাতুরানী ছাড় সনাতন।
শক্ত্যাবেশাবতারের গুন বিবরণ॥''
ভীচৈঃ চঃ—

ভগবানের অসংধ্য শব্দ্যাবেশাবতার; তর্মধ্যে নারদ এবং সনকাদি ঋষিগণ সর্বশ্রেষ্ঠ।

শীক্ষের তিনটি ধাম। গোলোক, বৈকুণ্ঠ এবং মারাজগং। গোলোক আবার তিন ভাগে বিভক্ত। যথা, ব্রজ, হারকা এবং মগুরা।

ব্ৰহ্ম সংহিতায়াং ৫ম অ, ৪৯ শ্লোকঃ।

''গোলোকনাম্নি নিজধাম্নিতলে চ তত্ত ; দেবী মহেশ হরিধামস্থ তেষু তেষু। তেতে প্রভাবনিচয়া বিহিতাশ্চ যেন, গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি॥''

মহাপ্রভূ কহিলেন, স্নাত্ন, জীব স্কলকে ক্লেডর নিতা দাস বলিয়া জানিবে। জীব যথন এই নিতা সম্বন্ধ ভূলিয়া আপনাকে কর্তা বলিয়া অভিমান করে, তথনই মায়ার অধীন হয়। মায়া কর্তুকই জীবের ভোগাভোগ ক্লিত হুইয়া থাকে।

মঙ্গলকামী ব্যক্তি বিবিধ বাসনা সত্ত্বেও যদি ঐকান্তিক ভাবে কঞ্চ পদাশ্রয় গ্রহণ করেন, তাহা হইলে আর উাহাকে কথনও অমুতাপ করিতে হয় না। ক্লফ ভজনশীল ব্যক্তি বহু বাসনা ফুলু হইলেও কৃষ্ণ তাঁহার বাসনা ক্লয় করিয়া অভয় চরণ প্রদান করিয়া থাকেন।

শ্রীমন্তা, ২য় স্কল্পে, ≎য় অ, ১• শ্লোকে পরীক্ষিতং প্রতি শুক্বাক্যং।

"অকামঃ দৰ্ব্বকামো বা মোক্ষকাম উদারধীঃ। তীব্ৰেণ ভক্তি যোগেন যজেত পুরুষং পরং॥" বর্ণাশ্রম ধর্ম এবং কুটা নাটা পরিত্যাগ করিয়া অনক্তাবে কৃষ্ণ ভল্পন করিলে, পরম দ্যালু শ্রীকৃষ্ণ দেই ব্যক্তিকে পরম পদ প্রদান করিয়া থাকেন। যথা;—

> ভগবন্দীতায়াং ১৮অ, ৬৭ শ্লোকে অৰ্জুনং প্ৰতি শ্ৰীকৃঞ্বাক্যং।

''দর্ববধর্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ। অহং ভাং দর্ববপাপেভো মোক্ষয়িয়ামি মাশুচঃ॥''

মহাপ্রভুবলিলেন, সনাতন, কৃষ্ণ প্রেম, সাধনের ফল নহে, উহানিত্য সিদ্ধবস্তা। শ্রবণ কীর্ত্তনাদি লক্ষণ হইতে সাধক অন্তরে প্রেমের উদ্ধ হইয়া থাকে।"

ভক্তি রসামৃত্সিদ্ধৌ পূর্কবিভাগে দ্বিতীয় লহর্যাং ২য় শোকঃ।

''ক্তিসাধ্যা ভবেৎ সাধ্য ভাবাসা সাধনাভিধা।

নিতা সিদ্ধস্য ভাবস্য প্রাকটাং ফ্রদিসাধাতা॥'

''নিতা সিদ্ধ রুঞ্চপ্রেম সাধা কভূনয়। শ্রবণাদি শুদ্ধ চিত্তে করয়ে উদয়॥''

সাধন ভক্তি দ্বিবিধ। বৈধীভক্তি এবং রাগানূগাভক্তি। শাস্ত্রবিধি অনুসারে ভন্ধন করিলে তাহাকে বিধিভক্তি সাধন বলে। বৈধিভক্তি সাধনের চতুঃষষ্টি প্রকার অঙ্গ। যথা;—

শ্রীপুরু পদাশ্র গ্রহণ, সধর্ম শিক্ষা, 'সাধুমার্গালুগমন, কৃষ্ণ প্রীতে ভোগত্যাগ, মধুরা এবং দারকাদি তীর্থে বাস, হরি-বাসর পালন, ধাত্রী, অশ্বথ, গো, বিপ্র এবং বৈষ্ণব পূজন, দেবা এবং নামাপ্রাধ ব্জুন, অবৈষ্ণব সঙ্গ পরিত্যাগ ইত্যাদি। মহাপ্রভূ বলিলেন, সনাতন, সাধুসঙ্গ, নামকীর্ত্তন, ভাগবত শ্রুবণ, মথুরাবাস এবং শ্রদ্ধাপুর্বকে শ্রীবিগ্রহের সেবা, এই পঞ্ প্রকার সাধন সর্বাপেকা শ্রেষ্ঠ বলিয়া জানিবে।

জ্ঞান এবং বৈরাগ্যাদি কথন ভক্তির অঙ্গ নছে। যথা ;— শ্রীমন্তাঃ, ১১%, ২০অ, ৩১ শ্লোকে উদ্ধবং প্রতি শ্রীকৃঞ্জবাক্যং।

"তত্মামন্তক্তিযুক্তস্য যোগিনো বৈ মদাত্মনঃ। ন জ্ঞানং ন চ বৈরাগ্যং প্রায়ঃ প্রেয়োভবেদিহ॥"

সনাতন, 'বৈধিভক্তি সাধনের লক্ষণ প্রবণ করিলে একংগ রাগাসুগ ভজনের বিষয় প্রবণ কর।

ব্রজবাসিগণের ভাবের নাম রাগাত্মিক ভাব। গাহারা ঐ ব্রজবাসিগণের অনুগত হইয়া রাগমার্গে ভজন করেন তাঁহাদিগকে রাগাত্মগ বলে। রাগাত্মগ সাধক শাস্ত যুক্তির অপেকা করেন না।

রাগান্ত্র সাধকের মান্সিক ভন্ধন এবং বাহ্ন সাধন এ ছইটা এক প্রকার নহে। বাহ্নে সাধক দেহে প্রবণ কীর্ত্তনাদি ক্রিয়া, এবং মানসে সিদ্ধ দেহে রাত্রি দিন ব্রজে ক্লফ্ড সেবন।

ভক্তিরসামৃতসিদ্ধৌ পূর্ববিভাগে সাধনভক্তিলহর্যাং ১১৮ অংশ।

"সেবা সাধক রূপেণ সিদ্ধরূপেণ চাত্র হি। তদ্ভাবলিপ্সুনা কার্য্যা ব্রন্ধলোকানুসারতঃ॥"

কোন ব্যক্তির যদি বহু পূর্বজন্মকৃত পুণাফলে ভগবানে শ্রদ্ধা জন্মায়, তাহা হইলে সেই ব্যক্তি সাধুসঙ্গ করিতে বছবান্ হয়েন। সাধুসঙ্গ হইতে শ্রবণ কীর্ত্তন হারা অনুর্থ নির্ভি হইলে ভব্লি নিষ্ঠা হয়। নিষ্ঠা হইতে কচি জনায়, কেচি হইতে আসক্তি উৎপন্ন হয়। আসক্তি হইতে ক্ষেও প্রীতি জনায়, এবং সেই বতি গাঢ় হইয়া প্রেম নাম ধারণ করে।

বহু সৌভাগ্য ক্রমে যে সাধকের হৃদয়ে এই প্রীতাঙ্কুর উদয় হয়, প্রাকৃতিক স্থুপ এবং হু:খে চাঁহার কোন প্রকার ক্ষোভ উৎপন্ন হয় না।

অন্তরে ক্লাও প্রেমাদ্য হইলে সংশক্তেব ৰাক্য এবং কার্যাদি যে এক প্রকার বিচিত্রভাব প্রাপ্ত হয়, উহা বিজ্ঞালনেও বুঝিতে সক্ষম হয়েন না।

'প্রেমাক্রমে বাড়ি হয় মেহ মান প্রণয়।
রাগ অমুরাগ ভাব মহাভাব হয়॥
বৈছে বাজ ইক্রমে গুড়গও সার।
শর্করাসিতা মিশ্রি শুদ্ধ মিশ্রি আর॥
ইহা বৈছে ক্রমে ক্রমে নির্মাল বাড়ে স্থাদ।
রতি প্রেমাদি তৈছে বাড়য়ে আস্থাদ॥
অধিকারী ভেদে রতি পঞ্চ প্রকার।
শান্ত দাস্ত স্থা বাংসলা মধুর আর॥
এই পঞ্চ স্থামীভাব হয় পঞ্চরদ।
বে রমে ভক্ত সুথী ক্রম্ভ হয় বশ॥'
ত্রীচিঃ চং—

মহাপ্রভ্র সহিত সার্কভৌম, রায় রামানন্দ এবং রঘুপতি উপাধ্যায়ের কথোপকগন, এবং রূপ ও সনাতন শিক্ষা অতি বিস্তৃত বোধে সংক্ষেপে বর্ণিত হইল। এই পুস্তকের পরিশিটে মহাঐভুর উপাসনা তত্ত্বিধায়িণী শিক্ষারই সার বির্ত হইবে।

দনাতন মহাপ্রভুর শ্রীমুথ হইতে তত্ত্ব সমুদর প্রবণ করিয়া তাঁহার চরণোপাত্তে পতিত হইয়া কহিলেন, "প্রভো, ভোমার রূপা হইলে পঙ্গুও যে অনায়াদে পর্বত উল্লক্ষন করিতে পারে, ভাহা অদ্য ব্ঝিতে পারিলাম। আমি অতি নীচ, অতএব আমার প্রতি এইরূপ রূপা করুন, যাহাতে আপনার প্রদত্ত উপদেশ সকল আমার হৃদয়ে ক্রিপ্রাপ্ত হয়।"

"তবে মহাপ্রভৃ তার শিরে ধরি করে। বর দিল এই সব ক্ষুক্ক তোমারে॥'' ছাদশ পরিচেছদ সমাধা।

## ত্রয়োদণ পরিচ্ছেদ।

মহাপ্রভু পুনরায় কাশীণামে আগমন করিয়াছেন দেখিয়া কাশীবানী সর্যাসিগণ সর্বস্থানে তাঁহার নিকা করিয়া বেড়া-ইতে আরম্ভ করিলে। প্রভুর কুণাপাত্র সেই মহারাষ্ট্রীয় ব্রাহ্নণ কির্নেপ একদিবস সর্যাসিদিগের সহিত প্রভুর একত্র মিলন হয় তাহার চেটা করিতে লাগিলেন। ঐ ব্রাহ্মণের দৃঢ় বিগাস যে, সন্মাসিগণ একবার মাত্র প্রভুকে দেখিলেই তাঁহার পদানত হইবেন, স্তরাং আর কথন তাঁহাদিগকে প্রভূনিকারণ মহাণাতক গ্রস্ত হইতে হইবেন।। ক্ষণ্ডক দয়ার সাগর, তাঁহার কেই শক্র নাই, সকলেই পরমায়ীয় স্বরপ। ঐ বাহ্দণ কাশীবাসী সয়্যাসীদিগের মঞ্চল কামনায় এক দিবস প্রভুকে নিমন্ত্রণ করিলেন। সয়্যাসিগণও নিমন্ত্রিত হইয়া তথার আগমন করিলেন। সয়্যাসিগণ মহাপ্রভুব সহিত শাস্ত্র বিচার করিতে বাসনা করিয়া পূর্বপক্ষ করিতে আরম্ভ করিলেন। মহাপ্রভু শাস্ত্রবৃক্তি অমুসারে তাঁহাদিগের সমুদ্র কুতর্ক থওন করিয়া বিউদ্ধমত স্থাপন করিলে, সয়্যাসিগণ নির্বাক হইয়া রহিলেন।

এক দিবস মহাপ্রভু দেব দর্শনে গমন করিয়া ভাবাবেশে নৃত্য করিতেছিলেন, এমন সময়ে প্রকাশানক সরস্বতী শিষাবর্গ সমভিব্যাহারে তাঁহাকে দর্শন মান্দে তথায় উপস্থিত হইলেন। প্রভু সন্ন্যাসিদিগকে দেখিতে পাইয়া নৃত্য সম্বরণ করতঃ প্রকাশানককে বন্দনা করিলেন।

প্রকাশানন্দ লজ্জিত ভাবে মহাপ্রভুর চরণ ধারণ করিয়া বলিলেন, ''প্রভো, আমার অপরাধ ক্ষমা করুন। আমি পূর্বেনা জানিয়া আপনাকে বেসকল অন্তুচিত বাক্য বলি-য়াছি, তজ্জ্ঞ আমার বিশেষ অপরাধ ইইয়াছে।''

মহাপ্রভূ বলিলেন, ''আপেনি জগদ্ভক, আমি আপনার দাসামুদাস তুলাও নহি, অতএব লোক শিক্ষার জন্ম এতদ্র দীনভাব স্বাকার করা, আপনার ভার ব্রক্ত্লা ব্যক্তির শোভা পায় না।"

প্রকাশানল বলিলেন, 'প্রভো, আপনি সাক্ষাৎ ভগবদবতার, আমি পূর্ব্বে আপনার যে সকল নিলা করিয়াছি, অন্ত আপ-নার শ্রীপাদপন্ম প্রদেশ আমার সেই অপরাধ ক্ষয় হইল। কেন না, • 'মাইতে পতিত হইলে, মাটা ধরিয়াই উঠিতে হয়' আপনার নিকট যে অপরাধ হয়, আপনার নামই দেই অপরাধ নাশের প্রধান সাধন। আমার ভাগ্যবশে আপনাব নাম হইতেও হুর্ভ বস্ত্ব যে আপনার শ্রীচরণ, তাহা পাইলাম:— আমার অপরাধ আর কি থাকিতে পারে ?"

মহাপ্রভূবিফু-মারণ করিয়া বলিলেন, ''আমি অভি কৃদ জীব। জীবে ঈশ্ববৃদ্ধি করিলে অপরাধী হইতে হয়।''

পালোত্তর খণ্ডে ১০অ, ১২ শ্লোকঃ। ''যস্ত নারায়ণং দেবং ব্রহ্ম রুদ্রাদি দৈবতৈঃ। সমত্তেনৈব মন্মেত স পাষণ্ডী ভবেদ্ধুবং॥''

প্রকাশানন্দ কহিলেন "প্রভো, তুমি সাক্ষাৎ ভগবান্। আমি তোমাতে অতি স্ততি প্রয়োগ করিতেছি না। তোমার নিন্দা করিলে জীবের সদ্যু সর্ক্রাশ হইয়া থাকে।"

> শ্রীমন্তাঃ ৬ষ্ঠ স্ক, ১৪অ, ৪র্থ শ্লোকে শুকদেবং প্রতি পরীক্ষিদ্ বাক্যং।

''মুক্তানামপি সিদ্ধানাং নারায়ণপরায়ণঃ। স্বত্নল্লভঃ প্রশান্তাত্মা কোটিদপি মহামুনে॥''

তত্ত্বৈব ১০ম স্ক, ৪র্থ অ, ৩২ শ্লোকে পরীক্ষিতং প্রতি শুকবাক্যং।

''আয়ুং প্রিয়ং যশো ধর্ম্মং লোকানাশিষ এবচ। হস্তি শ্রেয়াংসি সর্ববাণি পুংসো মহদতিক্রমঃ॥'' অনস্তর প্রকাশানক মহাপ্রভুর চরণ বন্দনা করিয়া তাঁহাকে আপন আলয়ে লইয়া গেলেন। প্রভুকে দিব্যাসনে উপবেশন করাইয়া প্রকাশানক করবোড়ে কহিলেন, 'প্রভো, আপনি বেদাস্ত হত্তের ষেরপ ব্যাখ্যা করিয়াছেন, উচা প্রবণ করিয়া আমার ভৃপ্তি হইতেছে না, অতএব ক্লপা করিয়া পুনরায় উহা সংক্রেপে ব্যক্ত করুন।'

মহাপ্রভূ বলিলেন, ''শহরাচার্য্য অবৈতবাদ স্থাপন জন্ত ব্যাস স্ত্রের মুখ্যার্থ আচ্ছাদন করিয়া করিত ভাষ্য দারা স্বকার্য্য সাধন করিয়াছিলেন, ইহাতে তাঁহার কোন দোষ নাই। ব্যাস স্ত্রের তাৎপর্যা গ্রহণ করা সামান্ত মন্ত্রের কর্ম নহে। ভগবান্ স্বয়ং মহাপ্রণবের স্বরূপার্থ চতুঃশ্লোকীতে বিবৃত করিয়া ব্রহ্মাকে উপদেশ করিয়াছিলেন। ব্রহ্মা উহা নারদকে উপদেশ করেন, এবং নারদের নিকট হইতে বেদব্যাস অবগত হয়েন।''

বেদব্যাস চারিবেদ এবং উপনিষদ সকলের সারার্থ সংগ্রহ করিয়া তংসমৃদ্য ভাগবতে নিবদ্ধ করেন। ভাগবত উপনিষদ সকলের ভাষা স্বরূপ পরম গ্রন্থ। ব্যাসকৃত বেদাস্তত্ত্ব এবং ভাগবতোক্ত শ্লোকে কিছুমাত্র অনৈক্য নাই। ভাগবত হইতে ব্যাস হত্ত্বের মুখ্যার্থ অবগত হইতে পারা যায়।

''কৃষ্ণভক্তিরস স্বরূপ শ্রীভাগবত।
তাতে বেদ শান্ত হৈতে পরম মহত্ব॥''
শ্রীমন্তা, ১মস্ক, ১ম অ, ৩য় শ্রোকঃ।
"নিগমকল্লতরোর্গলিতং কলং,
শুক মুখাদমৃতং দ্রবসংযুতং।

পিবত ভাগবতং রসমালয়ং, মুহুরহো রসিকা ভুবি ভাবুকাঃ॥"

''অতএব ভাগবত করহ বিচার। ইহা হইতে পাবে স্ত্রে স্মৃতির অর্থসার। নিরস্তর কর রুফ্ত নাম সংকীর্তন। হেলায় মুক্তি পাবে পাবে প্রেমধন ॥"

ত্রীরৈঃ চঃ---

শ্রীমন্তগবদগীতায়াং ১০ম অ. ৫৪ শ্লোকে অৰ্জুনং প্ৰতি এক্সঞ্চ বাক্যং।

''ব্ৰহ্মভূতঃ প্ৰসন্নাত্মা ন শোচতি ন কাজ্ঞ্যতি। সমঃ সর্বেষ্ ভূতেষু মন্তক্তিং লভতে পরাং॥"

এই যাত্রা মহাপ্রভু পাঁচ দিবদ কাশী ধামে অবস্থান পূর্ব্বক সন্ত্রাসী দিগকে উদ্ধার করিলেন, অনম্বর সনাতন গোস্বামীকে বুলাবন যাইতে অনুমতি করিয়া রাত্রিযোগে স্বয়ং নীলাচলাভি-মুথে প্রস্থান করিলেন।

মহাপ্রভুনীলাচলে পঁত্ছিলে স্বরূপ দামোদর গৌড় দেশে সংবাদ প্রেরণ করিলেন। জৌড়ের ভক্তগণ শচীদেবীর অনুমতি লইয়া পূর্ব্ববং নীলাচলে আসিয়া প্রভুৱ সহিত মিলিত হইলেন।

পূর্ব্বে রঘুনাথ দাস শান্তিপূরে যাইয়া মহাপ্রভুর সহিত সাক্ষাৎ করিলে, প্রভু তাঁহাকে গৃহে থাকিয়া অন্তর নিষ্ঠা করিতে অনুমতি করিয়াছিলেন। এফণে তাঁহার উৎকণ্ঠা বৃদ্ধি হওয়ায় পুনরায় মহাপ্রভুর দর্শন জন্ম অতিশয় ব্যগ্র হইলেন। গৌড়ের ভক্তগণের নীলাচল গমন সংবাদ পাইলেই রঘুনাথ বাটী হইতে পলায়ন করেন, কিন্তু তাঁহার পিতা মাতা তাঁহাকে পথিমধ্য হইতে ধরিয়া আনেন। এইরপে রঘুনাথ যতবার পলাইতে চেটা করিলেন, তাঁহার পিতা মাতা তত বারই তাঁহাকে লোক দারা ধরিয়া লইয়া গেলেন। অবশেষে নিত্যানক প্রভু পানীহাটি গ্রামে গমন করিলে রঘুনাথ গাঁহার চরণ সমীপে উপনীত হইয়া ক্লপা প্রার্থনা করিলেন।

> "অধন পানর মৃত্রি হীন জীবাধন। মোর ইচ্ছা হরে পাঙ চৈতক্ত চরণ। বামন হইরা চাল ধরিবারে চার। অনেক যত্ন কৈন্তু তাতে কভূ দিন্ধ নর। যতবার পলাই আমি গৃহাদি ছাড়িয়া। পিতা মাতা ছই নোরে রাগয়ে বাদ্ধিয়া। তোমার রূপা বিনা কেহ চৈতক্ত না পায়। ভূমি রূপা কৈলে তারে অধ্যেহ পায়। অযোগ্য মৃত্রি নিবেদন করিতে করি ভয়। মোরে চৈতক্ত দেহ গোগাঞি হইয়া দদয়॥"

নিতানিক প্রভুরঘ্নাথের মন্তকে শ্রীপাদপন্ন অর্পণ করিয়া আনীর্কাদ করিলেন যে, ''অচিরে তোমার শ্রীকৃঞ্চৈতন্ত চরণ লাভ হইবে।''

এই পানীহাটি গ্রামে নিতানিক প্রভুরবুনাথের ব্যয়ে বছ সংখ্যক বৈঞ্বকে নিমন্ত্রণ করিয়া অতিশয় সমারোহের সহিত চিড়া। মহোৎসৰ করিয়াছিলেন। অদ্যাপি প্রতি বৎসর আবাঢ় মানের গুকা এয়োদশীতে চিড়া মহোৎসব হইয়া থাকে।
শীনিত্যানল প্রভু পানীহাটী গুভাগমন করিলে রঘুনাথের তথার
আদিতে কিছু বিশ্ব হইয়াছিল। এই বিশ্ব জন্ম প্রভু তাঁহার
প্রতি প্রেমলণ্ড বিধান করেন। চিড়া মহোৎসব ঐ দণ্ড স্বরূপ।
এই জন্ম শীবৈক্ষবর্গণ উহাকে দাস গোস্বামীর দণ্ডমহোৎসব ও কহিয়া থাকেন।

ৈ গৌড় ভক্তগণের পুনরায় নীলাচলে গমন সময় উপস্থিত হইলে রঘুনাথ একদিবস রাজিশেষে স্থযোগক্রমে পলায়ন ক্রিলেন। রঘুনাথের পিতা তাঁহাকে ধরিয়া আনিবার জন্ত দশ জন লোক প্রেরণ ক্রিলেন; কিন্তু এইবার কেহই রঘুনাথের অনুসন্ধান পাইল না।

"ইন্দ্ৰসম ঐশ্ব্যা স্ত্ৰী অপলার সম।

এ সব বান্ধিতে নারিলেক যার মন॥

দড়ির বন্ধনে তারে রাখিবে কেমতে।

জন্মদাতা পিতা নারে প্রারন্ধ খণ্ডাতে॥

হৈতন্ত চন্দ্রের কুপা হৈয়াছে ইহারে।

হৈতন্ত প্রভুর বাতুল কে রাখিতে পারে॥"

बिरिहः हः-

রঘুনাথ দাস গৃহ পরিতাাপ করিয়া অবিশ্রাম গমনে বার দিনে পুরুষোত্তম ক্লেতে উপনীত হইলেন। এই সুদীর্ঘ পথ গমন কালে রঘুনাথ তিন দিবস মাতা আরভোজন করিয়াছিলেন। রঘুনাথ সমীপস্থ হইলে মহাপ্রভু ধারপর নাই প্রীত ব্ইয়া কৃহিলেন,

যথা শীচরিতামৃতে;---

"প্রভু কংহ আইস তিহোঁ ধরিল চরণ। উঠি প্রভু রূপায় তারে করিল আলিঙ্গন॥ স্বরূপাদি সব তক্তের চরণ বন্দিল। প্রভু রূপা দেখি সবে আলিঙ্গন কৈল॥ প্রভু কহে রুষ্ণ রূপা বলিষ্ঠ সবা হৈতে। তোমাকে কাড়িল বিষয় বিষ্ঠা-গর্ত্ত হৈতে॥"

রঘুনাথ মহাপ্রভুর চরণ ধারণ করিয়া বলিলেন, "প্রভো.
তোমার পাদপদ্ম ভিন্ন আমি আর কিছুই জানি না তোমার
কপা দৃষ্টিতেই আমার বিষয় সম্পর্ক দূর হইল।" অনস্তর
মহাপ্রভু রঘুনাথকৈ স্বরূপ দামোদরের অধীনে সমর্পণ করিয়া
বলিলেন, "এই স্বরূপ গোস্থানী তোমাকে সমুদ্র শিক্ষা প্রদান
করিবেন। আমার নিকটে তিনজন রঘুনাথ আছেন, অতএব
আজ হইতে তোমার নাম 'স্বরূপের রঘু' রহিল।"

রঘুনাথের তীত্র বৈরাগ্য জগতে আদর্শ স্বরূপ ইইয়াছে।
রঘুনাথ নয় লক্ষ টাকা আয়য়ুক্ত সম্পত্তির একমাত্র উত্তরাধিকারী
হইয়াও সর্বস্থ পরিত্যাগ পূর্বক নীলাচলে ভিক্ষা মাত্র উপলক্ষ
করিয়া দিন য়াপন করিতে লাগিলেন। অবশেষে ভিক্ষাও
পরিত্যাগ করিয়া জগলাথের পর্যুষিত পরিত্যক্ত প্রসাদাল ধৌত
করিয়া ভক্ষণ করিতে আয়য়্য় করিলেন। ঐ সংবাদ গোবিদ
মহাপ্রভুকে শ্রবণ করাইলে, তিনি অতিশয় আনন্দিত হইয়া বলিলেন, য়্থা চরিতামুতে;—

"শুনি তুট হঞা প্রভু কহিতে লাগিলা। ভাল কৈল বৈরাণীর ধর্ম আচরিলা। বৈরাণী করিবে সদা নাম সংকীর্ত্তন। মাগিয়া ধাইয়া করে জীবন রক্ষণ। বৈরাণী হইয়া যেবা করে পরাপেক্ষা। কার্য্য সিদ্ধি নহে কুঞ্চ করেন উপেক্ষা। বৈরাণী হইয়া করে জিহ্নার লালস। পরমার্থ যায় আর হয় রসের বশ।। বৈরাণীর কৃত্য সদা নাম সংকীর্ত্তন। শাক পত্র ফল মূল উদর ভরণ। জিহ্নার লালসে সেই ইতি উতি ধায়। শিশোদর পরায়ণ রুঞ্চ নাহি পায়।"

রঘুনাথ স্বরং মহাপ্রভূকে কোন কথা জিজ্ঞানা করিতেন না। একদিবদ স্বরূপ গোদামী দারা মহাপ্রভূকে অবগত করাইলেন যে, "কিরূপ কার্য্য করা আমার কর্ত্তব্য, ইহা যদি প্রভূ একবার শ্রীমুথে উপদেশ করেন, তাহা হইলে আনি ক্লতার্থ হই।"

মহাপ্রভুরঘুনাথের প্রার্থনাত্মসারে তাঁহাকে নিকটে আহ্বান করিয়া বলিলেন "রঘুনাথ, তোমার যাহা কিছু জানিবার প্রয়েজন হইবে, তুমি তৎসমুদ্র স্বরূপের নিকট জানিতে পারিবে। সাধ্য সাধ্ন তত্ত্ব স্বরূপ ধাহা জানেন, আমি তাদৃশ জানিনা। তথাপি আমি তোমার সভোষের জ্ঞ কিছু উপদেশ দিতেছি শ্রবণ কর। "গ্ৰাম্য কথা না শুনিবে গ্ৰাম্য বাৰ্ত্তা না কহিবে। ভাল না থাইবে আৰু ভাল না পৰিবে। অমানি মানদ কৃষ্ণ নাম সদা লবে। ব্ৰজে ৱাধা কৃষ্ণ সেবা মানসে কৰিবে। এইত সংক্ষেপে আমি কৈল উপদেশ।

@ ¿5: 5:--

পদ্যাবল্যাং বিংশাঙ্ক ধৃতং শ্রীকৃষ্ণ চৈতন্ত্র চন্দ্রোক্ত পদ্যং ৷

"তৃণাদপি স্থনীচেন তরোরপি সহিষ্ণুনা। অমানিনা মানদেন কীর্ত্তনীয়ঃ সদাহরিঃ॥"

তৃণ হইতে নীচ, তরু হইতে সহিষ্ণু, নিরভিমান এবং মানদ ব্যক্তিই হরিকীর্তনের অধিকারী।

মহাপ্রভূ ভক্তাণ সমভিব্যাহারে সংকী ইনানকে বিভোর হইয়া নীলাচলে বাদ করিতেছেন; ইতি মধ্যে এক দিবদ হরিদাদ ঠাকুর মহাপ্রভূকে বলিলেন, 'প্রভো, আমার একটি বাদনা পূর্ণ করিতে হইবে।'' তাহাকে অহ্বস্থের ভায় দর্শন করিয়া মহাপ্রভূ বলিলেন, ''হরিদাদ, তোমার শারীরিক কুশল ত ? তোমাকে অদ্য বিষধ্ধ দেখিতেছি কেন ?''

হরিদাস ঠাকুর বলিলেন, ''প্রভো, আমার শারীরিক কোন অত্থ নাই, কিন্তু বিষম মানসিক কট উপস্থিত হইরাছে। শরীর জরাগ্রস্ত হওরার অদ্য তিনলক জপ সংখ্যা পূর্ণ করিতে পারি নাই। এতদ্যতীত অপর একটি বিষম তরঙ্গ উঠিয়া আমার স্কুদর আকুল করিতেছে। আমি অনুমান করিতেছি, তুমি অতি সম্বরেই স্বধামে গমন করিবে, অতএব ঐ ঘটনার পূর্ব্বেই আমি দেহপাত করিতে ইচ্চা করি। তোমার অন্তর্ধান আমি জীবন থাকিতে দর্শন করিতে পারিব না।" এই বলিয়া হরিদাস মহাপ্রভুর চরণযুগল ধারণ করিয়া ক্রন্দন করিতে লাগিলেন।

মহাপ্রভু হরিদাসকে সাস্থনা করিয়া বলিলেন, "ক্লঞ্জ অব-শ্রুই তোমার মনোবাঞ্চা পূর্ণ করিবেন, কিন্তু আমি কিরুপে তোমার বিচ্ছেদ সহা করিব ?"

> ''প্রভু কহে হরিদাস যে তুমি মাগিবে। ক্ষাক্পাময় তাহা অবশ্য করিবে॥ কিন্তু আমার যে কিছু স্থুখ সব তোমা লঞা। তোমার যোগ্য নহে যাবে আমারে ছাড়িয়া।" बीरेहः हः -

হরিদাস কহিলেন, "প্রভো, আর আমাকে মমতা বদ্ধ করিও না। আমি নিশ্চয় করিয়াছি যে, তুমি অতি শীঘ্রই লীলা সম্বরণ করিবে এবং তজ্ঞ্জ আমার িত্তে কিছুমাত্রও স্কুথবোধ হইতেছে না। প্রতা, অতঃপর এই অধীন দাদের প্রতি প্রসম হও। আমার মনের বাদনা এই যে, তোমার ঐচরণ যুগল জ্লয়ে ধারণ পূর্ব্বক, তোমার চক্র বদন নিরীক্ষণ করিয়া, তোমার জগন্মঙ্গল জীক্ষণ-চৈত্তানাম জিহবায় উচ্চারণ করিতে করিতে দেহতাগে করিব।"

> ''ভকত বংসল প্রভু মুঞি ভক্তাভাস। অবশ্র পুরিবে প্রভু মোর এই আশ ॥''

> > € 75: 5:—

পরদিন প্রাতঃকালে মহাপ্রভু ভক্তমণ্ডলী সমভিব্যাহারে হরিদাসকে দর্শন করিতে গমন করিলেন। হরিদাস ছই দিবস কিছুমাত্র আহার করেন নাই, কেবল মহাপ্রভুর কুপা প্রতীক্ষা করিয়া তাঁহারই অভয় চরণ ধ্যান করিতেছিলেন, এক্ষণে আপনার অভীষ্ট দেবকে নিত্যসিদ্ধ ভক্তগণ সঙ্গে সমূথে উপস্থিত দেখিয়া আনন্দাশ্রুপাত করিতে লাগিলেন।

মহাপ্রত্ আদেশাহুদারে ভক্তগণ হরিদাসকে বেইন করিরা হরিনাম সংকীর্ত্তন করিতে আরম্ভ করিলেন। রায় রামানল, সার্ক্তোম, স্বরূপদামোদর এবং গদাধরাদি প্রধান প্রধান ভক্তবৃদ্দ হরিদাদের প্রতি মহাপ্রভুর অসামান্ত কুপা দুর্শন করিয়া বিশ্বিত হইয়া রহিলেন।

"হরিদাস নিজাগ্রেতে প্রভ্রে বসাইল।
নিজ নেত্র হুই ভূপ মুখ পলে দিল।
সক্তদ্যে আনি ধরি প্রভ্র চরণ।
সর্ব্ব ভক্ত পদরেণু মস্তক ভূষণ।
শ্রীক্ষাটেততা প্রভ্ বলে বার বার।
গ্রভু মুখ মাধ্রী পিয়ে নেত্রে জলধার।
শ্রীক্ষাটেততা শক্ত করিতে উচ্চারণ।
নামের সহিত প্রাণ করিল উৎক্রামণ।"

ब्रीहेहः हः--

ভীমের ভায় হরিদাসকে ইচ্ছা মৃত্যুর অধীন হইতে দেখিরা ভক্তগণ উচ্চৈঃম্বরে হরিধ্বনি করিতে লাগিলেন। মহাপ্রভু হরিদাসের ত্যক্ত কলেবর অঙ্কে ধারণ পূর্ব্বক প্রেমানন্দে বিহবল হইয়া নৃত্যু করিতে লাগিলেন। ্তদনন্তর মহাপ্রভূ ভক্তগণের সৃহিত সংকীর্ত্তন করিতে করিতে সমুদ্র তীরে গমন করিলেন, এবং হরিদাসের কলেবর সমুদ্র জলে সান করাইয়া মহানন্দে বালুকা অভ্যন্তরে সমাধিস্থ করিলেন।

হরিদাদকে সমাধিত্ব করিয়া প্রভু ভক্তগণের সহিত সমুদ্রে অবগাহন করিলেন, তৎপরে পুরীর অভ্যতরে আগমন করিয়া মহাপ্রদাদ ভিক্ষা করত হরিদাদের মহোৎদব ক্রিয়া সম্পন্ন করিলেন।

"চৈত ভা চরিত্র এই অমৃতের সিদ্ধু। কর্ণ মন ভৃপ্তা করে যার এক বিন্দু॥ ভবসিদ্ধু তরিবারে আছে যার চিত্ত। শ্রহা করি শুনে সেই চৈতন্য চরিত্র॥"

"শ্রুষতাং শ্রুষ্টাং নিত্যং গীয়তাং গীয়তাং মুদা। চিন্ত্যতাং চিন্ত্যতাং ভক্তশৈচতন্ম চরিতামূতং ॥" শ্রীচে: চঃ---

মহাপ্রভূ ১৪০৭ শকে জন্মগ্রহণ করিয়া ২৪ বংসর নবদীপ বিহার করেন। তংপরে সন্নাস গ্রহণ করিয়া ১৮ বংসর নীলা-চলে বাস করেন, এবং ৬ বংসর তীর্থ ভ্রমণে অতিবাহিত হয়। ১৮৫৫ শকে ১৮ বংসর বয়: ক্রম কালে মহাপ্রভূ অপ্রকট হয়েন। শেষ কএক বংসর রাজি দিন কেবল ভাবাবেশে মগ্ন থাকিতেন। শর্মপ দামোদর ও রামানন্দ অহরহ: প্রভূর সন্নিকটে থাকিতেন এবং সময়োচিত শ্লোক পাঠ করিয়া তাঁহার চিত্ত বিনোদন করিতেন। এক দিবস মহাপ্রভু রাত্রিষোগে গৃহ হইতে বহির্গত হইয়া জগরাথের সিংহ্যার সমীপে পতিত রহিয়াছেন, স্বরূপ দামোদরাদি ভক্তগণ অনেক অনুসন্ধানের পর তাঁহাকে ঐ স্থানে প্রাপ্ত হইলেন।

সকলে দেখিলেন প্রভুর দেহ নিম্পান, নাসিকায় খাস বহি-তেছে না, হস্ত পদ সমুদ্য প্রস্থি বিচ্ছিন্ন হইয়া দীর্ঘাকার হই-য়াছে, কেবল চর্মাচ্ছাদিত রহিয়াছে মাত্র। প্রভুর এইরূপ দশা দর্শন করিয়া ভক্তগণ হাহাকার করিয়া উঠিলেন।

> ''স্বরূপ গোদাঞি তবে উচ্চ করিয়া। প্রভূব কাণে রুফ্ষনাম কহে ভক্তগণ লঞা॥ বল্ল্ফণে রুফ্ষনাম হৃদয়ে পশিলা। হরিবোল বলি প্রভূ গব্জিয়া উঠিলা॥"

> > শ্রীচঃ চঃ—

অপর এক দিবস মহাপ্রভূ ভাবাবেশে পতিত রহিয়াছেন, ভক্তগণ যাইয়া দেখিলেন, তাঁহার হস্ত পদ সমুদ্র দেহাভাস্তরে প্রবেশ করিয়াছে। প্রকাপ্ত দেহ, একটি কুয়াণ্ডের আকার ধারণ করিয়াছে। অনস্তর সকলে উচ্চরবে হরিনাম কীর্ত্তন করিতে থাকিলে অনেকক্ষণ পর প্রভূ চৈত্ত লাভ করিলেন।

এক দিবস মহাপ্রভ্ যম্না এনে সম্দ্রের প্রতি ধাবমান হইয়া সিদ্ধ জলে ঝাঁপ দিয়া পড়িলেন। ভক্তগণ প্রভ্কে দেখিতে না পাইয়া চতুর্দিকে অহসন্ধান করিতে লাগিলেন, কিন্তু কোথাও তাহার সংবাদ পাইলেন না। অবশেষে সকলে বিষয়ভাবে সমুদ্রের তীরে যাইয়া দেখেন, একজন ধীবর হরি হরি বলিয়া নৃত্য করিতেছে। স্বরূপ দামোদর জিজ্ঞাদা করি-লেন. ''ওহে ধীবর, তোমার এরপ দশা কেন হইল?'' জেলিয়া উত্তর করিল, ''গোসাঞি, অদ্য আমার জালে এক মৃত দেহ উঠিয়াছে, ঐ দেহ স্পর্শ করিয়া অবধি আমার এইরূপ ভাব হইয়াছে।''

ভক্তগণ আনন্দে হরিধ্বনি করিয়া উঠিলেন, অনন্তর জেলি-যার সঙ্গে যাইয়া দেখিলেন, প্রভুশবাকারে পতিত রহিয়াছেন।

> "জালিয়া কহে প্রভুকে দেথিয়াছো বার বার। তিহোঁ নহে এই অতি বিকৃতি আকার॥ স্থাপ করে তাঁর হয় প্রেমের বিকার। অস্তি সন্ধি ছাডে হয় অতি দীর্ঘাকার॥ শুনি সেই জালিয়া আনন্দিত হৈল। সবাল ঞা গেলামহাপ্রভ দেখাইল। ভূমেতে পড়িয়া আছে দীর্ঘ শবকায়। জলে খেত ততু বালু লাগিয়াছে গায়॥ অতি দীর্ঘ শিথিল তকু চর্ম্ম লটকায়। দূর পথ উঠাইয়া আনন না যায়॥ আর্দ্র কৌপীন দূর করি শুষ্ক পরাইয়া। বহিকাদে শোয়াইল বালুকা ছাড়াইয়া॥ সবে মেলি উচ্চ করি করে সংকীর্ত্তনে। উচ্চ করি কৃঞ্নাম কহে প্রভুর কাণে। কতক্ষণে প্রভুকাণে শব্দ পরশিল। হন্ধার করিয়া প্রভু তবহি উঠিল।

উঠিতেই অস্থি সব লাগিল নিজ স্থানে। অৰ্দ্ধ বাহ্য ইতি উতি করে দরশনে॥''

শ্ৰীচৈ: চঃ—

উপযু্তিপরি কএক বার প্রভুর প্রেমবিকার জ্বনিতা এইরপ দশা দশন করিয়। ভক্তগণ অভিশয় চিস্তিত হইলেন, কিরপে প্রভুকে রক্ষা করিবেন, তাহা স্থির করিতে পারিলেন না। সকলে অহরহ: সতর্কভাবে থাকিলেও প্রভু যে কি প্রকারে প্রায়ন করেন, কেহই তাহা ফ্রন্যক্ষম করিতে পারিলেন না।

মহাপ্রভুরাত্রি দিন ভাবাবিষ্ট হইয়া থাকেন। যথন থেরপ তরঙ্গ উথিত হয়, য়রপ এবং রামানন্দ তদমূরপ শ্লোক পাঠ করিয়া প্রভুকে জানন্দিত করেন। এক দিবদ মহাপ্রভু, য়রপ এবং রামানন্দকে বলিলেন, "রুফ্চ কলি জীবের প্রতি কিরপ রুপা প্রকাশ করিয়াছেন দেখ! অভাভ যুগের ভার কলিতে কিছুমাত্র শ্রম বাছলা নাই, কেবলমাত্র রুফ্চনাম কীর্ত্তন দারাই জীব রুফ্চশ্রের প্রাপ্ত হইবে। কলি-সভূত মন্তুব্যের সর্ব্ব ধর্ম পিরিত্যাগ করিয়া অনভাভাবে একমাত্র নামের শরণা-গত হওয়াই কর্ত্তব্য কর্মা."

তদনস্তর মহাপ্রভু স্বরূপ এবং রামানন্দকে আটটি শ্লোক উপদেশ করিলেন, উহা জগতে ''শিকাষ্টক" নামে চিরবিথ্যাত হইয়াছে। যথা;—

 '(চেতোদর্পণ মার্জ্জনং ভবমহাদাবাগ্নি নির্ববাপণং, শ্রেয়ঃ কৈরবচন্দ্রিকা বিতরণং বিদ্যাবধূ জীবনং। আনন্দাস্থবির্দ্ধনং প্রতিপদং পূর্ণামৃতাস্বাদনং, সর্ববিজ্ঞাসপনং পরং বিজয়তে শ্রীকৃষ্ণ সংকীর্ত্তনং ॥"

> ''দংকীর্ত্তন হৈতে পাপ সংসার নাশন। চিত্তগুদ্ধি সর্বাভক্তি সাধন উলাম। কৃষ্ণপ্রেমাালাম প্রেমামৃত আস্বাদন। কৃষ্ণপ্রাপ্তি সেবামৃত সমুদ্রে মজ্জন॥" শ্রীচেঃ চঃ—

২। ''নাম্বামকারি বহুধা নিজ সর্ববশক্তি স্তত্রাপিতা নিয়মিতঃ স্মরণে ন কালঃ। এতাদৃশী তব কুপা ভগবন্মমাপি। দুর্দ্দিবমাদৃশ মিহাজনিতাকুরাগঃ॥"

> ''জনেক লোকের বাঞ্ছা অনেক প্রকার। কুপাতে কহিল অনেক নামের প্রচার॥ খাইতে ভুইতে খথা তথা নাম লয়। কাল দেশ নিয়ম নাহি সর্ব্ব সিদ্ধি হয়॥ সর্ব্বশক্তি নামে দিল করিয়া বিভাগ। আমার হুট্দিব নামে নাহি অহুরাগ॥''

এটে: চ:-

"তৃণাদিপি স্থনীচেন তরোরপি সহিষ্ণুনা।
 অমানিনা মানলৈন কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ॥"

''উত্তম হঞা আপনাকে মানে তৃণাধম। ছই প্রকারে সহিষ্কৃতা করে রুক্ষ সম॥ বৃক্ষ যেন কাটিলেছ কিছু না বোলয়।
ত কাইয়া মৈলে কারে পানী না মাগয়॥
যেই যে মাগয়ে তারে দেই আপন ধন।
ঘর্ম বৃষ্টি সহে আনের করয়ে রক্ষণ॥
উত্তম হঞা বৈষ্ণব হবে নিরভিমান।
জীবে সমান দিবে জানি রুষ্ণ অধিষ্ঠান॥
এই মত হঞা যেই রুষ্ণ নাম লয়।
শ্রীকৃষ্ণ চরণে তার প্রেম উপজয়॥"

8। "ন ধনং ন জনং ন স্থানরীং,
 কবিতাং বা জগদীশ কাময়ে।
 মম জন্মনি জন্মনীশ্বে,
 ভবতাত্তিকরহৈত্কী হয়ি॥"

'ধন জন নাহি মাগো কবিতা ফুলরী। গুদ্ধভক্তি দেহ মোরে রুফ কুপা করি॥ অতি দৈল্পে পুনঃ মাগোঁ। দাস্ত ভক্তি দান। আপনাকে করে সংসারী জীব অভিমান॥'' শ্রীটোঃ চঃ—

( । ''অয়ি নন্দত্তুজ কিয়য়ং
পতিতং মাং বিষমে ভবায়ুয়ৌ ।
কুপয়া তব পাদপক্কজ
স্থিত ধূলীসদৃশং বিচিন্তয় ॥"

' তোমা নিত্যদাস মুক্তি তোমা পাসরিরা।
পড়িয়াছোঁ। ভবার্ণৰে মারাবদ্ধ হকো॥
কুপা করি কর মোরে পদধ্লী সম।
তোমার সেবক করোঁ। দাও তোমার সেবন ॥''
শ্রীটেঃ চঃ—

। "নয়নং গলদশ্রধারয়া বদনং গদগদরুদ্ধয়া গিরা।
 পুলকৈ নিচিতং বপুঃ কদা তব নামগ্রহণে ভবিষ্যতি ॥"

''প্রেমধন বিনা ব্যর্থ দরিজ জীবন। দাস করি বেতন মোরে দেহ প্রেমধন॥" শ্রীটেঃ চঃ—

৭। ''যুগায়িতং নিনেষেণ চক্ষুষা প্রারুষায়িতং। শৃত্যায়িতং জগৎ সর্ববং গোবিন্দবিরহেণ মে॥''

> 'উদেগ দিবস না যায় ক্ষণ হৈল যুগ সম। বর্ষার মেঘ প্রায় অঞ্চ বর্ষে নয়ন॥ গোবিন্দ বিরহে শৃক্ত হইল ত্রিভ্বন। তুষানলে পোড়ে বেন না যায় জীবন॥" শ্রীটেঃ চঃ—–

'আশ্লিষ্য বা পাদরতাং পিন্ট্যুনা
 মদর্শনান্মর্যহতাং করোতু বা ।
 যথা তথা বা বিদধাতু লম্পটো
 মৎপ্রাণনাথস্ত স এব নাপরঃ ॥''

ব্ৰজেন্দ্ৰনন্দ্ৰ কৃষ্ণ, হুইলেও স্মৃতি ধৃষ্ট. তথাপি আমার প্রাণনাথ। করিতে না পারি রোষ, থাকিলেও শত দোষ, বাঞ্ছা মনে রহি তার সাথ। দিয়া নানা মনঃ পীড়া, করে যদি সদা ক্রীড়া. সেই শঠলম্পট প্রধান। স্থি ঋন বলি তোকে, চিত চায় সদা তাকে, শ্রাম মোর জীবন আধান ॥ শুন শুন সহচরী, আমা ছাডি প্রনারী. ক্লম্ভ যদি করে আলাপন। মোর তাহে নহে ছঃথ, কুঞ্জ হুথে মোর সুথ, ক্লঞ্জ তুষ্টে মোর তুষ্ট মন। "না গণি আপন চুথ, সবে বাঞ্ছি তার সুথ, তার স্থাথ মম তাংপর্য্য। যদি মোরে দিলে তথ, হয় তার মহাত্থ, সেই তথ মম স্থপবর্যা॥" কুঞ্চ কুঞ্চ ভক্ত দাস, করি এই অভিলাষ. কর যুড়ি চাহে পদাশ্রয়। ভকত পদ মহিমা, কভু নাহি হয় সীমা,

এক দিবদ মহাপ্রভূ ভাবাবিষ্ট হইরা গৃহ হইতে বহির্গত হইলে ভক্তগণ তাঁহার পশ্চাতে পশ্চাতে ছুটিলেন। মহাপ্রভু জ্রুত্ত গদনে জগরাথের শ্রীমন্দিরে প্রবেশ করিলেন, কিন্তু ভক্তগণ্

ক্ষা ভক্তি যাহে লাভ হয়।

ছাক সমীপে যাইবামাত্র আপনা হইতে দ্বার কৃদ্ধ হইরা গেল।
বাটীর অভ্যন্তরে ভোগমন্দির প্রস্কৃতি স্থানে ক্লগনাথের সেবকগণ
উপস্থিত ছিলেন, তাঁহারা মহাপ্রভুকে মন্দিরাভান্তরে প্রবেশ
করিতে দেখিয়া এবং বাহিরে ভক্তগণের কোলাহল প্রবণ করিয়া
সন্থরে আদিয়া দ্বার মোচন করিয়া দিলেন; কিন্তু মন্দির মধ্যে
প্রবেশ করিয়া আর কেহই প্রভুকে দেখিতে পাইলেন না।

জগরাথের একজন সেবক বলিলেন, ''আমি দেখিলাম মহাপ্রভুমন্দিরমধ্যে প্রবেশ করিয়া জগন্মোহনকে আলিঙ্গন করিলেন; তৎপরেই বাহিরে কোলাহল ভানিতে পাইয়া ছুটিয়া আদিলাম; কিন্তু প্রভুকে আর দেখিতে পাইলাম না ''

মহাপ্রত্ব অন্তর্ধান ব্রিতে পারিয়া ভক্তগণ উঠৈচঃ দরে কাদিয়া উঠিলেন। মূহর্ত মধ্যে প্রীমন্দির জনতাপূর্ণ হইয়া উঠিল; চারি দিকে শোকানল প্রজালত হইতে লাগিল। অসহ প্রভু বিচ্ছেদে কাতর হইয়া প্রলপ এবং রামানন্দাদি ভক্তবর্গ মুক্তিত হইয়া পড়িলেন।

গদাধর পণ্ডিত গোস্বামী প্রভুর বিজেদে কাতর হই না গোপীনাথের মনিরে শ্ববং পড়িয়া রহিলেন। ক্রীকৃষ্ণ ব্রজধাম পরিত্যাগ করিয়া মথুরা গমন করিলে ব্রীমতীর যে দশা হইয়াছিল, মহাপ্রভুর অন্তর্ধানে পণ্ডিত গোস্বামীরও অবিকল তাদৃশী অবস্থা হইল।

গদাধর নিত্য কর্ম সমুদয় পরিত্যাগ করিয়া শোকাকুল চিত্তে গোপীনাথের মন্দিরে ভূমিশ্য্যায় দিন্যামিনী অতিবাহিত করিতে লাগিলেন।

এই ঘটনার এক বংসর পরে মহাপ্রভু এক দিবস গদাধরকে

দর্শন দিয়া চ'কতের স্থায় গোপীনাথের দেহে প্রবেশ করিলেন। গৌর-গোপীনাথ মিলন হইলে গোপীনাথের শ্রীজ্ঞান্ধে একটি স্কর্বের রেথা পড়িল।

জগন্নাথ এবং গোণীনাথকে দর্শন করিলে অদ্যাপি গৌর-ভক্তবৃদ্দের হৃদয়ে গৌর-প্রেমের উচ্চান হইয়া থাকে।

## শ্রীনরোত্তম ঠাকুর কৃত প্রার্থনা পদ।

"নে আনিলা প্রেমংন করণা প্রচুর।
হেন প্রভু কোথা গেলা আচার্য্য ঠাকুর॥
কাঁহা মোর স্বরূপ রূপ কাঁহা সনাতন।
কাঁহা মোর ভট্টযুগ কাঁহা কবিরাজ।
এক কালে কাঁহা গেলা গোর নটরাজ॥
পাঘাণে কুটিব মাথা অনলে পশিব।
সোরাজ স্বথের নিধি কোথা গেলে পাব॥
সে সব সঙ্গীর সঙ্গে বে কৈল বিলাদ।
সে সঙ্গানা পায়ে কাঁদে নরোভ্য দাস॥"

" শ্রীগোরাঙ্গের ছটিপদ, বার ধ্ন সম্পদ, দে জানে ভক্তি রস সার। গোরাঙ্গের মধুর লীলা, বার কর্ণে প্রবেশিলা, ক্দম নির্মান ভেল তার ॥ যে গৌরাঙ্গের নাম লয়, তার হয় প্রেমোদয়,
তারে মুক্তি ঘাই বলিহারি।
গৌরাঙ্গ গুণেতে ঝুরে, নিতালীলা তারে ক্রুরে,
দে জন ভকতি অধিকারী॥
গৌরাঙ্গের সঙ্গী গণে, নিতা সিদ্ধ করি মনে,
দে যায় ব্রজেক্সস্থত পাশ।
শ্রীগৌড় মণ্ডল ভূমি, যেবা জানে চিন্তামনি,
তার হয় ব্রজ ভূমে বাস॥
গৌর প্রেম রসার্গবে, দে তরঙ্গে যেবা ডুবে,
দে রাধামাধ্য অন্তরঙ্গ।
গৃহে বা বনেতে গাকে, হা গৌরাঙ্গ বলে ডাকে,
নবোজম মাগে তার সঙ্গ॥'

ত্রয়োদশ পরিচ্ছেদ সমাপ্ত। সমাপ্তমিতি সন ১৩০৩। ১লা বৈশাধ।



গ্রন্থকার "গুগাবতারের" পাণ্ডুলিপি প্রণয়ন কালে আমাকে তুইটা অনুরোধ করেন। পাণ্ডুলিপির ভাষা ও বিষয়গত সংশোধন প্রথম অনুরোধ, এবং পাণুলিপির বেথানে বে ন্যুনতা, ও অসম্পূর্ণতা থাকিবে, তৎপরিহারার্থ গ্রন্থের শেষভাগে একটা পরিশিষ্ট প্রদান, ইহাই দ্বিতীয় অনুরোধ। আমি এই উভয়-বিধ অনুরোধ রক্ষায় সমাক অসমর্থ হইলেও গৌরভক্ত গ্রন্থ-কারের সস্তোষার্থ ঐ অফুরোধ অঙ্গীকার করিয়াছিলাম। গ্রন্থ-কার পাণ্ডলিপি লিথিয়া থণ্ডশঃ আমার হত্তে অর্পণ করিতে লাগিলেন, আমিও সংশোধন আরম্ভ করিলাম। ইতিমধে, এই জাতীয় গ্রন্থের প্রণয়ন, গ্রন্থকারের আত্মীয়, স্বজন, বন্ধু, বান্ধবের মধ্যে প্রচারিত হওয়ায় তাঁহারা সত্তর মুদ্রিত পুকুক পাইবার জন্ম বিশেষ আগ্রহ প্রকাশ করিতে লাগিলেন। এই আগ্রহবশে পাণ্ডুলিপি সত্ত্রই যন্ত্রস্থ করিতে হইয়াছিল। অগতা আমিও সংশোধনের যথেষ্ট অবসর পাই নাই। স্কুতরাং গ্রন্থের বে স্থল, বেরূপ করিবার ইচ্ছা ছিল, কার্যাতঃ তাহা ঘটিয়া উঠে নাই। এরপ অবস্থায় স্থল বিশেষে কিঞ্চিৎ ভ্রম প্রমাদ থাকাও অসম্ভব নহে। তবে ভরদা এই, তাহাতে গৌরভক্ত বুন্দের কোন কট হইবে না, কারণ তাঁহারা গৌরচরিত্রের মাধুর্যো মুদ্ধ হইয়া গ্রন্থের দোষ ধরিবার অবদর পাইবেন না।

''মুগাবতারের'' পাঙুলিপিতে বিষয়গত বেরূপ ন্যনতা ও অসম্পূর্বতা রহিয়া বাইবার শক্ষা করিয়াছিলাম, আভোপাস্ত পাঠ করিয়া দেখিয়াছি, আমাদিগের দৌভাগ্য বশতঃ সেরূপ ঘটনা হয় নাই। প্রীটেত্রু চরিতা-মৃতের সকল অংশই ইহাতে স্থলরপে ও সংক্ষেপে বিরত হইরাছে; স্থতরাং পরিশিষ্টে কিছুই লিথিবার নাই। তবে দৈনিক জমা থরচের ন্তাম সকল বিষয়েরই "থতিয়ান্" বা সার সংগ্রহ আছে। প্রীমারহাপ্রভূ,— প্রীবাস্থদেব সার্বভৌম, প্রীরামানল রায়, প্রীরঘুপতি উপাধ্যায়, প্রীরঘুনাথ দাস গোস্বামী, প্রীরগানল রায়, প্রীরঘুপতি উপাধ্যায়, প্রীরঘুনাথ দাস গোস্বামী, প্রীরগানল সরস্বতী ঠাকুর প্রভৃতি মহামহোপাধ্যায় দিখিজয়ী পণ্ডিতগণের সহিত যে মতবাদের আলোচনা করিয়াছিলেন,— প্রীমার্মানতবংশাবতংস গোস্বামীকূল-প্রদীপ অশেষ শাস্তাধ্যাপক ভক্তিরসামৃতদিল্লর পারক্ষম মদীধর প্রীমাম্মননগোপাল গোস্বামী প্রভুগাদের প্রীমুধে শ্রুত হইয়াছে যে, সেই মতেরও "থিতিয়ান" আছে। এই পরিশিধ্যে আমি কেবল সেই থতি য়ান্টুকু প্রদান করিলাম। যথা,—

"আরাধ্যে। ভগবান্ ব্রজেশতনয়স্তদ্ধান রুদাবনং, রম্যা কাচিত্পাসনা ব্রজবধ্বর্ণেন যা কল্লিতা। শাস্ত্রং ভাগবতং প্রমাণ মমলং প্রেমা পুমর্থোমহান, শ্রীচৈতত্যমহাপ্রভার্ম তিমিদং ত্রাদরো নঃ পরঃ।"

এই শ্লোকটা, স্ববিধ্যাত কবিকর্ণপুরের পিতা, খ্রীনিত্যানন্দ প্রভুৱ চরণলাঞ্চিত শ্রীমহাপ্রভুৱ প্রিম্নপার্যদ শ্রীদেন শিবানন্দ ঠাকুরের দীক্ষাগুরু খ্রীশ্রীনাথ চক্রবর্ত্তী ঠাকুরের স্বর্গিত কণ্ঠ-মণিহার। কাঁচড়া পাড়ার বিধ্যাত শ্রীকৃষ্ণ রায়জীর দেবা এই শ্রীনাথ ঠাকুরের নামে প্রতিষ্ঠিতা হইয়াছিলেন। ঐ শ্লোকটা, শ্রীধ্যানচক্ত গোস্থামী প্রবীত 'ভঙ্গনতত্ত্ব' নামক গ্রন্থে ধৃত হইয়াছে। ঐ গ্রাছে শ্লোকের সংস্কৃত টীকা নাই। বোর্থ হয়,
শ্লোকার্থ অতি বিশদ বলিয়াই গোস্বামী জী তাহার টীকা করেন
নাই। মহাজনের টীকা ব্যতিরেকে আধুনিক টীকা সঙ্কলনের
কোন প্রয়োজন দেখা যায় না। উপাসকগণের পক্ষে উহার
বাসালার্থই পর্যাপ্ত হইবে।

শীর্দাবন বিশাসী, শীনদনদন শীরুষ্ণই আমাদের আরাণ্য ভগবান; শীর্জবধূবর্গ কর্তৃক তাঁহার যে কোন উপাসনা কলিত । হইয়াছে, তাহাই পরম রমণীয়া। ভাগবত শাস্ত্রই সেই উপা-সনার অমল প্রমাণ এবং পঞ্চম পুরুষার্থ স্বরূপ রুঞ্জপ্রেমই সেই উপাসনার মহান্ ফল। ইহাই শীরুষ্ণটৈতভা মহাপ্রভ্র মত এবং এই মতেই আমাদিগের প্রমাদ্র বিদ্যান রহিয়াছে।

শীচক্রবর্ত্তী ঠাকুর মহাশয়ের শ্লোকস্থ "মত" শক্ষারা অনেকের মনে এইরূপ একটা প্রশ্ন উপস্থিত হইতে পারে যে, শীক্ষাটেততা মহাপ্রভু কি ঐ শ্লোক প্রতিপাদ্য উপাসনাত্রহ বাতিবেকে আর কিছুই শিক্ষা দেন নাই ? ঐ শ্লোকে "মত" শক্রের পরিবর্ত্তে উপাসনাত্রক অতা কোন শক্ষ থাকিলে, বোধ হয়, ঐরূপ প্রশ্ন আদে উপস্থিত হইত না। যাহা হউক, ঐ প্রশ্নের উত্তরে এক্তলে কিছু বলা অপ্রাস্ত্রিক হটবে না। জনশ্রুতি এইরূপ যে, ছয় গোস্বামী ও সমসামন্ত্রিক অত্যান্ত সহাজন প্রশীত গ্রন্থেয়া লক্ষাধিক। দে সকলই মহাপ্রভুর শিক্ষান্ত্রক। ঐ সংখ্যা লক্ষাধিক। দে সকলই মহাপ্রভুর শিক্ষান্ত্রন এইরূপ প্রশ্নীর বিষ্কার্ক, ভক্তিরদায়তিষিদ্ধ, হরিভক্তিবিলাদ, উজ্জ্বলনীলমণি, ভাগবতামূত, প্রভৃতি স্থ্রিখাত ও স্বৃত্বৎ গ্রন্থনিচয় যে, মহাপ্রভুর দাক্ষাৎ শিক্ষান্ত্রক, তাহাতে

জনুমাত্র সংশন্ন নাই। মহাপ্রভু বাঁহাকে যে শিক্ষা প্রদান করিয়াছেন, তাহার বিষয় তিনটী মাত্র। সম্বন্ধ, অভিধেন্ন ও প্রয়োজন। এক সম্বন্ধ লইয়া জীব গোম্বামীর ষটসন্দর্ভের জীবতত্ব, কৃষ্ণতত্ব ও শক্তিত্ব এই তিন বিষয়ে তিনথানি বৃহৎ সন্দর্ভের স্টেই হইয়াছে। অভিধেন্ন ও প্রয়োজন লইয়া ভক্তিসন্দর্ভ, প্রেমসন্দর্ভাদি নামক আহও তিনটি সন্দর্ভের স্টেইইয়াছে। বাঁহারা এই সকল গ্রন্থের অঞ্শীলন করেন, তাঁহারাই জানেন যে,মহাপ্রভু জগৎকে কত প্রকারের কত শিক্ষা দিরাছেন। উপরিউক শ্লোকে কেবল তাঁহার নিজ ভক্তগণের জন্ম উপাসনা বিষয়ক ''মত'' স্কলিত হইয়াছে। অত্যের জন্ম, অন্থ শিক্ষার স্মুদ্র, ঐ শ্লোকার্থের বাহিরে পড়িয়া আছে।

উপরি উক্ত বভিয়ানের মধ্যে উপাস্যা, উপাস্না, রূপ, র্ম, ধাম, বরঃ সকলই আছে; কিন্তু অতি প্রভ্রেভাবে,—অতি গৃঢ়ভাবে আছে। জীরবুপতি উপাধ্যায়ের সহিত কথোপকথন কালে মহাপ্রভূর শ্রীম্থ হইতে বে শ্লোকটী বিনির্গত হইয়াছিল, এক্লে সেই শ্লোকটী উদ্ধৃত করিলে প্রাপ্তক্ত বিষয়গুলি বিশশ্ভাবে হ্লয়ঙ্গম হয়। উপাধ্যায় মুখে আপন প্রশ্নের মনোমত উত্তরাবলী শ্রবণে:—

''প্ৰভূ কহে ভাল তত্ত্ব শিখাইলে মোৱে। এত বলি শ্লোক পড়ে গদ গদ স্বৱে॥''

এই শ্লোকটী, মাধুর্ণ্য উপাসকগণের আদিওক এমাধবেক্র পুরীরচিত। এমাধবেক্রপুরী মহাপ্রভুর পরম গুরু। কোন মহাজন বলিয়া গিয়াছেন,—

> ''মাধবেক্র প্রীহন প্রেমের অঙ্র। দে প্রেমের ফল আমার চৈত্ত ঠাকুর॥"

এই মাধবেক্লের শ্লোক মহাপ্রভুর মুধ ংইতে প্রেম গ্রগদ অবেনির্গত হইল। যথা:—

> ''শ্যামমেৰ পরং রূপং পুরী মধুপুরী বরা। বয়ঃ কৈশোরকং ধ্যেয় মাদ্য এব প্রোরসঃ॥''

ভাষরপ, মধুপুরী, কৈশোর বয়স এবং আবারস এই তর্ চতুইয় উপাসনার সারভূত।

টাকা; — খ্যানং নবীননীলমেঘবর্ণং, পরং সর্কোংকর্ষরপন্মেব বর্ততে ইতি। পুরীণাং ছারকাগোলাকাদীনাং মধ্যে মধ্পুরী মধুরামগুলত্রজপুরী বরা প্রধানা ভবতি। বয়সাং বাল্য-পোগগুদিনাং মধ্যে কৈশোরকং আদ্যধোড়শপ্র্যন্তং সর্ক্ষণি ত্রেছং ভবেং। বীরক্ষণারেজাদীনাং মধ্যে আদ্যত্র শৃঙ্গাররসং পরঃ সর্কোত্রেশভবেদিতি।

উপরি উক্ত শ্লোকের অর্থ পর্যালোচনা করিলেও ''আরাধ্যোভগবান্'' ইত্যাদির প্রণালী পথে কুজ্ঝটিকাবরণ রহিয়া যায়। এই আবরণ দুরীকরণ মানদেই যেন ভজনানন্দী ভক্ত মহারাজ শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয় সাধক সম্মুপে স্বর্গিত প্রেমভক্তি চিক্রিকায় নিম্নলিথিত শ্লোকব্র রূপ স্ব্যাংগ্রর বিকাশ করিয়াছেন। উহার প্রথম শ্লোকটী শ্রীরূপগোস্বামি-পাদের ভক্তিরসামৃত সিদ্ধ হইতে এবং দ্বিতীয়টী গৌরপার্ধনাগ্রগণ্য শ্রীনরহির ঠাকুর মহাশরের 'ভজনামৃত'' গ্রন্থ হইতে গৃহীত হইয়াছে। যথা;—

''কুঞ্চং স্মরন্ জনঞ্চাস্তা ত্রেপ্ত : নিজসমীহিতং। তত্তৎ কথারতশ্চাসো কুর্য্যাদ্বাসং ত্রজে সদা ॥'' শাধক, পরম প্রিয়তম রুঞ্চ এবং নিজাতীই রুঞ্চনের শারণ পূর্ব্বক রাধাগোবিদ্দের লীলা কথার রত হইরা সর্ব্বদা ব্রজ্ঞ-ধামে বাস করিবেন। ব্রজ্বাস বিবিধ। সমর্থের শারীরিক বাস এবং অসমর্থের মানসিক বাস বিহিত।

টীকা; — কৃঞ্চং শ্বরনিতি। শ্বরণস্যাত্র রাগানুগায়াং মুখাছং বাগস্য মনসি বিশ্বতছাং। শ্রেষ্ঠং নিজভাবোচিতলীলাবিলাসিনং কৃষ্ঠং বুলাবনাধীখরং। অসা কৃষ্ণস্য জনঞ্চ কীদৃশং নিজসমীহিতং স্বাভিল্বণীয়ং শ্রীবুলাবনেশ্বরীললিতা বিশাধারপমঞ্জ্বাাদিকং কৃষ্ণসাপি নিজস্মীহিতছেপি তজ্জনস্য উজ্জ্বলভাবৈকনিদ্বাং নিজস্মীহিতছাধিকাং। ব্রজে বাসমিতি। সামর্থ্যে সতি
শ্রীমন্নব্রজাবাসস্থানে শ্রীবুলাবনানো শ্রীবেণ বাসং কুর্যাং।
তদভাবে মনসাপীতার্থ:। মনসা সিদ্ধদেহেন বাসপ্ত উত্তর
গ্রোকার্থতঃ প্রাপ্ত্য এব।

### দিতীয় শ্লোক যথা;—

''স্থীনাং স্প্রিনীরপামাত্মানং বাসনাময়ীং। আনজ্ঞানেবাপরাং তত্তজপালভারভূষিতাং॥ ''

এই শ্লোকটী প্রীল নরহরি ঠাকুরের স্বরচিত বলিয়াই প্রাসিক। সাধক, সাধন কালে, আপনাকে, প্রীললিতা, প্রীক্রপন্যঞ্জ্যাদি স্থীগণের সঙ্গিনী, তাঁহাদিগের আজ্ঞানুসারে রাধা গোবিন্দের সেবাপরা, প্রীকৃঞ্জের মনোহারী রূপে ও প্রীরাধিকার নিশালা অলঙ্কারে ভূষিতা এবং অপ্তকালীন সেবা বিষয়িণী বাসনামন্ত্রী তাবে ধ্যান করিবেন।

টাকা; - দ্বীনাং ত্রীললিতাত্রীরূপমঞ্জ্যাদীনাং দৃদ্ধিনী-

এই সেবা দ্বিবিধা।যথা:-

"সেবাসাধকরপেণ সিদ্ধরপেণ চাত্র হি। তদ্ভাবলিপ্সুনা কার্য্যা ব্রজলোকাকুসারতঃ॥"

ব্ৰজভাব লিপ্সু সাধক, নিজাভী ই যে কোন ব্ৰজবাসীর ভাবান্তগতি আশ্রম পূর্বক ভাবময় সিদ্ধদেহে মানসী সেবা, এবং বাহো সাধক দেহে শ্রবণকী এনাদিলক্ষণা দৈহিকদেবা করিবেন। ভাবময় সিদ্ধ দেহের মানসী সেবা পূর্ব শ্লোকে বিবৃত হইলাছে। এই শোকের টাকা নিয়ে গৃত হইল।

টাকা; -- দেবাদাধকরণে বথাস্থিতদেহেন, দিঙ্কপেণ অত্তশিচন্তিতাতী ইতংদেবোপযোগিদেহেনচ কার্যা। ইতি শেষঃ। উভ্যবিধ্যাধকেন কিন্তৃতেন তৎ তস্ত ব্রজস্থ নিজাতী ইস্ত প্রক্ষিপ্রেট্সা যোভাবোরতি বিশেষস্ত লিপ্সুনা। ব্রজ্লোকাস্থ্র ক্ষেপ্রেট্সনাস্ত্রক্ষিপ্রাণ্ড চদমুবারতঃ।

শ্রীমন্মহাপ্রভুষে উপাদনাতক শিক্ষা দিয়াছেন, তাহাতে বৈদিক ভারতের অধিকারভেদপ্রথা সম্যক্রপে অনুস্তত আছে। ব্রজবাদিনী গোপীগণের ভাব আশ্রয় পূর্বক ব্রজ-গোণালের উপাদনা করা যেমন তেমন সাধকের সাধ্য নহে। বিনি সর্বত্যাগী হইরা শরণাগতি সাধনে সর্বতোভাবে সমর্থ হইরাছেন, তিনিই ঐ উপাসনার অধিকারী। আজ্বনিবেদনের বিন্দুমাত্র অবশেষ থাকিতে—হৃদরে অন্যকামনা কি,প্রানকর্মাদির গন্ধমাত্র থাকিতে ঐ উপাসনার অধিকার হয়না। মহাপ্রভূ ইহাও দেখাইয়াছেন যে,—

> "তৃণাদপি স্থনীচেন তরোরপি সহিষ্ণুনা। অমানিনা মানদেন কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ॥''

এই শ্লোক মহাপ্রভুর শিক্ষাষ্টকেরই অন্যতম। তৃণ হইতে
নীচ, তক হইতে সহিঞ্, সম্ভ্রমজানবিহীন ও পরস্থানকারী
ব্যক্তিমাত্রেই হরিকীর্ত্তনের অধিকারীবটে; কিন্তু এই ভাবে
চরিত্র গঠিত করিয়া নাম কীর্ত্তন করা যে কিন্তুপ ছ্রহ ব্যাপার,
তাহাও তিনি বলিয়া গিয়াছেন। যথা;—

''শ্ৰীকৃষ্ণ ভন্ধনে মনে ছিল বড় সাধ। তুণাদপি শ্লোকেতে পড়ে গেল বাধ॥"

বাহা ইউক, যে সকল ভাগ্যশালী সাধক এই ভাবে নাম লাইতে পারেন, ক্রমশঃ তাঁহাদিগের ঐ উচ্চ অধিকার প্রাপ্তি বটে। কিন্তু এইরূপে নাম কীর্ত্তনের সঙ্গে সঙ্গে শরণাগতি সাধন আবশ্যক হয়। মহাপ্রভুর শক্তিসঞ্চারে খ্রীসনাতন গোস্বামিশাদ ঐ শরণাগতি সাধনের বিধান করিয়াছেন। তিনি হরিভক্তি বিলাসে পদ্মপুরাণীয় বৈঞ্চব তন্ত্র ইইতে নিম্নলিখিত শ্লোক উক্ত করিয়াছেন। যথা;—

''আমুক্ল্যস্য সংকল্পঃ প্রাতিকূল্যবিবর্জ্জনং। রক্ষিষ্যতীতি বিখাসো গোপ্ত্রে বরণং তথা॥ ''আজুনিক্ষেপকার্পণ্যে যড়েতে শর্ণাগতিঃ॥

#### বা পাঠাক্তর---

"তৎ প্রেম্বাত্মবিনিক্ষেপঃ ষড়িধা শ্রণাগতিঃ ॥"

"শরণ লঞা করে রুফে আত্মসমর্পণ। ক্লফ তারে করে তৎকালে আয়ুসম॥"

শরণাগতিই পরমা সিভি। (১) ভক্তির অনুক্ল আচরণ, (২) প্রাতিকুল্য বিবজ্জন, (৩) ক্লঞ্চ আমার রক্ষয়িতা, (৪) ক্লঞ্চ আমার পালয়িতা এই বিখাস, (৫) ক্লঞ্চ আয়-নিকেপ এবং (৬) দৈয়া আপ্রয়, এই বড়িবর শরণাগতির লক্ষণ।

টীকা;—আয়সমর্পণং বড়িংমাহ। আয়হ্ক্লাস্যে আয়ুকুলাস্য রুফাস্কুলাস্বনস্য প্রহণং। প্রাতিকুলাবিবর্জনং
শক্রবাভিমানবর্জনং। মাং রক্ষিয়তীতি বিখাস:। গোপ্তে বরণং পালনাথে আয়ুসমর্পণং তথা। তং প্রেয়ায়নিকেশ:।
কার্পণাং দৈরুমন্সীকার:। এতে বট্ শরণাগতিঃ এরিফ্ডভজনে
আগতিবিনিষ্ঠমতিঃ।

ইতি যুগাবতারপরিশিষ্ট:।

গৌরগণাহগতদাস

ঐকালীময় ঘটক।